বাহাদুরের গবর্ণমেণ্টের অধীন ইঙ্গলণ্ডীয়েরদের অধিকারের মধ্যে ঐ অধিকারের চলিত আইনের অধীন হইয়া ছয় মাসপর্য্যন্ত বাস করিয়াছে এবং সেই২ রাজ্যের মধ্যে গ্রেপ্তার হয় অথবা যে কোন স্থানে গ্রেপ্তার হইয়া থাকে ঐ রাজ্যের মধ্যে কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে সোপর্দ্দ করা যায় এমত সকল ব্যক্তি কোন বিদেশীয় রাজার বা রাজ্যের দেশের মধ্যে করা সকল অপরাধের বিষয়ে আইনানুসারে বিচারের যোগ্য হইবেক এবং সেই অপরাধ ইঙ্গলণ্ডীয়েরদের রাজ্যের মধ্যে করা গেলে যে সাক্ষ্যের শক্তিক্রমে তাহারদের জামিন দিবার হুকুম হইত অথবা তাহারা বিচারে সোপর্দ্দ হইত সেই প্রকার সাক্ষ্যের শক্তিক্রমে তাহারদের প্রতি জামিন দিবার হুকুম হইতে পারে অথবা পশ্চাৎ লিখিতমতে তাহারা বিচারে সোপর্দ্দ হইতে পারে ইতি।

৩ ধারা। সোপর্দ্দকারি মাজিষ্ট্রেট সাহেব অগৌণে এবং বিচারের পূর্ব্বে এইপ্রকার প্রত্যেক মোকদ্দমার রিপোর্ট গবর্ণমেণ্টের নিকটে করিবেন এবং তাহাতে যে হুকুম তাঁহাকে দেওয়া যায় তদনুসারে তিনি কার্য্য করিবেন ইতি।

৪ ধারা। সেই অপরাধের অপবাদগ্রস্ত ব্যক্তি ইঙ্গলণ্ডীয়েরদের অধীন দেশের মধ্যে ঐ অপরাধ করিলে তাহার বিচার করিতে যে ফৌজদারী আদালতের ক্ষমতা হইত এইমত কোন এক আদালতে তাহার বিচার করিতে উক্ত গবর্ণমেণ্ট হুকুম দিতে পারেন ইতি।

৫ ধারা। বিদেশীয় যে রাজা বা রাজ্যের রাজকীয় কর্ম্ম কোম্পানি বাহাদুরের হুকুমের অধীন কর্ম্মকারকের দ্বারা নির্ব্বাহ হইতেছে যদি এইমত অধিকারের মধ্যে সেই অপরাধ করা গিয়াছে কথিত হয় এবং যদি সেই অধিকারের মধ্যে সেই অপরাধের অপবাদগ্রস্ত ব্যক্তিকে বিচার করণক্ষম কোন আদালত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের হুকুমানুসারে স্থাপন হইয়াছে তবে গবর্ণমেণ্ট সেই ব্যক্তিকে সেই আদালতে বিচারকরণার্থ সোপর্দ্দ করণের জন্যে তাহাকে কয়েদ করণপূর্ব্বক ইঙ্গলণ্ডীয় রাজ্যহইতে তথায় লইয়া যাইতে হুকুম করিতে পারেন ইতি।

৬ ধারা। অপবাদগ্রস্ত ব্যক্তি সোপর্দ্দ হইলে সোপর্দ্দ করণের হুকুমনামাতে ইহা লেখা থাকিবেক যে গবর্ণমেণ্টের হুকুম যাবৎ না পঁহুছে ও তদনুসারে কার্য্য না হয় তাবৎ ঐ ব্যক্তি সোপর্দ্দ থাকিবেক। এবং যখন সেই ব্যক্তি জামিন দিয়া খালাস হয় তখন ঐ জামিনীনামা প্রথমে এই মজমুনে লেখা যাইবেক যে গবর্ণমেণ্টের হুকুম পাইবার উপযুক্ত মিয়াদ হিসাব করিয়া সেই ব্যক্তি নির্দ্দিষ্ট কোন এক দিবসে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে হাজির হইবেক এবং তৎপরে যে২ দিবস মাজিষ্ট্রেট সাহেব সময়ক্রমে হুকুম করেন সেই২ দিবসে হাজির হইবেক। এবং যদি গবর্ণমেণ্ট অপবাদগ্রস্ত ব্যক্তিরদিগকে রাজধানীর মধ্যে বিচার করণের হুকুম দেন্ তবে মাজিষ্ট্রেট সাহেব রীতিমত তাহার স্থানে এই মজমুনে এক নূতন জামিনীনামা লইবেন যে তাহার বিচার করণার্থ যে আদালত নিযুক্ত হন সেই আদালতে বিচারের জন্যে সে হাজির হইবেক ইতি।

৭ ধারা। উভয় গতিকে গবর্ণমেণ্টের বিশেষ হুকুম অপবাদগ্রস্ত ব্যক্তির ইঙ্গলণ্ডীয়েরদের রাজ্যের মধ্যে বিচার ও দণ্ড করিবার অথবা পূর্ব্বোক্তমতে কয়েদপূর্ব্বক তাহাকে ইঙ্গলণ্ডীয়েরদের রাজ্যের বাহিরে লইয়া যাইবার সম্পূর্ণ ক্ষমতা জ্ঞান হইবেক ইতি।

৮ ধারা। এই আইনের ৩ এবং তাহার পরের সকল ধারাতে "গবর্ণমেণ্ট" এই শব্দেতে শ্রীযুত গবরনর সাহেব অথবা হজুর কৌন্সেলের শ্রীযুত গবরনর সাহেব কিম্বা সোপর্দ্দকরণিয়া মাজিষ্ট্রেট সাহেব যে রাজধানীতে কিম্বা স্থানে থাকেন সেই রাজধানীর কি স্থানের প্রধান কার্য্যকারক সাহেব কি সাহেবদিগকে বুঝায় ইতি।

IX The authority herein before given to the Government may be also exercised by any Commissioner or other person acting in the Civil Service of the East India Company, to whom the Governor General in Council shall have delegated authority to receive reports and give orders in cases within this Act

F J HALLIDAY,
Offg Secy to the Govt of India

FORT WILLIAM
HOME DEPARTMENT,
LEGISLATIVE

THE 27TH JANUARY, 1849

The following Act is passed by the Hon'ble the President of the Council of India in Council on the 27th January, 1849, with the assent of the Right Hon'ble the Governor General of India, which has been read and recorded

Ordered that the Act be promulgated for general information

ACT NO II OF 1849

To abolish the practice of branding and exposing Convicts

Whereas it is thought fit to abolish wholly the practice of branding and publicly exposing Convicts throughout the Territories under the Government of the East India Company, it is enacted as follows

I Section XI Regulation IV 1797, Section XXXV Regulation VII 1803, and Clauses Second, Third and Fourth, Section XII Regulation XVII 1817, of the Bengal Code, Section XXXV Regulation VII 1802, of the Madras Code, and so much of Clause First, Section III Regulation II of 1807, and of Sections IX and X Regulation XVII of 1817, of the Bengal Code, so much of Section III Regulation VI of 1811, and Sections V VI Regulation II of 1822, of the Madras Code, and all other Regulations or parts of Regulations, in force, directing that any convicted offenders shall have any indelible mark made upon their foreheads, or on any part of their persons, or authorizing any sentence of public exposure, commonly called Tusheer, and so much of Chapter II Regulation XIV of 1827, of the Bombay Code, as authorizes any sentence of public disgrace, are rescinded

II After the passing of this Act it shall not be lawful for any Court or Magistrate within the Territories, under the Government of the East India Company, to order that any brand or indelible mark of any kind be made, or renewed on any part of the person of any convicted offender, or to sentence any offender to be publicly exposed by Tusheer, or to any other degrading exposure

F J HALLIDAY,
Offg Secy to the Govt of India

৯ ধারা। এই আইনেতে গবর্ণমেণ্টের প্রতি যে ক্ষমতা দেওয়া গেল সেই ক্ষমতানুসারে কোন কমিস্যনর সাহেব কি কোম্পানি বাহাদুরের দেওয়ানীসম্পর্কীয় সিবিল্‌ভার অন্য যে কোন সাহেবকে হজুর কৌন্সেলের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর এই আইনের সম্পর্কীয় মোকদ্দমাতে রিপোর্ট লইতে ও হুকুম দিতে ক্ষমতা প্রদান করেন তিনিও কার্য্য করিতে পারেন ইতি।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিস লটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ২৭ জানুআরি।

ভারতবর্ষের শ্রীযুত রাইট অনররিল গবরনর জেনরল বাহাদুরের সম্মতিক্রমে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরাবল প্রসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪৯ সালের ২৭ জানুআরি তারিখে পশ্চাৎ লিখিত আইন জারী করিলেন। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ঐ সম্মতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে অর্পণ হইয়াছে।

হুকুম হইল যে এই আইন সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪৯ সালের ২ আইন।

অপরাধিরদের অঙ্গে গোদনার দাগ দেওনের ও তাহারদিগকে তশীর করণের ব্যবহার রহিত করণের আইন।

যেহেতুক কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে অপরাধিরদের অঙ্গে গোদনা দিয়া দাগ করণের ও তাহারদিগকে তশীর করণের ব্যবহার সম্পূর্ণরূপে রহিত করা উচিত বোধ হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৭৯৭ সালের ৪ আইনের ১১ ধারা ও ১৮০৩ সালের ৭ আইনের ৩৫ ধারা ও ১৮১৭ সালের ১৭ আইনের ১২ ধারার ২। ৩। ৪ প্রকরণ এবং মান্দ্রাজ দেশের চলিত ১৮০২ সালের ৭ আইনের ৩৫ ধারা এবং বাঙ্গলা দেশের চলিত ১৮০৭ সালের ২ আইনের ৩ ধারার ১ প্রকরণের ও ১৮১৭ সালের ১৭ আইনের ৯। ১০ ধারার এবং মান্দ্রাজ দেশের চলিত ১৮১১ সালের ৬ আইনের ৩ ধারার ও ১৮২২ সালের ২ আইনের ৫। ৬ ধারার যে২ ভাগ এবং চলিত অন্য যে কোন আইনে কিম্বা আইনের অংশেতে হুকুম আছে যে অপরাধিরদের কপালে কিম্বা তাহারদের শরীরের কোন অঙ্গে যাহা লুপ্ত হইতে না পারে এমত কোন দাগ দেওয়া যায় তাহা কিম্বা যে আইনেতে সামান্যতঃ তশীর নামেতে খ্যাত দণ্ড অর্থাৎ অপরাধিকে সকল লোকের দৃষ্টিতে প্রকাশ করিবার কোন দণ্ডের হুকুম করা যায় তাহা এবং বোম্বাই দেশের চলিত ১৮২৭ সালের ১৪ আইনের ২ অধ্যায়ের যে অংশেতে হুকুম আছে যে অপরাধিরদিগকে প্রকাশরূপে অপমান করণের কোন দণ্ড দেওয়া যায় তাহা রদ হইল ইতি।

২ ধারা। এই আইন জারী হওনের পরে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে কোন আদালত কি মাজিস্ট্রেট সাহেব যে অপরাধির দোষ সাবুদ হইল তাহার কোন অঙ্গে গোদনার কোন দাগ কিম্বা যাহা লুপ্ত হইতে পারে না এমত কোন দাগ কিম্বা লুপ্ত হইলে পর পুনরায় নূতন দাগ দেওনের হুকুম কিম্বা কোন অপরাধিকে তশীরের দ্বারা সকল লোকের দৃষ্টিতে প্রকাশ করিবার কিম্বা অন্য কোন প্রকারে অপমানজনকরূপে প্রকাশ করিবার হুকুম করিতে পারিবেন না ইতি।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT

No 1

To the Criminal Authorities in the Lower Provinces

With reference to the Court's Circular Order, No 3, dated 5th June last, I am directed by the Court to request that the Crimes of Arson and Incendiarism be entered separately in the Criminal Statement No 1, Part 1 as shewn in the accompanying exemplar

2 The following translations in Oordoo and Bengalee of the abovementioned terms are prescribed for use in all statements and proceedings

Arson, { عداوة مكانات وغيره جلاوين / দ্বেষপূর্ব্বক গৃহাদি দাহকরণ।

Incendiarism { عداوة اسباب وغيره جلاوين / দ্বেষ পূর্ব্বক দ্রব্যাদি দাহকরণ।

W KIRKPATRICK, *Deputy Register*

Fort William, the 5th January, 1849

Statement 1

Description of Crimes

34 Arson
35 Incendiarism
36 Forgery or uttering forged documents or papers
37 Counterfeiting coin or uttering base coin
38 Perjury or subornation of perjury
39 Rape
40 Adultery
41 Suttee aiding and abetting
42 Crimes and offences not specified above
43 Attempts to commit any of the above

N B No 41, in the heading of Part 1, Statement No 2, will be altered to 42 to correspond with the above alteration

True Copy,

W KIRKPATRICK, *Deputy Register*

সদর নিজামৎ আদালতের সরকুঁ্যলর অর্ডর।

১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

সদর নিজামৎ আদালতের গত জুন মাসের ৫ তারিখের ৩ নম্বরী সরকুলর অর্ডরের উপলক্ষে সদর আদালতের হুকুমক্রমে আদেশ করিতেছি যে (Arson ও Incendiarisim,) অর্থাৎ দ্বেষপূর্ব্বক গৃহাদি ও দ্রব্যাদি দাহকরণের দোষ ফৌজদারীর ১ নম্বরী কৈফিয়তের ১ ভাগে নীচের লিখিত পাঠানুসারে স্বতন্ত্ররূপে লেখা হইবেক।

২। সকল কৈফিয়তে ও রুবকারীতে উক্ত দুই শব্দের নীচের লিখিতমতে উর্দ্দু ও বাঙ্গলা ভাষাতে তরজমা হইবেক।

Arson, { عداوة مكانات وغيره جلاوين / দ্বেষপূর্ব্বক গৃহাদি দাহকরণ।

Incendiarism { عداوة اسباب وغيره جلاوين / দ্বেষপূর্ব্বক দ্রব্যাদি দাহকরণ।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ৫ জানুআরি।

১ নম্বরী কৈফিয়ৎ।

অপরাধের প্রকার।

৩৪। দ্বেষপূর্ব্বক গৃহাদি দাহকরণ।
৩৫। দ্বেষপূর্ব্বক দ্রব্যাদি দাহকরণ।
৩৬। জালকরণ কিম্বা জালকরা দলীল কি কাগজপত্র চালান।
৩৭। কৃত্রিম টাকা করণ কি কৃত্রিম টাকা চলান।
৩৮। মিথ্যা শপথ করণ কি মিথ্যা শপথ করিতে প্রবৃত্তি দেওন।
৩৯। বলাৎকার করণ।
৪০। পরদার।
৪১। সতীহওনের সাহায্য করণ কি প্রবৃত্তি জন্মান।
৪২। উপরে যে২ অপরাধ ও দোষ বিশেষ করিয়া না লেখা গেল।
৪৩। উক্ত কোন দোষ করিবার উদ্যোগ করণ।

মন্তব্য কথা। উক্ত প্রকারে পরিবর্ত্তিত কথার সঙ্গে মিলিবার জন্যে ২ নম্বরী কৈফিয়তের ১ ভাগের আরম্ভেতে ৪১ নম্বরের পরিবর্ত্তে ৪২ নম্বর লিখিতে হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

LEAVES OF ABSENCE

The 2d February, 1849

Mr L W Hutchinson, Moonsiff of Putteeah, from 20th instant to 30th June next

The 9th February, 1849

Baboo Kassessur Mitter, 1st Grade Moonsiff of Sooksagur, Zillah Nuddea, for a fortnight, in extension of that granted to him on the 19th ultimo

B J COLVIN, *Register*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৯ সাল ২ ফেব্রুআরি।

পতিয়ার মুনসেফ শ্রীযুত এল ডবলিউ হচিন্সন সাহেব বর্ত্তমান মাসের ২০ তারিখঅবধি আগামি জুন মাসের ৩০ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৯ ফেব্রুআরি।

জিলা নদীয়ার সুখসাগরের প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত বাবু কাশীশ্বর মিত্র গত মাসের ১৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৮৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ২৭ জানুআরি।

শ্রীযুত এ ফর্বস সাহেবের (Mr A Forbes,) অনুপস্থান, কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জি পি লেষ্টর সাহেব (Mr G P. Leycester,) রাজশাহীর কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৯ সাল ৩ ফেব্রুআরি।

শ্রীযুত হেনরি রিকেট্স সাহেব (Mr Henry Ricketts,) সদর বোর্ড রেবিনিউর মেম্বর হইবেন।

১৮৪৯ সাল ৫ ফেব্রুআরি।

শ্রীযুত জি ইউ ইউল সাহেব (Mr G U Yule,) অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত পূর্ণিয়ার কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৯ সাল ৩১ জানুআরি।

দিনাজের রেসিডেন্ট কৌন্সেলর শ্রীযুত এস গার্লিং সাহেবকে (Mr S Garling,) গত সেপ্টেম্বর মাসের ১১ তারিখে যে ছুটী দেওয়া যায় তদতিরিক্ত "মলববা" নামক জাহাজের না গমনপর্য্যন্ত ছুটী দেওয়া গিয়াছে।

১৮৪৯ সাল ১ ফেব্রুআরি।

আরাকাণের একটিং কমিস্যনর শ্রীযুত জে এচ ক্রাফর্ড সাহেব (Mr J H Crawford,) গত ডিসেম্বর মাসের ৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চারি দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ৬ ফেব্রুআরি।

আসামের কমিস্যনর শ্রীযুত এফ জেনকিন্স সাহেব (Mr F Jenkins,) দায়েরসায়েরী কর্ম্মে গমনার্থ গত মাসের ২২ তারিখে আপনার সিরিশ্তার ও খাজানাখানার ভার ডেপুটী কমিস্যনর শ্রীযুত মেজর জেমস মাথি সাহেবের (Major James Matthie,) প্রতি অর্পণ করেন।

বাকরগঞ্জের সিবিল ও সেশন জজ শ্রীযুত ডবলিউ জে এচ মনি সাহেব (Mr W J H Money,) গত মাসের ১৩ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ কলীমের প্রতি অর্পণ করেন।

শনাসরীম প্রদেশের কমিস্যনর শ্রীযুত জে আর কলবিন সাহেব (Mr J R. Colvin,) গত মাসের ২৩ তারিখে আপনার কর্ম্মের ভার টেবয় স্থানে প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান ই এচ ইম্পি সাহেবের (Capt E H Impey,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

---

২২১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ৫ ফেব্রুআরি।

শ্রীযুত মৌলবী মহম্মদ ফরুক তগীর হওয়াতে কটকের খুরদগরের প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত মৌলবী গরিবুল্লা বালেশ্বরের সদর আমীন ও মুনসেফ হইবেন।

যশোহরের প্রধান সদর আমীন শ্রীযুত সি মাকি সাহেব (Mr C Mackay,) ঐ জিলাতে ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

মেদিনীপুরের পত্রবসাসের দারোগা শ্রীযুত গোবিন্দচন্দ্র মজুমদারের পরিবর্ত্তে ফরিদপুরের শিবচরণের দারোগা শ্রীযুত শিবচন্দ্র বসু দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

আসামের কমিস্যনর সাহেব মওগাঁয়ে শ্রীযুত সি আর ষ্ট্রং সাহেবের (Mr C R Strong,) অনুপস্থানপর্য্যন্ত তাঁহার কর্ম্ম চালাইতে সব-আসিষ্টান্ট শ্রীযুত সি এ ব্রুস সাহেবকে (Mr C A Bruce,) প্রেরণ করেন তাহা মঞ্জুর হইয়াছে।

১৮৪৯ সাল ৬ ফেব্রুআরি।

মুরশিদাবাদে জরিপী কর্ম্মে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী হাফিজ সরফরাজ আলী দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

শ্রীযুত ওকালাগান সাহেবের (Mr O'Callaghan,) অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেব (Mr C W MacKillop,) জিলা ছিলটের দলীলদস্তাবেজের রেজিষ্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৯ সাল ৮ ফেব্রুআরি।

সদর আদালতের কিঞ্চিৎ কালের একটিং জজ শ্রীযুত জে আর কলবিন সাহেব (Mr J R Colvin,) ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনরের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৪৯ সাল ৯ ফেব্রুআরি।

শ্রীযুত আর টরেন্স সাহেব (Mr R Torrens,) ১৬ সংখ্যক অর্থাৎ চাটিগাঁ এলাকার রাজস্বের কমিস্যনর হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ৫ ফেব্রুআরি।

খাসিয়া পর্ব্বতে পোলিটিকাল এজেন্ট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এচ ইঙ্গলিস সাহেব (Mr H Inglis,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

গৌহাটিতে একটিং ছোট আসিষ্টান্ট শ্রীযুত সি লিমণ্ড সাহেব (Mr C Limond,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

আসামের বরপেটার মুনসেফ অথচ সদর আমীনের ক্ষমতানুসারে কার্য্যকারি শ্রীযুত বাবু কীর্ত্তিনাথ ফুকন গত নবেম্বর মাসের ২০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত দুই মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী এরাদৎ আলী গত সেপ্টেম্বর মাসের ২১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৬ ফেব্রুআরি।

ত্রিহুতের ডেপুটী কালেকটর শ্রীযুত এল এচ বৈলার্ড সাহেব (Mr L H Boilard,) গত নবেম্বর মাসের ৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১২ সংখ্যক অর্থাৎ ভাগলপুর এলাকার রাজস্বের কমিস্যনর শ্রীযুত জি এফ ব্রোন সাহেবকে (Mr G F Brown,) গত মাসের ১৭ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল ঐ মাসের ২০ তারিখঅবধি রহিত হইল।

দিনাজের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জে বিচর সাহেব (Reverend J Becher,) স্বীয় কর্ম্মোপলক্ষে সিংহপুরে গমনার্থ এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৭ ফেব্রুআরি।

ছিলটে আবকারীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু দ্বারকানাথ বাঁড়ুয্যা আপনার অত্যাবশ্যক কর্ম্মোপলক্ষে ঢাকাতে গমনার্থ দেড় মাসের ছুটী পাইয়াছেন।

[*Government Gazette*, 13*th February*, 1849]

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ৬ ফেব্রুআরি।

সিবিলসম্পর্কীয় সিবিশতার শ্রীযুত হেনরি অনউইন্ সাহেব (Mr Henry Unwin,) চিকিৎসকের সর্টিফিকট ক্রমে নিয়মিত ছুটী লইয়া ইঙ্গলণ্ডে গমনের অনুমতি পাইয়াছেন।

১৮৪৯ সাল ৯ ফেব্রুআরি।

শ্রীযুত ই জে সি রিচার্ডসন সাহেব (Mr L J C Richardson,) গত মাসের ৩০ তারিখে ত্রিপুরার মাজিস্ট্রেটী কর্ম্মের ভার শ্রীযুত ও ডবলিউ মালেট সাহেবের (Mr O W Malet,) স্থানে গ্রহণ করেন।

মালদহের জাইন্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ বি কেম্প সাহেব (Mr F B Kemp,) গত মাসের ৩১ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত এফ বি ড্রমণ্ড সাহেবের (Mr F B Drummond,) প্রতি অর্পণ করেন।

সারণের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ বি হেথর্ণ সাহেব (Mr H V Hathorn,) বর্ত্তমান মাসের ১ তারিখে আপনার কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু নকুড়চন্দ্র চৌধুরীর স্থানে পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত হেনরি রিকেটস সাহেব (Mr Henry Ricketts) বর্ত্তমান মাসের ৫ তারিখে সদর বোর্ড রেবিনিউর মেম্বরী পদে উপবিষ্ট হন।

সিবিলসম্পর্কীয় সিবিশতার শ্রীযুত আর বি মরগান সাহেব ও শ্রীযুত এ লিটলডেল সাহেব ও শ্রীযুত আর টি টকর সাহেব (Messrs R B Morgan, A Littledale, and R T Tucker,) "বেণ্টীঙ্ক" নামক বাষ্পীয় জাহাজে নিয়মিত ছুটীহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৪ তারিখে খাজুরীতে পঁহুছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

OPIUM — আফিম।

আফিমের ইশ্‌তিহার।

ইশতেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৯ সাল তারিখ ১৯ ফেব্রুআরি সোমবার পূর্ব্বাহ্ণে দিবা এগার ঘণ্টার সময় মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৪৭। ৪৮ সালের পয়দায়শী আফিমের চতুর্থ নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩০৪০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	২২২০/
বানারসের ঐ	৮২০/
জুমলা সিন্দু	৩০৪০/

১ দফা। উপরের লিখিত বেহারের পয়দায়শী আফিমের অন্দরে ২০ সিন্দুক আফিম ফরাসিস গবর্ণমেণ্টের নিমিত্ত মৌজুদ রাখা গেল।

৩ দফা। এক্ষণে যে নীলামের ইশতেহার হইল ইহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত যেরূপ ধারাবাহিকরূপে আমলে আসিতেছে সেইরূপ সকলি বহাল রহিল উক্ত সমুদয় শরতের বিবরণ সন ১৮৪৮ সালের ১৩ সেপ্টেম্বর তারিখে কলিকাতা গেজেটি এবং এক্সচেঞ্জ গেজেটি কাগজে যে ইশতেহার প্রকাশ হইয়াছিল তাহা দৃষ্টি করিলে অথবা পরমিট ও নেমক ও আফিম বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৪ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং ডিলিবরেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৪৯ সালের ২৪ ফেব্রুআরি ও ৬ মার্চ এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রামিসরী নোট অর্থাৎ তমঃসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব ট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজরী রসীদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৪৯ সালের ২৪ ফেব্রুআরি শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পরে আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সবরে কিস্মতের পূরা টাকার দরুন কোন ট্রেজরী রসীদ সন ১৮৪৯ সালের ৬ মার্চ মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না ইতি।

বিমৌজীর হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট ও নেমক ও আফিম। সন ১৮৪৯ সাল তারিখ ২ ফেব্রুআরি।

সি বীডন। সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ১৩ ফেব্রুআরি।]

SALT

নিমক।

মামকাবারী হিসাব মৌজুদ নমক মায় ৪ পরসেন্ট গোনাগুক্তি বাবৎ তাং ৩১ জানুআরি ১৮৪৯ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার নমকের গোলাজাতের মৌজুদ নমকের।

এজেন্সীর নাম।	সন ১২৫০ সাল এবং পূর্ব্ব সন-হায়ের	সন ১২৫১ সাল মতাবকে ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মতাবকে ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মতাবকে ইং ১৮৪৬। ৪৭ সাল	সন ১২৫৪ সাল মতাবকে ইং ১৮৪৭। ৪৮ সাল	মৌজুদ নমকের একুন
হিজলী।						
দক্ষিণ কালীনগর।	৫,৩৭,৯০৬/	২,৭৯,৯৭৪/	৩,২১,২২৭৸০	৪২,৬৪১/	৩৩,৭১৭/	১২,১৪,৩৬৫৸০
ঐ ঐ কৃষ্ণনগর।	২০ ১৯৮৸০		০	০	০	২০,১৯৮৸০
ঐ ঐ বামনগর।	০	০		৩,৬৪৫/	৩,৯২০/	৭,৫৬৫/
গাছু নমক	১০,৮২৭ ॥০	০	০	০	০	১০,৮২৭ ॥০
একুন।	৫,৬৬,৯৩১ ।	২ ৭৯,৯৭৪	৩ ২১,২২৭৸০	৪৬,২৮৬/	৩৭,৬৩৭/	১২,২৪, ৫৭/
তমলুক।						
পাঙ্গা নেমক। ঘাট নারায়ণপুর।	০	৩,১৯৬ ॥৫ ॥৶	০	৩ ০৮,২৪৪ ।৬৶	৪,২১,০ ৯৸৭	৭,৩২,৭৫০৸৮৸/
তেরোপাইকা।	০	০	০	০	০	০
ক্রোকী নেমক।	০	০	০	০	-	৩০ ।৭ ॥
ডাইমন হারবর।	০	০	০	৪৪,১৯৮৸৫	৮০,৩৭৭ ॥৫	১,২৪,৫৭৬ ॥০
একুন।	০	৩,১৯৬ ॥৫ ৸	০	৩,৫২,৭৪৩ ।১১/	৫,০১,৮৮৭ ॥১	৮,৫৭,৩৫৭৸৬ ৵
২৪ পরগনা						
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর বাহিরবুনি।	০	০	১০৯/	১ ২৪২/	৭৫,১৬৮৸৬	৭৬,৭১৯৸৬
ঐ ঐ ঐ তাফাল।	৪৩৪/	২ ১১৬৸৭৸	৫৬,২৪৭৸৬/১	২,৪০৭/	০	৬১,২৮৫৸৩৸ ১০
ঐ ঐ বালিয়া ঘাট।	০	০	১৫০ ।৫	০	০	১৫০ ।৫
ঐ ঐ গোবরা।	০	০	৫৩১ ।০	০	০	৫৩১ ॥০
ঐ ঐ ডাইমণ্ডহারবর।	০	০	০	০	০	০
ঐ ঐ বাগুড়ী।	০	০	০	১,১০,৭১০/	১,৯১ ১৭৫/	৩,০১,৮৮৫/
ঐ ঐ মিশ্রিত।	৪ ৬২৮ ।০	৫,৭৯২ ॥০	২,৬৯৮/	৬ ৬৯৯/৫	০	১৯,৮১৭৸৫
ঐ ঐ মিশ্রিত পাঙ্গা।	০	০	০	০	০	৫৫/ ১৩১০
ঐ ঐ মিশ্রিত ইংলিস।	০	০	০	০	০	৫,৫৭৩/
একুন।	৫, ৬২ ।০	৭ ৯৮৯ ।৭৸	৫৯,৮৩৮৸১ ১০	১,২১ ০৫৪/৫	২ ৬৬,৪৪৩৸৬	৪,৬৬ ০২০ ॥১

এজেন্সীর নাম।	সন ১২৫০ সাল এবং পূর্ব্ব সন হায়ের	সন ১২৫১ সাল মতাবকে ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মতাবকে ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মতাবকে ইং ১৮৪৬। ৪৭ সাল	সন ১২৫৪ সাল মতাবকে ইং ১৮৪৭। ৪৮ সাল	মৌজুদ নমকের একুন
চট্টগ্রাম						
পাঙ্গা নমক নেজামপুর ঘাট ডোমখালি।	১,৩৪,৭০৬ ॥৫	৯০,৭২৪ ॥৫	০	০	৩৩,০৯৩/	২,৫৮,৫২৪ ৸
ঐ সদর ঘাট।	০	০	০	০	২,৭৯,৮৮২/৯	২,৭৯,৮৮২/৯
ঐ আরাকিন।	০	১,১২,৫৭৪ ৷৯	১,৭৭,১৬৯ ।০	৩,৮৭,৪৭২৸৫	৫৫,৫১২ ॥০	৭,৩২,৭২৯/ ৪
ক্রোকি নেমক।	০	০	০	০	৬৮৸৮	৬৮৸৮
একুন।	১,৩৪,৭০৬ ॥৫	২,০৩,২৯৯/ ৪	১,৭৭,১৬৯ ।০	৩,৮৭,৪৭২৸৫	৩,৬৮,৫৫৬ ॥৭	১২,৭১,২০৪ ॥১
ভুলুয়া।						
পাঙ্গা ঘাট কাঁকড়া আরাকিন।	০	০	২০,৭৬৩ ।৫	০	১১,৭৪৯/	৩২,৫১২ ।৫
ক্রোকি নেমক।	০	০	০	০	০	০
একুন।	০	০	২০,৭৬৩ ।৫	০	১১,৭৪৯/	৩২,৫১২ ।৫
শালিখা।						
পাঙ্গা নেমক। কটক।	১,৩৮,১২৭৸০	৩,০০,৬৬৬ ॥০	১,৭৮,৩৭২/	১,৬৬,৮৯৫৸০	২৭,৮৬৬ ॥০	৮,১১,৯২৮ ॥০
ঐ বালেশ্বর।	০	০	০	০	৭,০০৩ ॥০	৭,০০৩ ॥০
ঐ খোরদা।	০	২,০৩১ ॥০	১,৪৮৯/	৯০৮ ॥০	০	৪,৪২৯/
ঐ চিলকা।	১,৩২,১৩৬/	২,১৮৬৸০	০	৩,১৪৬/ ২	০	১,৩৭,৪৬৮৸২
করকচ নেমক মান্দ্রাজ পরমিট ১ পহিল বকম।	১৮২ ॥০	১১২ ॥০	০	৩৫১/	০	৬৪৬/
ঐ ঐ ২ দোসর বকম।	১,৯০,৮৮৬৸০	২,৪৬,৩৪৫৸০	৭৭,১০৮/	২,১২৬/	০	৫,১৬,৪৬৬ ॥০
ঐ ঐ ৩ তেসরা বকম	০	০	০	০	০	০
হিজলী কাজীনগর।	২,৭৮,৭১৮ ।০	০	৪৩,৮০৪ ॥০	০	০	৩,২২,৫২২৸০
গাছা নেমক।	১৪,৬০৫/	০	০	০	০	১৪,৬০৫/
২৪ পরগনা নারায়ণপুর।	০	০	০	০	০	২,৮৭,২৮৩ ।৪
আরাকিন। একুন।	৭,৫৮,৬৫৬ ।০	৫,৫১,৩৪০/	৩,০০,৭৭৩ ॥০	১,৭৩,৪২৭ ।২	৩৪,৮৭০/	২০,৩২,৩৮৩ ।৬
পাঞ্জ ঘাট কৈফিয়ত।	০	০	০	১,০১,২৩১/	৩৭,৮০২/	১,৩৯,০৩৩/
একুন।	০	০	০	১,০১,২৩১/	৩৭,৮০২/	১,৩৯,০৩৩/
মোট একুন।	১৪,১৮,৩৫৭ ।৫	১০,৪৫,৮০২/৭ ।৶	৮,৭৯,৭৭২ ॥৬/১০	১১,৮২,২৮৮ ॥১৩/	১২,২৮,৪৪৬/ ৫	৬,৮২,৫৬৮ ॥৯ ।/

সি বীডন। সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ১৩ ফেব্রুআরি।]

DESCRIPTIVE ROLL OF TWO PERSONS FOR WHOSE APPREHENSION REWARDS HAVE BEEN OFFERED

Name and caste of the Persons accused, or suspected	Name of the Father	Supposed age	Description of their Person	Supposed usual place of Residence	Amount of reward offered for their apprehension
Surroop Chung Mundle, Hindoo, Dacoity,	Roy Sing Mundle,	30	Middling stature, dark complexion, round face, has marks on his both arms middling nose and forehead, sheep's eyes, parted eyebrows	Surroopabaj, Zillah Furreedpore,	100 Rupees
Ramcoomar Mundle, Hindoo, Dacoity,	Dookhiram Mundle,	27	Middling stature, swarthy complexion, long face, joined eyebrows, middling nose and forehead, sheep's eyes, on his right arm mark of inoculation	Do Do	100 Rupees

Zillah Backergunge, Magistrate's Office, the 22nd January, 1849

(Signed) M Shawe, *Magistrate*

বিজ্ঞাপন।

যে দুই ব্যক্তির চেহারা নীচে লেখা যাইতেছে তাহারদিগকে যে কেহ গ্রেপ্তার করিতে পারে তাহারদিগকে পুরস্কার দেওয়া যাইবেক।

অভিযোগ করা কি দোষে করা ব্যক্তিরদের নাম ও জাতি।	পিতার নাম।	বয়স্।	চেহারা।	যে স্থানে নিত্য বাস করে বোধ হয় তাহা।	তাহারদের গ্রেপ্তারের জন্যে যত পুরস্কার দেওয়া যাইবেক।
সরূপচং মণ্ডল হিন্দু। ডাকাইতী	রায়সিংহ মণ্ডল	৩০	মধ্যম আকার। কৃষ্ণবর্ণ গোল মুখ দুই হাতে দাগ কপাল ও নাক মাঝারি বকম মেষ চক্ষুর ভ্রু যোড় নহে	সরূপাবাজ জিলা ফরিদপুর	১০০৲
রামকুমার মণ্ডল হিন্দু। ডাকাইতী	দুখিরাম মণ্ডল	২৭	মধ্যম আকার বর্ণ কিঞ্চিৎকাল লম্বা মুখ যোড় ভ্রু নাক ও কপাল মাঝারি প্রকার মেষ চক্ষুর দক্ষিণ বাহুতে টীকার দাগ	ঐ ঐ	১০০৲

জিলা বাকরগঞ্জ। মাজিষ্ট্রেট সাহেবের দফ্তরখানা। ১৮৪৯ সাল ২২ জানুআরি।

এম শা। মাজিষ্ট্রেট।

NOTICE

The undermentioned Individuals have served as Ameens in measuring Soonderbuns Lands during the year of 1249, 1250 and 1252, B S Should they fail within two months, from the date of this Notification to attend Soonderbuns Commissioner's Office, and receive their respective salaries, it will be carried into the Government account under the head of Profit and Loss, when no claim will be admitted

Names of Ameens	*Residence*
Kistokissore Sain,	Jussurlong, Pergunnah Beckrampore
Hurrochunder Dass,	Cotamacore, Zillah Burdwan
Ramnidee Kylee,	Beckrampore, Zillah Dacca
Ramnarain Chuttopadya,	Do, do
Kistokissore Do,	Ramnathpore, do
Kaleechurn Bundopadya,	Do, do
Sreeram Ghosal,	Zillah Hooghly
Shaik Emdaddin,	Zillah Coomeelah
Sibchunder Chund,	Zillah Backergunge
Goureepersad Cor,	Cowkhalee, Zillah do
Ramkanye Roy,	Ramnathpore, do
Bissonath Biswas,	Mowzah Bateesah, Pergh Teeznah, Zh Teepoorah

OOMAKANT SEN, *Commissioner*

Soonderbuns Commissioner's Office, the 10th January, 1849

ইশ্‌তিহার।

নীচের লিখিত ব্যক্তিরা বাঙ্গলা ১১৪৯। ১২৫০ ও ১২৫২ সালে সুন্দরবনের জমী জরিপ করণার্থ আমীনী কর্ম্ম করিয়াছিল যদি তাহারা এই ইশ্‌তিহার প্রকাশ হওনের পর দুই মাসের মধ্যে সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানায় হাজির হইয়া আপনারদের মাহিয়ানা না লয় তবে তাহারদের ঐ মাহিয়ানার টাকা সরকারের লাভ নোকসানের খাতায় লিখিত হইবেক ও কোন দাওয়া গ্রাহ্য হইবেক না।

আমীনেরদের নাম।	বাসস্থান।
কৃষ্ণকিশোর সেন।	যশরলঙ্গ পং বিক্রমপুর।
হরচন্দ্র দাস।	জিলা বর্দ্ধমান কোটামাকর।
রামনিধি কৈলি।	জিলা ঢাকা বিক্রমপুর।
রামনারায়ণ চট্টোপাধ্যায়।	ঐ ঐ।
কৃষ্ণকিশোর চট্টোপাধ্যায়।	ঐ রামনাথপুর।
কালীচরণ বন্দ্যোপাধ্যায়।	ঐ ঐ।
শ্রীরাম ঘোষাল।	জিলা হুগলী।
সেখ ইমদাদ দ্দীন।	জিলা কুমিল্লা।
শিবচন্দ্র চাঁদ।	জিলা বাকরগঞ্জ।
গৌরীপ্রসাদ কর।	ঐ কাউখালী।
রামকানাই রায়।	ঐ রামনাথপুর।
বিশ্বনাথ বিশ্বাস।	জিলা ত্রিপুরা পং তিজনা মৌং বাতিসা।

সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানা। ১৮৪৯ সাল ১০ জানুআরি। উমাকান্ত সেন। কমিস্যনর।

MISCELLANEOUS ADVERTISEMENT — সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

TALOOK FOR PEREMPTORY SALE

NOTICE is hereby given, that on Thursday, the 1st of March next ensuing, at Twelve o'clock at noon, the undermentioned Talook and Landed Property will be put up for sale by Public Auction, by Messrs Tulloh, Adam and Co, Auctioneers, by the instructions of the mortgagee, under the power of sale contained in the mortgage

For particulars of the title (which must be taken as it appears on the face of the deeds) apply to Messrs. Denman and Abbott, No 11, Old Post Office Street

All that Talook commonly called and known by the name of DEGULGRAM, situate in the districts of Nuddeah and Twenty four Pergunnahs, in the Province of Bengal, comprizing and consisting of six mouzahs or villages, that is to say, Neiz Degulgram, Aumunkandy, Sreepore, Barrasat, Khooroo and Singa

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বন্ধকলওনিয়া ব্যক্তির হুকুমানুসারে বন্ধকপত্রের লিখিত নীলাম করণের ক্ষমতাক্রমে নীলামকরণিয়া টালা আডম কোম্পানি নীচের লিখিত তালুক ও ভূমি সম্পত্তি আগামি মার্চ মাসের ১ তারিখ বৃহস্পতিবার বেলা দুই প্রহরের সময়ে নীলাম করিবেন।

ঐ তালুকের স্বত্ববিষয়ক দলীলদস্তাবেজ কেহ দেখিতে চাহিলে ওল্ড পোষ্ট আফিস ষ্ট্রীটের ১১ নম্বরী বাটীতে শ্রীযুত ডেনমান ও আবট সাহেবের নিকটে দরখাস্ত করিলে দেখিতে পাইবেন ঐ দলীলদস্তাবেজে যেমন লেখা আছে তেমন ঐ তালুকের ভোগ করিতে হইবেক।

বাঙ্গলা দেশের জিলা নদীয়া ও চব্বিশপরগনার মধ্যস্থিত দেগলগ্রাম নামে বিখ্যাত তালুক ঐ তালুকে ছয় মৌজা আছে অর্থাৎ নিজ দেগলগ্রাম আমনকান্দি শ্রীপুর বারাসত খুরু ও সিঙ্গা।

[*Government Gazette*, 13*th February*, 1849]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 20, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ২০ ফেব্রুআরি।

ACTS

FORT WILLIAM, HOME DEPARTMENT, LEGISLATIVE

THE 10TH FEBRUARY, 1849

The following Act is passed by the Hon'ble the President of the Council of India in Council on the 10th February, 1849, with the assent of the Right Honourable the Governor General of India, which has been read and recorded

Ordered, that the Act be promulgated for general information

ACT No III OF 1849

An Act to confirm an Agreement between certain Shareholders and Creditors of the Union Bank of Calcutta

Whereas by Act XXIII 1845, certain persons, therein declared to have formed themselves into a Company or Co-partnership by the name of "The Union Bank of Calcutta," and those who should thereafter become Members and Proprietors of the said Union Bank, were enabled to sue, and to be sued, at law and in equity, in the name of the person who should be the Secretary or the Treasurer of the said Bank, for the time being, and certain provisions are therein contained for the recovery of debts and demands due by the said Co-partnership

And whereas a Memorial has been presented to the Governor General of India in Council, signed by Thomas Charles Morton, Esquire,—Henry Burkinyoung, Esquire,—Jeremiah James Homfray, Esquire,—and Baboo Prosunnocoomar Tagore,—all therein described as Members of the Executive Committee of Management of the said

আইন।

কোর্ট উলিয়ম। দেশীয় ডিপার্টমেণ্ট। লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১০ ফেব্রুআরি।

ভারতবর্ষের শ্রীযুত রাইট অনরাবল গবরনর জেনরল বাহাদুরের সম্মতিক্রমে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরাবল প্রেসিডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪৯ সালের ১০ ফেব্রুআরি তারিখে পশ্চাৎ লিখিত আইন জারী করিলেন। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ঐ সম্মতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে অর্পণ হইয়াছে।

হুকুম হইল যে এই আইন সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল ৩ আইন।

কলিকাতাস্থ ইউনিয়ন ব্যাঙ্কের কতক২ অংশি ও মহাজনেরদের মধ্যে যে বন্দোবস্ত হইয়াছে তাহা মঞ্জুর করণের আইন।

যেহেতুক ১৮৪৫ সালের ২৩ আইনেতে লিখিত ছিল যে কতক২ ব্যক্তি "কলিকাতাস্থ ইউনিয়ন ব্যাঙ্ক" এই নামবিশিষ্ট এক কোম্পানি অথবা অংশিত্ব স্থাপন করিয়াছেন এবং ঐ আইনের দ্বারা এই ক্ষমতা দেওয়া গেল যে সেই২ ব্যক্তি এবং তৎপরে যে২ ব্যক্তি উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের অংশী ও শরীক হন তাঁহারদের নামে আইনমতে বা একুটিপাক্ষ নালিশ হইলে কি তাঁহারদের নালিশ করিতে হইলে তাঁহারদের স্থলাভিষিক্তরূপে ঐ ব্যাঙ্কের তৎকালের সেক্রেটারী অথবা খাজাঞ্চী আসামী কি ফরিয়াদী হইবেন এবং ঐ অংশিত্বের যে কর্জ্জ ও দেনা ছিল তাহা আদায় করিবার জন্যে ঐ আইনে কতক২ বিধান আছে।

এবং যেহেতুক ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে এক দরখাস্ত দেওয়া গিয়াছে এবং তাহাতে শ্রীযুত তামস চার্লস মর্টন সাহেব ও শ্রীযুত হেনরি বর্কিণ্যং সাহেব ও শ্রীযুত জেরিমায়া জেমস হমফ্রে সাহেব ও শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুরের সহী আছে এবং ঐ দরখাস্তের মধ্যে তাঁহারা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের সরবরাহকারী কার্য্যের একসেকুটিব কমিটি

Union Bank, and also by certain persons, therein described as Members of the Committee of Creditors of the Union Bank,—that is say, Charles Hogg, Esquire, therein described as constituted Attorney for Glyn, Halifax, Mills and Company, by Henry Cowie, Esquire, and by Thomas Seddon Kelsall, Esquire, setting forth, that the said Joint Stock Banking Company, or Union Bank of Calcutta, suspended payment about the close of the year 1847, and that the remaining assets of the said Bank are insufficient to satisfy the outstanding debts and liabilities that several Creditors of the Bank have obtained judgment against the public Officer under the said Act XXIII 1845, and the assets of the Bank being insufficient, certain of the said Judgments are put in suit against individual Shareholders, and that the Memorialists fear that, unless some mutually satisfactory arrangement can be immediately made between the Creditors and the Shareholders, an enormous sacrifice of property will speedily take place, and a great number of persons be involved in utter ruin, that many of the creditors are willing to agree with the Shareholders, and to give as complete a discharge as the law will allow, to those Shareholders who will pay such reasonable sums of money as have been assessed on them respectively, on account of the said debts and liabilities, by a Committee of Creditors, appointed at a public meeting of the Creditors, provided that such discharge do not work a release or otherwise affect their claims, in respect of the said debts and liabilities, against other persons liable to make good the same, who shall refuse or neglect to pay the sums so assessed on them respectively, and that many of the said Shareholders are willing to pay the sums so assessed on them, provided that they may be thereby secured from all proceedings at law or in equity, in respect of the said debts and liabilities, at the suit of any Creditor who shall have executed such agreement as aforesaid, and accepted any payment out of the sums so contributed, that doubts have been entertained of the legal effect of such an agreement and discharge and praying, therefore, that the effect of it may be established and defined by authority of the Governor General of India in Council, without prejudice to the rights of any Creditor of the said Bank executing the same, against any present or past Shareholder of the said Bank, who shall not have paid up, in the manner prescribed by the said agreement, the full amount of the sum assessed on him or her as aforesaid, or to the rights of any Creditor who shall not execute the same, It is declared and enacted as follows

ন্যূমে বিখ্যাত আছেন এবং ঐ দরখাস্তে ঐ ইউনিয়ন ব্যাঙ্কের মহাজনেরদের কমিটির অন্তঃপাতি নামে বিখ্যাত কএক ব্যক্তি বিশেষতঃ গ্লিন হালিফাক্স মিল্‌স কোম্পানির নিযুক্ত টর্ণিস্বরূপ বিখ্যাত শ্রীযুত চার্লস হগ সাহেব ও শ্রীযুত হেনরি কৌই সাহেব ও শ্রীযুত তামস সেডন কেলসল সাহেব ঐ দরখাস্তে সহী করিয়াছেন এবং ঐ দরখাস্তে এই লিখিত আছে যে ঐ জাইণ্ট ষ্টক ব্যাঙ্ক কোম্পানি অর্থাৎ কলিকাতাস্থ ইউনিয়ন ব্যাঙ্ক ১৮৪৭ সালের শেষে টাকা দেওয়া বন্ধ করিলেন এবং ঐ ব্যাঙ্কের কর্জ ও দেনা পরিশোধ করণার্থে উক্ত ব্যাঙ্কের অবশিষ্ট সম্পত্তি অপ্রচুর আছে এবং ঐ ব্যাঙ্কের কতক২ মহাজন উক্ত ১৮৪৫ সালের ২৩ আইনানুসারে ঐ ব্যাঙ্কের সাধারণ কর্ম্মকারকের বিরুদ্ধে ফয়সলা পাইয়াছেন এবং ঐ ব্যাঙ্কের সম্পত্তি অপ্রচুর হওয়াতে ঐ ফয়সলাক্রমে বিশেষ২ অংশির নামে নালিশ আরম্ভ হইয়াছে এবং দরখাস্তকারিরদের ভয় আছে যে মহাজন ও অংশিরদের মধ্যে পরস্পর খাতিরজমামতে কোন বন্দোবস্ত অগৌণে না করা গেলে ঐ ব্যাঙ্কের সম্পত্তি বাহুল্যরূপে ঝটিতি অপচয় হইবেক এবং অনেক২ লোক সম্পূর্ণরূপে বিনষ্ট হইবেক এবং মহাজনেরদের এক সাধারণ বৈঠকে নিযুক্ত মহাজনেরদের কমিটি ঐ কর্জ ও দেনার বাবৎ অংশিরদের উপর যে ওয়াজিবী টাকা ধার্য্য করিয়াছেন সেই টাকা যে২ অংশী দিতে স্বীকৃত হন তাঁহারদিগকে মহাজনেরদের মধ্যে অনেক জন যেপর্য্যন্ত আইনমতে হইতে পারে সেইপর্য্যন্ত এই নিয়মে সম্পূর্ণ ফারখৎ দিতে চাহেন যে অন্য২ যে ব্যক্তি ঐ কর্জ ও দেনার বিষয়ে দায়ী এবং তাঁহারদের উপর ধার্য্যহওয়া টাকা দিতে অস্বীকার অথবা ত্রুটি করেন তাঁহারা ঐ ফারখতের দ্বারা আপন২ দাওয়াহইতে মুক্ত না হন এবং তাঁহারদের উপর দাওয়া ঐ ফারখতের দ্বারা রহিত না হয় এবং ঐ অংশিরদের মধ্যে অনেক জন তাঁহারদের উপর যে টাকা ধার্য্য হইয়াছে তাহা এই নিয়মে দিতে স্বীকৃত আছেন যে যে কোন মহাজন পূর্ব্বোক্ত বন্দোবস্তপত্রে সহী করিয়াছেন এবং সেইরূপে দেওয়া টাকার মধ্যহইতে কোন টাকা গ্রহণ করিয়াছেন সেই মহাজন ঐ কর্জ এবং দেনার বাবৎ আইনমতে অথ১ একুটি পক্ষে তাঁহারদের নামে কোন নালিশ করিতে পারিবেন না। এবং ঐ বন্দোবস্ত এবং ঐ ফারখতের আইনমতে ফলের বিষয়ে সন্দেহ হইয়াছে অতএব ঐ দরখাস্তে আরো এই প্রার্থনা আছে যে উক্ত ব্যাঙ্কের এক্ষণকার বা পূর্ব্বকালীন যে কোন অংশির উপর পূর্ব্বোক্ত মতে যে টাকা ধার্য্য হইয়াছে তাহার সম্পূর্ণ সংখ্যার টাকা উক্ত বন্দোবস্তপত্রের নির্দ্দিষ্ট প্রকারে না দেন সেই অংশির উপর বন্দোবস্তপত্রে সহীকরণিয়া কোন মহাজনের যে স্বত্ত্ব আছে তাহার ব্যাঘাত না হইয়া অথবা উক্ত ব্যাঙ্কের যে কোন মহাজন ঐ বন্দোবস্তপত্রে সহী না করেন তাঁহার স্বত্ত্ব হানি না করিয়া বন্দোবস্তের ফল ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের ক্ষমতাক্রমে নির্দ্দিষ্ট ও স্থাপন হয় অতএব পশ্চাৎ লিখিতমতে নির্দ্দিষ্ট ও হুকুম হইল।

I The agreement of which a copy is annexed to this Act, being the agreement referred to in the said Memorial, shall be of full force as between those Creditors of the said Union Bank who shall execute the same, and those persons named in the Schedule hereinafter mentioned, and in the said

১ ধারা। এই আইনের শেষে যে বন্দোবস্তপত্রের নকল আছে অর্থাৎ উক্ত দরখাস্তে উল্লিখিত বন্দোবস্তপত্র তাহাতে ইউনিয়ন ব্যাঙ্কের যে২ মহাজন সহী করেন এবং পশ্চাৎ লিখিত যে তফসীল উক্ত বন্দোবস্তপত্রের শেষে দেওয়া A চিহ্নিত তফসীলের ন্যায় বর্ণনা হইয়াছে অর্থাৎ উক্ত ব্যাঙ্কের দেনা পরিশোধার্থ ধার্য্য টাকা বা অংশ-

agreement described as the Schedule thereunto annexed, marked A, being the Schedule of Assessment or Contribution toward the liquidation of the debts of the said Bank, who shall, in the manner mentioned in the said agreement, pay the several sums at which they are severally assessed in the said Schedule of Assessment, but shall be of no force to affect the rights or liabilities of any persons other than such as are party or privy thereunto, or the rights or liabilities of the persons named in the said Schedule, as against each other

II If any Creditor of the said Bank, who shall have executed the said agreement, shall thereafter sue out any Writ of *Scire Facias*, or take any other proceeding at law or in equity, on account of any debt or liability of the said Union Bank against any person named in the said Schedule of Assessment, who shall have paid in the manner mentioned in the said agreement the full sum at which he or she is assessed in the said Schedule of Assessment, the execution of the said agreement by such Creditor, and payment of the said Assessment by the person against whom such Writ or other proceeding shall be sued out, or taken, may be pleaded in bar thereof and all costs incurred by any such defendant in resisting such Writ or proceeding shall be paid by the Creditor at whose suit the same shall have been sued forth or instituted

III If any Creditor of the said Bank, who shall not have executed the said agreement, shall sue out any Writ of *Scire Facias*, or take any other proceeding at law or in equity, on account of any debt or liability of the said Union Bank, against any person liable to make good the same or any part thereof, or if any Creditor of the said Bank, who shall have executed the said agreement, shall sue out any Writ of *Scire Facias*, or take any other proceeding at law or in equity, on account of any debt or liability of the said Union Bank, against any person liable to make good the same, or any part thereof who shall not pay in the manner mentioned in the said agreement the full sum at which he or she is assessed in the said Schedule of Assessment, the said agreement shall not be pleadable to such Writ or proceeding, nor shall the contents thereof be received in evidence, in any court of law or equity, in any proceeding had for the recovery of such debt or liability from any such person

IV Provided always, that nothing hereinbefore contained, shall be construed to prevent any Writ of *Scire Facias*, which shall have been issued or any action or suit which shall have been actually commenced against any Shareholder, before payment of his Assessment, from being prosecuted and continued afterwards, if the party instituting such proceeding, chooses so to do

V Within one month after the passing of this Act, a copy of the said Schedule of Assessment, signed by the said Thomas Charles Morton, Hen

মতে দেয় টাকার তফসীল সেই তফসীলের মধ্যের লিখিত যে২ ব্যক্তি উক্ত ধার্য্য টাকার তফসীলে প্রত্যেক জনের যে টাকা ধার্য্য হইয়াছে সেই২ টাকা উক্ত বন্দোবস্তপত্রের লিখিত প্রকারে দেন সেই২ ব্যক্তির মধ্যে ঐ বন্দোবস্তপত্র সম্পূর্ণরূপে প্রবল হইবেক কিন্তু ঐ বন্দোবস্তপত্রে যাঁহারা সহী না করিয়াছেন ও তদ্বিষয়ে লিপ্ত নহেন তাঁহারদের কোন স্বত্বের কিম্বা দায়ের ক্ষতিবৃদ্ধির জন্যে এবং যাঁহারদের নাম তফসীলে লেখা আছে তাঁহারদের পরস্পরের বিরুদ্ধে কোন স্বত্বের কি দায়ের ক্ষতিবৃদ্ধির জন্য ঐ বন্দোবস্তপত্র প্রবল হইবেক না।

২ ধারা। ঐ ধার্য্য টাকার তফসীলের লিখিত যে কোন ব্যক্তি ঐ বন্দোবস্তপত্রের লিখিত প্রকারে উক্ত ধার্য্য হওয়া টাকার তফসীলে তাঁহার উপর যে টাকা ধার্য্য হইয়াছে তাহা সম্পূর্ণরূপে দেন এমত ব্যক্তির বিরুদ্ধে উক্ত ব্যাঙ্কের যে কোন মহাজন ঐ বন্দোবস্তপত্রে সহী করিয়াছেন সেই মহাজন উক্ত ব্যাঙ্কের কোন দেনা বা কর্জের বাবতে "সৈরি ফাসিয়স" নামক কোন পরওয়ানা যদি বাহির করেন অথবা আইনমতে বা একুটিপক্ষে তাঁহার বিরুদ্ধে অন্য কোন কার্য্য করেন তবে ঐ মহাজনের ঐ বন্দোবস্তপত্রে সহীকরণ কার্য্য এবং যে ব্যক্তির বিরুদ্ধে ঐ পরওয়ানা বাহির হইয়াছে বা ঐ কার্য্য হইয়াছে সেই ব্যক্তির উক্ত ধার্য্য হওয়া টাকাদেওয়া কার্য্য ঐ নালিশের প্রতিবন্ধক হইবেক এবং ঐ পরওয়ানা অথবা ঐ কার্য্য বিফল করণার্থে ঐ আসামীর যে সকল খরচা লাগে তাহা যে মহাজন নালিশ করিয়াছিলেন সেই মহাজনের দিতে হইবেক ইতি।

৩ ধারা। উক্ত ব্যাঙ্কের যে কোন মহাজন ঐ বন্দোবস্তপত্রে সহী না করিয়া থাকেন এমত মহাজন ইউনিয়ন ব্যাঙ্কের কোন কর্জ অথবা দেনার বাবতে ঐ দেনা বা তাহার কোন অংশের দায়ি ব্যক্তির বিরুদ্ধে যদি "সৈরি ফাসিয়স" নামক কোন পরওয়ানা বাহির করেন অথবা আইনমতে কি একুটিপক্ষে অন্য কোন কার্য্য করেন অথবা ইউনিয়ন ব্যাঙ্কের কোন কর্জ বা দেনা কি তাহার কোন অংশ পরিশোধ করণের দায়ি যে কোন ব্যক্তি উক্ত ধার্য্য হওয়া টাকার তফসীলে তাঁহার নামে যে টাকা ধার্য্য হইয়াছে তাহা ঐ বন্দোবস্তপত্রের লিখিত প্রকারে সম্পূর্ণরূপে না দেন এইমত ব্যক্তির বিরুদ্ধে ঐ ইউনিয়ন ব্যাঙ্কের কর্জ বা দেনার বাবতে উক্ত বন্দোবস্তপত্রে সহী করণিয়া উক্ত ব্যাঙ্কের কোন মহাজন যদি "সৈরি ফাসিয়স" নামক কোন পরওয়ানা বাহির করেন অথবা আইনমতে কি একুটিপক্ষে অন্য কোন কার্য্য করেন তবে ঐ পরওয়ানা অথবা কার্য্য নিষ্ফল করণার্থে ঐ বন্দোবস্তপত্র উপস্থিত করা যাইতে পারিবেক না এবং ঐ ব্যক্তির স্থানে ঐ কর্জ অথবা দেনা পাইবার জন্যে যে কোন মোকদ্দমা হয় সেই মোকদ্দমায় ঐ বন্দোবস্তপত্রের লিখিত বৃত্তান্ত আইনের অথবা একুটির কোন আদালতে সাক্ষ্য স্বরূপ গ্রাহ্য হইতে পারে না ইতি।

৪ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য যে এই আইনের পূর্ব্বের লিখিত কোন কথার এমত অর্থ করিতে হইবেক না যে কোন অংশির নামে যে টাকা ধার্য্য হইয়াছে সেই টাকা দেওনের পূর্ব্বে সেই অংশির বিরুদ্ধে যে কোন "সৈরি ফাসিয়স" নামক পরওয়ানা বাহির হইয়াছে অথবা যে কোন নালিশ বা মোকদ্দমা প্রকৃতপ্রস্তাবে আরম্ভ হইয়াছে নালিশকরণিয়া ব্যক্তি যদি তাহা চালাইতে চাহেন তবে তৎপরে সেই নালিশ চালাওনের এবং নির্ব্বাহ করণের প্রতিবন্ধক হইবেক ইতি।

৫ ধারা। এই আইন জারী হওনের পর এক মাসের মধ্যে উক্ত শ্রীযুত তামস চার্লস মর্টন সাহেব ও শ্রীযুত হেনরি বর্কিণ্যং সাহেব ও শ্রীযুত জেরিমায়া

ry Burkinyoung, Jeremiah James Homfray, Prosunnocoomar Tagore, Charles Hogg, Henry Cowie and Thomas Seddon Kelsall, shall be filed and enrolled among the Records of Office of the Record Keeper of the Supreme Court of Judicature at Fort William in Bengal, and the Schedule so filed shall be deemed the Schedule referred to by this Act, and by the said agreement, and shall be conclusive evidence of the amounts severally assessed against the persons named therein, according, to the true intent and meaning of this Act

---

COPY OF AGREEMENT

We, the undersigned, Creditors of the Union Bank of Calcutta, hereby undertake and promise, upon payment by the Executive Committee of the said Union Bank of an immediate first dividend of twenty five (25) per cent upon our respective claims, to accept the Schedule hereunto annexed, marked A (which has been framed by a committee of Creditors of the Bank) as the Schedule of Assessment or Contribution towards the liquidation of the debts of the said Bank, of the several Shareholders, past and present, therein named, and we promise and agree not to sue out any Writ of *Scire Facias* against, or otherwise to molest the person or property of any Shareholder or Shareholders of the said Union Bank, named in the said Schedule, who shall pay up the full sum placed opposite his or her name in the said Schedule, as and for his or her Assessment or Contribution as aforesaid Provided, however, that nothing herein contained, shall be construed to protect any of the said parties from being proceeded against, unless and until he shall have actually paid his said Assessment in full, nor to prevent any Writ of *Scire Facias* which shall have been issued, or any action or suit which shall have been actually commenced against any Shareholder, before payment of his Assessment from being prosecuted, and continued afterwards, if the party instituting such proceeding chooses so to do Provided, further, that if any Shareholder in the said Schedule named shall not have paid or given security to the Executive Committee of the said Bank, certified by them to be sufficient, for the payment of his Assessment, within three months from this date, if he be resident in India, or within five months, if resident out of India, the same shall be increased ten per cent, and that a further per centage of the like amount shall be added after every succeeding period of three months, during which the same shall remain unpaid or unsecured Provided also, that the said Executive Committee of the said Bank, do engage to pay, from time to time, such further dividends upon our respective claims, until full satisfaction thereof, respectively, as the sum as realized from the said Contribution shall enable them to do, and whenever the realization shall amount to ten per cent upon the remaining claims, to declare and pay a

জেম্স হম্ফ্রে সাহেব ও শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুর ও শ্রীযুত চার্লস হগ সাহেব ও শ্রীযুত হেনরি কৌই সাহেব ও শ্রীযুত তামস সেডন কেলসল সাহেবের তাহাতে সহী করা ধার্য্যহওয়া টাকার উক্ত তফসীলের এক নকল বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্টের রিকার্ডরাখণিয়া সাহেবের সিরিশ্তার রোয়দাদে দাখিল হইবেক ও লেখা যাইবেক এবং ঐরূপে দাখিলহওয়া তফসীল এই আইনের এবং উক্ত বন্দোবস্তপত্রের উল্লিখিত তফসীল জ্ঞান হইবেক এবং এই আইনের যথার্থ অভিপ্রায় ও অর্থের অনুসারে তাহার মধ্যের লিখিত ব্যক্তিরদের বিরুদ্ধে ধার্য্যহওয়া নানা টাকার সংখ্যার সর্ব্বতোভাবে সাক্ষ্যস্বরূপ জ্ঞান হইবেক ইতি।

তফসীল।

আমরা পশ্চাৎ লিখিত কলিকাতাস্থ ইউনিয়ন ব্যাঙ্কের মহাজন ইহার দ্বারা স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের একসেকুটির কমিটি আমারদের প্রত্যেক জনের পাওনার শতকরা ২৫৲ টাকার হিসাবে প্রথম ডিবিডেণ্ড অর্থাৎ কিস্তি অগৌণে দিলে A চিহ্নিত ইহার শেষে লিখিত যে তফসীল ব্যাঙ্কের মহাজনের কমিটির দ্বারা প্রস্তুত হইয়াছে সেই তফসীল উক্ত ব্যাঙ্কের দেনা পরিশোধার্থে তন্মধ্য লিখিতপূর্ব্বকালের এবং এক্ষণকার ঐ ব্যাঙ্কের নানা অংশির উপর ধার্য্যহওয়া অথবা অংশমতে দেয় টাকার তফসীলের ন্যায় গ্রাহ্য করি এবং উক্ত তফসীলের লিখিত উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের যে কোন অংশির বা অংশিরদের পূর্ব্বোক্ত মত ধার্য্যহওয়া বা অংশমতে দেয় টাকা স্বরূপ উক্ত তফসীলে তাঁহার নামের পাশে যে টাকা লেখা আছে সেই টাকা যে কোন অংশী বা অংশিরা সম্পূর্ণরূপে দেন তাহার বা তাঁহারদের বিরুদ্ধে কোন " সৈরি ফাসিয়স" নামক পরওয়ানা বাহির না করিতে বা প্রকারান্তরে তাঁহারদিগকে উত্যক্ত না করিতে বা তাঁহারদের সম্পত্তির উপর দাওয়া না করিতে অঙ্গীকার ও স্বীকার করিতেছি। কিন্তু ইহার মধ্যের লিখিত কোন কথার এমত অভিপ্রায় করিতে হইবেক না যে যাবৎ ঐ ব্যক্তি সম্পূর্ণ ধার্য্যহওয়া টাকা প্রকৃতপ্রস্তাবে না দিয়াছেন তাবৎ তাঁহার নামে নালিশ করণের প্রতিবন্ধক হইবেক কিম্বা ধার্য্যহওয়া টাকা দিবার পূর্ব্বে কোন অংশির বিরুদ্ধে যে কোন "সৈরি ফাসিয়স" নামক পরওয়ানা বাহির হইয়াছে কিম্বা যে কোন মোকদ্দমা বা নালিশ প্রকৃতপ্রস্তাবে আরম্ভ হইয়াছে নালিশকরণিয়া ব্যক্তি তাহা চালাইতে চাহিলে তাহা চালাইবার ও নির্ব্বাহ করিবার প্রতিবন্ধক হইবেক। আরো ধার্য্য হইল যে উক্ত তফসীলের লিখিত কোন অংশী ভারতবর্ষে বাস করিলে অদ্যকার তারিখঅবধি তিন মাসের মধ্যে অথবা ভারতবর্ষের বাহিরে বাস করিলে পাচ মাসের মধ্যে আপনার উপর ধার্য্যহওয়া টাকা যদি না দেন অথবা উক্ত ব্যাঙ্কের একসেকুটির কমিটিকে ঐ টাকার জামিন না দেন এবং ঐ কমিটি তাহা প্রচুর স্বীকার না করেন তবে ঐ ধার্য্যহওয়া টাকা শতকরা ১০৲ টাকার হিসাবে বাড়ান যাইবেক এবং যাবৎ ঐ টাকা পরিশোধ না হয় অথবা তাহার জামিন না দেওয়া যায় তাবৎ তৎপরে প্রত্যেক তিন২ মাসান্তরে শতকরা তত্তুল্য টাকা বাড়ান যাইবেক। আরো ধার্য্য হইল যে উক্ত ব্যাঙ্কের একসেকুটির কমিটি ঐ অংশমতে দত্ত টাকা পাইয়া সমর্থ হইলে আমারদের এক২ জনের দাওয়া সম্পূর্ণরূপে পরিশোধ না হওনেপর্য্যন্ত সময়ক্রমে আমারদের পাওনা টাকার আরো ডিবিডেণ্ড অর্থাৎ কিস্তি দিবেন এবং যখন আদায়হওয়া টাকা অবশিষ্ট দাওয়ার শতকরা ১০৲ টাকার তুল্য হয় তখন তাঁহারা সেই হারে এক নূতন ডিবিডেণ্ড প্রকাশ করিবেন ও দিবেন। এবং আরো ধার্য্য হইল এবং ইহার দ্বারা অতিস্পষ্টরূপে প্রকাশ

new dividend at that rate Provided always, and it is hereby expressly declared and agreed, that we, the undersigned, reserve to ourselves, all our rights and remedies whatsoever, against the assets of the said Bank, legal and equitable, and against all Shareholders, present and past, not paying up the full amount of their said Assessments, respectively, as aforesaid In witness whereof we have hereunto set our respective hands, this Twenty-fifth day of September, in the year of Christ, one thousand eight hundred and forty eight

F J HALLIDAY,
Offg Secy to the Govt of India

FORT WILLIAM
HOME DEPARTMENT,
LEGISLATIVE

THE 10TH FEBRUARY, 1849

The following Act is passed by the Honourable the President of the Council of the India in Council, on the 10th of February, 1849, with the assent of the Right Honourable the Governor General of India, which has been read and recorded

Ordered, that the Act be promulgated for general information

ACT No IV OF 1849

An Act for the Safe Custody of Criminal Lunatics

Whereas it is expedient to declare what unsoundness of mind excuses the commission of criminal acts, and to provide for the safe custody of persons found to have committed such acts, but acquitted by reason of unsoundness of mind, It is enacted as follows

I No person, who does an act which, if done by a person of sound mind, is an offence, shall be acquitted of such offence for unsoundness of mind, unless the Court or Jury, as the case may be, in which according to the constitution of the Court, the power of conviction or acquittal is vested, shall find that, by reason of unsoundness of mind, not wilfully caused by himself, he was unconscious, and incapable of knowing, at the time of doing the said act, that he was doing an act forbidden by the Law of the land

II Whenever a person charged with any offence shall be acquitted, because he is within the exception made by the foregoing Section, the Court or Jury shall give a special judgment or verdict, that he did the act charged against him, being then of unsound mind, so as to excuse him according to law

III Whenever such special judgment or verdict, as aforesaid, shall have been given against any person, the Court, before which the trial was had, shall order him to be kept in safe custody, in such place and manner as to the Court shall seem fit, until the pleasure of the Government can be known thereon and thereupon the Govern-

[*Government Gazette, 20th February,* 1849]

হইতেছে ও স্বীকার হইতেছে যে উক্ত ব্যাঙ্কের সম্পত্তির উপর আমারদের আইনক্রমে বা একুটিমতে যে সকল স্বত্ত্ব ও প্রতিকার আছে তাহা আমারদের রহিল এবং পূর্ব্বকালীন কিম্বা এক্ষণকার যে সকল অংশী তাঁহারদের উপর পূর্ব্বোক্তমতে ধার্য্যহওয়া সম্পূর্ণ টাকা না দেন তাঁহারদের বিরুদ্ধে আমারদের যে সকল স্বত্ত্ব ও প্রতিকার আছে তাহা আমারদের রহিল। এবং ইহার সাক্ষ্যস্বরূপ আমরা এই এক হাজার আট শত আট চল্লিশ সালের পঁচিশা সেপ্টেম্বর তারিখে একং করিয়া দস্তখৎ করিলাম ইতি।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেন্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১০ ফেব্রুআরি।

ভারতবর্ষের শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুরের সম্মতিক্রমে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রেসীডেন্ট সাহেব হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪৯ সালের ১০ ফেব্রুআরি তারিখে পশ্চাৎ লিখিত আইন জারী করিলেন। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ঐ সম্মতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে অর্পণ হইয়াছে।

হুকুম হইল যে এই আইন সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল ৪ আইন।

অপরাধি বাতুল ব্যক্তিরদের নির্ব্বিঘ্নে রাখণের বিষয়ি আইন।

যেহেতুক মনের কিপর্য্যন্ত বিকৃতিপ্রযুক্ত দণ্ডনীয় কর্ম্ম অপরাধশূন্য হয় তাহা ধার্য্যকরা এবং সেইং কর্ম্ম যাহারা করিয়াছে কিন্তু মনের বিকৃতিপ্রযুক্ত নির্দ্দোষী হইয়াছে তাহারদিগকে নির্ব্বিঘ্নে রাখণের নিয়ম করা উচিত বোধ হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

By Bills Payable Military Department						
Expected to be disbursed under this head,	,,	,,	,	000	000	000
By Judicial Charges General &c &c &c						
By Revenue Charges General, &c &c &c						
(and so on with reference to each head of Disbursement)						
By Balance, viz						
In Company's Rupees,	000	000	000			
,, Short Weight Sicca Rupees,						
March April May						
Tale, 00 00 00 value	00	00	00			
Pyce (enter details,)	00	00	00	000	000	000
Company's Rupees,				0000	0000	0000

Errors Excepted

The 1849.

A B
Collector

[Government Gazette, 13th March, 1849]

১৮৪৯ সালের মার্চ ও আপ্রিল ও মে মাস অমুক স্থানের কালেক্টরীর আন্দাজী জমা ও খরচের বরাওর্দ ফর্দ।

জমা

	মার্চ	আপ্রিল	মে	মার্চ	আপ্রিল	মে
গত মাসের জমা অর্থাৎ						
খাজানাখানায় নগদ টাকা বিশেষতঃ						
কোম্পানির টাকা	...	...	...			
কম মূল্যের সিক্কা টাকা						
মার্চ আপ্রিল মে						
সংখ্যা .. .. .. তাহার মূল্য	..	..	..			
বাঙ্গাল বেঙ্ক নোট	...	...	...			
পয়সা (বিশেষ করিয়া লেখ)	..	..	..			
(আবশ্যকমতে অন্যান্য বেওরা লেখ)	...	...	...			
মোকাবিলা না হওয়া বাকী	..	..	..			
	...	...	...			
উক্ত মোকাবিলা না হওয়া বাকী বাদ	...	...	...	....	....	....
ভূমির রাজস্বের বাবৎ						
এই তিন মাসে পাওয়া যাইবার সম্ভাবনা						
সন হালের রাজস্ব	...	...	...			
বকেয়া রাজস্ব	..	..	..	...	...	...
সায়েরাতের রাজস্ব						
এই তিন মাসের মধ্যে পাওয়া যাইবার সম্ভাবনা লাভ নোকসান ইত্যাদি	”	”	”	..	..	..
(এবং এই প্রকারে প্রত্যেক বিষয়ের বাবৎ জমা লেখ যাইবেক)						
১৮৪৯ সাল অমুক তারিখ কোং টাকা				....	....	....

খরচ

	মার্চ	আপ্রিল	মে	মার্চ	আপ্রিল	মে
রেবিনিউ ডিপার্টমেণ্টের দেয় বিল						
বাঙ্গলা দেশের রাজস্বের কালেক্টর সাহেবেরা যে ড্রাপ্ট দিয়াছেন তজ্জন্য ব্যয় আন্দাজ	”	”	”	...	...	...
প্রেরিত রাজস্ব						
জেনরল ট্রেজুরীতে বেঙ্ক নোট আন্দাজমত পাঠান যাইবেক	..	..	..			
অমুক স্থানের কালেক্টর সাহেবের নিকটে যত কোং টাকা আন্দাজ পাঠান যাইবেক	...	”	...			
নানা প্রকার টাকাপ্রভৃতি টাকশালের অধ্যক্ষের নিকটে আন্দাজ যত পাঠান যাইবেক	”	...	”	...	...	...
মিলিটারি ডিপার্টমেণ্ট						
আন্দাজ যত খরচ হইবেক	”	”	”	..	”	..
মিলিটারি ডিপার্টমেণ্টের দেয় বিল।						
আন্দাজ যত খরচ হইবেক	”	”	”	...	...	...
সাধারণ দেওয়ানীর খরচাপ্রভৃতি						
সাধারণ রাজস্বের খরচাপ্রভৃতি						
এই প্রকারে যত বাবতে খরচা হয় তাহা লিখিতে হইবেক						
বাকী						
কোং টাকা	...	...	...			
কম ওজনের সিক্কা টাকা .. .						
মার্চ আপ্রিল মে						
সংখ্যা ... ... তাহার মূল্য	..	..	..			
পয়সা (বিশেষ করিয়া লেখ) .. .	..	..	..	...	...	...
মবলগ কোং টাকা				....	....	....

অমুক কালেক্টর।

No 747

To the Collectors of Land Revenue of the Bengal Presidency

The appointment of a Deputy Pay Master of the Army of the Punjab having been authorised by the Government of India* and Captain C Campbell having been appointed to the office, I have the honour to request that you will duly honour all drafts that may be drawn on your Treasury by that officer, debiting the same in your Treasury Accounts under the head of "Pay Master of the Army of the Punjab," subordinate to Bills Payable of the Military Department, and supporting the debits with the Original drafts duly receipted by the Payees

(Signed) W MAPLES,
Asst Actt to the Govt of Bengal

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 28th February, 1849

৭৪৭ নম্বর।

বাঙ্গলা রাজধানীর ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট* হুকুম করিয়াছেন যে পঞ্জাবে সৈন্যেরদের এক জন ডেপুটী বক্শী নিযুক্ত হন এবং শ্রীযুত কাপ্তান সি কাম্বেল সাহেব ঐ পদে নিযুক্ত হইয়াছেন অতএব তোমাকে আদেশ করিতেছি যে ঐ কার্য্যকারক তোমার খাজানাখানার উপর যে সকল ড্রাপ্ট দেন তাহার টাকা তুমি দেও এবং তোমার খাজানাখানার হিসাবে "মিলিটারী ডিপার্টমেণ্টের দেয় বিলের" শামিল "পঞ্জাবের সৈন্যেরদের বক্শী" এই শিরনামার নাচে ঐ টাকার খরচ লেখ এবং যাহারদিগকে টাকা দেওয়া যায় তাহারদের রীতিমতে দস্তখৎ হওয়া আসল ড্রাপ্টের দ্বারা ঐ খরচ সাব্যস্ত কর।

ডবলিউ মেপলস।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।

রেবিনিউ ডিপার্টমেণ্ট।

১৮৪৯। ২৮ ফেব্রুআরি।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 3

To the Civil Judges in the Lower Provinces

Doubts having arisen as to the *interlocutory orders* in Civil Suits, which are summarily appealable under the law, the Court publish the following lists, the one shewing what orders of the nature above specified may be appealed summarily, and the other, the Courts to which such appeals will lie

2 A summary appeal will lie—

Firstly From the *interlocutory order* of a Principal Sudder Ameen, Sudder Ameen, or Moonsiff, in regard to the objections preferred by a Defendant to the Plaintiff's valuation of his suit

Secondly From an *interlocutory order* passed by a Principal Sudder Ameen, Sudder Ameen, or Moonsiff, agreeably to the sanction given by Article 8, Schedule B Regulation X of 1829, and Construction No 1046

Thirdly From an *interlocutory order* passed by a Principal Sudder Ameen, regarding security under Regulation II of 1806, agreeably to the sanction given by Construction No 963

Fourthly From the *interlocutory orders* of Sudder Ameens or Moonsiffs, regarding security and fine under Section 4, Act VI of 1843

Fifthly From an *interlocutory order* of a Principal Sudder Ameen, Sudder Ameen, or Moonsiff, passed with reference to the succession to parties in a suit who die *pendente lite*

3 The above table shews the interlocutory orders which, from their *nature*, are appealable,

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব বরাবরেষু।

দেওয়ানী মোকদ্দমা করকার সময়ে যে হুকুম করা যায় তাহার মধ্যে যে২ হুকুমের উপর আইনমতে সরাসরী আপীল হইতে পারে এই বিষয়ে সন্দেহ হইয়াছে অতএব সদর আদালতের সাহেবেরা নীচের লিখিত ফিরিস্তি প্রকাশ করিতেছেন। তাহার এক ফিরিস্তিতে মোকদ্দমা করকার হওন সময়ে যে২ হুকুমের উপর সরাসরী আপীল হইতে পারে তাহা নির্দ্দিষ্ট হইয়াছে। অন্য ফিরিস্তিতে যে আদালতে ঐ প্রকার আপীল হইবেক তাহা নির্দ্দিষ্ট আছে।

২। মোকদ্দমা করকার হওনের সময়ে নীচের লিখিত হুকুমের উপর সরাসরী আপীল হইতে পারে।

প্রথম। ফরিয়াদী মোকদ্দমার যে মূল্য ধরিয়াছে তাহাতে আসামী আপত্তি করিলে তাহার বিষয়ে প্রধান সদর আমীন কি সদর আমীন অথবা মুনসেফের হুকুম।

দ্বিতীয়। ১৮২৯ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ৮ ধারা এবং ১০৪৬ নম্বরী আইনের অর্থের লিখিত অনুমতিক্রমে প্রধান সদর আমীন কি সদর আমীন বা মুনসেফ যে হুকুম করেন তাহা।

তৃতীয়। ৯৬৩ নম্বরী আইনের অর্থের লিখিত অনুমতিক্রমে ১৮০৬ সালের ২ আইনানুসারে জামিনীর বিষয়ে প্রধান সদর আমীনের হুকুম।

চতুর্থ। ১৮৪৩ সালের ৬ আইনের ৪ ধারামতে জামিন ও জরীমানার বিষয়ে সদর আমীনেরদের কি মুনসেফেরদের হুকুম।

পঞ্চম। মোকদ্দমা উপস্থিত থাকন সময়ে বাদী কিম্বা প্রতিবাদী মরিলে তাহারদের স্থলাভিষিক্ত ব্যক্তি নিযুক্ত হওন বিষয়ে প্রধান সদর আমীন কি সদর আমীন বা মুনসেফ যে হুকুম করেন তাহা।

৩। মোকদ্দমা করকার হওনের সময়ে যে হুকুম হয় তাহার ভাব বুঝিয়া যে২ হুকুমের উপর অপীল হইতে

---

* See General Orders Commander in Chief, dated 13th October, 1848

* প্রধান সেনাপতি সাহেবের ১৮৪৮ সালের ১৩ আক্টোবরের জেনরল অর্ডর দেখ।

and the following indicates the tribunals to receive the appeals, with exception of the first head, which generally lays down that there is no appeal from interlocutory orders in regard to the investigation of a pending suit

Firstly There is no appeal from any interlocutory order passed by any Court, connected with the investigation of a suit, or with the final decision thereon, except from an order passed in regard to the valuation of the suit The provisions of Regulation IX 1831, and Act VII 1838, meet the case of deficient investigation and Section 2, Act VI 1843, points out the proper appellate Court in certain cases, but does not extend the Classes of appealable cases

Secondly —An appeal from appealable interlocutory orders passed by the Zillah Judge, lies to the Sudder Dewanny Adawlut

Thirdly —An appeal from similar orders, in suits above 5000 Rupees in the Court of the Principal Sudder Ameen lies to the Sudder Dewanny Adawlut

Fourthly —In suits below 5,000 Rupees in the Principal Sudder Ameen s Court, the appeal lies to the Zillah Judge, and specially to the Sudder Dewanny Adawlut

Fifthly —An appeal from interlocutory orders in regard to valuation of suit passed by a Sudder Ameen or Moonsiff, lies to the Zillah Judge, and specially to the Sudder Dewanny Adawlut

Sixthly —An appeal from all other appealable interlocutory orders passed by a Sudder Ameen or Moonsiff, lies to the Zillah Judge whose order thereon is final

4 The Civil Judges are requested to take notice that the appeals above described are those which are intended to be entered under heading 3 of the Monthly and Annual Statement No 2

5 The Court desire me to add that the words "a *supplementary* plaint" occurring in Construction No 1046, are erroneously used, and that the words "a duplicate of the plaint" should be substituted

W Kirkpatrick, *Deputy Register*

Fort William, the 2d February, 1849

পারে তাহা উপরে লেখা গিয়াছে। যেং আদালতে ঐ আপীল গ্রহণ হইতে পারে তাহা নীচে লেখা আছে কিন্তু তাহার প্রথম দফাতে এই সাধারণ নিয়ম আছে যে মোকদ্দমা ফয়সলার সময়ে তাহার তহকীকের বিষয়ে যে হুকুম হয় তাহার উপর আপীল হইতে পারে না।

প্রথম। মোকদ্দমা ফয়সলার হওনের সময়ে ঐ মোকদ্দমার তহকীকের বিষয়ে কিম্বা তাহার চূড়ান্ত নিষ্পত্তির বিষয়ে যে কোন আদালত যে হুকুম করেন তাহার উপর আপীল নাই কিন্তু মোকদ্দমার মুল্য নিরূপণের বিষয়ে যে হুকুম হয় তাহার উপর আপীল হইতে পারে। অসম্পূর্ণ তহকীকের প্রতিকার ১৮৩১ সালের ৯ আইন ও ১৮৩৮ সালের ৭ আইনের বিধানেতে লিখিত আছে এবং বিশেষ২ গতিকে যে আদালতে আপীল হইতে পারে তাহা ১৮৪৩ সালের ৬ আইনের ২ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে কিন্তু যে প্রকার মোকদ্দমার উপর আপীল হয় তাহা তদ্দ্বারা বাড়ান যায় নাই।

দ্বিতীয়। মোকদ্দমা ফয়সলার হওনের সময়ে জিলার জজ সাহেব আপীলের উপযুক্ত যেং হুকুম করেন তাহার উপর আপীল সদর দেওয়ানী আদালতে হইবেক।

তৃতীয়। প্রধান সদর আমীনের আদালতে ৫০০০৲ টাকার অধিক মুল্যের মোকদ্দমার সেই প্রকার হুকুমের উপর আপীল সদর দেওয়ানী আদালতে হইবেক।

চতুর্থ। ৫০০০৲ টাকার কম মুল্যের মোকদ্দমায় প্রধান সদর আমীনের আদালতের ঐ প্রকার হুকুমের উপর আপীল জিলার জজ সাহেবের নিকটে হইবেক ও খাস আপীল সদর দেওয়ানী আদালতে হইবেক।

পঞ্চম। মোকদ্দমা ফয়সলার সময়ে তাহার মুল্য নিরূপণের বিষয়ে সদর আমীন কি মুনসেফ যেং হুকুম করেন তাহার উপর আপীল জিলার জজ সাহেবের নিকটে ও খাস আপীল সদর দেওয়ানী আদালতে হইবেক।

ষষ্ঠ। মোকদ্দমা ফয়সলার হওন সময়ে সদর আমীন কিম্বা মুনসেফ আপীলের উপযুক্ত অন্য যে সকল হুকুম করেন তাহার উপর আপীল জিলার জজ সাহেবের নিকটে হইবেক তাহাতে তাঁহার হুকুম চূড়ান্ত।

৪। দেওয়ানীর জজ সাহেবদিগকে বিশেষমতে অবগত করা যাইতেছে যে উপরে যে সকল আপীল নির্দ্দিষ্ট হইয়াছে তাহা মাসিক ও বার্ষিক ২ নম্বরী কৈফিয়তের ৩ নম্বরী ঘরে যেং মোকদ্দমা লিখিবার অভিপ্রায় আছে তাহাই।

৫। সদর আদালতের সাহেবেরা আরো লিখিতে হুকুম করিতেছেন যে ১০৪৬ নম্বরী আইনের অর্থেতে "দ্বিতীয় আরজী" এই কথা ভুলক্রমে লিখিত হইয়াছে তাহার স্থানে "আরজীর দোসর নকল" দিতে হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ২ ফেব্রুআরি।

John C Marshman, *Bengalee Translator*

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

APPOINTMENTS

The 23d February, 1849

Baboo Mohender Narain Chuckurbuttee, who has obtained a Diploma, to be Moonsiff of Bhowanneegunge, Zillah Rajshahye

The 28th February, 1849

Moulvy Mohumud Munnaim, Moonsiff of Bazeetpoor, Zillah Mymensingh, to be Moonsiff of Dwarhutta, Zillah Hooghly, *vice* Denonath Bose, dismissed

Moulvy Mohumud Hossein, to be Moonsiff of

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ২৩ ফেব্রুআরি।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু মহেন্দ্রনারায়ণ চক্রবর্ত্তী জিলা রাজশাহীর ভবানীগঞ্জের মুনসেফ হইবেন।

১৮৪৯ সাল ২৮ ফেব্রুআরি।

শ্রীযুত দীননাথ বসু তগীর হওয়াতে জিলা ময়মনসিংহের বাজিতপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ মনায়িম জিলা হুগলীর দ্বারহাটার মুনসেফ হইবেন।

শ্রীযুত মৌলবী মহম্মদ মনায়িম স্থানান্তরে নিযুক্ত

Bazeetpoor, Zillah Mymensingh, *vice* Moulvee Mohumud Munnaim transferred

LEAVES OF ABSENCE

The 2d March, 1849

Baboo Jugunathpershad Banerjea, Moonsiff of Bishenpore, Zillah 24 Pergunnahs, for two months in extension of that granted to him on the 29th December last

Mr W Wright, Sudder Moonsiff of the 24-Pergunnahs, from the 26th to the 28th ultimo

Sheikh Gholam Furreed, 1st Grade Moonsiff of Hureerparah, in Moorshedabad, for seven days from the 2d instant

The 7th March, 1849

Baboo Goopeenath Bose, Acting Moonsiff of Santipore, Nuddea, for four days from the 12th instant.

B J Colvin, *Register*

হওয়াতে শ্রীযুত মৌলবী মহম্মদ হুসেন জিলা ময়মনসিংহের বাজিতপুরের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ২ মার্চ।

জিলা চব্বিশপরগনার বিষ্ণুপুরের মুনসেফ শ্রীযুত বাবু জগন্নাথপ্রসাদ বাঁড়ুয্যা গত ডিসেম্বর মাসের ২৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত দুই মাসের ছুটী পাইয়াছেন।

জিলা চব্বিশপরগনার সদর মুনসেফ শ্রীযুত ডবলিউ রাইট সাহেব গত মাসের ২৬ তারিখঅবধি ২৮ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদে হরির পাড়ার প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত সেখ গোলাম ফরিদ বর্ত্তমান মাসের ২ তারিখঅবধি সাত দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৭ মার্চ।

নদীয়ার শান্তিপুরের একটিং মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ বসু বর্ত্তমান মাসের ১২ তারিখঅবধি চারি দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

২৯০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৪৯ সাল ২৩ ফেব্রুআরি।

ফরিদপুরের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ নাজিম স্বীয় কর্ম্মোপলক্ষে তিন দিনের ছুটী পাইয়াছেন।

পূরণিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত সি চাপমান সাহেব (Mr C Chapman,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ২৭ ফেব্রুআরি।

বগুড়ার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি ইউ ইউল সাহেব (Mr G U Yule,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত জে সি ডজসন সাহেবের (Mr J C Dodgson,) প্রতি অর্পণ করেন।

সারণের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ বি হেথর্ণ সাহেব (Mr H V Hathorn,) মতিহারিতে দওরা করিতে গমনার্থে বর্ত্তমান মাসের ১৯ তারিখে আপনার সিবিলিয়ানি কর্ম্মের ভার ঐ জিলার অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত জান ওএষ্টন সাহেবের (Mr John Weston,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত আর এম স্কিনর সাহেব (Mr R M Skinner,) বর্ত্তমান মাসের ১৯ তারিখে পাটনার কালেকটরীর ভার শ্রীযুত এফ জে কোবর্ণ সাহেবের (Mr F J Cockburn,) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

২৯৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ২৬ ফেব্রুআরি।

রামড়ি স্থানে আরাকানের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্টের কর্ম্ম নির্ব্বাহ করিতে শ্রীযুত লেপ্টেনেন্ট জে পি ব্রিগস সাহেবের (Lieutenant J P Briggs,) যে নিয়োগ হয় তাহা গত নবেম্বর মাসের ২৩ তারিখঅবধি চলিবেক ঐ তারিখে তিনি ঐ কর্ম্মের ভার গ্রহণ করেন।

হুগলী জিলাতে ঠগীনিবারণার্থ আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত কাপ্তান ডবলিউ সি বর্চ সাহেব (Captain W C Birch,) অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত জিলা বালেশ্বরে জাইন্ট মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

পুরীর মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এ ক্লিফটন সাহেব (Mr A Clifton,) ঐ জিলাতে দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ২৪ ফেব্রুআরি।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জেমস গ্রান্ট সাহেব (Mr James Grant,) আগামি আপ্রিল মাসে মালদহে দওরা করণের পূর্ব্বে ও পরে পনেরং দিবস করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২৭ ফেব্রুআরি।

বেহারে আফীমের এজেন্টের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত ডাক্তর জে করবেট সাহেব (Dr J Corbet,) গত মাসের ১৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছয় দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২৮ ফেব্রুআরি।

আসামে বড়পেটা স্থানে সদর আমীনের ক্ষমতানুসারে কার্য্যকারি নলবাড়ীর মুনসেফ শ্রীযুত বাবু জগন্নাথ শর্ম্মা বর্ত্তমান মাসের ১৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত বর্ত্তমান মাসের ১১ তারিখঅবধি ২৪ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

কামরূপের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু চন্দ্রসেন রায় আগামি মাসের ১ তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

কটকের কমিস্যনর শ্রীযুত এফ গুলসবেরি সাহেবকে (Mr F Gouldsbury,) পূর্ব্বে যে চৌদ্দ দিনের ছুটী দেওয়া যায় তাহা লইয়া গত মাসের ২০ তারিখে যে দুই মাসের ছুটী দেওয়া যায় তাহা ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের পুরাতন বিধিক্রমে।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ২৭ ফেব্রুআরি।

সিবিলসম্পর্কীয় সিবিলিয়ান শ্রীযুত জে রীড সাহেব ও শ্রীযুত ডবলিউ টি টৈলর সাহেব (Messrs J Reid and W T Taylor,) "ডুক্ক" নামক জাহাজে ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২৫ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ১৩ মার্চ।]

১৮৪৯ সাল ২ মার্চ।

চাটিগাঁর অতিরিক্ত সিবিল ও সেশন জজ শ্রীযুত এ স্কন্স সাহেব (Mr A Sconce,) গত মাসের ২২ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত এফ স্কিপউইথ সাহেবের (Mr F Skipwith,) স্থানে গ্রহণ করেন।

বাকরগঞ্জের সিবিল ও সেশন জজ শ্রীযুত ডবলিউ জে এচ মনি সাহেব (Mr W J H Money,) গত মাসের ২২ তারিখে আপনার কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ কলীমের স্থানে পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৩০৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ২৬ ফেব্রুআরি।

শ্রীযুত কালীনাথ সেন কর্ম্মে ইশতাফা দেওয়াতে দিনাজপুরের দ্বিতীয় শ্রেণীর দারোগা শ্রীযুত মফিরুদ্দীন প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন ও চাটিগাঁর তৃতীয় শ্রেণীর দারোগা শ্রীযুত সৈয়দ তৈজমুল আলী দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৪৯ সাল ২৭ ফেব্রুআরি।

মেদিনীপুরের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত বি এচ শক সাহেব (Mr V H Schalch,) ঐ জিলাতে দলীলদস্তাবেজের রেজিষ্টরও হইবেন।

১৮৪৯ সাল ২৮ ফেব্রুআরি।

শ্রীযুত মৌলবী নসীরুদ্দীন হয়দরের পরিবর্ত্তে শ্রীযুত মৌলবী বসিরুদ্দীন রাজশাহীর ফতওয়াদায়ক হইবেন।

১৮৪৯ সাল ১ মার্চ।

শ্রীযুত মৌলবী মোমতাজ আলীর পরিবর্ত্তে শ্রীযুত মৌলবী ফয়জুল্লা বীরভূমের ফতওয়াদায়ক হইবেন।

হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী ওয়াহিদুদ্দীন নব্বী ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৯ সাল ১ মার্চ।

মেদিনীপুরের কালেক্টর শ্রীযুত জে এস টরেন্স সাহেব (Mr J S Torrens,) গত জানুআরি মাসের ২৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত সরকারী কর্ম্মোপলক্ষে দুই দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২ মার্চ।

ময়মনসিংহের একটিং কালেক্টর শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেব (Mr G D Wilkins,) আপনার কর্ম্মের ভার শ্রীযুত এ এল মেলবিল সাহেবের (Mr A L Melville,) প্রতি অর্পণ করিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে আট মাসের ছুটী পাইয়াছেন। অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত শ্রীযুত মেলবিল সাহেব ঐ কর্ম্ম চালাইবেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ৬ মার্চ।

হাজারীবাগের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু নকুড়চন্দ্র চৌধুরী গত মাসের ১৫ তারিখে আপনার কর্ম্মের ভার গ্রহণ করেন।

মানভূমে পুরুলিয়ার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এন চিবর্স সাহেব (Mr N Chevers,) গত মাসের ১৭ তারিখে আপনার কর্ম্মের ভার গ্রহণ করেন।

সারণের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ বি হেথর্ণ সাহেব (Mr H V Hathorn,) গত মাসের ২২ তারিখে আপনার কর্ম্মের ভার অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত জে ওএষ্টন সাহেবের (Mr J Weston,) স্থানে পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত এ লিটলডেল সাহেব (Mr A Littledale,) গত মাসের ২৪ তারিখে মালদহের জাইণ্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটী কালেক্টরী কর্ম্ম শ্রীযুত এফ বি ড্রমণ্ড সাহেবের (Mr F B. Drummond,) স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত জি পি লেষ্টর সাহেব (Mr G P Leycester,) গত মাসের ২৪ তারিখে রাজশাহীর কালেক্টরী কর্ম্মের ভার শ্রীযুত এ এ সুইন্টন সাহেবের (Mr A A Swinton,) স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত এচ সি হালকেট সাহেব (Mr H C Halkett,) মুরশিদাবাদের কালেক্টরীর খাজানাখানার ভার গত মাসের ২৭ তারিখে শ্রীযুত এচ প্রাট সাহেবের (Mr H Pratt,) স্থানে গ্রহণ করেন।

বাঁকুড়ার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কলেক্টর শ্রীযুত টি বি মাকটিয়র সাহেব (Mr T B Mactier,) গত মাসের ২৭ তারিখে খাজানাখানার ভার শ্রীযুত এ ডবলিউ রসেল সাহেবের (Mr A. W Russell,) স্থানে পুনর্গ্রহণ করেন।

মেদিনীপুরের কালেক্টর শ্রীযুত জে এস টরেন্স সাহেব (Mr J S Torrens,) বর্ত্তমান মাসের ১ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত জি ব্রাইট সাহেবের (Mr G Bright,) স্থানে পুনর্গ্রহণ করেন।

চব্বিশপরগনাপ্রভৃতির অতিরিক্ত সেশন জজ শ্রীযুত ই বেণ্টাল সাহেব (Mr E Bentall,) বর্ত্তমান মাসের ২ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৩১৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ৬ মার্চ।

শ্রীযুত মৌলবী আবদুল লতিফ ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে চব্বিশপরগনার ডেপুটী মাজিষ্ট্রেট হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ৩ মার্চ।

মেদিনীপুরে দরিদ্র প্রতিপালনার্থ বাটীর সব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র গাঙ্গুলি আপনার কর্ম্মের ভার ঐ স্থানের এদেশীয় চিকিৎসকের প্রতি অর্পণ করিয়া বারো দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৬ মার্চ।

শাহাবাদের কালেক্টর শ্রীযুত আর এন ফারকর্সন সাহেব (Mr R N Farquharson,) গত ডিসেম্বর মাসের ৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীবিষয়ক শুধরা বিধির ১২ ধারানুসারে তিন দিনের অথবা "বেন্টিঙ্ক" নামকবাষ্পীয় জাহাজের না গমনপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ৭ মার্চ।

সিবিলসম্পর্কীয় সিবিশতার শ্রীযুত এ রেকস সাহেব (Mr A Raikes,) "মালবরা" নামক জাহাজে ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন ঐ জাহাজ গত মাসের ২৬ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

পুলোপিনাঙ্গের সিবিলসম্পর্কীয় সিবিশতার শ্রীযুত এস গার্লিং সাহেব (Mr S Garling,) "মালবরা" নামক জাহাজে ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন ঐ জাহাজ গত মাসের ৬ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

১৮৪৯ সাল ৯ মার্চ।

শ্রীযুত টি সি ট্রটর সাহেব (Mr T C Trotter,) গত মাসের ২৬তারিখে দক্ষিণ পশ্চিম অঞ্চলে লোহারডগার এলাকার ভার শ্রীযুত কাপ্তান জে সি হানিংটন সাহেবের (Captain J C Hannyngton,) স্থানে পুনর্গ্রহণ করেন।

রঙ্গপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত টি ওয়াইয়েট সাহেব (Mr T Wyatt,) গত ডিসেম্বর মাসের ১৬ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহা বর্ত্তমান মাসের ১ তারিখে গ্রহণ করিয়া আপনার কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত সৈয়দ আহমদ বক্শের প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

NOTICE

The undermentioned Soonderbun Grants or Lots, the property of Government in the district of 24-Pergunnahs, will be put up to public sale Parties desirous of purchasing and obtaining any information are requested to apply to the undersigned

Lot 38 and Lot 39

OOMAKANTH SAIN, *Commissioner*

Soonderbun Commissioner's Office, Allipore, the 5th March, 1849

ইশ্‌তিহার।

জিলা চব্বিশপরগনার সুন্দরবনের নীচের লিখিত লাট* গবর্ণমেণ্টের সম্পত্তি নীলাম হইবেক যে কেহ তাহা খরীদ করিতে চাহেন কি তদ্বিষয়ে কিছু অবগত হইতে চাহেন তিনি নীচের লিখিত মহাশয়ের নিকটে দরখাস্ত করিলে অবগত হইতে পারিবেন।

*লাট ৩৮ এবং ৩৯।

উমাকান্ত সেন। কমিস্যনর।

সুন্দরবনের কমিস্যনরের দপ্তরখানা। আলীপুর। ১৮৪৯। ৫ মার্চ।

OPIUM — আফিম।

আফিমের ইশ্‌তিহার।

ইশতেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৯ সাল তারিখ ১৯ মার্চ সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময় মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৪৭। ৪৮ সালের পয়দায়শী আফিমের পঞ্চম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩০৪০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	২২২০/
বানারসের ঐ	৮২০/
জুমলা সিন্দুক	৩০৪০/

২ দফা। উপরের লিখিত বেহারের পয়দায়শী আফিমের অন্দরে ৫৫ সিন্দুক আফিম ফরাসিস গবর্ণমেণ্টের নিমিত্তে মৌজুদ রাখা গেল।

৩ দফা। এক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল ইহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত যেরূপ ধারাবাহিকরূপে আমলে আসিতেছে সেইরূপ সকলি বহাল রহিল উক্ত সমুদয় শরতের বিবরণ সন ১৮৪৮ সালের ১৩ সেপ্টেম্বর তারিখে কলিকাতা গেজেটি এবং এক্সচেঞ্জ গেজেটি কাগজে যে ইশ্‌তেহার প্রকাশ হইয়াছিল তাহা দৃষ্টি করিলে অথবা পরমিট ও নেমক ও আফিম বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৪ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং ক্লিয়রেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৪৯ সালের ২১ মার্চ ও ৩ এপ্রেল এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিশরী নোট অর্থাৎ তমঃসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব-ট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজরী রসীদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৪৯ সালের ২১ মার্চ বুধবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পরে আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সবরে কিস্মতের পূরা টাকার বদলে কোন ট্রেজরী রসীদ সন ১৮৪৯ সালের ৩ এপ্রেল মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না ইতি।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট ও নেমক ও আফিম ইতি। সন ১৮৪৯ সাল তারিখ ৩ মার্চ।

সি বীডন। সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ১৩ মার্চ।]

SALT

নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নমক মায ৪ পরসেন্ট গোলাগুক্তি বাবৎ লাং ২৮ ফেব্রুআরি ১৮৪৯ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার নমকের গোলাজাতের মৌজুদ।

এজেন্সীর নাম।	সন ১২৫০ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫১ সাল মতাবকে ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মতাবকে ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মতাবকে ইং ১৮৪৬। ৪৭ সাল	সন ১২৫৪ সাল মতাবকে ইং ১৮৪৭। ৪৮ সাল	সন ১২৫৫ সাল মোতাবেক ইং ১৮৪৮। ৪৯ সাল	মৌজুদ নমকের একুন
হিজলী।							
পাঙ্গা নেমক ঘাটদক্ষিণ কালীনগর।	২,৯৮,৩০৩/	২,৭৯,৭২৪/	৩,১৮,৬৩৪৸০	৩৭,৫৬৮/	৩০,২৪৯/	০	৯,৬৪,৪৭৮৸০
ঐ ঐ কৃষ্ণনগর।	১৮,৫৭৩৸০	০	০	০	০	০	১৮,৫৭৩/
ঐ ঐ বামনগর।	০	০	০	৩,৬৪৫/	৩,২৭৪/	০	৬,৯১৯/
গাছা নমক	১০,৮২৭॥০	০	০	০	০	০	১০,৮২৭॥০
একুন।	৩,২৭,৭০৪।০	২,৭৯,৭২৪/	৩,১৮,৬৩৪৸০	৪১,২১৩/	৩৩,৫২৩/	০	১০,০০,৭৯৯/
তমলুক।							
পাঙ্গা নেমক। ঘাট নারায়ণপুর।	০	৯৫৯॥০	০	৩,০৫,১৬৬৸০	৪,২১,০০৯৸৭	০	৭,২৭,২৮৬/৭
ঐ ঐ তেরোপাইকা।	০	০	০	০	০	০	০
ঐ ঐ ডাইমন হারবর।	০	০	০	৪৪,১৯৮৸৫	৭৯,১৭৩৸৪	০	১,২৩,৩৭২॥৯
ক্রোকী নেমক।	০	০	০	০	০	০	৩১/৪॥
একুন।	০	৯৫৯॥০	০	৩,৪৯,৫১৫॥৫	৫,০০,১৮৩৸১	০	৮,৫০,৬৯০/॥
২৪ পরগনা।							
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর বাহিরবুনি।	০	০	২০৯/	১,২৪২/	৭৫,২৬৮৸৬	০	৭৬,৭১৯৸৬
ঐ ঐ ঐ তাফাল।	৪৩৪/	২,১১৬৸৭৸	৫৬,২৪৭৸৬/১০	২,৪০৭/	০	০	৬১,২৮৫৸৩৶১০
ঐ ঐ বালিয়া ঘাটা।	০	০	১৫০।৫	০	০	০	১৫০।৫
ঐ ঐ গোবদা।	০	০	৫৩৩॥০	০	০	০	৫৩৩॥০
ঐ ঐ বাগুন্তী।	০	০	০	১,১০,৭১০/	১,৯১,১৭৫/	০	৩,০১,৮৮৫/
মিশ্রিত।	৪,১২৮।০	৫,৭৯২॥০	২,৬৯৮/	৬,৬৯৯/৫	০	০	১৯,৮১৭৸৫
মিশ্রিত পাঙ্গা।	০	০	০	০	০	০	৫৫/১৶১০
মিশ্রিত ইংলিস।	০	০	০	০	০	০	৫,৫৭৩/
একুন।	৫০৬২।০	৭,৯৮৯।৭৸	৫৯,৮৩৮৸১/১০	১,২১,০৫৮/৫	২,৬৬,৪৪৩৸৬	০	৪,৬৬,০২০॥৯

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ১৩ মার্চ।

এজেন্সীর নাম।	সন ১২৫০ সাল এবং পূর্ব্ব সন হাষের	সন ১২৫১ সাল মতাবকে ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মতাবকে ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মতাবকে ইং ১৮৪৬। ৪৭ সাল	সন ১২৫৪ সাল মতাবকে ইং ১৮৪৭। ৪৮ সাল	সন ১২৫৫ সাল মতাবকে ইং ১৮৪৮। ৪৯ সাল	মৌজুদ নমকের একুন
চট্টগ্রাম।							
পাঙ্গা নেমক নেজামপুর ঘাট ডোমখালি।	১,৩৪,৭০৬ ‖৫	৯০,৭২৪ ‖৫	০	০	০	৬৫,১১৬/	২,৯০,৫৪৭ ।০
ঐ সদর ঘাট এজেন্সী।	০	০	০	০	২,৩৬,৫৬১ ।০	০	২,৩৬,৫৬১ ।০
ঐ ঐ আবাকিন।	০	১,১২,৫৭৪ ।৯	১,৭৭,১৬৯ ।০	৩,৮৭,৪৭২ ৸৫	৫৫,৫১২ ‖০	০	৭,৩২,৭২৯/ ৪
ক্রোকি নেমক।	০	০	০	০	৬৬/ ৮	০	৬৬/ ৮
একুন।	১,৩৪,৭০৬ ‖৫	২,০৩,২৯৯/ ৪	১,৭৭,১৬৯ ।০	৩,৮৭,৪৭২ ৸৫	২,৯১,১৩৯ ৸৮	৬৫,১১৬/	১২,৫৯,৯০৩৸২
ভুলুয়া।							
পাঙ্গা ঘাট কাঁকড়া আবাকিন।	০	০	১৭,৩১৩ ।৫	০	০	৪৭,৮৩৫ ‖০	৬৫,১৪৮৸৫
ক্রোকি নেমক।	০	০	০	০	০	০	০
একুন।	০	০	১৭,৩১৩ ।৫	০	০	৪৭,৮৩৫ ‖০	৬৫,১৪৮৸৫
শালিখা।							
পাঙ্গা নেমক। কটক।	১,৩৮,১২৭৸০	৩,০০,৬৬৬ ‖০	১,৭৮,৩৭২/	১,৭১,৬৯৯৸০	১,০৫,৬৯৮ ‖০	০	৮,৯৫,৫৬৪ ‖০
ঐ বালেশ্বর।	০	০	০	০	৬২,৫০১৸৫	০	৬২,৫০১৸৫
ঐ খোরদা।	০	২,০৩১ ‖০	১,৪৮৯/	৯০৮ ‖০	৪,৯১০/	০	৯,৩৩৯/
ঐ চিলকা।	১,২৭,২০৩৸০	২,১৮৬৸০	০	৩,১৪৬/ ২	০	০	১,৩২,৫৩৬ ‖২
করকচ নেমক মান্দ্রাজ পরমিট ১ পহিলা রকম।	১৯১/	১০৩/	০	৩৫১/	০	০	৬৪৫/
ঐ ঐ ২ দোসরা রকম	১,৭৮,৪২৬৸০	২,৪৬,৩৪৫৸০	৭৭,১০৮/	২,১৯৬/	০	০	৫,০৪,০৭৬ ‖০
ঐ ঐ ৩ তেসর রকম	০	০	০	০	০	০	০
পাঙ্গা হিজলী কান্দীনগর।	৪ ৩০,৩১৫/	০	৪৪,৫৬৮ ‖০	০	০	০	৪,৭৪,৮৮৩ ‖০
গাছু নেমক।	১৪,৬০৫/	০	০	০	০	০	১৪,৬০৫/
ঐ ২৪ পরগনা নারায়ণপুর নেমক।	০	০	০	০	০	০	৩,৭৬,৩৬২/ ৪
আবাকিন। একুন।	৮,৮৮,৮৬৯ ।০	৫,৫১,৩৩৩ ‖০	৩,০১,৫৩৭ ‖০	১,৭৯,৩০১ ।২	১,৭৩,১৪০ ।৫	০	২৪,৭০,৫৪৪/ ১
পাঙ্গা ঘাট কৈফিয়ত।	০	০	০	৪৪,৯৩১/	২৩,৬৭৭/	২১,৫৩৩/	৯০,১৪১/
একুন।	০	০	০	৪৪,৯৩১/	২৩,৬৭৭/	২১,৫৩৩/	৯০,১৪১/
মোট একুন।	১৩,৫৬,১৪২ ।৫	১০,৪৩,৩০৫ ।৸	৮,৭৪,৪৯৩ ‖৬/১০	১১,১৩,৪৯১৸৭	১১,৮৯,১০৮/	১,৩৪,৫৮৪ ‖০	৬১,০৩,২৪৭/ ৯‖

সি বীডন। সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

এস্তহারনামা কাছারী কালেক্টরী জিলে ভুলুয়া।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সনের ১ প্রথম আইনের ৬ ধারার মর্ম্মানুযায়ি জিলে ভুলুয়ার নীচের লিখিত মহালাতের সন ১২৫৫ সনের লাং কিস্তী মাঘের পাওন বাকী মালগুজারীর নিমিত্তে এবং অন্যং যে দাওয় চলিত আইনক্রমে বাকী মালগুজারীর ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৪৯ সনের ২৪ মার্চ মোতাবেক বাঙ্গলা সন ১২৫৫ সনের ১২ চৈত্র রোজ শনিবার অত্র কালেক্টরী কাছারীতে বিনা ওজর ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৯ সাল তারিখ ২৭ ফেব্রুআরি।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকীর সংখ্যা সন ১৮৪৯ সনের লাং ২৬ ফেব্রুআ - বিপর্য্যস্ত যে বাকী ছিল	মন্তব্য কথা
১	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল	৬০১	পং অমুরাবাদ হিং ॥৶১১।—ক্রান্ত মধ্য তাং রফী করিম জয়নদী মুং সাহারানি	রুদ্দী	২১৸৵৪	১৫৶১	
ঐ	ঐ	৮৮৫	পং ঐ হিঃ ।৴৬॥=ক্রান্ত মধ্যে তাং মাহামুদ সফী	মাহামুদ সফী	২৮॥৶১১	১৬৴১১	
ঐ	ঐ	১৩৪৯	পং নিজসন্দ্বীপ তং ভবানীচরণের খা-রিজ মুং জিম্মা বলরাম চট্টোপাধ্যায় হাল তালুক গোবিন্দচন্দ্র বন্দোপাধ্যায় ও নবচন্দ্র চট্টোপাধ্যায়	গোবিন্দচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়	৬৮৮৶৭	২১৫৲	
ঐ	ঐ	১৩৯০	পং সন্দ্বীপ চাকলে হাতিয় তং মাহা-মুদ হোচনের খারিজ মুং জিম্মা জুমন হাশীম হাল তালুক মাহামুদ কাছিম	দখল মাহামদ কাছিম	২৮৷৵১	সন ১৮৪৮ সনের লাং ২৬ ডিসেম্বর সূর্য্যাস্ত-পর্য্যন্ত যে বাকী ছিল ৩৪৲	

E Laltour, *Offg Deputy Collector*

[*Government Gazette*, 13*th March*, 1849]

এস্তেহারনাম কাছারী কালেক্টরী জিলে চট্টগ্রাম

যেহেতুক ১৮৪৫ সালের ১ প্রথম আইনের মর্ম্মানুযায়ি নীচের লিখিত মহালাত বাকী খাজানা আদায়ের নিমিত্তে উক্ত আইনের ৬ দফামতে এস্তেহার দেওয়া যাইতেছে যে ঐ সকল মহাল সন ১৮৪৯ ইঙ্গরেজীর তারিখ ৪ আপ্রেল মোতাবেক সন ১২৫৫ বাঙ্গলার তারিখ ২৩ চৈত্র রোজ বুধবার জিলা মজকুরের কালেক্টরী কাছারীতে বিনা ওজর নীলাম হইবেক ইতি সন ১৮৪৯ ইঙ্গরেজী তারিখ ৩ মার্চ।

নম্বর বকম	মহালের রকম	মহালের নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	বাকী খাজনা	কৈফিয়ৎ।
	কায়মী	২১৯	তরফ গোলামনবি	ছায়দর আলী	১০১৬৯	২৫ ৷৶৯	
	কায়মী	২৪৭	তরফ হবিমোনা	জটাধারী রাধানাথ ধর্ম্মদাস হালদার জীবন খাঁ মুজফর খাঁ জান খাঁ বমজান খাঁ মাহমুদ আমি মাহামুদ কাইম তিতারাম রাহিরাম মাহামুদ হোচন মহামুদ বক্সি সদাগর মাহামুদ দায়ম নজির	১৫৩৯ ৷৷৶০	২৩০ ৵৯	এই মহাল জের বাঁটরাতে আছে জটাধারী রাধানাথ ধর্ম্মদাস হালদার তিতারাম মাহামুদ বক্সি সদাগর মাহামুদ দায়ম নজিরের হকিঅতের মং ১২৫৭/২ পাই জমা দেওয়ার সমুদয় মহাল বিক্রী হইবেক।
	কায়মী	৭১৬	তরফ আহামদ এবাহিম	কৃষ্ণমঙ্গল গুপ্ত	১১৬৩	১৪ ৷৶৪	
	কায়মী	৭৭৬	তরফ আমিরচান্দ	মাহমুদ কাসিম	৫৮/৬	২০ ৷৷৮	
	কায়মী	৮৭৬	তরফ আরজান আবুল হোচন	রামদাস	২৮/	২১৲৮	
	কায়মী	৯৯১	তরফ বিজয়গীতা	কাশীনাথ দত্ত	২৬৷৷/	১৯৸৶৮	
	কায়মী	১০৬০	তরফ কালাগাজি মজকুরী	মুরারিধর দাস	৪৬৸৶৩	৩৫৶৫	
	কায়মী	১০৬১	তরফ নানাশির	কানাইচন্দ পাল	২২ ৷৶৯	১৬৸/১০	
	কায়মী	১১২০	তরফ কলাউকিল	কুলচন্দ্র	১১/৬	৮ ৷১১	
	কায়মী	২২২৭	তরফ নিয়াজ নজর	বৈষ্ণবচরণ	১২৸৶৬	৯ ৷৷৶৮	
	কায়মী	২৪৮৫	তরফ বাজ অলি	বাজ ও অলি	২৮ ৷৶৬	২১ ৷৯	
	কায়মী	২৫৮৭	তরফ বন্দি রহিম	সন্তোষরাম লাল মাহামুদ তাজা মহমুদ রঘর পাল বনমালী ঘনশ্যাম পাল	৩২৸/	১৮৸২	
	কায়মী	২১৯৭	তরফ সাকিরজন	নারায়ণ শুক	১৪ ৷৷৶৩	১১৲৪	
	কায়মী	২৭৭৫	তরফ সদারাম সেন	মনসুর আলী	২৭ ৷৶	২০ ৷৷৬	
	কায়মী	২৯৬৭	তরফ ছগীর মাহামুদ	কস্তম আলী	২৭ ৷৬	৯৸৶৫	
	কায়মী	১২	তরফ মাহামুদ কালু কমর আলী আনোরদ্দি	মাহামুদ কালু কমর আলী	২৬১৶৩	৬৩৷০	
	কায়মী	৬৫১	তরফ মাহামুদ হোচন নাছির মাহামুদ ওরফে নাছিরুদ্দিন হাএদর আলী চৌধুরী	মনছুর আলী	১০ ৷৷৩	৫ ৷৩	
	কায়মী	৮৭৪	তরফ আপতাপ বিবি	খোদ	১৫৲	৭ ৷৷০	
	কায়মী	৪৪	তালুক আমিরদ্দিন	খোদ	১৩৸৬	৬৸৶	
	কায়মী	১৮৫	তালুক রামহরি অভয়াচরণ পীতাম্বর শম্ভুচন্দ্র গৌরহরি শ্রীমতী উনমীলা	খোদ	১২৲৯	৬৲৩	

নম্বর বর্কম	মহালের রকম	মহালের নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	বাকী খাজন	কৈফিয়ৎ
	কায়মী	১১৫	তালুক আনার ওল্লা	খোদ	১১॥৶	৫৸৯	
	কায়মী	১২৯	তালুক আনার ওল্লা	খোদ	১২৲	৬	
	কায়মী	১৬	তালুক সেখ আনার ওল্লা	খোদ	১৫॥৯	৭৸৹	
	কায়মী	৩৮	তালুক আনার ওল্লা	খোদ	১৪।৩	৭৶	
	কায়মী	১২	তালুক গোলাম রছুল	খোদ	১৩॥৶	৩৸৶৮	
	কায়মী	৬৯	তালুক আরমান বিবি টুনিয়া বিবি	খোদ	২৩৸৯	১১৸৶৩	
	কায়মী	৯১	তালুক আত' বিবি	খোদ	১/৬	১/৬	
	কায়মী	৯১	তালুক মৈরম বিবি	খোদ	৵৩	৵৩	

W J ALLEN, *Collector*

এস্তেলানামা কাছারি কালেকটরি জেলা ২৪ পরগনা এই যে।

জেলা মক্তকুরের মোতাল্লক ৩১৪ নং মুড়াগাছা পরগনার মৌজে হরিনারায়ণপুর ওগয়রহ ইষ্টেট লছিমিনারায়ণ রায় ওগয়রহের মধ্যে সাবেক শরিক কালাচাঁদ রায়ের জিম্মার বকায়া বাকী কোং সিক্কা ৯১৬৶ টাকা আদায় কারণ তন্য নিম্নের লিখিত খেরাজী জায়দাদের হক সন ১৮৪৫ সালের ১ প্রথম আইনের ৬ ধারার মর্ম্মানুসারে সন ১৮৪৮ সালের ২০ নবেম্বর তারিখে নীলাম হইবায় ১ লাট হরিশ্চন্দ্র বিশ্বাস ২৲ দুই টাকা পণে খরিদ ও বায়নার ॥০ আনা দাখিল করিয়া রীত্যনুসারে বাকী পণের টাকা দাখিল না করাতে ঐ বায়না সরকারে জব্দ হইয়া উক্ত আইনের ১৬ ধারার নিয়মানুসারে ঐ জায়দাদ চলিত সনের ২৬ জানুআরি তারিখের বিশাল নীলাম বিক্রী হওনান্তর ঈশ্বরচন্দ্র সরকার ১॥০ টাকা মূল্যে খরিদ ও বায়না ১৲ টাকা দাখিল করিয়া বাকী পণ দাখিল না করাতে তাহা কালেক্টর সাহেবের চলিত সনের ২৮ ফিবরেল দিবসীয় পরওয়ানা ও ঐ আইনের ১৬ ধারার নিয়মানুসারে উক্ত বকায়া টাকা সরকারে জব্দ হইয়া উক্ত জায়দাদের ছানি বিশাল নীলামের এস্তাহার হইল সন ১৮৪৯ সালের ২৮ মার্চ মোং সন ১২৫৫ সাল তারিখ ১৬ চৈত্র রোজ বুধবার বেলা দুই প্রহরের সময় মোকাম আলিপুরের কাছারীতে প্রকাশ স্থানে ছানি বিশাল নীলামে বিক্রী হইবেক যে কেহ খরিদ করিবার বাসনা রাখহ উক্ত দিবসে স্বয়ং কিম্বা মোক্তারের দ্বারা উপস্থিত হইয়া নীলামের ডাকে খরিদ করিয়া তৎক্ষণাৎ বায়না ফিশত ২৫৲ টাকার হিসাবে দাখিল করিয়া বাকী পণের টাকা নীলামের দিবসহইতে ত্রিশ দিবসের দিন সূর্য্যাস্তের পূর্ব্বে দাখিল করিতে হইবেক নচেৎ মাফিক আইন অমলে আসিবেক ইতি সন ১৮৪৯ সাল তারিখ ৫ মার্চ মোং সন ১২৫৫ সাল তারিখ ২৩ ফাল্গুণ।

লাট নম্বর	পরগনার নাম	গ্রামের নাম	দেনদারের নাম	খেরাজি জায়দাদের সংখ্যা যাহা ছানি বিশাল নীলাম বিক্রয় হইবেক বিঃ নাজিরের ক্রোক জিম্মানামা	পাওনা টাকার পরিমাণ বিঃ মিরমুন্সীর কৈং	দ্বিতীয় খরিদারের নাম	পণের বাবত বায়না	বাকী পণ	একুন পণ
১	পং মুড়াগাছা	বাঙ্গলা গ্রাম	কালাচাঁদ রায়	৩৶ মোরাজি আন্দাজি তিন বিঘা খেরাজী জমি ভদ্রাসন বাটী যাহা গুরুপ্রসাদ চৌধুরীর ৩১৪ নং তালুকের শামিল আছে তাঁহাতে দেনদারের যে হক তাহাই ছানি বিশাল নীলামে বিক্রয় হইবেক ইতি।	৯১৬৶	ঈশ্বরচন্দ্র সরকার	১৲	॥০	১॥০

H C HAMILTON, *Collector*

সংবাদ দেওয়া যাইতেছে যে

১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে জিলে ময়মনসিংহের নীচের লিখা মহালাত ১২৫৫ সালের লাং কিস্তি অগ্রহায়ণের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে ১৮৪৯ সনের মার্চ মাসের ২৬ তারিখ মোং ১২৫৫ সনের ১৪ চৈত্র রোজ সোমবার উক্ত জিলার কালেক্টরীতে বিনাওজরে ধরা গিয়া নিতান্ত বিক্রী হবেক ইতি ১৮৪৯ তারিখ ২ মার্চ মোং ২০ ফাল্গুণ ১২৫৫।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখা মালিক	সদর জমা	লাং কিস্তি অগ্রহায়ণ ১২৫৫
১	চিরস্থ বন্দোবস্তী	৪১৮৪	সৈয়দ চান্দ পং নসীর উজীয়াল	ব্রজনাথ সেন খরিদার নীলাম	৩৫ ।/৭	২৫৸১
	তথা	৪৪০২	কিং রঘুরামবাড়ী ও বিনোদবাড়ী তালুক রামনারায়ণ শর্ম্মা ওগয়রহ পং পুখ-রিয়া	দুর্গাপ্রসাদ চক্রবর্ত্তী নীলাম খরিদার	২০ ৷৶১১	১৮৶১

G D Wilkins, *Offg Collector*

সন ১৮৪৫ ইং ১ আইনের ৬ দফামতে এস্তাহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত জিলে ত্রিপুরার মতালক সন ১২৫৫ বাঙ্গলার লাং কীস্তি মাঘের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে এবং অন্যান্য দাওয়া চলিত আইনক্রমে মালগুজারির ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্ত সন ১৮৪৯ ইংরেজীর ৩০ মার্চ মোতাবেক সন ১২৫৫ বাঙ্গলার ১৮ চৈত্র রোজ শুক্রবার কালেক্টর সাহেবের কাছারিতে বিনাওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৯ ইংরেজী তারিখ ২ মার্চ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকী খাজানা লাং কিস্তী মাঘ সন ১২৫৫ বাং	কৈফিয়ৎ
১	এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল	৭৫৬	তং ফরকাবাদ তালুক সমসদী মুং হিং ৵৫ গণ্ডা রাধামাধব দেব	কালীকমল ঘোষ	৭৭৶৯	২৭৲৭	
২	ঐ	১৩৬৮	পং নুরুল্যাপুর তাং সেক মা হাতার	সেক মাহাতার	৭০ ৷৵৫	২৩ ॥৵৫	

O W Malet, *Offg Collector*

ইশ্‌তিহার।

কলিকাতার সদর দেওয়ানী আদালতের মোকদ্দমার নূতন রিপোর্ট ঐ আদালতের উকীল চৌরঙ্গীর সদর ষ্ট্রিট ২ নম্বরনিবাসি শ্রীযুত আলেন আলেকজাণ্ডর সেবেষ্টর সাহেবকর্ত্তৃক প্রস্তুত হইয়াছে।

INSOLVENT COURT — যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

In the matter of JAMES YOUNG and others, Insolvents

On Saturday, the 6th day of January last, upon an application of the Official Assignee in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs 1,16,099 11 7, and Co.'s Paper for Rs 5,100, in his hand, pay a Dividend at the rate of Company's annas Three and one pie per cent which will amount to the sum of Co.'s Rs 72,573-7-1—(the balance being applicable for payment of a former dividend, Assignee's commission and contingent expenses,) upon the several claims admitted in the Schedule of the said Insolvent, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee

Notice whereof is hereby given

JOHN COCHRANE, *Official Assignee*

Assignee's Office, 3d March, 1849

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

যোত্রহীন জেমস ইয়ং সাহেব ও অন্যেরদের বিষয়ে

গত জানুআরি মাসের ৬ তারিখ শনিবারে এই বিষয়ে আসৈনি সাহেবের দরখাস্তমতে হুকুম হইল যে উক্ত যোত্রহীনেরদের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাব্যস্ত হইলে উক্ত আসৈনি সাহেবের হাতে যে ১১৬০৯৯ ৷৶৭ ও ৫১০০৲ পাঁচ হাজার এক শত টাকার কোম্পানির কাগজ আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শতকরা ৶১ তিন আনা এক পাইর ডিবিডেণ্ড দিবেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৭২৫৭৩ ৷৶ ১১ টাকা দিবেন ও বাকী যত থাকে তাহাহইতে পূর্ব্বকার ডিবিডেণ্ড ও আসৈনি সাহেবের কমিসান ও বাজে খরচ দেওয়া যাইবেক।

ইহার সম্বাদ দেওয়া গেল।

আসৈনির দফ্তরখানা। ১৮৪৯ সাল ৩ মার্চ। জান ককরেন। আসৈনি।

[*Government Gazette, 13th March,* 1849]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 20, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ২০ মার্চ।

DRAFT OF ACT

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE

THE 24TH FEBRUARY, 1849

The following Draft of a proposed Act was read in Council, for the first time on the 24th of February 1849

ACT No —— OF 1849

For Securing the Abkaree Revenue of Calcutta

For better securing the Abkaree Revenue of Calcutta, it is enacted as follows

I Act I of 1842, Act XXVI of 1845, and so much of Clause 159, Statute 33, Geo III Cl 52, as relates to the sale of Arrack or other spirituous Liquors, within the Town of Calcutta, and to the punishment of unlicensed Traders in Spirits or Spirituous Liquors, within the said Town are repealed

II Every person who shall sell, by retail, any spirituous or fermented Liquors or intoxicating drugs, hereinafter specified, within the Town of Calcutta, without a license for that purpose under the hand and seal of the Collector of Calcutta, shall be liable to a fine, not exceeding five hundred Rupees, for each sale but this enactment shall not apply to wholesale dealers selling small quantities of Beer, Wines or Spirits, intended only as samples

III A sale of English or Foreign Beer, Wine or Spirits, in a less quantity than two gallons old Wine measure, and of Bengal Arrack or Rum in a less quantity than one seer, and of Tarry in a less quantity than four seers, and of Ganjah or Bhang in a less quantity than one quarter of a seer, and of Churrus, Opium, Chundoo, or Muddut in a less quantity than five tolahs' weight shall be deemed a retail sale within the meaning of this Act

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল ২৪ ফেব্রুআরি।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ২৪ ফেব্রুআরি তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

কলিকাতার আবকারীর রাজস্ব রক্ষা করণের আইন।

কলিকাতার আবকারীর রাজস্ব পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে রক্ষাকরণার্থে নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। ১৮৪২ সালের ১ আইন ও ১৮৪৫ সালের ২৬ আইন এবং তৃতীয় জর্জের ৩৩ বৎসরীয় আইনের ১৫৯ অধ্যায়ের ৫২ দফার যে২ ভাগে কলিকাতা শহরের মধ্যে আরাক অথবা অন্য কোন মদিরা বিক্রয়ের বিষয় এবং উক্ত শহরের মধ্যে শরাব অথবা মদিরার পাট্টাঅপ্রাপ্ত ব্যবসায়িরদের দণ্ডের বিষয় লেখা আছে তাহা রদ হইল ইতি।

২ ধারা। যে কোন ব্যক্তি কলিকাতার কালেক্টর সাহেবের তন্নিমিত্ত দস্তখৎকরা ও মোহরকরা পাট্টা-বিনা কলিকাতা শহরের মধ্যে এই আইনের পশ্চাৎ নির্দ্দিষ্ট কোন মদিরা অথবা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য খুচরা বিক্রয় করে সেই ব্যক্তি প্রত্যেক বিক্রয়ের জন্যে ৫০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। কিন্তু যে লোক ব্যবসাকারী কেবল নমুনার মত অল্প বীর শরাব বা ওয়াইন শরাব অথবা মদিরা বিক্রয় করে তাহারদের বিষয়ে এই আইন খাটিবেক না ইতি।

৩ ধারা। ওয়াইন শরাবের পুরাতন মাপের দুই গেলনের কম ইঙ্গরেজী কি বিদেশীয় বীর শরাব বা ওয়াইন শরাব কি মদিরার এবং এক সেরের কম বাঙ্গলা দেশের আরাক অথবা রম শরাব এবং চারি সেরের কম তাড়ির এবং এক পোআর কম গাঁজা কিম্বা ভাঙ্গের এবং পাঁচ তোলা ওজনের কম চরস বা আফীন কিম্বা চণ্ডু বা মদতের বিক্রয় এই আইনের অর্থের মধ্যে খুচরা বিক্রয় জ্ঞান হইবেক ইতি।

IV The collection of the Revenue arising from the retail sale of spirituous or fermented Liquors and intoxicating drugs, within the Town of Calcutta, shall be under the charge of the Collector of Calcutta, who shall perform the duties connected therewith under the controul of the Commissioner of Abkaree and the Board of Customs, Salt and Opium

V The Collector may appoint Constables, Darogahs, Jemadars, Burkundauzes, and other Officers, for collection of the said Revenue and prevention of Smuggling, and the Officers so appointed, beside their ordinary respective designations, shall be styled "Abkaree Officers"

VI The Board of Customs, Salt and Opium, shall have authority, at all times, to regulate the form of licenses to be granted under this Act, and to alter and add to the conditions thereof

VII Whenever a license shall be granted under this Act, the Collector shall be authorised to demand, in consideration of the privilege granted, such fee, tax or duty as may, from time to time, be fixed, with the sanction of the Board of Customs, Salt and Opium, not exceeding the rate of ( ) for one year, and such fee, tax or duty may be made payable in advance, or at such period as may be settled by the Collector

VIII The Collector may withhold or recall a license, if any such fee, tax or duty be not duly paid, according to the conditions upon which the license is granted, or in case of a breach of any of the other conditions thereof, and any person selling, by retail, any spirituous or fermented Liquors or intoxicating drugs above specified, within the Town of Calcutta, whilst such license is withheld, or after it is recalled, shall be subject to all the penalties provided by this Act for the unlicensed sale of spirituous or fermented Liquors or intoxicating drugs

IX It shall not be lawful for the Justices of the Peace for the Town of Calcutta, to grant a license to open or establish or keep open any Hotel, Punch House, Boarding House, or any other House of Public Entertainment, within the Town of Calcutta, in which any spirituous or fermented Liquors or intoxicating drugs, above specified, may be sold, to any person who has not taken out a license for the retail sale of such liquors and drugs, and any such license, granted by any Justice of the Peace, shall become void whenever the license for the retail of such liquors and drugs, granted to such person, is withheld or recalled by the Collector under this Act

X The Collector, after demand made in writing, may levy any arrears of tax or duty, due on account of any license granted under this Act, by distress and sale of the goods and chattels of the person from whom the same is due, provided that no such arrears shall be recoverable after the end of six years next after the same shall have become due, or next after an acknowledgment of the same

৪ ধারা। কলিকাতা শহরের মধ্যে মদিরা কি গাঁজা-ধরা শরাব এবং মাদক দ্রব্যের খুজরা বিক্রয়ের দ্বারা যে রাজস্ব উৎপন্ন হয় তাহা আদায় করণের কর্ম্ম কলিকাতার কালেক্টর সাহেবের জিম্মায় হইবেক এবং তিনি সেই২ কর্ম্ম আবকারীর কমিস্যনর সাহেব ও হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরদের অধীনে নির্ব্বাহ করিবেন ইতি।

৫ ধারা। ঐ কালেক্টর সাহেব ঐ রাজস্ব আদায় করণের জন্যে এবং মাসুল না দিয়া ঐ২ দ্রব্য বিক্রয়ের নিবারণার্থে ইউরোপীয় সারজন ও দারোগা ও জমাদার ও বরকন্দাজ ও অন্যান্য আমলা নিযুক্ত করিতে পারেন এবং ঐরূপে নিযুক্ত আমলারা আপন২ সাধারণ খ্যাতির অতিরিক্ত "আবকারীর আমলা" এই নামবিশিষ্ট হইবেন ইতি।

৬ ধারা। হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা এই আইনানুসারে দেওয়া পাট্টার পাঠ সর্ব্বদা নিরূপণ করিতে পারেন এবং তাহার নিয়ম মতান্তর করিতে পারেন ও নূতন নিয়ম করিতে পারেন ইতি।

৭ ধারা। যখন এই আইনক্রমে কোন পাট্টা দেওয়া যায় তখন কালেক্টর সাহেব তাঁহার দ্বারা দত্ত উপকারের জন্যে সময়ক্রমে হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরদের অনুমতিক্রমে যে রসুম বা টাক্স কি মাসুল ধার্য্য হয় তাহার দাওয়া করিতে পারিবেন তাহা এক বৎসরের জন্যে এত টাকার অধিক হইবেক না এবং ঐ রসুম বা টাক্স কি মাসুল আগাম দেওনের কিম্বা যে সময় কালেক্টর সাহেব নিরূপণ করেন সেই সময়ে দেওনের হুকুম হইতে পারে ইতি।

৮ ধারা। যে২ নিয়মক্রমে পাট্টা দেওয়া গিয়াছে তদনুসারে যদি কোন রসুম বা টাক্স কি মাসুল রীতিমত না দেওয়া যায় অথবা ঐ পাট্টার অন্য কোন নিয়ম যদি প্রতিপালন না হয় তবে কালেক্টর সাহেব ঐ পাট্টা দিতে অস্বীকার করিতে পারেন অথবা ফিরিয়া লইতে পারেন। এবং সেই পাট্টা না দেওয়া গেলে অথবা ফিরিয়া লওয়া গেলে যে কোন ব্যক্তি কলিকাতা শহরের মধ্যে পূর্ব্ব নির্দ্দিষ্ট কোন মদিরাদি কিম্বা গাঁজাধরা শরাব কি খুজরা মাদক দ্রব্য বিক্রয় করে সেই ব্যক্তি মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্যের বিনানুমতির বিক্রয়ে যে সকল দণ্ড এই আইনে নিরূপিত আছে সেই সকল দণ্ডের যোগ্য হইবেক ইতি।

৯ ধারা। যে কোন ব্যক্তি ঐ প্রকার শরাব বা মাদক দ্রব্যের খুজরা বিক্রয়ের জন্যে পাট্টা না লইয়া থাকে সেই ব্যক্তিকে কোন সরাই কি পঞ্চঘর বা বাসকরণের ঘর অথবা অন্য যে কোন ভোজনালয়েতে পূর্ব্বোক্ত কোন মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য বিক্রয় হয় তাহা কলিকাতা শহরের মধ্যে আরম্ভ বা স্থাপন করিবার বা খোলা রাখিবার পাট্টা কলিকাতা শহরের জুষ্টিস অফ দি পীস সাহেবেরা দিতে পারেন না। এবং মদিরা ও মাদক দ্রব্য খুজরা বিক্রয়ের জন্যে যে পাট্টা ঐ ব্যক্তিকে দেওয়া গিয়াছিল তাহা যখন কালেক্টর সাহেব এই আইনক্রমে রহিত করেন অথবা ফিরিয়া লন তখন জুষ্টিস অফ দি পীস সাহেবেরদের দেওয়া পাট্টা বাতিল হইবেক ইতি।

১০ ধারা। এই আইনের পাট্টাঅনুসারে দেয় কোন টাক্স অথবা মাসুল বাকী পড়িলে কলেকটর সাহেব তাঁহা লিখনের দ্বারা দাওয়া করিলে পর যে ব্যক্তির স্থানে তাহা প্রাপ্য তাহার জিনিস ও সম্পত্তি ক্রোক ও বিক্রয় করিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ বাকী টাকা দেয় হইলে পর অথবা যে ব্যক্তির স্থানে তাহা প্রাপ্য সেই ব্যক্তি লিখনের দ্বারা তাহা স্বীকার করণের

in writing shall have been given by the person by whom the same is payable.

XI A breach of any of the conditions of a license granted under this Act, shall, beside forfeiture of the license, be punishable by a fine not exceeding fifty Rupees, notwithstanding that such breach may have been owing to the default or carelessness of the servant or other person in charge of the shop

XII Any person, not being a licensed Dealer, having in his possession, and any person carrying within the Town of Calcutta, any quantity of spirituous or fermented Liquors or intoxicating drugs above specified, excepting English and Foreign Beer, Wines and Spirits, such quantity being greater than the quantity specified for each article in Section III, and not being protected by a pass or permit from the Collector or other Officer duly empowered in that behalf, shall be liable to a fine not exceeding five hundred Rupees, except in the case of Opium, and in the case of Opium, to a fine not exceeding the rate of sixteen Rupees for each seer found in the possession of, or carried by, such person, provided that if such fine shall not amount to five hundred Rupees, such person shall be liable to a further fine, not exceeding such sum as shall make the total fine imposed amount to five hundred Rupees

XIII Beside the penalties above specified for the illicit sale, possession, carrying of spirituous or fermented Liquors or intoxicating drugs, all such liquors and drugs found in the possession of any offender against this Act shall be seized and confiscated, with the vessels, packages and coverings in which such liquors and drugs are found, and the animals and conveyances used in carrying them

XIV Any Abkaree Officer may enter and inspect at any time, by day or by night, the house or shop in which any licensed Dealer shall carry on the sale of spirituous or fermented Liquors or intoxicating drugs

XV Every person holding a license for the sale of spirituous or fermented Liquors or intoxicating drugs shall keep such license at the house or shop specified in the license, and shall show the license on the demand of any Abkaree Officer who shall desire to see the same, and any licensed Dealer, who shall refuse or be unable to produce his license, on the demand of any Abkaree Officer, shall be liable to a fine not exceeding two hundred Rupees

XVI Any Abkaree Officer may stop and detain any person carrying any spirituous or fermented Liquors or intoxicating drugs, without a pass, or otherwise liable to confiscation under this Act, and may seize the liquors or drugs, with the vessels, packages and coverings in which the liquors or drugs are found, and the animals and conveyances used in carrying them

XVII If the Collector has good reason to

পর ছয় বৎসর অতীত হওনানন্তর তাহা আদায় করা যাইতে পারিবেক না ইতি।

১১ ধারা। এই আইনানুসারে দেওয়া পাট্টার নিয়ম উল্লঙ্ঘন হইলে সেই উল্লঙ্ঘন যে চাকর বা অন্য ব্যক্তির জিম্মায় দোকান থাকে তাহার ত্রুটি কি অমনোযোগতাপ্রযুক্ত হইলেও তাহাতে পাট্টা বদ হওনের দণ্ড হইবেক এবং তদতিরিক্ত ৫০৲ টাকার অনধিক জরীমানার দণ্ড হইতে পারে ইতি।

১২ ধারা। পাট্টাপ্রাপ্ত ব্যবসায়িবিনা কোন ব্যক্তির নিকটে ইঙ্গরেজী ও বিদেশীয় বীর শরাব ও ওয়াইন শরাব ও মদিরাছাড়া পূর্ব্বোক্ত মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য থাকিলে এবং কোন ব্যক্তি কলিকাতা শহরের মধ্যে তাহা বহিলে যদি তাহার পরিমাণ ৩ ধারার নির্দ্দিষ্ট প্রত্যেক জিনিসের পরিমাণাপেক্ষা অধিক হয় এবং যদি সেই ব্যক্তির নিকটে কালেক্টর সাহেবের দেওয়া অথবা অন্য যে কোন আমলার তাহা দেওনের ক্ষমতা থাকে তাঁহার দেওয়া এক পাস অথবা পরওয়ানা না থাকে তবে সেই ব্যক্তি (আফীনের বিষয়ব্যতিরেকে) ৫০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। এবং আফীনের বিষয়ে হইলে যে প্রত্যেক সের সেই ব্যক্তির নিকটে পাওয়া যায় কি সেই ব্যক্তি শহরের মধ্যে বহে সেই প্রত্যেক সেরের জন্যে ১৬৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে সেই জরীমানা যদি ৫০০৲ টাকাপর্য্যন্ত না হয় তবে সেই ব্যক্তির আরো এমত জরীমানা করিতে হইবেক যে সর্ব্বসুদ্ধ তাহার ৫০০৲ টাকার জরীমানা হয় ইতি।

১৩ ধারা। মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্যের বিনানুমতির বিক্রয় বা আপনার নিকটে রাখণ বা শহরের মধ্যে বহনের জন্যে উক্ত যে দণ্ড নির্দ্দিষ্ট আছে তদতিরিক্ত এই আইন উল্লঙ্ঘনকারি ব্যক্তির নিকটে যে সকল শরাব ও মাদক দ্রব্য পাওয়া যায় তাহা এবং যে পাত্র ও বস্তা ও ঢাকনির মধ্যে ঐ শরাব ও মাদক দ্রব্য পাওয়া যায় ও যে পশু বা গাড়িতে তাহা বোঝাই থাকে সেই সকল ক্রোক ও জব্দ হইবেক ইতি।

১৪ ধারা। যে ঘর বা দোকানে কোন পাট্টাপ্রাপ্ত ব্যবসায়ী মদিরা কি গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য বিক্রয় করে তাহাতে কোন আবকারীর আমলা কোন সময়ে দিনে বা রাত্রিতে প্রবেশ করিতে ও তাহা তদারক করিতে পারেন ইতি।

১৫ ধারা। যে প্রত্যেক ব্যক্তি মদিরা অথবা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য বিক্রয়ার্থে পাট্টা পাইয়াছে সেই ব্যক্তি ঐ পাট্টার নির্দ্দিষ্ট ঘর বা দোকানে ঐ পাট্টা রাখিবেক এবং আবকারীর যে কোন আমলা তাহা দেখিতে চাহেন তিনি দাওয়া করিলে পাট্টাদার তাঁহাকে ঐ পাট্টা দেখাইবেক এবং আবকারীর কোন আমলা পাট্টার বিষয়ে দাওয়া করিলে যদি কোন পাট্টাপ্রাপ্ত ব্যক্তি তাহা দেখাইতে অস্বীকার করে কি দেখাইতে অপারক হয় তবে সেই ব্যক্তি ২০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

১৬ ধারা। যে মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্যের পাস না থাকে অথবা প্রকারান্তরে এই আইনানুসারে জব্দ হওনের যোগ্য হয় সেই মদিরাদিবাহক কোন ব্যক্তিকে আবকারীর কোন আমলা ধরিয়া রাখিতে এবং আটক করিতে পারেন এবং সেই শরাব বা মাদক দ্রব্য এবং যে পাত্র ও বস্তা ও ঢাকনির মধ্যে তাহা পাওয়া যায় এবং যে পশু ও গাড়িতে তাহা বোঝাই থাকে তাহা ক্রোক করিতে পারেন ইতি।

১৭ ধারা। যদি কালেক্টর সাহেবের আবকারীর

believe, either from information given by any Abkaree Officer or other person, to be taken down in writing, or from his own knowledge, or from the proceedings in any other case, that any spirituous or fermented Liquors or intoxicating drugs, liable to confiscation under this Act, are kept or concealed in any place, the Collector, by warrant under his hand, may empower any Abkaree Officer above the rank of Jemadar of Peons, by day or by night, but always in the presence of a Constable or other Officer of the Peace, to enter into every such place, where any such liquors or drugs are suspected to be kept or concealed, and to seize and carry away such liquors or drugs, and, in case of resistance, to break open any door, and to force and remove any other obstacle to such entry, search, seizure or removal, as aforesaid, and to arrest and detain the owner or occupant of the premises, with all parties whom he suspects to be concerned in the unlawful keeping or concealing of such liquors or drugs, whom he shall find on the premises Provided, that where there is ground to suspect that such liquors or drugs are unlawfully concealed in any Zenana, the Officer, charged with the execution of the warrant, shall follow, as closely as may be, the rules for the seizure of property so concealed, adopted by the Supreme Court of Judicature at Fort William

XVIII All Constables, and other Ministerial Officers of the Peace are required to help the Abkaree Officers in the due execution of this Act upon notice given, or request made by any such Abkaree Officer

XIX Whenever any Abkaree Officer, duly authorized under this Act, shall arrest any person, or shall seize any spirituous or fermented Liquors or intoxicating drugs, or shall enter any house or shop for the purpose of searching for such illicit articles, he shall carry the person arrested, with the illicit articles seized, with all convenient dispatch, to the Collector, and shall, within twenty-four hours thereafter, make a full report to the Collector of all the particulars of such arrest, seizure or search

XX Every person, who shall maliciously give false information, against any person for being engaged in the unlicensed sale of spirituous or fermented Liquors or intoxicating drugs, or for having in his possession, or carrying or in respect of there being in any house or shop any spirituous or fermented Liquors or intoxicating drugs in contravention of this Act, shall be liable to a fine, not exceeding five hundred Rupees

XXI Every person, who shall obstruct or molest any Abkaree Officer, or any person acting in aid of such Officer, in the due execution of this Act, shall be liable to a fine not exceeding five hundred Rupees, and such person shall be fur

কোন আমলা বা অন্য ব্যক্তির এজহারক্রমে (সেই এজহার লিখিয়া রাখিতে হইবেক) অথবা আপনার বোধক্রমে কি অন্য কোন মোকদ্দমার কার্য্যক্রমে ইহা বিশ্বাস করণের মাতবর কারণ থাকে যে এই আইনানুসারে জব্দের যোগ্য কোন মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য কোন স্থানে গচ্ছিত আছে বা লুক্কায়িত আছে তবে কালেক্টর সাহেব আপনার দস্তখৎকরা ওয়ারেন্টের দ্বারা পেয়াদারদের জমাদারঅপেক্ষা উচ্চ পদস্থ আবকারীর কোন আমলাকে এই ক্ষমতা দিতে পারেন যে তিনি দিনে বা রাত্রিতে কিন্তু নিয়ত ইউরোপীয় কোন সারজন বা পোলীসের অন্য কোন আমলার সাক্ষাতে যে প্রত্যেক স্থানে ঐ শরাব বা মাদক দ্রব্য গচ্ছিত বা লুক্কায়িত থাকনের বিষয়ে শোবে হয় সেই স্থানের মধ্যে প্রবেশ করেন এবং সেই শরাব অথবা মাদক দ্রব্য ক্রোক করেন এবং লইয়া যান। এবং প্রতিবন্ধক হইলে কোন দরওয়াজা ভাঙ্গেন এবং পূর্ব্বোক্তমতে ঐ প্রবেশ বা তালাশ কি ক্রোক বা স্থানান্তর করণের যে কোন বাধা থাকে তাহা বলপূর্ব্বক উঠাইয়া দেন এবং ঐ স্থানের মালিক অথবা সেই স্থানে বাসকারি ব্যক্তিকে এবং অন্য যে সকল ব্যক্তি বেআইনীমতে ঐ শরাব বা মাদক দ্রব্য গচ্ছিত করণ বা লুকাইয়া রাখণের কার্য্যে লিপ্ত থাকনের বিষয়ে তাঁহার শোবে হয় এবং সেই বাটীর মধ্যে পাওয়া যায় তাহারদিগকে গ্রেপ্তার করেন ও আটকাইয়া রাখেন। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ শরাব অথবা মাদক দ্রব্য বেআইনীমতে কোন অন্তঃপুরে লুক্কায়িত থাকনের বিষয়ে শোবে করণের কারণ থাকিলে যে আমলার প্রতি ঐ ওয়ারেণ্ট জারী করণের ভার আছে তিনি সেইরূপে লুক্কায়িত সম্পত্তি ক্রোক করণার্থে ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্টের যে২ বিধি আছে সাধ্যপর্য্যন্ত সেই২ বিধির অনুসারে কার্য্য করিবেন ইতি।

১৮ ধারা। সকল ইউরোপীয় সারজন এবং পোলীসের অন্য২ আমলারদের প্রতি হুকুম হইল যে আবকারীর আমলা তাঁহারদিগকে এত্তেলা দিলে কিম্বা তাঁহারদের নিকটে দরখাস্ত করিলে ঐ আবকারীর আমলারদিগের এই আইন রীতিমতে জারী করণের কার্য্যে সাহায্য করেন ইতি।

১৯ ধারা। এই আইনানুসারে রীতিমত ক্ষমতাপ্রাপ্ত কোন আবকারীর আমলা যখন কোন ব্যক্তিকে গ্রেপ্তার করেন অথবা কোন মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য ক্রোক করেন অথবা ঐরূপ কোন বিনানুমতির দ্রব্য তালাশ করণের জন্যে কোন ঘর বা দোকানে প্রবেশ করেন তখন ঐ আমলা গ্রেপ্তারহওয়া ব্যক্তিকে এবং ক্রোকহওয়া দ্রব্য যথাসাধ্য শীঘ্র কালেক্টর সাহেবের নিকটে লইয়া যাইবেন এবং তাহার পর চব্বিশ ঘণ্টার মধ্যে সেই গ্রেপ্তার বা ক্রোক কি তালাশীর সমস্ত বৃত্তান্তের সম্পূর্ণ রিপোর্ট কালেক্টর সাহেবকে দিবেন ইতি।

২০ ধারা। এই আইনের বিধির বিরুদ্ধ কোন ব্যক্তির মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্যের বিনানুমতির নীলামে লিপ্ত হওনের বিষয়ে অথবা তাহার নিকটে কোন মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য থাকনের বা তাহা বহনের কি তাহার ঘর বা দোকানে তাহা থাকনের বিষয়ে যে প্রত্যেক ব্যক্তি দ্বেষপূর্ব্বক মিথ্যা এজহার করে সেই২ ব্যক্তি ৫০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

২১ ধারা। এই আইন রীতিমত জারীকরণ সময়ে যদি কোন ব্যক্তি আবকারীর কোন আমলা বা ঐ আমলার সহকারি কোন ব্যক্তির বাধা জন্মায় বা তাহাকে উত্যক্ত করে তবে সেই ব্যক্তি ৫০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। এবং তাহার ঐ প্রতিবন্ধকতা-

ther liable, if an affray or breach of the peace shall happen in consequence of his resistance, on conviction of the same before a competent tribunal, to such punishment as is prescribed by law for cases of affray and breach of the peace, in addition to the penalty above prescribed for resistance of process

XXII Any Abkaree Officer, who shall delay carrying to the Collector any person arrested or any illicit articles seized under this Act, or who shall neglect to report the particulars of an arrest, seizure or search, within twenty four hours there after, shall be liable to a fine, not exceeding two hundred Rupees

XXIII Any Abkaree Officer, who shall vexatiously and unnecessarily seize the goods or chattels of any person, on the pretence of seizing or searching for illicit spirituous or fermented Liquors or intoxicating drugs, or who shall vexatiously and unnecessarily arrest any person, or commit any other excess, not required for the execution of his duty, shall be liable to a fine, not exceeding five hundred Rupees

XXIV Any Officer employed in the Abkaree Department, who shall unlawfully release or connive at the escape of any person arrested under this Act, or connive at the sale of spirituous or fermented Liquors or intoxicating drugs without license, or by any licensed Dealer contrary to the terms of such license, or act in a manner inconsistent with his duty, for the purpose of enabling any person to do any thing, whereby any of the provisions of this Act may be evaded or broken, or the Abkaree Revenue defrauded, shall be liable to a fine, not exceeding five hundred Rupees

XXV Any Officer, employed in the Abkaree Department, who shall ask or take any gratuity, not authorized by any Law or Order of Government or of the Board of Customs, Salt and Opium, in consideration of doing, or of omitting to do any act in his official capacity, and any person, who shall offer a bribe to any such Officer, in order to induce such Officer to act in a manner inconsistent with his duty shall be liable, for every such offence, to a fine, not exceeding five hundred Rupees

XXVI Whenever any goods or chattels shall be seized by an Abkaree Officer, as liable to confiscation under this Act, such seizure shall upon information, exhibited by order of the Collector, be heard and determined in a summary way, by any Justice of the Peace for the Town of Calcutta, nominated by the Governor of Bengal to try offenders under this Act, and such Justice shall cause the persons to whom such goods and chattels belong, to be summoned to appear before him, and upon their appearance or default shall examine into the cause of the seizure thereof, and give judgment, and if such judgment shall be for confiscation of the goods or chattels seized, shall issue his warrant to the Collector for the sale or

তে যদি কোন দাঙ্গা কি শান্তিভঙ্গ হয় তবে সেই ব্যক্তির অপরাধ ক্ষমতাপ্রাপ্ত আদালতে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি হুকুমের প্রতিবন্ধকতার নির্দিষ্ট গুনাহগারীর অতিরিক্ত দাঙ্গা এবং শান্তিভঙ্গের অপরাধের বিষয়ে আইনে যে দণ্ড নিরূপণ আছে সেই দণ্ডের যোগ্য হইবেক ইতি।

২২ ধারা। এই আইনক্রমে গ্রেপ্তারহওয়া কোন ব্যক্তিকে অথবা ক্রোকহওয়া বিনানুমতির কোন দ্রব্য কালেক্টর সাহেবের নিকটে লইয়া যাইতে যদি আবকারীর কোন আমলা বিলম্ব করেন অথবা গ্রেপ্তার কি ক্রোক বা তালাশী করণের পর চব্বিশ ঘণ্টার মধ্যে তাহার বৃত্তান্তের রিপোর্ট করিতে ত্রুটি করেন তবে সেই ব্যক্তি ২০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

২৩ ধারা। আবকারীর যে কোন আমলা বিনানুমতির মদিরা বা গাঁজাধবা শরাব কি মাদক দ্রব্য ক্রোক অথবা তালাশী করণের ছলে বৈরক্তিরূপে এবং অনাবশ্যকমতে কোন ব্যক্তির জিনিস কি দ্রব্য ক্রোক করেন অথবা কোন ব্যক্তিকে ক্লেশজনকরূপে এবং অনাবশ্যকমতে গ্রেপ্তার করেন অথবা আপনার কর্ত্তব্য কার্য্যের নিমিত্তে যে কর্ম্মের আবশ্যক না থাকে এমত কোন অত্যাচারের কর্ম্ম করেন সেই ব্যক্তি ৫০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

২৪ ধারা। আবকারীর সিরিশতায় নিযুক্ত যে কোন আমলা এই আইনক্রমে গ্রেপ্তার হওয়া কোন ব্যক্তিকে বেআইনীমতে খালাস করেন অথবা তাহার পলায়নের বিষয় জানিয়া শুনিয়া চুপ করিয়া থাকেন কি পাট্টা বিনা মদিরা বা গাঁজাধবা শরাব কি মাদক দ্রব্যের বিক্রয়ের বিষয় অথবা পাট্টার নিয়মের বিরুদ্ধে কোন পাট্টাপ্রাপ্ত ব্যবসায়ির বিক্রয় করণের বিষয় জানিয়া শুনিয়া চুপ করিয়া থাকেন অথবা যে কার্য্যের দ্বারা এই আইনের কোন বিধি এড়ান যাইতে বা উল্লঙ্ঘন হইতে পারে অথবা আবকারীর রাজস্বের হানি হইতে পারে এইমত কর্ম্ম কোন ব্যক্তিকে করিতে দেওনের জন্যে আপনার কর্ত্তব্য কার্য্যের বিরুদ্ধে কোন কর্ম্ম করেন সেই আমলা ৫০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

২৫ ধারা। আবকারীর সিরিশতায় নিযুক্ত যে কোন আমলা আপনার পদোপলক্ষের কোন কার্য্য করণ বা না করণের পুরস্কারস্বরূপ আইনের অথবা গবর্ণমেণ্টের কি হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের হুকুম না হওয়া কোন পুরস্কার চাহেন বা লন এবং আবকারীর আমলাকে আপনার কর্ত্তব্য কার্য্যের বিরুদ্ধ কোন কর্ম্ম করণে প্রবৃত্তি দেওনার্থে যে কোন ব্যক্তি সেইরূপ কোন আমলাকে ঘুষ দিতে প্রবৃত্ত হয় সেই ব্যক্তি প্রত্যেক অপরাধের জন্যে ৫০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

২৬ ধারা। এই আইনানুসারে জব্দ হওনের যোগ্য বলিয়া যখন আবকারীর কোন আমলা কোন জিনিস বা দ্রব্য ক্রোক করেন তখন সেই ক্রোকী মোকদ্দমা কালেক্টর সাহেবের হুকুমে করা নালিশক্রমে বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেব এই আইনের নির্দ্দিষ্ট অপরাধিরদের বিচার করণার্থে শহর কলিকাতার যে জুষ্টিস অফ দি পীস নিযুক্ত করেন সেই জুষ্টিস অফ দি পীসের দ্বারা সরাসরীমতে শুনা যাইবেক ও নিষ্পত্তি হইবেক এবং সেই জিনিস ও দ্রব্য যে ব্যক্তিরদের তাহারদিগকে ঐ জুষ্টিস অফ দি পীস আপনার সম্মুখে হাজির হইতে তলব করিবেন এবং তাহারা হাজির হইলে অথবা হাজির হইতে ত্রুটি করিলে ঐ ক্রোকের কারণের তজবীজ করিবেন এবং ডিক্রী করিবেন। এবং ঐ ক্রোকহওয়া জিনিস ও দ্রব্য যদি জব্দ করণের ডিক্রী হয় তবে ঐ জুষ্টিস অফ দি পীস সাহেব হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের

disposal thereof, according to such orders as he may receive from the Board of Customs, Salt and Opium.

XXVII Whenever any goods or chattels shall be seized as aforesaid, and within one Calendar month no person shall appear before the Collector to claim the same, the Justice shall examine into the cause of the seizure, at a place and time of which notice shall have been given by the Collector in the Calcutta Gazette, and give judgment for the confiscation of such of the goods and chattels, as, upon such examination, shall appear to him confiscable, and, upon confiscation thereof, shall issue his warrant for the disposal of them, as if the owner had been summoned to attend the said Justice

XXVIII All fines leviable under this Act shall be adjudged by any Justice of the Peace, nominated as aforesaid, and the said Justice, upon information exhibited before him by order of the Collector, shall, within three calendar months next after the act by which the fine was incurred and not afterwards, summon the parties accused, and, upon their appearance or default, shall examine into the matter, and upon due proof made thereof, by the voluntary confession of the parties, or by the oath or solemn affirmation, in cases, wherein a solemn affirmation is receivable by law instead of an oath, of one or more credible witnesses, shall give judgment accordingly, and, in default of payment of any fine to which an offender is adjudged, he shall be liable, by order of the said Justice, to imprisonment in the Common Jail for a period not exceeding six months, or until the fine is sooner paid

XXIX Whenever any person shall be convicted before any such Justice as aforesaid of an offence against this Act, after having been previously convicted of a like offence, he shall be liable, in addition to the penalty attached to such offence, to imprisonment in the Common Jail for a period not exceeding six months, and a like punishment of imprisonment, not exceeding six months, shall be incurred, in addition to the punishment, which may be inflicted for a first offence, upon every subsequent conviction after the second

XXX One-half of all fines levied from persons convicted of the illicit possession, carrying or sale of spirituous or fermented Liquors or intoxicating drugs, and of the proceeds from sale of articles confiscated, except Opium, and in the case of Opium confiscated and declared by the Opium Examiner at the Presidency to be fit for use, a reward of one Rupee eight Annas for each seer, shall, upon adjudication of the case, be awarded to the Officer or Officers who apprehended the offender or seized the illicit articles, and the other half, or in the case of Opium as aforesaid, a reward of one Rupee eight Annas for each seer, shall be given to the Informer; and, if no fine is realized, the Board of

স্থানে কালেক্টর সাহেব যেং হুকুম পাইয়া থাকেন সেইং হুকুমানুসারে তাহা নীলাম কি হস্তান্তর করিতে কালেক্টর সাহেবের প্রতি আপনার ওয়ারন্ট পাঠাইবেন ইতি।

২৭ ধারা। যখন কোন জিনিস অথবা দ্রব্য পূর্ব্বোক্তমতে ক্রোক হয় এবং তাহার বিষয়ে দাওয়া করিবার জন্যে কোন ব্যক্তি এক মাসের মধ্যে কালেক্টর সাহেবের নিকটে হাজির না হয় তখন যে স্থান ও যে সময়ের বিষয়ে কালেক্টর সাহেব কলিকাতা গেজেটে এত্তেলা দিয়াছেন সেই স্থানে ও সেই সময়ে ঐ জুষ্টিস সাহেব ঐ ক্রোকের কারণের তজবীজ করিবেন এবং ঐ তজবীজক্রমে যে জিনিস এবং দ্রব্য তাঁহার বোধে জব্দের যোগ্য হয় তাহা জব্দ করণের ডিক্রী করিবেন। এবং তাহা জব্দ হইলে ঐ জিনিসের মালিক ঐ জুষ্টিস সাহেবের নিকটে হাজির হইবার নিমিত্তে তলব হইলে যেরূপ হইত সেইরূপে ঐ জিনিস নীলাম করণের ওয়ারন্ট দিবেন ইতি।

২৮ ধারা। যে সকল জরীমানা এই আইনানুসারে উসুল হইতে পারে তাহার বিষয়ে পূর্ব্বোক্তমতে নিযুক্ত কোন জুষ্টিস অফ দি পীস হুকুম দিবেন। এবং কালেক্টর সাহেবের আজ্ঞানুসারে ঐ জুষ্টিস সাহেবের নিকটে যে এজহার দেওয়া যায় সেই এজহারক্রমে যে ক্রিয়ার দ্বারা জরীমানার দায় হয় সেই ক্রিয়াকরণের পর তিন মাসের মধ্যে (কিন্তু তিন মাসের পরে হইবেক না) নালিশগ্রস্ত ব্যক্তিরদিগকে তলব করিবেন এবং তাহারা হাজির হইলে অথবা হাজির হইতে ক্রটি করিলে সেই বিষয়ের তজবীজ করিবেন এবং নালিশগ্রস্ত ব্যক্তিরদের স্বেচ্ছাতে কবুলক্রমে অথবা এক বা ততোধিক বিশ্বাসযোগ্য সাক্ষিরদের শপথক্রমে কি যেং গতিকে শপথের পরিবর্ত্তে আইনানুসারে প্রতিজ্ঞা গ্রাহ্য হইতে পারে সেইং গতিকে তাহারদের প্রতিজ্ঞার দ্বারা সেই বিষয়ের মাতবর প্রমাণ পাইলে তদনুসারে ডিক্রী করিবেন। এবং অপরাধির যে জরীমানার হুকুম হয় তাহা না দেওয়া গেলে সেই ব্যক্তি উক্ত জুষ্টিস সাহেবের হুকুমক্রমে জেলখানায় ছয় মাসের অনধিক কালপর্য্যন্ত কয়েদ থাকনের যোগ্য হইবেক কিন্তু ছয় মাসের মধ্যে যে কোন সময়ে জরীমানা দেওয়া যায় সেই সময়ে সেই ব্যক্তি খালাস হইবেক ইতি।

২৯ ধারা। যখন উক্ত জুষ্টিসের সম্মুখে এই আইনের বিরুদ্ধ কোন অপরাধ কোন ব্যক্তির সাব্যস্ত হয় এবং তৎপরে সেই ব্যক্তির পুনরায় সেই প্রকার অপরাধ সাব্যস্ত হয় তখন সেই অপরাধের যে জরীমানা নির্দ্দিষ্ট আছে তাহার অতিরিক্ত সেই ব্যক্তি জেলখানায় ছয় মাসের অনধিক কাল মিয়াদে কয়েদ হওনের যোগ্য হইবেক। এবং দ্বিতীয় অপরাধের পর যতবার তাহার ঐ অপরাধ সাব্যস্ত হয় ততবার প্রথম অপরাধের জন্যে যে দণ্ড নিরূপণ আছে তদতিরিক্ত ছয় মাসের অনধিক মিয়াদে কয়েদের যোগ্য হইবেক ইতি।

৩০ ধারা। মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য বিনানুমতিতে রাখণ বা শহরের মধ্যে বহন কি বিক্রয় করণের অপরাধে যে সকল জরীমানা অপরাধিরদের স্থানে আদায় হয় তাহার অর্দ্ধেক এবং আফীনছাড়া জব্দহওয়া জিনিস বিক্রয়ের উৎপন্নের অর্দ্ধেক টাকা মোকদ্দমার নিষ্পত্তি হইলে পর যে আমলা বা আমলারা অপরাধিকে গ্রেপ্তার করিয়াছিলেন অথবা বিনানুমতির দ্রব্য ক্রোক করিয়াছিলেন তাঁহারদিগকে দেওয়া যাইবেক এবং যে আফীন জব্দ হয় এবং তাহা রাজধানীতে আফীনের পরীক্ষক সাহেব ব্যবহারের উপযুক্ত কহেন তাহার সের প্রতি ১॥০ টাকা পুরস্কার ঐ আমলা বা আমলারদিগকে দেওয়া যাইবেক। এবং অবশিষ্ট অর্দ্ধেক জরীমানা এবং পূর্ব্বোক্তমতে আফীনের বিষয়ে সের প্রতি ১॥০ টাকা পুরস্কার গোইন্দাকে দেওয়া যাইবেক। এবং যদি কোন জরীমানা

Customs, Salt and Opium may grant such reasonable reward, not exceeding the sum of two hundred Rupees as may appear to them fit Provided, that the Board of Customs, Salt and Opium may direct, by General Order, what class of Abkaree Officers shall receive rewards, and what classes shall have no title to share therein

XXXI All fines levied under this Act, the disposal of which is not specially provided for, shall belong to Government, but the Board of Customs, Salt and Opium may grant any portion thereof, not exceeding one half, as rewards to Informers, or as compensation to parties injured by any proceedings under this Act

XXXII No Writ of *Certiorari* shall be issued at the suit of any party out of the Supreme Court of Judicature, to supersede, stay, remove or in any wise affect any information or judicial proceeding before any Justice of the Peace, in pursuance of this Act, and no judgment thereupon shall be quashed except for error of law apparent on the face of the judgment

XXXIII When any penalty or confiscation shall be adjudged by a Justice of the Peace under this Act, the Commissioner of Abkaree, and in his absence, the Board of Customs, Salt and Opium, within ten days after judgment given, may call for the proceedings of the case (with which requisition the Justice of the Peace shall be bound to comply) and, if he or they shall see cause, may direct that the seizure, or any part thereof, be restored and may remit or mitigate any penalty, and discharge the party

XXXIV All actions and prosecutions to be commenced against the Collector or any Abkaree Officer, or any person acting in aid of any such Officer, for any thing done in pursuance of this Act, shall be commenced within three calendar months after the fact committed, and not afterwards, and notice in writing of such action and of the cause thereof shall be given to the Defendant one calendar month at least before the commencement of the action, and no Plaintiff shall recover in any such action, if tender of sufficient amends shall have been made before such action brought or if after action brought, a sufficient sum of money shall have been paid into Court with costs, by or on behalf of the Defendant

XXXV The Collector, in respect of the duties to be performed by him, under this Act, shall have power to punish any contempt committed in his presence in open Cutcherry by fine, not exceeding two hundred Rupees, commutable, if not paid, to imprisonment in the Common Jail, for a period not exceeding one month Provided, that an appeal, from any order passed under this section shall lie to the Commissioner of Abkaree, and, in

উসুল না হয় তবে হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরদের যেমত উচিত বোধ হয় সেইমতে তাঁহারা ২০০৲ টাকার অনধিক কোন উপযুক্ত পুরস্কার দিতে হুকুম করিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে আবকারীর আমলারদের মধ্যে যে সম্প্রদায় ঐ পুরস্কার পাইবেন এবং যে২ সম্প্রদায় ঐ পুরস্কারের কোন অংশ পাইবেন না তাহা হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা এক সাধারণ হুকুমের দ্বারা নির্দ্দিষ্ট করিতে পারেন ইতি।

৩১ ধারা। এই আইনক্রমে উসুল হওয়া যে সকল জরীমানা বিতরণের বিষয়ে কোন বিশেষ হুকুম নির্দ্দিষ্ট নাই তাহা সরকারের হইবেক। কিন্তু হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা তাহার অর্দ্ধেকের অনধিক গোয়েন্দারদিগকে পুরস্কারস্বরূপ অথবা এই আইনক্রমে কোন কার্য্যের দ্বারা যে ব্যক্তিরদের ক্ষতি হইয়াছে সেই ক্ষতি পূরণ করণার্থে তাহারদিগকে দিতে পারেন ইতি।

৩২ ধারা। এই আইনের বিধিক্রমে কোন জুষ্টিস অফ দি পীসের সম্মুখে করা কোন নালিশ বা আদালত সংক্রান্ত কার্য্য অন্যথা করিতে বা স্থগিত করিতে বা উঠিয়া লইতে কি কোন প্রকারে ব্যাঘাত করিতে কোন ব্যক্তির নালিশক্রমে সুপ্রিম কোর্টহইতে কোন সর্সিওরারির রিট বাহির হইবেক না এবং এইরূপে কোন মোকদ্দমার ডিক্রীতে সপষ্টতঃ আইনের বিষয়ে ভ্রম দৃষ্ট না হইলে সেই ডিক্রী অন্য কোন কারণে অন্যথা হইতে পারে না ইতি।

৩৩ ধারা। যখন কোন জুষ্টিস অফ দি পীস এই আইনক্রমে কোন জরীমানা অথবা ক্রোকের হুকুম দিয়া থাকেন তখন আবকারীর কমিস্যনর সাহেব এবং তিনি উপস্থিত না থাকিলে হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা ডিক্রীর পর দশ দিবসের মধ্যে ঐ মোকদ্দমার সমস্ত কাগজপত্র তলব করিতে পারেন এবং জুষ্টিস অফ দি পীস সাহেবের সেই কাগজপত্র অবশ্য পাঠাইতে হইবেক এবং যদি ঐ কমিস্যনর সাহেব অথবা বোর্ডের সাহেবেরা উপযুক্ত কারণ দেখেন তবে তিনি বা তাঁহারা ঐ ক্রোক হওয়া সমুদয় জিনিস বা তাহার কোন অংশ ফিরিয়া দিতে হুকুম করিতে পারেন এবং কোন গুনাহগারী ক্ষমা করিতে কি কমাইতে পারেন এবং ঐ ব্যক্তিকে খালাস করিতে পারেন ইতি।

৩৪ ধারা। এই আইনক্রমে করা কোন কার্য্যের জন্যে কালেক্টর সাহেব অথবা আবকারীর কোন আমলার কিম্বা ঐ আমলার সহকারি কোন ব্যক্তির বিরুদ্ধে যে সকল নালিশ ও মোকদ্দমা আরম্ভ হয় তাহা সেই কর্ম্ম হওনের পর তিন মাসের মধ্যে আরম্ভ করিতে হইবেক এবং তাহার পর করিতে হইবেক না। এবং নালিশ আরম্ভের অন্যূন এক মাস পূর্ব্বে সেই নালিশ এবং তাহার কারণের এত্তেলা লিপির দ্বারা আসামীকে দিতে হইবেক। এবং সেই নালিশ হওনের পূর্ব্বে যদি ক্ষতি পূরণের উপযুক্ত টাকা দিবার প্রস্তাব হয় অথবা নালিশ হওনের পর আসামীর দ্বারা বা তাহার পক্ষে উপযুক্ত সংখ্যার টাকা মায় খরচা আদালতে দাখিল হয় তবে কোন ফরিয়াদী এই মত মোকদ্দমার কিছু টাকা পাইতে পারিবেক না ইতি।

৩৫। এই আইনক্রমে কালেক্টর সাহেবের যে কার্য্য কর্ত্তব্য তাহার সম্পর্কে কালেক্টর সাহেব আপনার সম্মুখে খোলা কাছারীতে যে অবজ্ঞা হয় তাহার ২০০৲ টাকার অনধিক জরীমানার দণ্ড করিতে পারেন এবং যদি সেই জরীমানার টাকা না দেওয়া যায় তবে তাহার পরিবর্ত্তে এক মাসের অনধিক মিয়াদপর্য্যন্ত অপরাধি ব্যক্তিকে জেলখানায় কয়েদ করিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে এই ধারাক্রমে যে কোন হুকুম হয় তাহার উপর আপীল আবকারীর কমিস্যনর সাহেবের

his absence, to the Board of Customs, Salt and Opium, and the decision of the Commissioner or Board thereon shall be final

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first meeting of the Legislative Council of India, after the 24th day of April next

F J HALLIDAY,
Secy to the Govt of India

নিকটে এবং তিনি উপস্থিত না থাকিলে হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরদের নিকটে হইতে পারে এবং কমিসানর সাহেব অথবা বোর্ডের সাহেবেরা যে নিষ্পত্তি করেন তাহা চূড়ান্ত হইবেক ইতি।

হুকুম হইল যে এই মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ২৪ আপ্রিল তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনবার বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

রাজকর্ম্মে নিযোগ।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১২ মার্চ।
বিজ্ঞাপন।

শ্রীযুত অনরবিল সর তামস হর্বর্ট মাডক সাহেব (The Hon'ble Sir Thomas Herbert Maddock, Knight,) ভারতবর্ষের কৌন্সেলের মেম্বরী পদে ইশতাফা দেওয়াতে শ্রীযুত মেজর জেনরল অনরবিল সর জান হণ্টর লিটলর সাহেব (Major General the Hon'ble Sir John Hunter Littler, G C B) অদ্য ভারতবর্ষের কৌন্সেলের প্রসীডেণ্টী পদে উপবিষ্ট হন এবং তৎসময়ে ফোর্ট উলিয়ম কিল্লাহইতে রীতিমত তোপধ্বনি হইল আরো শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের রাজধানীতে অনুপস্থান-পর্য্যন্ত উক্ত শ্রীযুত অনরবিল সর জান হণ্টর লিটলর সাহেব বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর ও ফোর্ট উলিয়ম কিল্লার ও সৈন্যেরদের ও কলিকাতা শহরের ডেপুটী গবরনরী পদ গ্রহণ করিয়াছেন।

শ্রীযুত অনরবিল সর ফ্রেড্রিক করি সাহেব (Hon'ble Sir Frederick Currie, Bart,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা ভারতবর্ষের কৌন্সেলের মেম্বরী পদে পুনবার নিযুক্ত হইয়া অদ্য শপথ গ্রহণপূর্ব্বক ভারতবর্ষের কৌন্সেলের দ্বিতীয় মেম্বরী পদে উপবিষ্ট হন এবং তৎসময়ে ফোর্ট উলিয়ম কিল্লাহইতে রীতিমত তোপধ্বনি হইল।

ভারতবর্ষের হজুর কৌন্সেলে শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১২ মার্চ।
বিজ্ঞাপন।

ভারতবর্ষের হজুর কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব ও বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেব অদ্য নীচের লিখিত নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত এ সি বিডওএল সাহেব (Mr A C Bidwell,) ভারতবর্ষের হজুর কৌন্সেলের শ্রীযুত প্রসীডেণ্ট সাহেবের ও বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের স্বীয় সেক্রেটারী হইবেন।

হরিয়ানার লঘু অস্ত্রধারি সৈন্যেরদের কাপ্তান শ্রীযুত টি ই কোলব্রুক সাহেব (Captain T E Colebrooke,) উক্ত শ্রীযুতের সৈন্যসম্পর্কীয় কার্য্যের সেক্রেটারী হইবেন।

ইউরোপীয় দ্বিতীয় সংখ্যক পল্টনের কাপ্তান শ্রীযুত জে এচ ডবলিউ মেয়ো সাহেব (Captain J H W Mayow,) পূর্ব্বোক্ত শ্রীযুতের মুসাহেব হইবেন ও দেশাতী দিল্লীর পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত এচ জে হিউস সাহেব (Lieutenant H J Hughes,) একটিং মুসাহেব হইবেন।

শ্রীযুত কাপ্তান টি ই কোলব্রুক সাহেব ও শ্রীযুত কাপ্তান জে এচ ডবলিউ মেয়ো সাহেব (Captains T E Colebrooke and J H W Mayow,) যাবৎ না পঁহুছেন তাবৎ শ্রীশ্রীমতী মহারাণীর ৯৬ সংখ্যক পল্টনের কাপ্তান শ্রীযুত ই ক্রোকর সাহেব (Captain E Croker,) তাঁহারদের কর্ম্ম নির্ব্বাহ করিবেন। ইহাতে শ্রীযুত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেবের মঞ্জুরীর অপেক্ষা আছে।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৩১৯ নম্বর।
বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।
নিয়োগ।
১৮৪৯ সাল ৬ মার্চ।

শ্রীযুত এ ডেবিডসন সাহেব (Mr A Davidson,) মেদিনীপুরের প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু লোকনাথ বসু হুগলীর প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত জে রাইলি সাহেব (Mr J Reily,) চাটিগাঁর অতিরিক্ত প্রধান সদর আমীন হইবেন।

১৮৪৯ সাল ৮ মার্চ।

শ্রীযুত এচ পর্টর সাহেব (Mr H Porter,) ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে মুরশিদাবাদে ডেপুটী মাজিস্ট্রেট হইবেন।

বিজ্ঞাপন।
১৮৪৯ সাল ১০ মার্চ।

শ্রীযুত এফ বি কেম্প সাহেব (Mr F B Kemp,) বর্ত্তমান মাসের ২ তারিখে শ্রীযুত জে কূম সাহেবের (Mr J Combe,) স্থানে সারণের কালেক্টরীর ভার গ্রহণ করেন।

শ্রীযুত ডবলিউ ট্রাবর্স সাহেব (Mr W Travers,) বর্ত্তমান মাসের ৫ তারিখে শাহাবাদের কালেক্টরীর ভার শ্রীযুত ও টুগুড সাহেবের (Mr O Toogood,) স্থানে গ্রহণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত আর পি হারিসন সাহেব (Mr R P Harrison,) "হাডিংটন" নামক বাষ্পীয় জাহাজে নিরস্থিত ছুটীহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৭ তারিখে খাজুরীতে পঁহুছে।

শ্রীযুত ডবলিউ বালমেন সাহেব ও শ্রীযুত সি পি সি স্মাইথ সাহেব ও শ্রীযুত এ ও হিউম সাহেব (Messrs

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২০ মার্চ।

W Balmain, C P C Smyth and A O Hume,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিবিশ্তায় নিযুক্ত হইয়া "হাডিংটন" নামক বাষ্পীয় জাহাজে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৭ তারিখে খাজুরীতে পঁহুছে।

১৮৪৯ সাল ১২ মার্চ।

এদেশীয় ৬৭ সংখ্যক পল্টনের লেপ্টেনেন্ট শ্রীযুত টি লাটর সাহেব (Lieut T Latter,) যে তারিখে থনাসরীম প্রদেশে শালবনের সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্মে ইস্তাফা দেন সেই তারিখঅবধি মিলিটারী ডিপার্টমেণ্টের আজ্ঞাধীন হইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৩৩৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ১ মার্চ।

পূর্ণিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জি সি চাপমান সাহেব (Mr G C Chapman,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৯ সাল ৫ মার্চ।

বর্দ্ধমানের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট শ্রীযুত ডবলিউ সি লকনর সাহেব (Mr W C Lochner,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৯ সাল ৮ মার্চ।

বেহারের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট শ্রীযুত এচ রোস সাহেব (Mr H Rose) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৯ সাল ৯ মার্চ।

শ্রীযুত রিচার্ড উইটল সাহেব (Mr Richard Whittall,) শাহাবাদে প্রদাতার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয়করণের কমিটির মেম্বর হইলেন।

শ্রীযুত এ ডবলিউ রসেল সাহেব (Mr A W Russell,) বাঁকুড়াতে প্রদাতার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ৬ মার্চ।

পূর্ণিয়ার সিবিল আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জেমস আলেন সাহেব (Mr James Allen,) ঔষধালয়ে নিযুক্ত সব-আসিস্টাণ্ট চিকিৎসকের প্রতি আপন কর্ম্মের ভার অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ১৩ মার্চ।

যশোহরের প্রধান সদর আমীন শ্রীযুত সি মাকি সাহেব (Mr C Mackay,) বর্ত্তমান মাসের ১৫ তারিখঅবধি অথবা যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি স্বীয় কর্ম্মোপলক্ষে সাত দিনের ছুটী পাইয়াছেন।

খাসিয়া পর্ব্বতে পোলিটিকাল এজেণ্ট সাহেবের আসিস্টাণ্ট শ্রীযুত এচ ইংলিস সাহেব (Mr H Inglis,) গত মাসের ৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

মুঙ্গেরে জরিপী কর্ম্মের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে ওয়ার্ড সাহেব (Mr J Ward,) স্বীয় কর্ম্মোপলক্ষে কুড়ি দিনের ছুটী পাইয়াছেন।

সারণের মাজিষ্ট্রেট সাহেবের সাবেক আসিস্টাণ্ট শ্রীযুত সি এচ কাম্বেল সাহেব (Mr C H Campbell,) গত জানুআরি মাসের ১০ তারিখে যে আঠার দিনের ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল।

নদীয়ার শান্তিপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বি উড সাহেব (Mr B Wood,) গত জানুআরি মাসের ৩০ তারিখে যে তিন মাসের ছুটী পান তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইল।

গৌহাটীতে আসামের কমিস্যনর সাহেবের একটিং ছোট আসিস্টাণ্ট শ্রীযুত সি লিমণ্ড সাহেব (Mr C Limond) গত মাসের ৫ তারিখে যে এক মাসের ছুটী পান তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ১৪ মার্চ।

সারণের প্রধান সদর আমীন শ্রীযুত মির্জা মহম্মদ সাদিক বর্ত্তমান মাসের ১ তারিখে আপন কর্ম্ম গ্রহণ করেন।

সিবিলসম্পর্কীয় সিবিশ্তার শ্রীযুত জে ওয়াটসন সাহেব (Mr J Watson,) "বেণ্টিঙ্ক" নামক বাষ্পীয় জাহাজে ইংলণ্ডে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১০ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

শ্রীযুত সি ই বয়লো সাহেব ও শ্রীযুত জে ডবলিউ পওয়ার সাহেব (Messrs C F Boileau, and J W Power,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিবিশ্তায় নিযুক্ত হইয়া "হাডিংটন" নামক বাষ্পীয় জাহাজে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৭ তারিখে খাজুরীতে পঁহুছে।

১৮৪৯ সাল ১৫ মার্চ।

সিবিলসম্পর্কীয় সিবিশ্তার শ্রীযুত আর এন ফারকর্সন সাহেব (Mr R N Farquharson) "বেণ্টিঙ্ক" নামক বাষ্পীয় জাহাজে ইংলণ্ডে গমন করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১০ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেণ্টের ইশ্তিহার।

NOTICE

The undermentioned Soonderbun Grants or Lots, the property of Government in the district of 24 Pergunnahs, will be put up to public sale Parties desirous of purchasing and obtaining any information are requested to apply to the undersigned

Lot 38 and Lot 39

OOMAKANTH SAIN, *Commissioner*

Soonderbun Commissioner's Office, Allipore, the 5th March, 1849

[*Government Gazette*, *20th March*, 1849]

ইশ্তিহার।

জিলা চব্বিশপরগনার সুন্দরবনের নীচের লিখিত লাট গবর্ণমেন্টের সম্পত্তি নীলাম হইবেক যে কেহ তাহা খরীদ করিতে চাহেন কি তদ্বিষয়ে কিছু অবগত হইতে চাহেন তিনি নীচের লিখিত মহাশয়ের নিকটে দরখাস্ত করিলে অবগত হইতে পারিবেন।

লাট ৩৮ এবং ৩৯।

উমাকান্ত সেন। কমিস্যনর।

সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানা। আলীপুর। ১৮৪৯। ৫ মার্চ।

INSOLVENT COURT — যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

In the matter of JOHN LACKERSTEEN, CHARLES ROBERT LACKERSTEEN, WILLIAM RICHARD LACKERSTEEN and GEORGE FRANCIS LACKERSTEEN

NOTICE is hereby given, that by an order made by this Court, on and bearing date the 3d day of March instant, it was ordered that the further hearing of the matters of the Petition of the said Insolvents, for the purpose of making a dividend in this matter, be and the same was thereby adjourned to Saturday, the seventh day of April next, on which day or on any other day to which the further hearing shall be adjourned, any Creditor or other person interested who may be desirous of establishing or opposing any claim may attend and be heard upon Affidavits, which shall have been filed by them in the Office of the Chief Clerk of this Court, three clear days previous to the day of hearing

SHAW, LYONS and BELL,

Attornies for John Cochrane, Esq., Assignee of Insolvents' Estate

শহর কলিকাতার অক্ষম ঋণিদিগের পরিত্রাণার্থ আদালত।

জান লাকর্ষ্টিন সাহেব ও চার্লস রাবর্ট লাকর্ষ্টিন সাহেব ও উলিয়ম রিচার্ড লাকর্ষ্টিন সাহেব ও জর্জ ফ্রান্সিস লাকর্ষ্টিন সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্তমান মার্চ মাসের ৩ তারিখে এই আদালতে হুকুম হইল যে ডিবিডেণ্ড প্রকাশ করণের নিমিত্তে উক্ত যোত্রহীনেরদের দরখাস্তের মর্ম্ম আগামি আপ্রিল মাসের ৭ তারিখ শনিবারে পুনর্ব্বার শুনা যায়। যে কোন মহাজন কিম্বা এই বিষয়ে লিপ্ত অন্য যে কোন ব্যক্তি কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে এই আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় আফিডেবিট দাখিল করিলে তৎক্রমে তিনি উক্ত শুননির দিবসে অথবা অন্য যে কোন দিবসে শুননি হয় সেই দিবসে উপস্থিত হইলে তাহার কথা শুনা যাইবেক।

শা ও লায়ন্স ও বেল।

যোত্রহীনেরদের ইষ্টেটের আসৈনি জান ককরেন সাহেবের উকীল।

MISCELLANEOUS ADVERTISEMENT — সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

ইশ্তিহার।

কলিকাতার সদর দেওয়ানী আদালতের মোকদ্দমার নূতন রিপোর্ট ঐ আদালতের উকীল চৌরঙ্গীর সদর ষ্ট্রিট ২ নম্বরনিবাসি শ্রীযুত আলেন আলেকজাণ্ডর সেবেষ্টর সাহেবকর্তৃক প্রস্তুত হইয়াছে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ২০ মার্চ

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান ক্লার্কমন সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 27, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ২৭ মার্চ।

DRAFT OF ACT

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,

THE 24TH FEBRUARY, 1849

The following Draft of a proposed Act was read in Council, for the first time, on the 24th of February, 1849

ACT No —— OF 1849

To prevent the Smuggling of Salt into Calcutta

For the prevention of smuggled salt in Calcutta, It is enacted as follows

I The Governor of Bengal may establish as many Chokies as he shall deem necessary for preventing the smuggling of alimentary salt into the Town of Calcutta, and upon that part of the River Hooghly, which lies within the local jurisdiction of the Supreme Court, and such Chokies shall be under the charge of an Officer to be styled "The Superintendent of Salt Chokies,' who, in the exercise of his functions, shall be subject to the control of the Board of Customs, Salt and Opium

II The Superintendent may appoint Darogahs, Mohurrers, Jemadars, Burkundauzes, and other Officers to assist him in the discharge of his duties, and the Officers so appointed, beside their ordinary respective designations, shall be styled "Officers of Salt Chokies"

III Excepting salt imported by sea, and stored under bond, as provided by Act No XXV of 1836, it shall not be lawful to import alimentary salt into the Town of Calcutta, or to carry such salt within the said Town or upon the River Hooghly as aforesaid, in excess of the quantity of ten seers of eighty Tolahs to the seer, or to store such salt within the said Town in quantities ex-

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল ২৪ ফেব্রুআরি।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ২৪ ফেব্রুআরি তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

কলিকাতার মধ্যে বিনানুমতির লবণ আনয়নের নিবারণের আইন।

কলিকাতার মধ্যে বিনানুমতির লবণ আনয়নের নিবারণার্থে নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। কলিকাতা শহরে এবং হুগলী নদীর যে ভাগ সুপ্রিম কোর্টের বিশেষ এলাকার মধ্যে থাকে তাহাতে আহারীয় লবণ বিনানুমতিতে আনয়নের নিবারণার্থে বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেব যত চৌকী আবশ্যক বোধ করেন তত চৌকী স্থাপন করিতে পারেন এবং ঐ২ চৌকী "নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট" এই নামে বিখ্যাত এক জন কর্ম্মকারকের অধীনে থাকিবেক এবং তিনি আপন কার্য্য নির্ব্বাহ করণেতে হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের সাহেবেরদের কর্তৃত্বাধীনে থাকিবেন ইতি।

২ ধারা। ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব আপন কর্ম্ম নির্ব্বাহ করিতে আপনার সাহায্যের জন্যে দারোগা ও মুহুরীর ও জমাদার ও বরকন্দাজ ও অন্যান্য আমলা নিযুক্ত করিতে পারেন। এবং ঐরূপে নিযুক্ত আমলারা আপন২ সাধারণ খ্যাতির অতিরিক্ত "নিমক চৌকীর আমলা" এই নামবিশিষ্ট হইবেন ইতি।

৩ ধারা। সমুদ্র পথে আমদানীহওয়া এবং ১৮৩৬ সালের ২৫ আইনের নির্দ্দিষ্টমতে বণ্ডক্রমে গোলাজাতহওয়া লবণব্যতিরেকে হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের সাহেবেরদের দেওয়া রওয়ানা অথবা বিশেষ পাস বিনা কিম্বা উক্ত সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের ছাড়চিঠী কি পাস বিনা ৮০ তোলা সেরের ১০ দশ সেরের অধিক আহারীয় লবণ কলিকাতা শহরের মধ্যে আমদানী করিতে অথবা ঐ শহরের মধ্যে কিম্বা পূর্ব্বোক্তমতে নির্দ্দিষ্ট হুগলী নদীর

ceeding one maund, except under a Rowannah or Special Pass from the Board of Customs, Salt and Opium, or a Charchittee or Pass from the said Superintendent, to be granted under such rules, and on the payment of such fees, as the said Board shall direct

IV All alimentary salt, found within the said Town or upon the River Hooghly as aforesaid, in contravention of this Act, shall be deemed contraband and liable to seizure and confiscation, and if several persons shall be found carrying salt, unprotected by a Rowannah, or Charchittee, as aforesaid, in gangs or companies, which salt shall exceed in the whole quantity ten seers, such salt shall be deemed contraband, but no salt, found in store in any house or warehouse, shall be deemed to be contraband, unless, when the search is made, there shall be found more thereof than one maund, and the owner or person in charge shall be unable to account, satisfactorily, for the manner of its being found in his possession

V The provisions contained in Sections 36 to 47, Regulation X 1819, and in Regulation IV 1832, as to the preparation, currency, renewal, production, endorsement, delivering up and falsifying of Rowannahs or other protective documents shall be applicable within Calcutta, and on the River Hooghly as aforesaid

VI Whenever any salt shall be seized, as contraband under Section IV, the vessels packages, and coverings in which such salt shall be found, and the animals and conveyances used in carrying it, shall also be liable to seizure and confiscation

VII All persons in whose possession contraband Salt shall be found shall be liable to a fine, calculated at a rate, not exceeding five Rupees for each maund, upon the quantity so found, and each one of a party of smugglers, or of the parties to the fraud on the Revenue, shall be liable to the whole fine

VIII The Superintendent of Salt Chokies, and any of his Subordinate Officers, and any Officer of any other Department, whom the Governor of Bengal shall authorize in that behalf, may stop and detain any person removing or carrying any salt, without a Rowannah or Charchittee, or otherwise liable to confiscation under this Act, and may seize the salt, with the vessels, packages and coverings, in which the salt is found, and the animals and conveyances used in carrying it

IX If the Superintendent has good reason to believe, either from information given by any of his Subordinate Officers or other person, to be taken down in writing, or from his own knowledge or from the proceedings in any other case, that contraband salt, exceeding in quantity one maund, is stored in any place, it shall be lawful for him, by day or by night, but always in the presence of a Constable or other Officer of the Peace, to enter

উপর বহিতে অথবা ১/ মোনের অধিক সেইপ্রকার লবণ ঐ শহরের মধ্যে গচ্ছিত করিতে নিষেধ হইল। এবং ঐ রওয়ানা অথবা ছাড়চিঠী উক্ত বোর্ডের সাহেবেরদের নির্দিষ্ট নিয়মানুসারে এবং তাঁহারা যে রসুম নিরূপণ করেন সেই রসুম দিলে পর দেওয়া যাইবেক ইতি।

৪ ধারা। ঐ শহরের মধ্যে অথবা পূর্ব্বোক্তমতে ঐ হুগলী নদীর উপর এই আইনের বিরুদ্ধে যে সকল আহারীয় লবণ পাওয়া যায় তাহা বিনানুমতির এবং তাহা ক্রোক ও জব্দের যোগ্য বোধ হইবেক এবং পূর্ব্বোক্তমত রওয়ানা কি ছাড়চিঠী না পাইয়া যদি কএক ব্যক্তি দলে২ বা সম্প্রদায়ে ঐ লবণ বহনেতে ধরা পড়ে এবং ঐ লবণ সর্ব্বসুদ্ধ ১০ দশ সেরের অধিক হয় তবে ঐ লবণ বিনানুমতির জ্ঞান হইবেক। কিন্তু যে লবণ কোন বাটীতে বা গুদামে গচ্ছিত পাওয়া যায় যদি তলাশীর সময়ে তাহা ১/ মোনের অধিক দৃষ্ট না হয় এবং তাহার মালিক কি যাহার জিম্মায় থাকে সেই ব্যক্তি তাহার স্থানে ঐ লবণ থাকনের মাতবর কারণ দিতে না পারে তবে সেই লবণ বিনানুমতির জ্ঞান হইবেক না ইতি।

৫ ধারা। ঐ রওয়ানা এবং লবণ ছাড়িয়া দিবার অন্য দলীলদস্তাবেজ প্রস্তুত করণের এবং চলন থাকনের ও নূতন করণের এবং দেখাওনের ও পৃষ্ঠে দস্তখৎ করণের ও তাহা ফিরিয়া দেওনের ও তাহাতে মিথ্যা লিখনের বিষয়ে ১৮১৯ সালের ১০ আইনের ৩৬ ধারাঅবধি ৪৭ ধারাপর্য্যন্ত এবং ১৮৩২ সালের ৪ আইনে যে২ বিধি আছে তাহা কলিকাতার মধ্যে এবং পূর্ব্বোক্তমত হুগলী নদীর উপরে খাটিবেক ইতি।

৬ ধারা। যখন ৪ ধারাক্রমে বিনানুমতির বলিয়া কোন লবণ ক্রোক হয় তখন যে পাত্র ও বস্তা ও ঢাকনিতে সেই লবণ পাওয়া যায় তাহা এবং যে পশু ও গাড়িতে তাহা বোঝাই থাকে তাহা ক্রোক ও জব্দের যোগ্য হইবেক ইতি।

৭ ধারা। যে সকল ব্যক্তির নিকটে বিনানুমতির লবণ পাওয়া যায় সেই২ ব্যক্তি ঐরূপে পাওয়া লবণের প্রত্যেক মোনের জন্যে ৫৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক এবং মাসুল চোরের দলের অথবা যাহারা রাজস্ব চুরী করে এমত প্রত্যেক ব্যক্তি ঐ সমুদয় জরীমানার যোগ্য হইবেক ইতি।

৮ ধারা। যে কোন ব্যক্তি রওয়ানা বা ছাড়চিঠী বিনা বা প্রকারান্তরে এই আইনানুসারে জব্দ হওনের যোগ্য কোন লবণ স্থানান্তর করে কি বহে ঐ ব্যক্তিকে নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব এবং তাঁহার তাবে আমলারদের মধ্যে কোন ব্যক্তি এবং অন্য যে কোন সিরিশ্তার আমলাকে বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব তন্নিমিত্তে ক্ষমতা দেন তিনি ধরিয়া রাখিতে এবং আটক করিতে পারেন। এবং ঐ লবণ ও সেই লবণ যে পাত্র ও বস্তা ও ঢাকনিতে পাওয়া যায় তাহা এবং যে পশু কি গাড়িতে তাহা বোঝাই থাকে তাহা ক্রোক করিতে পারেন ইতি।

৯ ধারা। যদি সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব আপনার অধীন কোন আমলার বা অন্য ব্যক্তির এজহারক্রমে (সেই এজহার লিখিয়া রাখিতে হইবেক) অথবা আপনার বোধক্রমে কি অন্য কোন মোকদ্দমার কার্য্যক্রমে ইহা বিশ্বাস করণের মাতবর কারণ দেখেন যে ১/ মোনের অধিক বিনানুমতির লবণ কোন স্থানে গচ্ছিত আছে তবে তিনি দিনে কি রাত্রিতে কিন্তু নিরত ইউরোপীয় কোন সারজন বা পোলীসের অন্য কোন আমলার সাক্ষাতে যে প্রত্যেক স্থানে ঐ বিনানুমতির লবণ থাকনের বিষয়ে শোবে হয় তাহাতে

into every such place where any such contraband salt as aforesaid is suspected to be stored, and to seize and carry away the same, and, in case of resistance, to break open any door, and to force and remove any other obstacle to such entry, search, seizure or removal as aforesaid, and to arrest and detain the owner or occupant of the premises, with all parties whom he suspects to be concerned in the unlawful storing whom he shall find on the premises and if the Superintendent shall not be able to proceed in person to make the seizure he may, by warrant under his hand, empower any Officer of Salt Chokies, above the rank of a Jemadar of Peons, to make the same, and the Officer so authorized shall proceed in the same manner, and with the same powers, as above provided in respect of the Superintendent himself Provided that, where there is ground to suspect that such contraband salt as aforesaid is concealed in any zenana, the Superintendent or Officer authorized as aforesaid, shall follow, as closely as may be the rules for the seizure of property so concealed, adopted by the Supreme Court of Judicature at Fort William

X All Constables, and other Ministerial Officers of the Peace, are required to help the Superintendent and his Subordinate Officers and other Officers authorized to make a seizure of salt, in the due execution of this Act, upon notice given or request made by the Superintendent or any such Officer

XI Whenever a seizure of salt in store, in any place, shall be made by the Superintendent, the facts of the seizure shall be recorded in an Official proceeding to be placed on record in his Office, and if the seizure shall be made by a Subordinate Officer, such Officer shall report the circumstances, within twenty four hours, to the Superintendent

XII Every person, who shall maliciously give false information against any person for importing or transporting or in respect of there being in any house or shop any salt, in contravention of this Act, shall be liable to a fine, not exceeding five hundred Rupees

XIII Every person, who shall obstruct or molest the Superintendent, or any Officer of Salt Chokies, or any Officer of another Department duly authorized to make a seizure of salt, or any person acting in aid of the Superintendent or any Officer as aforesaid, in the due execution of this Act, shall be liable to a fine, not exceeding five hundred Rupees and such person shall be further liable, if an affray or breach of the peace shall happen in consequence of his resistance, on conviction of the same before a competent tribunal, to such punishment as is prescribed by law for cases of affray and breach of the peace, in addition to the penalty above prescribed for resistance of process

XIV Any Officer of Salt Chokies, or any

প্রবেশ করিতে পারেন এবং তাহা ক্রোক করিয়া লইয়া যাইতে পারেন। এবং প্রতিবন্ধক হইলে কোন দরওয়াজা ভাঙ্গিতে পারেন এবং ঐরূপ প্রবেশ বা তালাশী কি ক্রোক বা স্থানান্তর করণের যে কোন বাধা থাকে তাহা বলপূর্ব্বক উঠাইতে পারেন এবং ঐ স্থানের মালিক অথবা সেই স্থানে বাসকারি ব্যক্তিকে এবং অন্য যে সকল ব্যক্তি বেআইনীমতে ঐ লবণ গচ্ছিত করণের কার্য্যে লিপ্ত থাকনের বিষয়ে তাঁহার শোবে হয় এবং সেই বাটীর মধ্যে পাওয়া যায় তাহারদিগকে গ্রেপ্তার করিতে ও আট্কাইয়া রাখিতে পারেন। এবং যদি সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব আপনি ঐ ক্রোক করিবার জন্যে যাইতে পারেন না তবে তিনি আপনার দস্তখৎকরা এক ওয়ারণ্টের দ্বারা পেয়াদারদের জমাদারঅপেক্ষা উচ্চ পদস্থ নিমক চৌকীর কোন আমলাকে তাহা করিতে ক্ষমতা দিতে পারেন। এবং সেইরূপ ক্ষমতাপ্রাপ্ত আমলা সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের বিষয়ে যেরূপ উপরে নির্দ্দিষ্ট আছে সেইরূপে এবং সেই ক্ষমতানুসারে কার্য্য করিবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্তমতে বিনানুমতির লবণ কোন অন্তঃপুরে লুক্কায়িত থাকনের শোবে করণের কারণ থাকিলে ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব অথবা পূর্ব্বোক্তমতে ক্ষমতাপ্রাপ্ত আমলা সেইরূপে লুক্কায়িত সম্পত্তি ক্রোক করণার্থে ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্টের যে বিধি আছে সাধ্য-পর্য্যন্ত সেই বিধির অনুসারে কার্য্য করিবেন ইতি।

১০ ধারা। সকল ইউরোপীয় সারজন এবং পোলীসের অন্যান্য আমলারদের প্রতি হুকুম হইল যে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব এবং তাঁহার অধীন আমলা এবং লবণ ক্রোক করিতে অন্য২ যে আমলারদের ক্ষমতা দেওয়া গিয়াছে তাঁহারা এত্তেলা দিলে কি দরখাস্ত করিলে এই আইন রীতিমত জারী করণকার্য্যে তাঁহারদের সাহায্য করেন ইতি।

১১ ধারা। যখন সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের দ্বারা কোন স্থানে গচ্ছিতহওয়া লবণ ক্রোক হয় তখন তিনি ঐ ক্রোকের সমুদয় বৃত্তান্ত এক রুবকারীতে লিখিবেন এবং ঐ রুবকারী তাঁহার দফ্তরের রোয়দাদের মধ্যে রাখা যাইবেক। এবং ঐ ক্রোক যদি কোন অধীন আমলার দ্বারা করা যায় তবে সেই আমলা চব্বিশ ঘণ্টার মধ্যে তাহার সমস্ত বৃত্তান্তের রিপোর্ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে দিবেন ইতি।

১২ ধারা। এই আইনের বিধির বিরুদ্ধ কোন ব্যক্তির কোন লবণ আমদানী করণ বা বহনের কি কোন দোকানে কিম্বা বাটীতে কোন লবণ থাকনের বিষয়ে যে কেহ দ্বেষপূর্ব্বক মিথ্যা এজহার করে সেই ব্যক্তি ৫০০৲ পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

১৩ ধারা। এই আইনের রীতিমত কার্য্য করণের সময়ে যদি কোন ব্যক্তি সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের কিম্বা নিমক চৌকীর কোন আমলার কি লবণ ক্রোক করণের রীতিমত ক্ষমতাপ্রাপ্ত অন্য সিরিশ্তার কোন আমলার অথবা সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের কিম্বা পূর্ব্বোক্ত কোন আমলার সহকারি কোন ব্যক্তির বাধা জন্মায় কি তাঁহারদিগকে উত্ত্যক্ত করে তবে সেই ব্যক্তি ৫০০৲ পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। এবং তাহার ঐ প্রতিবন্ধকতা করণপ্রযুক্ত যদি কোন দাঙ্গা কি শান্তিভঙ্গ হয় তবে সেই ব্যক্তির অপরাধ ক্ষমতাপ্রাপ্ত আদালতে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি হুকুমের প্রতিবন্ধকতাচরণের নির্দ্দিষ্ট গুনাহ্‌গারীর অতিরিক্ত দাঙ্গা এবং শান্তিভঙ্গের বিষয়ে আইনে যে দণ্ড নিরূপণ আছে সেই দণ্ডের যোগ্য হইবেক ইতি।

১৪ ধারা। নিমক চৌকীর কোন আমলা অথবা

Officer of another Department, duly empowered to make a seizure of salt, who shall delay carrying any person arrested, or any illicit articles seized, under this Act, to the Superintendent, or who shall neglect to report the particulars of an arrest, seizure or search, within twenty-four hours thereafter shall be liable to a fine, not exceeding two hundred Rupees

XV Any Officer of Salt Chokies, or any Officer of another Department, as aforesaid, who shall vexatiously and unnecessarily seize the goods or chattels of any person, on the pretence of seizing or searching for contraband salt, or who shall vexatiously or unnecessarily arrest any person, or commit any other excess, not required for the execution of his duty, shall be liable to a fine, not exceeding five hundred Rupees

XVI Any Officer employed in the Salt Chokie Department, or any Officer of another Department as aforesaid, who shall connive at the smuggling of salt, or unlawfully release or connive at the escape of any person arrested under this Act, or act in a manner inconsistent with his duty, for the purpose of enabling any person to do any thing whereby any of the provisions of this Act may be evaded or broken, or the revenue derived from salt defrauded, shall, be liable to a fine, not exceeding five hundred Rupees

XVII Any Officer employed in the Department of Salt Chokies, or any Officer of another Department as aforesaid, who shall ask or take any gratuity, not authorised by any law or order of Government, or of the Board of Customs, Salt and Opium, in consideration of doing or of omitting to do any act in his Official capacity, and any person who shall offer a bribe to any such Officer, in order to induce such Officer to act in a manner inconsistent with his duty, shall be liable, for every such offence, to a fine, not exceeding five hundred Rupees

XVIII Whenever the Superintendent shall arrest any person, or shall seize any contraband salt, he shall, with all convenient despatch, carry the person arrested, with the salt, and any other chattels liable to confiscation, seized therewith, before any Justice of the Peace for the Town of Calcutta, nominated by the Governor of Bengal to adjudicate cases under this Act, and if the arrest or seizure shall be made by any of his Subordinate Officers or other Officer duly empowered, such Officer shall immediately carry the person arrested, and the articles seized, to the Superintendent, who shall thereupon proceed as if the arrest or seizure had been made by himself Provided that nothing in this section shall be construed to prevent the Superintendent releasing any persons arrested, or property seized, when he considers such persons or property to have been improperly arrested or seized

XIX Whenever any salt or other chattels

লবণ ক্রোক করণের রীতিমত ক্ষমতাপ্রাপ্ত অন্য সিরিশতার কোন আমলা যদি এই আইনক্রমে গ্রেস্তারহওয়া কোন ব্যক্তিকে বা ক্রোকহওয়া বিনানুমতির কোন দ্রব্য সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে লইয়া যাইতে বিলম্ব করেন অথবা গ্রেস্তার কি ক্রোক বা তালাশী করণের পর চব্বিশ ঘণ্টার মধ্যে তাহার বৃত্তান্তের রিপোর্ট করিতে ত্রুটি করেন তবে সেই ব্যক্তি ২০০৲ দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

১৫ ধারা। নিমক চৌকীর কোন আমলা অথবা পূর্ব্বোক্তমত অন্য সিরিশতার কোন আমলা যদি বিনানুমতির লবণ ক্রোক অথবা তালাশী করণের ছলে বৈরক্তিরূপে এবং অনাবশ্যকমতে কোন ব্যক্তির জিনিস কি দ্রব্য ক্রোক করেন কিম্বা কোন ব্যক্তিকে ক্লেশজনকরূপে অথবা অনাবশ্যকমতে গ্রেস্তার করেন বা আপনার কর্ত্তব্য কার্য্যের নিমিত্তে যে কর্ম্মের আবশ্যক না থাকে এইমত কোন অত্যাচারের কর্ম্ম করেন তবে সেই ব্যক্তি ৫০০৲ পাঁচশত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত যোত্রহীনেরদের এক জন আসৈনি শ্রীযুত মরে গ্লাডষ্টন সাহেবের দরখাস্তমতে উক্ত আদালতে হুকুম হইল যে আগামি জুলাই মাসের ৭ তারিখ শনিবারে বিপরীত কারণ দর্শান না গেলে এই আদালতের সাধারণ আসৈনি শ্রীযুত পাত্রিক ওহানলন সাহেব ১৮৪৮ সালের ৮ জানুআরি তারিখে যে আসৈনমেন্টের পত্র উক্ত মরে গ্লাডষ্টন সাহেবকে ও তাঁহার তৎকালীন সহ-আসৈনি শ্রীযুত উলিয়ম মাকফর্সন সাহেবকে দেন তাহাতে উক্ত মরে গ্লাডষ্টন সাহেবের যেপর্য্যন্ত সম্পর্ক থাকে সেইপর্য্যন্ত ঐ পত্র বাতিল প্রকাশ হইবে তথাপি উক্ত হুকুমহওনের পূর্ব্বে উক্ত শ্রীযুত মরে গ্লাডষ্টন সাহেব যে কোন বিষয় বা কার্য্য করিয়াছেন তাহা কোন প্রকারে বাতিল কি কোন বিষয়ে হ্রাসবৃদ্ধি হইবেক না। আরো হুকুম হইল যে উক্ত মরে গ্লাডষ্টন সাহেব এবং অফিসেল আসৈনি সাহেব আগামি জুলাই মাসের ৭ তারিখপর্য্যন্ত ঐ ইষ্টেটের সম্পর্কে তাঁহারদের হিসাব দাখিল করেন।

স্মোল্ট ও হেজর ' উকীল।

In the matter of JOHN LACKERSTEEN, CHARLES ROBERT LACKERSTEEN, WILLIAM RICHARD LACKERSTEEN, and GEORGE FRANCIS LACKERSTEEN

NOTICE is hereby given, that by an order made by this Court, on and bearing date the third day of March instant, it was ordered that the further hearing of the matters of the petition of the said Insolvents for the purpose of making a Dividend in this matter, be and the same was thereby adjourned to Saturday, the fifth day of May next, on which day or on any other day to which the further hearing shall be adjourned, any Creditor or other person interested who may be desirous of establishing or opposing any claim, may attend and be heard upon affidavits which shall have been filed by them in the Office of the Chief Clerk of this Court, three clear days previous to the day of hearing

LYONS and BELL, *Attornies for John Cochrane, Esq,*
Assignee of Insolvents' Estate

জান লাকষ্টিন সাহেব ও চার্লস রাবর্ট লাকষ্টিন সাহেব ও উলিয়ম রিচার্ড লাকষ্টিন সাহেব ও জর্জ ফ্রান্সিস লাকষ্টিন সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মার্চ মাসের ৩ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে এবিষয়ের ডিবিডেণ্ড করণের নিমিত্তে উক্ত যোত্রহীনেরদের দরখাস্তের মর্ম্ম আগামি মে মাসের ৫ তারিখ শনিবারে পুনশ্চ শুনা যায় সেই তারিখে কিম্বা অন্য যে কোন দিবসে ঐ বিষয়ের শুনানি হয় সেই দিবসে যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কোন ব্যক্তি কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্তায় আফিডেবিট দাখিল করিলে হাজির হইতে পারেন ও তাঁহার কথা শুনা যাইবেক।

লায়ন্স ও বেল। যোত্রহীনেরদের ইষ্টেটের আসৈনি
শ্রীযুত জান ককরেন সাহেবের উকীল।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ১ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 8, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ৮ মে।

REPORT OF SUMMARY CASE DETERMINED IN THE COURT OF SUDDER DEWANNY ADAWLUT

26th March, 1849

On the death of the plaintiff, in an action for damages for libel of a purely personal nature, it is not competent to his heir to proceed with it

Bishenpershad Nundee, Executor on behalf of Chunder Coomar Chuttoorjea, a minor, } Petitioner

This case was an action for libel The plaintiff died while the case was pending, and the heir of the plaintiff sought to revive the suit, this having been disallowed by the lower Courts, viz that of the Principal Sudder Ameen of Backergunge, on the 1st June, 1848, and that of the Zillah Judge, on the 14th December, 1848, he appealed to the Sudder Dewanny Adawlut

By the Court, (Mr Jackson) "I am not prepared to say that no action for libel can be sustained by the heir of the person libelled If the effect of the libel has been or might be injurious to property, in which the heir has an interest, it is possible he might be allowed to revive the suit, but this libel was merely abuse by word of mouth, and is thus of a purely personal nature, the action consequently cannot be carried on by the heir, who has no interest in the matter at issue" The Petition is rejected

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তিহওয়া সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৪৯ সাল ২৬ মার্চ।

যে অপবাদে কেবল ব্যক্তির ক্ষতি হয় তাহার ক্ষতিপূরণার্থে নালিশ হওনের পর যদি ফরিয়াদী মরে তবে তাহার উত্তরাধিকারী সেই মোকদ্দমা চালাইতে পারে না।

চন্দ্রকুমার চাটুয্যা নাবালগের পক্ষে উর্নি বিষ্ণুপ্রসাদ নন্দী। দরখাস্তকারী।

এই নালিশ অপবাদের বিষয়ে হয়। মোকদ্দমা উপস্থিত থাকনসময়ে ফরিয়াদী মরিল এবং তাহার উত্তরাধিকারী মোকদ্দমা পুনস্থাপন করিতে উদ্যোগ করিল কিন্তু অধস্থ আদালত অর্থাৎ বাকরগঞ্জের প্রধান সদর আমীন ১৮৪৮ সালের ১ জুন তারিখে এবং জিলার জজ সাহেব ১৮৪৮ সালের ১৪ ডিসেম্বর তারিখে তাহা করিতে না দেওয়াতে ঐ উত্তরাধিকারী সদর দেওয়ানী আদালতে আপীল করিল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত জাকসন সাহেব কহিলেন যে "অপবাদের বিষয় কোন মোকদ্দমা অপবাদিত ব্যক্তির উত্তরাধিকারী যে চালাইতে পারে না ইহা আমি কহি না। যদি ঐ অপবাদের এই ফল হইয়াছে অথবা হইতে পারে যেযে সম্পত্তিতে উত্তরাধিকারির লাভ আছে সেই সম্পত্তির তদ্দ্বারা ক্ষতি হয় তবে ঐ উত্তরাধিকারিকে মোকদ্দমা পুনস্থাপন করিতে অনুমতি দেওয়া যাইতে পারে। কিন্তু এই মোকদ্দমার অপবাদ কেবল মুখস্থ গালাগালি এবং তদ্দ্বারা কেবল অপবাদিত ব্যক্তির ক্ষতির সম্ভাবনা। যে বিষয়ের নালিশ হইল তাহাতে ঐ উত্তরাধিকারির কিছু ক্ষতিবৃদ্ধি নাই অতএব সেই ব্যক্তি মোকদ্দমা চালাইতে পারে না।" তাহাতে দরখাস্ত নামঞ্জুর হইল।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE

No 5

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ——

I am directed by the Sudder Board of Revenue

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

৫ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমাকে আদেশ

to request, that you will direct the attention of the Collectors of your Division to the decisions of the Court of Sudder Dewanny Adawlut noted on the margin,* the precedents therein laid down being of much importance to the Revenue Department

2 In the case of Dilawur Allee, it is ruled that a Civil Court has no authority to interfere with the decision of a Resumption Court, not only as respects the validity of a grant, but also as respects the extent of land covered by a grant This principle is more fully carried out in the case of Hur Govind Ghose, in which it is distinctly laid down that in cases of mixed jurisdiction, that is, cases in which in declaring the right of assessment, the Resumption Courts necessarily determine the proprietary right, resort to the Courts of Justice to contest the proceedings of these Courts is not allowable

3 In the case of Ramkishwur Dutt, it is ruled that the decision of a Revenue Officer under Regulation 9 of 1825, declaring lands claimed to be held under a Mocurrureе grant liable to assessment at the Pergunnah rate, cannot be questioned by suit in any Civil Court

4 Distinct mention of Regulation 9 of 1825 should never be omitted when proceedings are held under that law, and when Uncovenanted Deputy Collectors are employed in the measurement and settlement of lands, their final proceedings in each case should contain mention of their having been vested with power to undertake those duties under Section 21, Regulation 9 of 1833, the Sudder Court having on one occasion called for information on this point, considering it necessary to establish the validity of the Deputy Collector's proceedings

5 To prevent the possibility of misconception, I am directed to add that the above observations have reference only to Section 5, Regulation 9 of 1825 They do not apply to cases under Section 2 of that Regulation The decisions of Revenue Officers in cases coming under Section 2 are, of course, open to revision by the Civil Courts, as provided in Regulation 7 of 1822, subject to the limitation prescribed by Act 13 of 1848, which Act refers to cases under Section 2

---

* 1 Sudder Board, Appellant,
versus
Dilawur Allee, &c, Respondents
Dated 4th March, 1846, Page 91 of Reports of 1846

2 Government, Appellant,
versus
Ramkishwur Dutt, Respondent
Dated 19th May, 1847.

3 Hur Govind Ghose, Petitioner, 17th July 1847, Page 518 of Bengal Gazette for 1847.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ৮ মে।]

করিতেছি যে পশ্চাৎ লিখিত* সদর দেওয়ানী আদালতের নিষ্পত্তির বিষয়ে তোমার এলাকার নানা কালেক্টর সাহেবকে মনোযোগ করিতে হুকুম দেও যেহেতুক তাহার মধ্যে যে নজির নির্দ্দিষ্ট আছে তাহা রাজস্বের নিবিশ্ভার সম্পর্কে অতিগুরুতর।

২। দিলাওর আলীর মোকদ্দমায় এই বিধান হইল যে সনদের সিদ্ধতাসিদ্ধতার বিষয়ে কেবল নহে কিন্তু ঐ সনদেতে যে ভূমি নির্দ্দিষ্ট আছে তাহার পরিমাণের বিষয়েও বাজেয়াপ্তী আদালত যাহা নিষ্পত্তি করেন তাহাতে দেওয়ানী আদালতের হস্তক্ষেপ করণের কোন ক্ষমতা নাই। এই মূল নিয়ম হরগোবিন্দ ঘোষের মোকদ্দমায় আরো অতিপ্রবলরূপে নির্দ্দিষ্ট হইল। সেই মোকদ্দমায় ইহা স্পষ্ট বিধান হইল যে মিশ্রিত এলাকার মোকদ্দমায় অর্থাৎ যে২ গতিকে রাজস্ব ধার্য্য করণের স্বত্ব বাজেয়াপ্তী আদালতের ডিক্রীর দ্বারা নির্ণয় হওয়াতে কাযে২ মালিকী স্বত্বও নির্ণয় হইল এইমত মোকদ্দমায় ঐ বাজেয়াপ্তী আদালতের নিষ্পত্তি অন্যথা করণার্থে দেওয়ানী অদালতে মোকদ্দমা গ্রাহ্য হইতে পারে না।

৩। রামকিশোর দত্তের মোকদ্দমায় বিধান হইল যে রাজস্বের কর্ম্মকারক ১৮২৫ সালের ৯ আইনক্রমে যদি এই নিষ্পত্তি করেন যে যে ভূমির বিষয়ের দাওয়া হইয়াছে তাহা মোকররী সনদঅনুসারে ধার্য্য আছে এবং পরগনার হারানুসারে তাহা খাজানার যোগ্য আছে তবে সেই নিষ্পত্তি কোন দেওয়ানী আদালতে নালিশের দ্বারা বিবেচনা হইতে পারে না।

৪। যখন ১৮২৫ সালের ৯ আইনানুসারে কার্য্য হয় তখন ইহা নিত্য অতিস্পষ্টরূপে লিখিতে হইবেক যে ঐ আইনানুসারে কার্য্য হইয়াছে। এবং যখন অচিহ্নিত ডেপুটী কালেক্টর ভূমির জরিপ ও বন্দোবস্তের কার্য্যে নিযুক্ত হন তখন তাঁহারদের শেষ রুবকারীতে ইহা নিত্য লিখিতে হইবেক যে তাঁহারা ১৮৩৩ সালের ৯ আইনের ২১ ধারানুসারে ঐ২ কার্য্য নির্ব্বাহ করণের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছিলেন যেহেতুক সদর দেওয়ানী আদালত এক মোকদ্দমায় ডেপুটী কালেক্টরের কার্য্যের সিদ্ধতা সাব্যস্ত করা আবশ্যক বোধ করাতে সেই বিষয়ের সম্বাদ তলব করিলেন।

৫। এই বিষয়ে কোন ভ্রম না হইতে পারে এতদর্থে আমি হুকুমক্রমে লিখিতেছি যে উক্ত কথাসকল কেবল ১৮২৫ সালের ৯ আইনের ৫ ধারার সঙ্গে সম্পর্ক রাখে। ঐ আইনের ২ধারাক্রমের মোকদ্দমার সঙ্গে তাহার কোন সম্পর্ক নাই। ঐ আইনের ২ ধারাক্রমের মোকদ্দমাতে রাজস্বের কর্ম্মকারকেরা যে নিষ্পত্তি করেন তাহা সুতরাং দেওয়ানী আদালত ১৮২২ সালের ৭ আইনের নির্দ্দিষ্ট মতে পুনর্দৃষ্টি করিতে পারেন কিন্তু ১৮৪৮ সালের ১৩ আইনের নির্দ্দিষ্ট সীমার মধ্যে তাহা করিতে হইবেক।

---

* ১। ১৮৪৬ সালের ৪ মার্চের যে মোকদ্দমায় সদর বোর্ড আপেলাণ্ট ও দিলাওর আলীপ্রভৃতি রেস্পাণ্ডেণ্ট তাহা। ১৮৪৬ সালের রিপোর্ট বহীর ৯১ পৃষ্ঠা।

২। ১৮৪৭ সালের ১৯ মের যে মোকদ্দমায় গবর্ণমেণ্ট আপেলাণ্ট ও রামকিশোর দত্ত রেস্পাণ্ডেণ্ট।

৩। ১৮৪৭ সালের ১৭ জুলাইর যে মোকদ্দমায় হরগোবিন্দ ঘোষ দরখাস্তকারী। ১৮৪৭ সালের বাঙ্গলা গবর্ণমেণ্টে গেজেটের ৫১৮ পৃষ্ঠা।

only, and has no concern whatever with cases under Section 5

G PLOWDEN,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 7th March, 1849

No 12

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ——

It has come to the notice of the Sudder Board of Revenue that Collectors are in the habit of indenting for lithographed forms without any check, and that different forms are in use for returns which are identical They consider it desirable, therefore, to introduce uniformity in this matter, and are pleased to direct that in future no new lithographed form shall be adopted, without their sanction previously obtained

2 To enable the Board to carry out this intention, I am desired to request that you will call for specimens of all the lithographed forms (whether of Periodical Returns strictly so called, or miscellaneous letters and statements, English and Vernacular,) in use in each of the Collectorates of your Division If on carefully comparing them any forms should be found which are useless, the employment of them should be at once prohibited Should different forms be found for returns which are identical, you will select the best and forward specimens of such forms as ought, in your opinion, to be retained for the Collectors offices, as well as for your own, to the Board

3 On the receipt of the forms from each Commissioner, the Board purpose to have them collated in their Office, to reject such as may appear unnecessary and to select the best, when the forms in use in any two or more Divisions, of the same return, are found to differ The forms, when approved, will be sent to the Superintendent of the Lithographic Press, and that officer will be strictly prohibited from furnishing any other, without the sanction of the Board

4 You will bear in mind that every form submitted by you to the Board should be carefully docketted, its use, name, and the number ordinarily required in each year being at the same time noted As it is obviously necessary that the return to the present requisition should be carefully prepared, the Board desire that you will on no account devolve the duty on any subordinate officer of your establishment

G PLOWDEN,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 10th April, 1849

ঐ ১৩ আইন কেবল ২ ধারানুসারে মোকদ্দমার বিষয়ে খাটে এবং ৫ ধারানুযায়ি মোকদ্দমার সঙ্গে তাহার কোন সম্পর্ক নাই।

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ৭ মার্চ।

---

১১ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা অবগত হইয়াছেন যে কালেক্টর সাহেবেরা আপনারদের যেমন ইচ্ছা তেমনি পাতরে ছাপা হওয়া নক্‌শা আনাইয়া থাকেন এবং যে২ কৈফিয়ৎ একিপ্রকার তাহার ভিন্ন২ প্রকার নক্‌শা ব্যবহার হইতেছে। অতএব বোর্ডের সাহেবেরা এই বিষয়ে একি নিয়মকরা উপযুক্ত বোধ করেন এই প্রযুক্ত তাঁহারা হুকুম করিতেছেন যে উত্তর কালে তাঁহারদের অনুমতি বিনা পাতরে ছাপাহওয়া কোন নূতন নক্‌শার ব্যবহার হইবেক না।

২। বোর্ডের সাহেবেরা আপনারদের এই অভিপ্রায় সিদ্ধ করিবার জন্যে আদেশ করিতেছেন যে তোমার এলাকার প্রত্যেক কালেক্টরীতে যে২ প্রকৃতপ্রস্তাব সাময়িক রিপোর্ট অথবা ইঙ্গরেজী এবং এদেশীয় ভাষায় যে বাজে পত্র বা কৈফিয়ৎ ব্যবহার হইতেছে তাহার পাতরে ছাপার নক্‌শার নমুনা তলব কর। এবং তাহা মনোযোগপূর্ব্বক মিলাইয়া যদি দৃষ্ট হয় যে কোন নক্‌শা অকর্ম্মণ্য তবে তাহার ব্যবহার করা একেবারে নিষেধ করিতে হইবেক। এবং যে রিপোর্ট একিপ্রকার তাহার যদি ভিন্ন২ প্রকার নক্‌শা থাকে তবে তুমি তাহার মধ্যে সর্ব্বাপেক্ষা উত্তম বাছিয়া লইয়া এবং কালেক্টর সাহেবের দপ্তরখানা এবং তোমার দপ্তরখানার জন্যে যে২ নক্‌শা রাখা তোমার বিবেচনায় উচিত বোধ হয় তাহার নমুনা বোর্ডের সাহেবেরদের নিকটে পাঠাও।

৩। প্রত্যেক কমিস্যনর সাহেবের স্থানে ঐ২ নক্‌শা পঁহুছিলে পর বোর্ডের সাহেবেরা ঐ সকল নক্‌শা আপনারদের দপ্তরে মোকাবিলা করিবেন এবং যাহ২ অনাবশ্যক বোধ হয় তাহা ত্যাগ করিবেন এবং যখন দুই বা ততোধিক এলাকার মধ্যে একি প্রকার রিপোর্টের ভিন্ন২ প্রকার নক্‌শা ব্যবহার হইতেছে দেখা যায় তখন তাঁহারা সকলহইতে উত্তম নক্‌শা মনোনীত করিবেন। যখন ঐ নক্‌শা মঞ্জুর হইয়াছে তখন তাহা পাতরের ছাপাখানার সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে পাঠান যাইবেক এবং তাহাকে শক্ত হুকুম দেওয়া যাইবেক যে বোর্ডের সাহেবেরদের অনুমতিছাড়া সেই২ নক্‌শাভিন্ন অন্য নক্‌শা প্রস্তুত না করেন।

৪। তোমার ইহা স্মরণে রাখিতে হইবেক যে বোর্ডের সাহেবেরদের নিকটে তুমি যে প্রত্যেক নক্‌শা পাঠাও তাহার খোলাসা অতিমনোযোগপূর্ব্বক পৃষ্ঠে লিখিতে হইবেক এবং যে জন্যে তাহা ব্যবহার হইতেছে এবং তাহার নাম ও সামান্যতঃ বৎসরের মধ্যে যত প্রয়োজন হইবেক তাহার সংখ্যা লিখিতে হইবেক। এক্ষণে যে রিপোর্টের বিষয়ে তোমার নিকটে আদেশ হইতেছে তাহা অতিমনোযোগ পূর্ব্বক প্রস্তুত করা আবশ্যক ইহা তোমার দৃষ্ট হইবেক অতএব বোর্ডের সাহেবেরা হুকুম করিতেছেন যে এই কার্য্য তুমি আপনার সিরিশ্‌তার অধীন কোন কর্ম্মকারকের প্রতি অর্পণ না কর।

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউর।
ফোর্ট উলিয়ম।১৮৪৯। ১০ আপ্রিল।

No 13

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ——

The Sudder Board of Revenue have observed, that some Collectors are in the habit of making allusion in their English reports and letters to Commissioners, to the contents of vernacular documents, instead of describing, briefly, the purport of them in English I am, therefore, desired to request that you will point out to your subordinates, that though it may, in many cases, be proper to submit vernacular proceedings for reference if necessary, as well as in corroboration of the facts narrated in the English correspondence, the latter ought to contain, in itself, all the particulars necessary to elucidate the subject of report, irrespectively of the vernacular proceedings

2 To ensure the proper observance of this rule, you will be pleased to intimate to your subordinates, that any report not complete and intelligible in itself will be returned for revision

G Plowden,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 10th April, 1849

No 14

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ——

In accordance with the instructions of Government, dated the 2d ultimo (No 195), I am directed by the Sudder Board of Revenue to forward to you, herewith, a copy of a Circular to be issued by the Military Board, for the guidance of Officers in the Department of Public Works, regarding the safe custody of securities, and to request that you will take the necessary steps for securing the co operation of the Collectors of your Division, in carrying out the arrangements contemplated therein

2 The Board requested the Accountant to favour them with specific instructions as to the rules under which the Securities should be received, and how they should appear on the Collector's Accounts, but, as you will observe from the enclosed copy of a letter from Assistant Accountant Mr Maples (No 2566, dated 29th ultimo,) no particular instructions are considered necessary

G Plowden,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 13th April, 1849

Circular No —

To the Superintending Engineers, &c

In continuation of this Office Circular, No 183, of the 28th October, 1845, directing that securities, taken from subordinate officers for the due performance of their official duties, should be deposited with the Sub Treasurer of the General Treasury, en-

১৩ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা দেখিতেছেন যে কোন২ কালেক্টর সাহেব কমিস্যনর সাহেবেরদের নিকটে যে ইঙ্গরেজী ভাষার রিপোর্ট ও পত্র লেখেন তাহাতে এদেশীয় দলীলদস্তাবেজের মর্ম্ম সংক্ষেপে ইঙ্গরেজী ভাষাতে না লিখিয়া কেবল তাহার বিষয় উল্লেখ করেন। অতএব সদর বোর্ডের সাহেবেরা তোমার অধীন কার্য্যকারকদিগকে ইহা জানাইতে হুকুম করিতেছেন যে যদ্যপিও অনেকবার এদেশীয় ভাষায় কাগজপত্র আবশ্যকমতে দৃষ্টি করণার্থে এবং ইঙ্গরেজী পত্রে লিখিত বৃত্তান্ত সাব্যস্ত করণার্থে পাঠাইতে হয় তথাপি তাঁহারদের রিপোর্টের অভিপ্রায় সুস্পষ্ট করণার্থে যে সকল বৃত্তান্তের আবশ্যক হয় তাহা এদেশীয় ভাষায় ঐ কাগজপত্রে উল্লেখ না করিয়া তাঁহারদের ইঙ্গরেজী পত্রে লিখিতে হয়।

২। এই নিয়ম যথোচিতরূপে প্রতিপালন করাওণার্থে তুমি আপনার অধীন কর্ম্মকারক সাহেবদিগের নিকটে ইহা বিজ্ঞাপন করিব। যে তাঁহারদের কোন রিপোর্ট যদি সম্পূর্ণ না হয় এবং যদি তাহা এইরূপে না লেখা যায় যে কেবল সেই রিপোর্ট পাঠে তাহা বোধগম্য হয় তবে সেই রিপোর্ট সংশোধনার্থে ফিরিয়া পাঠান যাইবেক।

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ'
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ১০ আপ্রিল।

---

১৪ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

জামিনের নিদর্শন নির্ব্বিঘ্ন রাখণের বিষয়ে সরকারী এমারতের সিরিশতার কর্ম্মকারকেরদের উপদেশের জন্যে মিলিটারী বোর্ডের সাহেবেরা যে সরকুলর অর্ডর পাঠাইয়াছেন তাহার এক নকল গত মাসের ২ তারিখের ১৯৫ নম্বরী গবর্ণমেন্টের হুকুমানুসারে সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমার নিকটে ইহার সঙ্গে পাঠাইয়া আদেশ করিতেছি যে তাহার মধ্যে যেং নিয়মের কল্পনা আছে তাহা নির্ব্বাহ করণের বিষয়ে তোমার এলাকার নানা কালেক্টর সাহেবের সাহায্য করণের বিষয়ে যে২ উদ্যোগের আবশ্যক হয় তাহাই কর।

২। যে২ বিধিক্রমে ঐ জামিনের নিদর্শন লইতে হইবেক এবং যে২রূপে তাহা কালেক্টর সাহেবের হিসাবে লেখা যাইবেক এই২ বিষয়ে বোর্ডের সাহেবেরা আকেকোন্টেণ্ট সাহেবের স্থানে বিশেষ উপদেশ চাহিয়াছিলেন। কিন্তু আসিস্টান্ট আকেকোন্টেণ্ট শ্রীযুত মেপল্‌স সাহেব গত মাসের ২৯ তারিখের ২৫৬৬ নম্বরী যে পত্র লিখিলেন তাহার দ্বারা দৃষ্ট হইল যে ইহার বিষয়ে কোন বিশেষ উপদেশ দেওনের আবশ্যক নাই।

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ১৩ আপ্রিল।

অমুক নম্বর।

শ্রীযুত তত্ত্বাবধারণকারি ইঞ্জিনিয়র সাহেব বরাবরেষু।

১৮৪৫ সালের ২৮ অক্টোবর তারিখের এই দফ্তরের ১৮৩ নম্বরী সরক্যুলর অর্ডরে হুকুম হইল যে অধীন কর্ম্মকারকেরদের স্থানে তাঁহারদের স্ব২ পদের কার্য্য উত্তমরূপে নির্ব্বাহের জন্যে যে২ কোম্পানির কাগজ জামিনস্বরূপ লওয়া যায় তাহা যে সিরিশতায় ঐ অধীন কর্ম্ম

dorsed over to the official Head of the Department to which the subordinates may belong, I am directed by the Military Board to issue the following rules regarding the securities taken for contracts, or from subordinates temporarily employed, or belonging to the permanent establishment, for general adoption in the Department

2 The securities, whether in cash or Government Paper, deposited with Executive Officers, by contractors and persons employed to effect or superintend work, or by subordinates belonging to establishments, permanent or temporary, for the due performance of their duties, as well as any other sums which may be lodged on public account with Executive Officers, should be made over, with the consent and countersignature of Superintending Engineers, to the most convenient Collectorates for deposit These sums will be returned by the Collectors on the requisition of the Executive Officers, countersigned by the Superintending Engineers

3 The above rule provides for the safe custody, in the hands of a third party, of all sums which are granted as deposits on Public Accounts to Executive Officers, and prevents their being included with the public money drawn for disbursements, which, in the event of the sudden death of an Executive Officer, cannot fail to produce much embarrassment

4 It is also an object to place the granting of these amounts on official record, and that Superintending Engineers should be made aware of the sums received in deposit on various public accounts by the Executive Officers of their circle

Fort William, Military Board Office, 1849

No 2566

From the Assistant Accountant to the Government of Bengal, to the Secretary to the Sudder Board of Revenue

In reply to your letter No 11, dated 13th March, 1849, I have the honour to state for the information of the Board that, specific instructions for the guidance of Collectors as to the rules under which Securities should be received by them from Executive Officers, and the way in which they should be exhibited in their accounts, are scarcely necessary

2 Under the Military Board's Circular the countersignature of the Superintending Engineer will be sufficient authority for the receipt, or repayment of such a deposit A cash deposit, as a matter of course, will be credited in the body of the Collector's account and be entered in his Deposit Register, while Government Promissory Notes (being under recent Circular instructions no longer creditable in the body of the Cash Account,) will

[*Government Gazette, 8th May*, 1849]

কাবকেবা নিযুক্ত আছেন তাহাব প্রধান কর্ম্মকাবক সাহেবের পক্ষে পৃষ্ঠে দস্তখৎ হইয়া জেনবল ত্রেজুবীর শ্রীযুত সবত্রেজুবব সাহেবেব নিকটে আমানৎ হইবেক। সেই সবকুালব অর্ডবেব অনুক্রমে মিলিটাবী বোর্ডেব সাহেবেবা চুক্তিকাবি ব্যক্তিবদের স্থানে অথবা যে অধীন আমলাবা কিঞ্চিৎ কালেব নিমিত্তে নিযুক্ত হয বা যাহাবা চিব কালেব জন্যে সিবিশতাভুক্ত হইয়াছে তাহারদের স্থানে যেং জামিনেব নিদর্শন লওয়া যায় তাহার বিষয়ে ঐ ডিপার্টমেণ্টে সাধাবণরূপে ব্যবহাব হওনেব জন্যে নীচেব লিখিত নিযম কবিলেন।

১। নগদ টাকাব অথবা কোম্পানিব কাগজেব যেং জামিন চুক্তিকাবকেবদেব দ্বাবা এবং কর্ম্ম নির্ব্বাহ কবণে বা তত্ত্ব কবণে নিযুক্ত ব্যক্তিবদেব দ্বাবা অথবা সিবিশতাব নিত্য বা কিঞ্চিৎ কালেব অধীন কার্য্যকাবকেবদেব দ্বাবা আপনং কার্য্য উত্তমরূপে নির্ব্বাহ কবিবাব জন্যে এমাবৎসম্পর্কীয কার্য্যকাবক সাহেবেবদেব নিকটে আমানৎ হয় তাহা অথবা অন্যান্য যে টাকা সবকাবী কোন কার্য্যেব জন্যে এমাবৎসম্পর্কীয সাহেবেবদেব নিকটে আমানৎ হয তাহা কর্ত্তৃত্বকাবি ঐ ইঞ্জিনিয়ব সাহেবেব সম্মতি ও সহীক্রমে যে কালেকটব সাহেবেব নিকটে আমানৎ কবিলে সুগম হয তাঁহাব নিকটে আমানৎ কবিতে হইবেক। তৎপবে এমাবৎসম্পর্কীয় সাহেব তাহা চাহিলে এবং কর্ত্তৃত্বকারি ইঞ্জিনিবব সাহেব তাঁহাব পত্রে সহী কবিলে কালেক্টব সাহেবেবা সেইং টাকা ফিবিযা পাঠাইবেন।

৩। সবকাবী কর্ম্মেব জন্যে এমাবৎসম্পর্কীয কর্ম্মকাবকেবদেব নিকটে যে সকল টাকা আমানৎ হয তাহা তৃতীয ব্যক্তিব জিম্মায নির্ব্বিঘ্নে থাকনেব বিষয়ে উক্ত বিধিব দ্বাবা সুনিযম হইল এবং তাহাব দ্বাবা যে সবকাবী টাকা ঐং সাহেবেবা ব্যয় কবণার্থে প্রাপ্ত হন তাহাব সঙ্গে মিশাল হইবেক না যদি মিশাল কবা যায তবে ঐ এমাবৎসম্পর্কীয় কর্ম্মকাবকেব হঠাৎ মৃত্যু হইলে অনেক বিঘ্ন জন্মে।

৪। যে টাকা এইং রূপে আমানৎ হয তাহা সবকাবী বহীতে লিখিযা বাখা এবং কর্ত্তৃত্বকাবি ইঞ্জিনিযব সাহেবেব এলাকাব মধ্যে এমাবৎসম্পর্কীয় কর্ম্মকাবকেবা সবকাবী কর্ম্মেব জন্যে যে নানা টাকা আমানৎস্বরূপ পাইযাছেন তাহা ঐ কর্ত্তৃত্বকাবি সাহেবেবা অবগত হন ইহা এক আবশ্যক বিষয বোধ হইযাছে।

ফোর্ট উলিয়ম। মিলিটাবী বোর্ডেব দফ্তবখানা। ১৮৪৯।

২৫৬৬ নম্বব।

সদব বোর্ড বেভিনিউব শ্রীযুত সেক্রেটাবী সাহেবেব প্রতি বাঙ্গলা দেশেব গবর্ণমেন্টেব আসিষ্টাণ্ট আকৌণ্টেণ্ট সাহেবেব পত্র।

১৮৪৯ সালেব ১৩ মার্চ তাবিখেব তোমাব ১১ নম্ববী পত্রেব উত্তবস্বরূপ সদব বোর্ড বেবিনিউব বিজ্ঞাপনার্থে লিখিতেছি যে এমাবৎসম্পর্কীয় কর্ম্মকাবক সাহেবেবদেব নিকটে দাখিল হওয়া জামিনীব নিদর্শন যেং বিধিব অনুসাবে কালেক্টব সাহেব লইবেন ও যেরূপে তাহা তাঁহারা আপনং হিসাবে লিখিবেন এই বিষয়ে কোন বিশেষ উপদেশ দেওনেব আবশ্যক নাই।

২। মিলিটাবী বোর্ডেব সাহেববদেব সরকুালর পত্র-অনুসাবে কর্ত্তৃত্বকাবি ইঞ্জিনিযব সাহেবেব দস্তখৎ ঐ প্রকাব আমানতের নিদর্শন লইবাব অথবা ফিরিয়া দিবার প্রচুর ক্ষমতা হইবেক। নগদ টাকা আমানৎ হইলে তাহা সুতবাং কালেক্টব সাহেবের হিসাবেতে জমা হইবেক এবং তাহা আমানতীব বেজিষ্টরীর মধ্যে লেখা যাইবেক কিন্তু সম্প্রতিকার সরকুালর অর্ডরের উপদেশানুসারে গবর্ণমেণ্টের প্রোমিসরি নোট নগদ টাকাব হিসাবে আব জমা হইতে পারিবেক না কিন্তু ঐ হিসা-

merely be entered in the Memorandum of Promissory Notes deposited as security attached to it

(Signed) W MAPLES,
Asst Acctt to the Govt of Bengal

Fort William, Acctt's Office,
Revenue Departt, the 29th March, 1849

বের সঙ্গে২ জামিনস্বরূপ আমানৎহওয়া প্রোমিসরি নোটের মন্তব্য বিষয়ের মধ্যে লেখা যাইবেক।

ডবলিউ মেপল্স।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট আক্কোন্টেন্ট।
ফোর্ট উলিয়ম। আক্কোন্টেন্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেন্ট। ১৮৪৯। ২৯ মার্চ।

No 15

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ——

I am directed by the Sudder Board of Revenue to request, that you will report, for the information of Government, what is the actual, as well as the authorized, practice which obtains in the several Districts of your Division in regard to the supply of fuel, straw, and cooking pots to sepoys when on march, that is, whether these articles ought to be, and are, invariably, or usually, paid or, and by whom ?

G PLOWDEN,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 20th April, 1849

১৫ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ড রেবিনিউর আজ্ঞাক্রমে আদেশ করিতেছি যে সিপাহীরদের গমন সময়ে তাহারদিগকে জ্বালানি কাষ্ঠ ও খড় এবং পাকের হাঁড়ি যোগাওনের বিষয়ে তোমার এলাকার নানা জিলার মধ্যে যে ব্যবহার হইতেছে এবং যে ব্যবহারের নিয়ম আছে তাহার রিপোর্ট কর অর্থাৎ ঐ২ জিনিসের মূল্য দিতে হয় কি না এবং নিয়ত অথবা সামান্যত: তাহার মূল্য দেওয়া যাইতেছে কিনা এবং কাহার দ্বারা দেওয়া যাইতেছে এই সকল বিষয়ের তুমি গবর্ণমেন্টের বিজ্ঞাপনের জন্যে রিপোর্ট কর। জি প্লোডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম ১৮৪৯। ২০ আপ্রিল।

No 16

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ——.

I am directed by the Sudder Board of Revenue, to instruct you, in continuation of their Circular No 9, dated 15th ultimo that disbursements from the Schooling fees on account of "necessary contingent charges," of the Government Vernacular Schools, require to be previously sanctioned by the Board You will be good enough, therefore, to instruct the Collectors to submit monthly Bills of such disbursements, for transmission to the Board, for their sanction, after they have been duly examined and countersigned by yourself

G PLOWDEN, *Secretary*

Sudder Board of Revenue,
Fort William, the 20th April, 1849

১৬ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ড রেবিনিউর সাহেবেরদের হুকুমক্রমে আদেশ করিতেছি যে তাঁহারদের গত মাসের ১৫ তারিখের ৯ নম্বরী সরক্যুলর অর্ডরের উপলক্ষে সরকারের এদেশীয় ভাষার পাঠশালার ছাত্রেরদের স্থানে যাহা পাওয়া যায় তাহা বোর্ডের সাহেবেরদের অনুমতি না পাইয়া "আবশ্যক উপরি খরচেতে" ব্যয় হইবেক না। অতএব তুমি কালেক্টর সাহেবেরদের প্রতি এই হুকুম করিবা যে এইরূপ ব্যয়ের বিল মাসে২ তাঁহারা তোমার দ্বারা উপযুক্তমতে বিবেচনা হইয়া এবং সহী হইয়া বোর্ডের সাহেবেরদের অনুমতির জন্যে তাঁহারদের নিকটে পাঠান।

জি প্লোডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ২০ আপ্রিল।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT

No 5

To the Criminal Authorities

The following Form of Warrant is prescribed by the Court for use under Act XXIII 1840, in cases in which Warrants are issued upon the report of a Police Officer or credible information as authorized by the concluding sentence of Section 4, Regulation 9, 1807

No 12

WARRANT UPON REPORT OF A POLICE OFFICER OR CREDIBLE INFORMATION

To Mahomed Buksh, Nazir of the Fouzdarry Court, of Zillah Hooghly

Whereas Abdoolla, Garewan, inhabitant of Tal

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

যে২ গতিকে পোলীসের আমলার রিপোর্টক্রমে অথবা বিশ্বাসযোগ্য এজহারক্রমে ১৮০৭ সালের ৯ আইনের ৪ ধারার শেষ কথার হুকুমমতে ওয়ারন্ট দেওয়া যায় সেই২ গতিকে নিজামৎ আদালত ১৮৪০ সালের ২৩ আইনক্রমে ব্যবহার হওনার্থে ওয়ারন্টের পশ্চাৎ লিখিত পাঠ নির্দ্দিষ্ট করিতেছেন।

১২ নম্বর।

পোলীসের আমলার রিপোর্টক্রমে বা বিশ্বাসযোগ্য এজহারক্রমে ওয়ারন্ট।

জিলা হুগলীর ফৌজদারী আদালতের নাজির শ্রীযুত মহম্মদ বক্শ প্রতি আগে।

যেহেতুক পোলীসের আমলার রিপোর্টক্রমে অথবা

tullah Bazar, stands charged, upon the report of a Police Officer (or upon credible information,)* with the crime of murder, you are hereby directed under Section 4, Regulation IX 1807, to apprehend the said Abdoolla, Garewan, and to produce him before the Magistrate of the said Court

Dated the day of January, 1849,

A B,

Magistrate

W Kirkpatrick, *Deputy Register*

Fort William, the 7th April, 1849

* As the case may be

NOTIFICATION

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT

The 30th April, 1849

LEAVE OF ABSENCE

Mr R Finney, Moonsiff of 2d Town division Zillah Chittagong, for seven days

B J Colvin, *Register*

ERRATUM

In the Report of Summary Cases published in the *Bengalee Government Gazette* of the 1st May, 1849, page 232, line 33, for *Sreenath*, read *Bykuntonath*

রাজকর্ম্মে নিয়োগ।

৫৪৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৪৯ সাল ২১ আপ্রিল।

বহরমপুরের ডাকাধ্যক্ষ শ্রীযুত লেপ্টেনেন্ট ডবলিউ ব্রিষ্টো সাহেব (Lieut W Bristow,) গত মাসের ২২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

মুঙ্গেরে জরিপী কর্ম্মের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে জে ওয়ার্ড সাহেবকে (Mr J J Warde,) গত মাসের ১৩ তারিখে যে কুড়ি দিনের ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনার রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ২৪ আপ্রিল।

খাসিয়া পর্ব্বতে পোলিটিকাল এজেন্ট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এচ ইংলিস সাহেব (Mr H Inglis,) বর্ত্তমান মাসের ১১ তারিখে আপনার কর্ম্ম পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত জি ইউ ইউল সাহেব (Mr G U Yule,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে পূর্ব্বাবধি কালেকটরী কর্ম্মের ভার ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী আলী মহম্মদ খাঁর স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত ও ডবলিউ মালেট সাহেব (Mr O W Malet,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে শ্রীযুত ই জে সি রিচার্ডসন সাহেবের (Mr E J C Richardson,) স্থানে ত্রিপুরার মাজিষ্ট্রেটী কর্ম্ম পুনর্গ্রহণ করেন।

দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেন্ট সাহেবের প্রথম শ্রেণীর আসিষ্টান্ট শ্রীযুত লেপ্টেনেন্ট জি এন ওকস সাহেব (Lieutenant G N Oakes,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে মানভূম এলাকার কর্ম্মের ভার শ্রীযুত ই সাণ্ডিস সাহেবের (Mr E Sandys,) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

৫৪৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ২৪ আপ্রিল।

ত্রিপুরার একটিং কালেকটর শ্রীযুত ও ডবলিউ মালেট সাহেব (Mr O W Malet,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত বর্ত্তমান মাসের ১৬ তারিখঅবধি ঐ জিলার মাজিষ্ট্রেটী কর্ম্মও নির্ব্বাহ করিবেন ঐ তারিখে তিনি শ্রীযুত ই জে সি রিচার্ডসন সাহেবের (Mr E J C Richardson,) স্থানে এ কর্ম্ম গ্রহণ করেন।

ছুটী।

১৮৪৯ সাল ২৪ আপ্রিল।

ত্রিপুরার একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত ই জে সি রিচার্ডসন সাহেব (Mr E J C Richardson,) চিকিৎসকের পরামর্শ লইবার জন্যে বাঙ্গালাতে গমনার্থে বর্ত্তমান মাসের ১৬ তারিখঅবধি উনিশ দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ২৭ আপ্রিল।

শ্রীযুত এফ এ লসিংটন সাহেব (Mr F A Lushington,) বর্ত্তমান মাসের ২৪ তারিখে কলিকাতার মাসুল আদায় করণ ও খালের তত্ত্বাবধারণের কর্ম্ম শ্রীযুত মেজর ডবলিউ রথরফোর্ড সাহেবের (Major W Rutherford,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত কাপ্তান জান ফুল্টন সাহেব (Captain John

বিষয়বিশেষে বিশ্বাসযোগ্য এজাহারক্রমে তালতলা বা জারনিবাসি আবদুল্লা গাড়ওয়ানের নামে খুনের অপরাধের নালিশ হইয়াছে অতএব ইহার দ্বারা তোমার প্রতি হুকুম হইতেছে যে ১৮০৭ সালের ৯ আইনের ৪ ধারানুসারে ঐ আবদুল্লা গাড়ওয়ানকে গ্রেপ্তার কর এবং উক্ত আদালতের মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহাকে হাজির কর ইতি।

১৮৪৯ সালের জানুআরি মাসের অমুক তারিখে।

শ্রীযুত অমুক মাজিষ্ট্রেট।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ৭ আপ্রিল।

John C Marshman, *Bengalee Translator*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

১৮৪৯ সাল ৩০ আপ্রিল।

ছুটী।

জিলা চাটিগাঁর নগরের দ্বিতীয় এলাকার মুনসেফ শ্রীযুত আর ফিনি সাহেব সাত দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

অশুদ্ধশোধন।

সরাসরী মোকদ্দমার রিপোর্টে ১৮৪৯ সালের ১ মে তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের ২৩২ পৃষ্ঠায় তাহার ৩৪ পংক্তিতে "শ্রীনাথ" এই শব্দের পরিবর্ত্তে "বৈকুণ্ঠনাথ" এই কথা পাঠ করিতে হইবেক।

Fulton) বর্ত্তমান মাসের ১১ তারিখে বেহারের তৈনাতী সৈন্যেরদের অধ্যক্ষতা কর্ম্মের ভার শ্রীযুত কাপ্তান এফ ই বয়েল সাহেবের (Captain F E Voyle,) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৫৭১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ২ মে।

আসামের কমিস্যনর শ্রীযুত মেজর এফ জেনকিন্স সাহেব (Major F Jenkins,) গত মাসের ৯ তারিখে আপনার কর্ম্মস্থানে প্রত্যাগমন করেন এবং ডেপুটী কমিস্যনর শ্রীযুত মেজর জে মাথি সাহেবের (Major J Matthie,) স্থানে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত টি সি ট্রটর সাহেব (Mr T C Trotter,) গত মাসের ১৬ তারিখে দক্ষিণ পশ্চিম অঞ্চলের লোহারডগাতে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের প্রধান আসিষ্টান্টী কর্ম্ম শ্রীযুত কাপ্তান ডবলিউ এচ ওকস সাহেবের (Captain W H Oakes,) প্রতি অর্পণ করেন।

দক্ষিণ পশ্চিম অঞ্চলের কমিস্যনর ও শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট কর্ণেল জে আর উসলি সাহেব (Lieutenant Colonel J R Ouseley,) গত মাসের ২৩ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত কাপ্তান জে সি হানিংটন সাহেবের (Captain J C Hannyngton,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত কাপ্তান জে সি হানিংটন সাহেব (Captain J C Hannyngton,) গত মাসের ২৩ তারিখে দক্ষিণ পশ্চিম অঞ্চলে ছোট নাগপুরের ডেপুটী কমিস্যনরী কর্ম্ম শ্রীযুত টি সি ট্রটর সাহেবের (Mr T C Trotter,) প্রতি অর্পণ করেন।

সারণের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ বি হেথর্ণ সাহেব (Mr H V Hathorn,) গত মাসের ২১ তারিখে আপনার কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মীর্জা মহম্মদ শাদিকের স্থানে পুনর্গ্রহণ করেন।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জেমস গ্রান্ট সাহেব (Mr James Grant,) গত মাসের ২৩ তারিখে আপনার সিবিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মোলবী গোলাম আশগরের স্থানে পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত বি এচ কুপর সাহেব (Mr B H Cooper,) গত মাসের ২৩ তারিখে ময়মনসিংহে জমালপুর এলাকাখণ্ডের ভার শ্রীযুত সি এফ কার্ণেক সাহেবের (Mr C F Carnac,) প্রতি অর্পণ করেন।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ সাহেব (Mr G C Cheap,) গত মাসের ২১ তারিখে আপনার সিবিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুলআজীর স্থানে পুনর্গ্রহণ করেন।

দিনাজপুরের মাজিষ্ট্রেট শ্রীযুত আর স্কট সাহেব (Mr R Scott,) গত মাসের ২৪ তারিখে আপনার কর্ম্মের ভার কালেক্টর শ্রীযুত সি ষ্টিয়র সাহেবের (Mr C. Steer,) প্রতি অর্পণ করেন।

১৫ সংখ্যক অর্থাৎ ঢাকা এলাকার কমিস্যনর শ্রীযুত জে ডনবার সাহেব (Mr J Dunbar,) গত মাসের ২৬ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার কালেক্টর শ্রীযুত সি টটনহাম সাহেবের (Mr C Tottenham,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৫৭০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ২৮ আপ্রিল।

সদর আদালতের একটিং জজ শ্রীযুত জে ডনবার সাহেব (Mr J Dunbar) ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনরের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৪৯ সাল ৩০ আপ্রিল।

শ্রীযুত বাবু শ্যামাচরণ সরকার গত জানুআরি মাসের ২৭ তারিখের বিধিমতে সব-আসিষ্টাণ্ট চিকিৎসকের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু রাজনারায়ণ সাক গত জানুআরি মাসের ৮ তারিখঅবধি ডেপুটী কালেক্টরেরদের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৯ সাল ৩০ আপ্রিল।

শাহাবাদের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মনোর আলী খাঁ স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ৩ তারিখঅবধি ১৭ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন। শ্রীযুত মৌলবী মানোর আলী খাঁর অনুপস্থানপর্য্যন্ত আরার প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত এ আলমেডা সাহেব (Mr A Almeida,) প্রধান সদর আমীনের সিবিশ্তার চলিত কর্ম্ম চালাইবেন।

মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এচ প্রাট সাহেবকে ছুটীবিষয়ক শুখরা বিধির ১১ ধারানুসারে বর্ত্তমান মাসের ২০ তারিখে যে তিন সপ্তাহের ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ৪ মে।

সিংহপুরে আসিষ্টাণ্ট রেসিডেণ্ট ও পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এল এস জাকসন সাহেব (Mr L S Jackson,) গত মার্চ মাসের ৩১ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

রঙ্গপুরের কালেক্টর শ্রীযুত ডবলিউ টি ট্রটর সাহেব (Mr W T Trotter,) গত মার্চ মাসের ২৮ তারিখে আপনার কর্ম্মের ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মুকুন্দপ্রসাদ রায়ের প্রতি অর্পণ করেন এবং ঐ মাসের ৩১ তারিখে তাহা পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত আর সি রেক্স (Mr R C Raikes,) গত মাসের ২৫ তারিখে আক্যাব জিলার কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ জে লঙ্গমোর সাহেবের (Mr W J Longmore,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত ডাক্তর জে ডবলিউ মৌণ্টজয় সাহেব (Dr J W Mountjoy,) গত মাসের ২১ তারিখে আরাকাণের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টান্টী কর্ম্মের ভার গ্রহণ করেন।

পূর্ব্বে মেদিনীপুরের ঘরবেটা এলাকাখণ্ডের চিকিৎসকতা কর্ম্মের ভারপ্রাপ্ত এদেশীয় চিকিৎসক শ্রীযুত সেখ গোলাম আলী গত মার্চ মাসের ১১ তারিখঅবধি মিলিটারী ডিপার্টমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ৮ মে।]

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

GOVERNMENT ADVERTISEMENTS

LAND ADVERTISEMENT

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সনের ১ প্রথম আইনের ৬ ধারানুসারে জিলা শ্রীহট্টের সংক্রান্ত নীচের লিখিত মহাল সন ১৮৪৯ ইংরেজীর কিস্তী জানুআরিপর্য্যন্ত পাওনা বাকী মালগুজারির নিমিত্ত সন ১৮৪৯ ইংরেজীর মাহে ২৪ মেই মোতাবিক সন ১২৫৬ বাঙ্গলা মাহে ১২ জ্যৈষ্ঠ রোজ বৃহস্পতিবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৯ ইংরেজী ২৬ আপ্রিল।

নম্বর শ্রেণী	মহালের শ্রেণী	জেলার তৌজির মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১৮৪৯ ইং জানুআরি মাসের কিস্তীপর্য্যন্তের পাওনা বাকী	মন্তব্য কথা
১	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহালাত	৩৪	পং ভাদেপুর তাং মাহামুদ আশরফ	দেবীচরণ শর্ম্ম দিং	৪২৻৫	২০॥৶৩	
২	ঐ	১১	পং মোক্তারপুর তাং রামকান্ত নন্দী ও মামুনাইম ও মাং তকী ও মাং জকী ও মাং আমী হিং মামুনাইম ও মাং তকী ও মাং জকী ও মাং আমী	আহাম্মদ বক্স	২৬৶১	১৩৵১	
৩	ঐ	৩৫	পং খাং বনভাগ তাং দস্তীদার	জালুরাম দাস	৪৯ ।৶১১	২৪৸১১	
৪	ঐ	৩৫৭	পং শাইস্তা নগর তাং শের মহামদ	মুনফিকার আলী	৩৮ ।৵৫	১৩॥৵৩	
৫	ঐ	২৭	পং তরফ তাং শিবরাম দেব	শামরাম দেব দিং	৩০ ।৵৯	৯ ।১১	
৬	ঐ	১০৫০	পং ঐ তাং সৈদ মাং নাজিগ হিং সৈদ আজিম উল্লা ও নইম উল্লা	ধর্ম্মনারায়ণ পালদিং	৪৯ ॥৩	১৩৲২	
৭	ঐ	১	পং নুকল হাশনগর মহাল নুতনবন্দোবস্তী ৯৭৫ নং ছেং নজ রহিমাম নং করিম উল্লা চৌধুরী	গুণবল্লভ দাম	৩৭৸	৩৭৸	

A S ANNAND, Collector

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ৮ মে।]

SALT

নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নমক মায় ৪ পরসেন্ট গোলাশুক্তি বাবৎ লাং ৩০ আপ্রিল ১৮৪৯ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার নমকের গোলাজাতের মৌজুদ।

এজেন্সীর নাম।	সন ১২৫০ সাল এবং পূর্ব্ব সন-হায়ের	সন ১২৫১ সাল মোতাবকে ইং ১৮৪৪। ৪৫ সাল	১২৫২ সাল মোতাবকে ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মোতাবকে ইং ১৮৪৬। ৪৭ সাল	সন ১২৫৪ সাল মোতাবকে ইং ১৮৪৭। ৪৮ সাল	সন ১২৫৫ সাল মোতাবকে ইং ১৮৪৮। ৪৯ সাল	মৌজুদ নমকের একুন
হিজলী।							
পাক্কা নেমক ঘাট দক্ষিণ কালীনগর।	১,৯৪,১১৩/	২,৭৯,২২৪/	৩,০৪,৫৫৯৸০	৭,৩৩৩/	২৭,২৫৯/	৭৯,৮১২/	৮,৯২,৩০০৸০
ঐ ঐ কৃষ্ণনগর।	১৭,৯২৩৸০	০	০	০	০	৭২,৯১২/	৯০,৮৩৫৸০
ঐ ঐ রামনগর।	০	০	০	১,০২০/	৬১১৸০	৬৬,২৪৬/	৬৭,৮৯৭৸০
গাছা নমক।	১০,৮২৭ ॥০	০	০	০	০	০	১০,৮২৭ ॥০
একুন।	২,২২,৮৬৪ ।০	২,৭৯,২২৪/	৩,০৪,৫৫৯৸০	৮,৩৫৩/	২৭,৮৯০৸০	২,১৮,৯৭০/	১০,৬১,৮৬১৸০
তমলুক।							
পাক্কা নেমক ঘাট। নারায়ণপুর।	০	০	০	১,৫৪,৪৭০/৫/১৫	৪,২১,০০৯৸৭	৯৫,৮৫৪/	৬,৭১,৩৩৪/২/১৫
ঐ ঐ তেরোপাইক।	০	০	০	০	০	০	০
ঐ ঐ ডাইমন হারবর।	০	০	০	১৬,৮১৩/	০	০	১৬,৮১৩/
ক্রোকি নেমক।	০	০	০	০	০	০	৫২৸৭ ॥০
একুন।	০	০	০	১,৭১,২৮৩/৫/১৫	৪,২১,০০৯৸৭	৯৫ ৮৫৪/	৬,৮৮,১৯৯ ।৶, ১৫
২৪ পরগনা।							
ঐ ঐ বাগুণ্ডী।	০	০	০	৯২,৫১০/	১,৯১,১৭৫/	০	২,৮৩,৬৮৫/
একুন।	০	০	০	৯২,৫১০/	১,৯১,১৭৫/	০	২,৮৩,৬৮৫/

এজেন্সীর নাম।	সন ১২৫০ সাল এবং পূর্ব্ব সন-হাযের	সন ১২৫১ সাল মোতাবকে ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মোতাবকে ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মোতাবকে ইং ১৮৪৬। ৪৭ সাল	সন ১২৫৪ সাল মোতাবকে ইং ১৮৪৭। ৪৮ সাল	সন ১২৫৫ সাল মোতাবকে ইং ১৮৪৮। ৪৯ সাল	মৌজুদ নমকের একুন
চট্টগ্রাম।							
পাঙ্গা নেমক নেজামপুর ঘাট ডোমখালি।	১,৩৪,৭০৬ ॥৫	৯০,৭২৪ ॥৫	০	০	০	০	২,২৫,৪৩১ ।০
ঐ আবাকেন ঐ	০	০	০	০	০	৬৩,৩২৬/	৬৩,৩২৬/
ঐ সদর ঘাট এজেন্সী।	০	০	০	০	১৭,০২১ ।১	০	১৭,০২১ ।১
ঐ ঐ আবাকিন।	০	১,১২,৫৭৪ ।৯	১,৭৭,১৬৯ ।০	৩,৮৩,৪৭১৸৫	৫৫,৫৫২ ॥০	০	৭,২৮,৭২৮/ ৪
ক্রোকি নেমক।	০	০	০	০	৮৭ ।২৸	০	৮৭ ।২৸
একুন।	১,৩৪,৭০৬ ॥৫	২,০৩,২৯৯/ ৪	১,৭৭,১৬৯ ।০	৩,৮৩,৪৭১৸৫	৭২,৬২১/ ৩৸	৬৩,৩২৬/	১০,৩৫,৫৯৩৸৭৸
ভুলুয়া।							
পাঙ্গা ঘাট কাঁকড়া আবাকিন।	০	০	১১,৬৬৩ ।৫	০	০	৭০,০৮৬ ॥০	৮১,৭৪৯৸৫
ক্রোকি নমক।	০	০	০	০	০	০	০
একুন।	০	০	১১,৬৬৩ ।৫	০	০	৭০,০৮৬ ॥০	৮১,৭৪৯৸৫
শালিখা।							
পাঙ্গা নেমক। কটক।	১,৩৮,১২৭৸০	৩,০০,৬৬৬ ॥০	১,৭৮,৩৭২/	১,৭২ ৮৪৯৸০	১,৪৭,৮০১ ॥০	০	২,৩৭,৮১৭ ॥০
ঐ বালেশ্বর।	০	০	০	০	১০ ৯০৯৸৫	০	১০,০৯৯৸৫
ঐ খোরদা।	০	২,০৩১ ॥০	১,৪৮৯/	২০৮ ॥০	৩১,৯৭৮/	০	৩৬,৪০৭/
ঐ চিলকা।	১,০৬,১১৩৸০	২,১৮৬৸০	০	৩,৫০১/ ২	৪৪,৬০৯/	০	১,৫৬,৪১১ ॥১
করকচ নেমক মান্দ্রাজ পরমিট ১ পহিল বকম।	১১১/	১০৩/	০	৩৫১/	০	০	৬৬৫/
ঐ ঐ ২ দোসরা বকম	১,৭২,২৫৯৸০	২,৪৬,৭৪৫৸০	৭৭ ১০৮/	২,১৯৬/	০	০	৪,৯৭,২০৯ ৷০
ঐ ঐ ৩ তেসর বকম	০	০	০	০	০	০	০
পাঙ্গ হিজলী কালীনগর।	৫,০৯,৯৭৫ ॥০	০	১,৫১৮ ॥০	০	০	০	৫,১১,৪৯৪/
গাছু নেমক।	১৪,৬০৫/	০	০	০	০	০	১৪ ৬০৫/
ঐ ২৪ পরগনা নারায়ণপুর নেমক।	০	০	০	০	০	৪,০১,৫২৭ ৪	৪,০১,৫২৭/ ৪
ডাইমন হারবর।	০	০	০	৯ ৩৮২/	৭৮,৭৭১ ॥০	০	৮~,১৫৩ ॥০
একুন।	৯,৪১,২৭২৸০	৫,৫১,৩৩৩ ॥০	২,৫৮,৪৮৭ ॥০	১,৮৯ ১৮৯ ।০	৩,১৩ ২৫৯৸৫	৪ ০১,৫২৭/ ৪	২৬,৫৫,০৭০/ ১
আবাকিন। পাঙ্গ ঘাট কৈফিয়ত।	০	০	০	২৫,৭৩১/	২৩ ৬৭৭/	১ ০৯,৯৯৭/	১,৫৯,৪০৫/
একুন।	০	০	০	১৫,৭৩১/	২৩,৬৭৭/	১,০৯,৯৯৭/	১,৫৯,৪০৫/
মোট একুন।	১২,৯৮,৮৪৩ ॥৫	১০,৩৩,৮৫৬ ॥৪	৭,৫১ ৮৭৯৸৫	৮,৭০,৫৩৮ ।২ ১৫	১০,৪৯ ৬৩৩ ॥৫৸	৯,৫৯,৭৬০ ।৪	৫৯,৬৫,২৬৫/ ৩/১৫

সি বীডন। সেক্রেটারি।

[Government Gazette, 8th May, 1849.]

আফিমের ইশতিহার।

ইশতেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৯ সাল তারিখ ১৪ মে সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময় মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৪৭। ৪৮ সালের পয়দায়শী আফিমের সপ্তম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩০৪০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	২২১০
বানারসের পয়দায়শী আফিম	৮২০
জুমলা সিন্দুক	৩০৪০

২ দফা। উপরের লিখিত বেহারের পয়দায়শী আফিমের অন্দরে ৫০ সিন্দুক আফিম ফরাসিস গবর্ণমেন্টের নিমিত্তে মৌজুদ রাখা গেল।

৩ দফা। এইক্ষণে যে নীলামের ইশতেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত যেরূপ ধারাবাহিকরূপে আমলে আসিতেছে সেইরূপ সকলি বহাল রহিল উক্ত সমুদয় শরতের বিবরণ সন ১৮৪৮ সালের ১৩ সেপ্টেম্বর তারিখে কলিকাতা গেজেট এবং এক্সচেঞ্জ গেজেট কাগজে যে ইশতেহার প্রকাশ হইয়াছিল তাহা দৃষ্টি করিলে অথবা পরমিট ও নেমক ও আফিম বোর্ডের দফতরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৪ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগির টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্তের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৪৯ সালের ১৬ মে ও ২৯ মে এই দুই দিবস ক্রমশ স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিস্যারি নোট অর্থাৎ তমঃসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণ র্থে সরত্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরী রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারি মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৪৯ সালের ১৬ মে বুধবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পরে আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সবরে কিস্তের পূরা টাকার দরুণ কোন ট্রেজুরী রসিদ সন ১৮৪৯ সালের ২৯ মে মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর লওয়া যাইবেক না ইতি।

বিমোজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নিমক ইতি। সন ১৮৪৯ সাল তারিখ ২৭ আপ্রিল।

সি বীডন। সেক্রেটারী।

MISCELLANEOUS ADVERTISEMENT সাধারণ ব্যক্তির ইশতিহার।

DECISIONS OF THE SUDDER DEWANNY ADAWLUT

The terms of Subscription to the Decisions are reduced from the commencement of the year 1849, to Twenty Rupees, or Sixteen Rupees per annum if paid in advance

Applications to be made to Mr R Norris, Sudder Dewanny Adawlut

সদর দেওয়ানী আদালতের নিষ্পত্তি।

সদর আদালতের নিষ্পত্তির বহীর মূল্য ১৮৪৯ সালের আরম্ভঅবধি কম করা গিয়াছে। অর্থাৎ বৎসরে ২০৲ টাকা অথবা আগাম দেওয়া গেলে ১৬৲ টাকা মূল্য হইয়াছে।

যে কেহ ঐ বহী চাহেন তিনি সদর দেওয়ানী আদালতে শ্রীযুত আর নরিস সাহেবের নিকটে পত্র পাঠাইলে পাইতে পারেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ৮ মে।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 15, 1849

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ১৫ মে।

DRAFT OF ACT

FORT WILLIAM
HOME DEPARTMENT
LEGISLATIVE,
THE 7TH APRIL 1849

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 7th April, 1849

ACT No —— OF 1849

To punish tampering with the Army or Navy

Whereas the laws in force for punishing mutiny and sedition do not sufficiently provide for the punishment of all persons endeavouring to stir up mutiny and sedition among the Forces of the East India Company, or to seduce them from their allegiance and duty, It is enacted as follows

I Every person who maliciously and advisedly endeavours to seduce any person or persons serving or engaged to serve in the Military or Naval Forces of the East India Company, from his or their allegiance to Her Majesty, or duty to the said Company, or who endeavours to stir up any person or persons belonging to either of the said Services to commit any act of mutiny or to make or endeavour to make any mutinous assembly, or to commit any traitorous, or mutinous practice whatsoever, shall, on conviction, suffer transportation for life, or imprisonment with or without hard labour for any term not longer than seven years as the Court shall adjudge

II Any person charged with any offence, punishable under this Act, may be committed by any Magistrate within the territories under the Go

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ৭ আপ্রিল।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ৭ আপ্রিল তারিখে হুজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

সৈন্যেরদিগকে ও নাবিকেরদিগকে রাজদ্রোহ করিতে প্রবৃত্ত দেওনের দণ্ড করণের আইন।

যেহেতুক রাজদ্রোহিতা ও সৈন্যাধ্যক্ষেরদের বিদ্রোহিত কর্ম্মের দণ্ড করণার্থে যেং আইন চলন আছে সেইং আইনেতে যে সকল ব্যক্তি কোম্পানি বাহাদুরের সৈন্যেরদিগকে রাজদ্রোহিতা ও সৈন্যাধ্যক্ষেরদের বিদ্রোহিতা কর্ম করিতে প্রবৃত্তি জন্মাইবার কিম্বা তাহারদিগকে প্রভুভক্তা ও কর্ত্তব্য কর্ম্ম ত্যাগ করাইবার উদ্যোগ করে সেইং ব্যক্তির দণ্ডের বিষয়ে উপযুক্ত নিয়ম নাই অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। যে ব্যক্তি কোম্পানি বাহাদুরের পল্টন কি জাহাজসম্পর্কীয় সৈন্যের কর্ম্ম করিতেছে অথবা করিতে অঙ্গীকার করিয়াছে সেই ব্যক্তি কি ব্যক্তিরদিগকে যে কোন লোক দ্বেষপূর্ব্বক কিম্বা জানিয়া শুনিয়া শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি প্রভুভক্তা কিম্বা উক্ত কোম্পানি বাহাদুরের প্রতি কর্ত্তব্য কর্ম্ম ত্যাগ করাইবার উদ্যোগ করে অথবা উক্ত কর্ম্মে নিযুক্ত কোন ব্যক্তিকে কি ব্যক্তিরদিগকে সৈন্যাধ্যক্ষেরদের বিদ্রোহিতা কোন কর্ম্ম করিতে কিম্বা বিদ্রোহিতাজনক সভা করিতে কি করিবার উদ্যোগ করিতে কিম্বা কোন বিশ্বাসঘাতকত কি বিদ্রোহিতা কর্ম্ম করিতে প্রবৃত্তি জন্মাইবার উদ্যোগ করে সে লোকের দোষ সাব্যস্ত হইলে সে লোক আদালতের হুকুমমতে যাবজ্জীবন দ্বীপান্তরে প্রেরিত হওনের অথবা সাত বৎসরের অনধিক কালপর্য্যন্ত পরিশ্রমবিশিষ্ট কি বিনাপরিশ্রমে কয়েদ থাকনের দণ্ডের যোগ্য হইবেক ইতি।

২ ধারা। এই আইনানুসারে যে অপরাধ দণ্ডনীয় সেই অপরাধের নালিশগ্রস্ত ব্যক্তিকে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে কোন মাজিষ্ট্রেট সাহেব সোপর্দ্দ

vernment of the East India Company, and may be tried by any Court which would have been competent to try him, if his offence had been committed within the ordinary jurisdiction of the Court

III No Court shall on the trial of any offence under this Act require any Futwa from any Law Officer

IV This Act shall not exempt any person governed by the Articles of War from being tried by a Court Martial, and punished according to the Articles of War, nor any person belonging to the Indian Navy from being tried by a Court Martial and punished according to the laws for the observance of discipline in the Indian Navy, but no person shall be tried for the same offence under the said Articles or laws, and also under this Act

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first meeting of the Legislative Council of India after the 7th day of July next

F J HALLIDAY,
Secy to the Govt of India

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT

No 4

To the Session Judges and Magistrates in the Lower Provinces

The Court desire to draw the attention of the Magistrates to the necessity of enforcing the observance of the Rules laid down in paragraph 3 of the Circular Order No 138, dated the 16th June, 1843, for abridging the proceedings of Police Officers These Rules being deemed of much importance, the Magistrates are expected to be particularly careful that they are not neglected, and to call to account such officers as may persist in not conforming to them

2 The Session Judges should avail themselves of every opportunity to point out to the Magistrates any instances of neglect of the Rules in question, which they may observe when they have occasion to refer to the proceedings of the Police in cases committed to the Sessions or called for by them

W KIRKPATRICK, *Deputy Register*

Fort William, the 7th April, 1849

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

APPOINTMENT

The 4th May, 1849

Baboo Moheschunder Roy, to be Moonsiff of Dhamnuggur, Zillah Cuttack

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ১৫ মে।]

করিতে পারেন এবং কোন আদালতের সামান্য এলাকার মধ্যে তাহার ঐ অপরাধ হইলে সেই আদালত যেরূপে তাহার বিচার করিতে ক্ষমতা রাখেন সেইরূপ অন্য কোন আদালত তাহার বিচার করিতে পারেন ইতি।

৩ ধারা। এই আইনানুসারে কোন অপরাধের বিচার করণসময়ে কোন আদালত কোন মৌলবীর স্থানে ফতওয়া চাহিবেন না ইতি।

৪ ধারা। যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন কোন ব্যক্তি কোর্ট মার্শ্যালের দ্বারা ও যুদ্ধসম্পর্কীয় আইন দ্বারা দণ্ডহইতে এই আইনের দ্বারা মুক্ত হইবেক না এবং ভারতবর্ষের যুদ্ধজাহাজসম্পর্কীয় কোন ব্যক্তি কোর্ট মার্শ্যালের দ্বারা বিচারহইতে ও ভারতবর্ষের যুদ্ধজাহাজসম্পর্কীয় ব্যক্তিবর্গের শাসনার্থে যে আইন হইয়াছে সেই আইনানুসারে দণ্ডহইতে মুক্ত হইবেক না। কিন্তু একি অপরাধের জন্যে ঐ যুদ্ধ কি জাহাজসম্পর্কীয় আইন এবং এই আইন উভয় অনুসারে কোন ব্যক্তির বিচার হইবেক না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৭ জুলাই তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব ও মাজিস্ট্রেট সাহেব বরাবরেষু।

পোলীসের কর্ম্মকারকেরদের কার্য্য সংক্ষেপ করণ বিষয়ে ১৮৪৩ সালের ১৬ জুন তারিখের ১৩৮ নম্বর সরকুলার অর্ডরের ৩ দফাতে যেং বিধি আছে তাহার মতাচরণ করাইবার আবশ্যকতার বিষয়ে সদর আদালতের সাহেবেরা মাজিস্ট্রেট সাহেবদিগকে মনোযোগ করিতে হুকুম দিতেছেন। ঐং বিধি অতিআবশ্যক অতএব তাহার প্রতিপালনের কিছু ত্রুটি না হয় এই বিষয়ে মাজিস্ট্রেট সাহেবেরা বিশেষরূপে মনোযোগ করিবেন এবং যে সকল কার্য্যকারক ঐ বিধিমতে আচরণ না করেন তাঁহারদিগকে তাঁহারা নিতান্ত চেতাইবেন।

২ দফা। সেশন জজ সাহেবেরদের প্রতি যেং মোকদ্দমা সোপর্দ্দ হয় কিম্বা তাঁহারা যেং মোকদ্দমা তলব করেন তাহাতে পোলীসের কার্য্যকারকেরদের কর্ম্মকারীতে দৃষ্টি করিলে যখন তাঁহারা উক্ত বিধি পালনের বিষয়ে কোন ত্রুটি দেখেন তখন তাঁহারা সেই সুযোগে সেই বিষয় মাজিস্ট্রেট সাহেবেরদিগকে জানাইবেন।

ডবলিউ কর্কপাত্রিক।
ডপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ৭ আপ্রিল।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

১৮৪৯ সাল ৪ মে।

নিয়োগ।

শ্রীযুত বাবু মহেশচন্দ্র রায় জিলা কটকের ধামনগরের মুনসেফ হইবেন।

LEAVES OF ABSENCE

The 4th May, 1849

Moonshee Noorooddeen, Moonsiff of Korriapara, Zillah Durrung, from the 11th to the 18th ultimo

The leave of absence for four days, granted on the 24th ultimo, to Baboo Ramnarain Sandyal, Moonsiff of Nyehatty, 24 Pergunnahs, is cancelled at his own request

The Moonshee Kefyutoollah Acting Moonsiff of Nulbarice in Kamroop, for seven days from the 25th ultimo, in extension of the leave granted on the 24th idem

The 11th May, 1849

Baboo Mohunlaul Pandey, Moonsiff of Burjora, Zillah West Burdwan, for three weeks in addition to the leave granted on the 21st March last

Moulvee Abdool Jubbar, Moonsiff of Sundeep, Zillah Chittagong, for seven days

B J COLVIN, *Register*

ছুটী।

১৮৪৯ সাল ৪ মে।

জিলা দরঙ্গের কড়িয়াপাড়ার মুনসেফ শ্রীযুত মুনশী নুরুদ্দীন গত মাসের ১১ তারিখঅবধি ১৮ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

জিলা চব্বিশপরগনার নইহাটীর মুনসেফ শ্রীযুত বাবু রামনারায়ণ সান্ন্যাল গত মাসের ২৪ তারিখে যে চারি দিনের ছুটী পান তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইল।

কামরূপ নল্বাড়ীর এক্টিং মুনসেফ শ্রীযুত মুনশী কিফায়তুল্লা গত মাসের ২৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত গত মাসের ২৫ তারিখঅবধি সাত দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ১১ মে।

জিলা পশ্চিম বর্দ্ধমানের বড়যোড়ার মুনসেফ শ্রীযুত বাবু মোহনলাল পাড়ে গত মার্চ মাসের ২১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা চাটিগাঁর সন্দীপের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল জব্বর সাত দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন, রেজিষ্টর।

রাজকর্ম্মে নিযোগ।

৬০৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিযোগ।

১৮৪৯ সাল ৪ মে।

বাকরগঞ্জের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত জি প্যাক্‌ষ্টন সাহেব (Mr G Paxton,) ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৯ সাল ১ মে।

পাটনার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ব্রজগোপাল
খাঁড়ুয্যা ... চিকিৎসক কর সর্টিফিকটক্রমে পাঁচ মাসের ছুটী
পাইয়া ছ ... ন।

১৮৪৯ সাল ৫ মে।

সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর
হুগলীর ... রস সাহেব (Dr W H B Ross,) সর-
ডবলিউ এচ বি ... স্থ কৃষ্ণনগরে গমনার্থে তিন দিনের ছুটী
কারা কর্ম্মোপল ... শ্রীযুত ডাক্তর রস সাহেবের (Dr Ross,)
পাইয়াছেন। ... শ্রীযুত বাবু বদনচন্দ্র চৌধুরী তথলাতে
অনুপস্থানপর্য্যন্ত ... র্ব্বাহ করিবেন।
চিকিৎসকতা কর্ম্ম ... পদেশক শ্রীযুত পাদরি এফ ডবলিউ
মলাকার মধ্যে। ... Rev F W Lindstedt,) স্বীয় কর্ম্মো-
লীনষ্টেড সাহেব (1 ... মনার্থে বারো দিনের ছুটী পাইয়া-
পলক্ষে সিংহপুরে
ছেন।

ছিপটের মাজিষ্ট্রে ... ট ও কালেক্টর সাহেবের আসি
ষ্টান্ট শ্রীযুত সি ডব ... লিউ মাকিলপ সাহেবকে (Mr C
W Mackillop,) ... ত মার্চ মাসের ২৮ তারিখে যে এক
মাসের ছুটী দেওয় ... া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত
হইল।

চব্বিশপরগনার ... মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের
আসিষ্টান্ট শ্রীযুত ... সি এস বেলাই সাহেবকে (Mr C S
Bell,) গত মাসের ... ১১ তারিখে যে ছুটী দেওয়া যায় তা-
হার অবশিষ্ট কা ... লা বর্ত্তমান মাসের ৩ তারিখঅবধি
রহিত হইল ঐ ... তারিখে তিনি আপন কর্ম্মে প্রত্যাগমন
করেন।

সিবিলসম্পর্কীয় ... সিবিশতার শ্রীযুত এ মনি সাহেবকে
(Mr A Money,) ... ছুটীবিষয়ক শুধরা বিধির ১১ ধারা-

নুসারে গত মাসের ২ তারিখঅবধি যে তিন সপ্তাহের ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ৮ মে।

শ্রীযুত মেজর ডবলিউ রিডল সাহেব (Major W Riddle,) গত মাসের ৩০ তারিখে পাটনা এলাকায় ঠগীনিবারণার্থ আসিষ্টান্ট সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্ম শ্রীযুত এফ জে কোবর্ণ সাহেবের (Mr F J Cockburn,) স্থানে এবং বেহারে নিযুক্ত তৈনাতী সৈন্যেরদের অধ্যক্ষতা কর্ম্ম শ্রীযুত কাপ্তান জান ফুল্টন সাহেবের (Capt John Fulton,) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৬৩৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিযোগ।

১৮৪৯ সাল ৪ মে।

শ্রীযুত এস এফ ডেবিস সাহেব যশোহরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের (Mr S F Davis,) আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত এ এল মেলবিল সাহেব (Mr A L Melville,) ময়মনসিংহের কালেক্টরী কর্ম্মের ভার যে তারিখে অন্য সাহেবের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি ঐ জিলাতে জমালপুর এলাকা খণ্ডের ভারপ্রাপ্ত হইবেন।

ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত আর পি জেনকিন্স সাহেব (Mr R P Jenkins,) ১৮১১ সালের ৩ আইনের ১ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৯ সাল ৮ মে।

শ্রীযুত ডাক্তর এচ আর বণ্ড সাহেব (Dr H R Bond,) মিলিটারী ডিপার্টমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হওয়াতে শ্রীযুত ডাক্তর টি হেষ্টিংস সাহেব (Dr T Hastings,) পূর্ব্ব বর্দ্ধমানের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক হইবেন।

শ্রীযুত ডাক্তর জে সি কলিন্স সাহেব (Dr J C Collins,) মুঙ্গেরে সিবিল আসিষ্টান্ট চিকিৎসক হইবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

INSOLVENT COURT — যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

In the matter of ALLAN GILMORE, JAMES PELHAM McKILLIGIN, WILLIAM FAIRLEY GILMORE, GRAHAM MOORE ROBERTSON and WILLIAM COLVILLE, late of Calcutta, in the province of Bengal, Merchants, heretofore carrying on trade and business in Calcutta, together under the copartnership, style and firm of Colville, Gilmore and Company, Insolvents

NOTICE is hereby given, that upon the application of Murray Gladstone, Esquire, one of the Assignees of the Insolvents, the Court was pleased to order that unless cause be shewn to the contrary on or before Saturday, the Seventh day of July next, the Indenture of Assignment of the Eighth day of January, One thousand Eight hundred and Forty eight, from Patrick O Hanlon, Esquire, the Common Assignee of this Court, to the said Murray Gladstone, and William Macpherson, his then Co-Assignee, should be declared vacated, in so far as the same relates to the said Murray Gladstone, but so nevertheless that no act or thing done by the said Murray Gladstone, prior to the said order, shall be annulled or in any wise affected thereby, and further that the said Murray Gladstone, and the Official Assignee should file their accounts with the Estate up to the Seventh July next

SMOULT and HEDGER, *Attornies*

কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

যোত্রহীন কলবিন গিলমোর কোম্পানির নামে পূর্ব্বে বাঙ্গলা দেশের কলিকাতা নগরে সওদাগর আলেন গিলমোর সাহেব ও জেম্স পেলহম মাকিলিগিন সাহেব ও উলিয়ম ফের্লি গিলমোর সাহেব ও গ্রেহাম মোর রাবর্টসন সাহেব ও উলিয়ম কলবিন সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত যোত্রহীনেরদের এক জন আসৈনি শ্রীযুত মরে গ্লাডষ্টন সাহেবের দরখাস্তমতে উক্ত আদালতে হুকুম হইল যে আগামি জুলাই মাসের ৭ তারিখ শনিবারে বিপরীত কারণ দর্শান না গেলে ঐই আদালতের সাধারণ আসৈনি শ্রীযুত পাত্রিক ওহানলন সাহেব ১৮৪৮ সালের ৮ জানুয়ারি তারিখে যে আসৈনমেন্টের পত্র উক্ত মরে গ্লাডষ্টন সাহেবকে ও তাঁহার তৎকালীন সহ আসৈনি শ্রীযুত উলিয়ম মাকফর্সন সাহেবকে দেন তাহাতে উক্ত মরে গ্লাডষ্টন সাহেবের যেপর্য্যন্ত সম্পর্ক থাকে সেইপর্য্যন্ত ঐ পত্র বাতিল প্রকাশ হইবেক তথাপি উক্ত হুকুমহওনের পূর্ব্বে উক্ত শ্রীযুত মরে গ্লাডষ্টন সাহেব যে কোন বিষয় বা কার্য্য করিয়াছেন তাহা কোন প্রকারে বাতিল কি কোন বিষয়ে হ্রাসবৃদ্ধি হইবেক না। আরো হুকুম হইল যে উক্ত মরে গ্লাডষ্টন সাহেব এবং অফিসেল আসৈনি সাহেব আগামি জুলাই মাসের ৭ তারিখপর্য্যন্ত ঐ ইষ্টেটের সম্পর্কে আপনারদের হিসাব দাখিল করেন।

স্মোল্ট ও হেজর। উকীল।

In the matter of the Petition of ALBERT JOHN DEHOCHEPIED LARPENT carrying on business in Copartnership together with John Beckwith, in Calcutta, as Merchants and Agents, under the style or firm of Cockerell and Company

NOTICE is hereby given, that by an order of this Court, made in this matter on the fifth day of May instant, it was ordered that the further hearing of the matters of the Petition of the said Insolvent should be adjourned to Saturday, the Second day of June next, for the purpose of making a Dividend, any Creditors or other persons interested who may be desirous of establishing or opposing any claims upon the Estate of the Insolvent may attend and be heard upon any Affidavits which shall have been filed in the Office of the Chief Clerk of this Court, three clear days before the day of hearing

FRITH, SANDES and WATTS, Attornies

কাকরেল কোম্পানির নামে কলিকাতা নগরে জান বেকউইথ সাহেবের সঙ্গে সওদাগরী ও এজেন্সি... আলবর্ট জান ডিহচিপিড লার্পেন্ট সাহেবের দরখাস্তের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মে মাসের ৫ তারিখে উক্ত আদালতে হুকুম... বিভাগ করণের নিমিত্তে উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্ম আগামি জুন মাসের ২ তারিখ শনিবারে ... যাইবেক যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কোন ব্যক্তি উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর ... স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্বে তিনি দিন থাকিতে উক্ত আদালতের ... সাহেবের জিবিশ্তায় কোন আফিডেবিট দাখিল করিলে তদনুসারে হাজির হইতে পারিবেন ... যাইবেক।

ফ্রিথ ও সাণ্ডিস ও ...

MISCELLANEOUS ADVERTISEMENTS — সাধারণ ব্যক্তিরদের...

DECISIONS OF THE SUDDER DEWANNY ADAWLUT

The terms of Subscription to the Decisions are reduced from the commencement of 1849, to Twenty Rupees, or Sixteen Rupees per annum if paid in advance

Applications to be made to Mr R Norris, Sudder Dewanny Adawlut

সদর দেওয়ানী আদালতের নিষ্পত্তি।

সদর আদালতের নিষ্পত্তির বহীর মুল্য ১৮৪৯ সালের আরম্ভঅবধি কম করা গিয়া ২০৲ টাকা অথবা আগাম দেওয়া গেলে ১৬৲ টাকা মুল্য হইয়াছে।

যে কেহ ঐ বহী চাহেন তিনি সদর দেওয়ানী আদালতে শ্রীযুত আর নরিস সাহেবের ... পাইতে পারেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ১৫ মে।]

NOTIFICATION OF THE DEWANNY ADAWLUT OF ZILLAH PURNEAH

This day a Petition having been presented by Rajah Bejye Govind Singh Bahadur, Respondent, Decreeholder, in the suit wherein Gopaul Singh for himself and as Executor of Kerrut Singh and Rajindernarayn Roy and Mohendurnarayn Roy, were Appellants (debtors), for the recovery of 7,59,384-2-3, besides interest, praying that 45 Promissory Notes belonging to Mohendurnarayn Roy, one of the debtors, may be delivered to him, therefore, in accordance with the Roobikarry of this Court, dated the 24th day of April, 1849, Notice is hereby given, that if Mohendurnarayn Roy, one of the debtors, inhabitants of Sait Gunge, Pergunnah Cutteehar, offer the Promissory Notes mentioned below for sale or otherwise to part with the same, nobody shall purchase them, if they do, the purchase shall be invalid and inadmissible Dated the 24th of April, 1849

2d 5 per Cent Notes No				Sa Rs
11425 of 1214	of 1825-26,		8th January, 1826, for	5,600
2846		of Do	8th November, 1825,	2,000
2924		of Do	17th Do,	2,000
5701		of Do	19th August, 1826,	5,000
1596	of 6068	of Do	16th September, „	1,700
3679	of 2033	of Do	26th Do 1830,	20,000
3680	of 2033	of Do	Do	10,000
3807	of 6602	of Do	4th October, 1826,	2,000
4437	of 4019	of Do	30th October, 1828,	5,000
4629	of 8185	of Do	1st May, 1827,	8,000
5404	of 4344	of Do	8th February, 1826,	2,500
5655	of 2499	of Do	25th October, 1825,	2,000
5332	of 4345	of Do	8th February, 1826,	10,000
6861	of 8359	of Do	16th June, 1827,	3,000
7383	of 7767	of Do	1st May, 1827,	2,400
7534	of 1586	of Do	14th December, 1831,	3,000
7907	of 3380	of Do	5th January, 1826,	600
8022	of 3380	of Do	5th Do,	1,200
8446	of 4345	of Do	8th February, 1826,	4 700
8973	of 7262	of Do	23d December, 1826,	6,500
9261	of 7767	of Do	1st May, 1827,	7,700
10058	of 5370	of Do	2d June, 1826,	2,000
10093	of 2037	of Do	22d September, 1825,	2,500
10457	of 8533	of Do	2d June, 1827,	1,600
				1,11,000

3d 5 per Cent Notes No				
1038 of 1986	of 1829 30,		31st January, 1831, for	10,000
1098	of 1374	of Do	17th November 1830,	3,600
1138	of 1993	of Do	31st January, 1831,	3,000
1367	of 1050	of Do	12th September, 1830,	5,000
2902		of Do	1st November, 1830,	1,400
1662		of Do	12th January, 1831,	8,000
8089	of 1977	of Do	31st Do,	40,000
1001	of 4154	of Do	23d February, 1831,	2,000
1021	of 1976	of Do	31st January, 1831,	2,500
1022	of 1976	of Do	Ditto	25,000
				1,18,000

I In
any port o
the Gover
registered a
of Parliamen
of India in C
for the Registry
to Sea any Seam
tices excepted),
enter into an ag
man, specifying
ceive, and the
he is to receive,
or serve, and the
be employed

per Cent Notes No				
5118 of 1832 33,			1st May, 1832, for	15,000
11917		of Do	Do	2,000
11928		of Do	Do	5,000
11936		of Do	Do	5,000
12245		of Do	Do	12,000
5	of 20,	of Do	Do	8,000
1133	of 5073,	of Do	Do	3,000
1719	of 6228,	of Do	Do	10,000
1720	of Do,	of Do	Do	10,000
4687	of 11771,	of Do	Do	3,000
				73,000

Cent Notes No 553 of 9751 of 1835 36, 31st March, 1836, for Co's Rs 7,000

45 Notes, Three Lacs Nine Thousand Rs 3,09,000

Lollah Sewrutton Loll, Mooktearkar for Rajah Bejye Govind Singh Bahadur
May, 1849

II Every such
set forth in Schedu
such other form a
proved by the Gov
cil, and shall be pr
ed by the Master i
presence of the Reg
one appointed by him
hearing the agreement

জিলা পুরণিয়ার দেওয়ানী আদালতের বিজ্ঞাপন।

যাতে গোপাল সিংহ আপনি ও কীরত সিংহের অছিস্বরূপ এবং রাজেন্দ্রনারায়ণ রায় ও আপেলাণ্ট কর্জদার সেই মোকদ্দমায় মারফুর ৭,৫৯,৩৮৪৵৩ টাকা ফিরিয়া পাইবার জন্যে রাজা বাহাদুর রেস্পাণ্ডেণ্ট ডিক্রীদার অদ্য এই দরখাস্ত করিয়াছেন যে মহেন্দ্রনারায়ণ রায় নামক ৪৫ খান প্রোমিসরি নোট আমাকে দেওয়া যায় অতএব ১৮৪৯ সালের ২৪ আপ্রিল তারিখের রোবকারীক্রমে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কাটিহার পরগনার সাএেতগঞ্জনিবাসি ১ জন কর্জদার যদি নীচের লিখিত প্রোমিসরি নোট বিক্রয় করিতে কিম্বা অন্য কোন প্রকারে

[Government Gazette, 15th May, 1849]

তাহা হস্তান্তর করিতে উদ্যত হন তবে কোন কেহ তাহা খরীদ করিবেন না যদি কেহ তাহা খরীদ করেন তবে সেই খরীদ বাতিল ও নামঞ্জুর হইবেক। ইতি ১৮৪৯ সাল তারিখ ২৪ আপ্রিল।

দ্বিতীয় শতকরা ৫৲ টাকার নোট ১৮২৫। ২৬ সালের

১২১৪ নম্বরের	১১৪২৫	নম্বরী	১৮২৬	সালের	৮ জানুআরি তারিখের সিক্কা		৫,৬০০৲ টাকা
২৮৪৬		ঐ	১৮২৫	ঐ	৮ নবেম্বর		২,০০০৲
২৯২৪		ঐ	১৮২৫	ঐ	১৭ নবেম্বর		২,০০০৲
৫৭০১		ঐ	১৮২৬	ঐ	১৯ আগস্ট		৫,০০০৲
৬০৬৮ ঐ	১৫৯৬	ঐ	১৮২৬	ঐ	১৬ সেপ্টেম্বর		১,৭০০৲
২০৩৩ ঐ	৩৬৭৯	ঐ	১৮৩০	ঐ	২৬ সেপ্টেম্বর		২০,০০০৲
২০৩৩ ঐ	৩৬৮০	ঐ	ঐ	ঐ	ঐ		১০,০০০৲
৬৬০২ ঐ	৩৩০৭	ঐ	১৮২৬	ঐ	৪ অকটোবর		২,০০০৲
৪০১৯ ঐ	৪৪৩৭	ঐ	১৮২৮	ঐ	৩০ অক্টোবর		৫,০০০৲
৮১৮৮ ঐ	৪৬২৯	ঐ	১৮২৭	ঐ	১ মে		৮,০০০৲
৪৩৪৪ ঐ	৫৪০৪	ঐ	১৮২৬	ঐ	৮ ফেব্রুআরি		২,৫০০৲
২৪৯৯ ঐ	৫৬২৫	ঐ	১৮২৫	ঐ	২৫ অক্টোবর		২,০০০৲
৪৩৪৫ ঐ	৫৬৩২	ঐ	১৮২৬	ঐ	৮ ফেব্রুআরি		১০,০০০৲
৮৩৫৯ ঐ	৬৮৬১	ঐ	১৮২৭	ঐ	১৬ জুন		৩,০০০৲
৭৭৬৭ ঐ	৭৩৮৩	ঐ	১৮২৭	ঐ	১ মে		২,৪০০৲
১৫৮৮ ঐ	৭৫৩৪	ঐ	১৮৩১	ঐ	১৪ ডিসেম্বর		৩,০০০৲
৩৩৮০ ঐ	৭৯০৭	ঐ	১৮২৬	ঐ	৫ জানুআরি		৬০০৲
৩৩৮০ ঐ	৮০২২	ঐ	ঐ	ঐ	ঐ		১,২০০৲
৪৩৪৫ ঐ	৮৪৪৬	ঐ	১৮২৬	ঐ	৮ ফেব্রুআরি		৪,৭০০৲
৭২৬২ ঐ	৮৯৭৩	ঐ	১৮২৬	ঐ	২৩ ডিসেম্বর		৬,৫০০৲
৭৭৬৭ ঐ	৯২৬১	ঐ	১৮২৭	ঐ	১ মে		৭,৭০০৲
৫৩৭০ ঐ	১০০৫৮	ঐ	১৮২৬	ঐ	২ জুন		২,০০০৲
২০৩৭ ঐ	১০০৯৩	ঐ	১৮২৫	ঐ	২২ সেপ্টেম্বর		২,২০০৲
৮৫৩৩ ঐ	১০৪৫৭	ঐ	১৮২৭	ঐ	২ জুন		১,৬০০৲
						মোট	১,১১,৭০০৲

তৃতীয় শতকরা ৫৲ টাকার নোট। ১৮২৯। ৩০ সালের

১৯৮৬ নম্বরের	১০৩৮	নম্বর	১৮৩১	সালের	৩১ জানুআরি		১০,০০০৲
১৩৭৪ ঐ	১০৯৮	ঐ	১৮৩০	ঐ	১৭ নবেম্বর		৩,৬০০৲
১৯৯৩ ঐ	১১৩৮	ঐ	১৮৩১	ঐ	৩১ জানুআরি		৩,০০০৲
৯০৫০ ঐ	১৩৬৭	ঐ	১৮৩০	ঐ	১২ সেপ্টেম্বর		৫,০০০৲
২৯০২ ঐ			১৮৩০	ঐ	১ নবেম্বর		১,৪০০৲
১৬৬২ ঐ			১৮৩১	ঐ	১২ জানুআরি		৩,০০০৲
১৯৭৭ ঐ	৮০৮৯	ঐ	ঐ	ঐ	৩১ জানুআরি		৪০,০০০৲
৪৪৫৪ ঐ	১০০১	ঐ	১৮৩১	ঐ	২৩ ফেব্রুআরি		২,০০৭২০ন
১৯৭৬ ঐ	১০২১	ঐ	১৮৩১	ঐ	৩১ জানুআরি		২,[illegible]
১৯৭৬ ঐ	১ ২২	ঐ	ঐ	ঐ	ঐ		২[illegible]০০৲
						মোট	১,১[illegible]০০৲

তৃতীয় শতকরা ৪৲ টাকার নোট ১৮৩২। ৩৩ সালের

৫১১৮ নম্বর		১৮৩২	সালের ১ মে		[illegible]০০০৲
১১৯১৭ ঐ		ঐ	ঐ		১৫,০০০৲
১১৯২৮ ঐ		ঐ	ঐ		২,০০০৲
১১৯৩৬ ঐ		ঐ	ঐ		৫,০০০৲
১২২৪৫ ঐ		ঐ	ঐ		৫,০০০৲
২০ নম্বরের	৫ নম্বর	ঐ	ঐ		১২,০০০৲
৫০৭৩ ঐ	১১৩৩	ঐ	ঐ		৮,০০০৲
৬২২৮ ঐ	১৭১৯	ঐ	ঐ		৩,০০০৲
ঐ ঐ	১৭২০	ঐ	ঐ		১০,০০০৲
১১৭৭১ ঐ	৪৬৮৭	ঐ	ঐ		১০,০০০৲
				মোট	৩,০০০৲
					৭৩,০০০৲

চতুর্থ শতকরা ৪৲ টাকার নোট ১৮৩৫। ৩৬ সালের ৯৭৫১ নম্বরের ৫৫৩ নম্বর ১৮৩৬ সালের ৩১ মার্চ

৪৫ নোট মোট মূল্য ৭,০০০৲

৩,০৯,০০০৲

শ্রীলালা শিবরত্ন লাল। শ্রীযুত রাজা বিজয়গোবিন্দ সিংহ বাহাদুরের মোখ্তারকার।

কলিকাতা। ১৮৪৯ সাল ১০ মে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ১৫ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান মার্শমন সাহেবকর্তৃক মুদ্রিত হ[illegible]

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 22, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ২২ মে।

DRAFT OF ACT

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,

THE 8TH MARCH, 1849

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 8th of March, 1849

ACT No —— OF 1849

An Act for the Encouragement of Merchant Seamen

For the encouragement and protection of Merchant Seamen, It is enacted as follows

I The Master of any Vessel navigated from any port of Registry within the Territories under the Government of the East India Company, and registered as a British Vessel, under the Statutes of Parliament and Acts of the Governor General of India in Council, in force for the time being, for the Registry of British Vessels shall not carry to Sea any Seaman, as one of his Crew, (Apprentices excepted), unless he shall first make and enter into an agreement in writing with such Seaman, specifying what wages such Seaman is to receive, and the quantity and quality of provisions he is to receive, the capacity in which he is to act, or serve, and the voyage in which the Vessel is to be employed

II Every such agreement shall be in the form set forth in Schedule (A) annexed to this Act, or such other form as shall be from time to time approved by the Governor General of India in Council, and shall be properly dated, and shall be signed by the Master and Seamen respectively in the presence of the Registrar of Seamen, or by some one appointed by him for that purpose, who, after hearing the agreement read over and explained to

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল ৮ মার্চ।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ৮ মার্চ তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

বাণিজ্য জাহাজের খালাসীরদের প্রবৃত্তি জন্মাওনের আইন।

বাণিজ্য জাহাজের খালাসীরদের প্রবৃত্তি দেওন এবং রক্ষা করণার্থে নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। যে কোন জাহাজ ব্রিটনীয় জাহাজের রেজিষ্টরী করণের বিষয়ে সময়ক্রমে পার্লিমেণ্টের যে২ আইন ও শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের যে২ আইন চলন থাকে তাহার অনুসারে ব্রিটনীয় জাহাজ বলিয়া রেজিষ্টরী হইয়াছে এবং কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে রেজিষ্টরীসম্পর্কীয় কোন বন্দরহইতে বক্ত হয় সেই জাহাজের অধ্যক্ষ যদি কোন খালাসীর সঙ্গে লিখিত বন্দোবস্ত না করেন এবং ঐ খালাসীরা যে২ মাহিয়ানা পাইবেক এবং যত অথবা যে প্রকার আহারাদি পাইবেক এবং যে পদে নিযুক্ত হইবেক অথবা কর্ম্ম করিবেক এবং ঐ জাহাজ যে যাত্রাতে নিযুক্ত হইবেক তাহা ঐ বন্দোবস্তপত্রে নির্দ্দিষ্ট না করেন তবে আপ্রেণ্টিসছাড়া আপনার জাহাজী ব্যক্তির এক জনস্বরূপ কোন খালাসীকে সমুদ্রপথে লইয়া যাইবেন না ইতি।

২ ধারা। এই আইনের শেষের লিখিত A চিহ্নিত তফসীলে যে পাঠ নির্দ্দিষ্ট আছে অথবা সময়ক্রমে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে অন্য যে পাঠে সম্মত হন সেই পাঠানুসারে এইমত প্রত্যেক বন্দোবস্তপত্র লেখা যাইবেক এবং তাহাতে উপযুক্তমত তারিখ থাকিবেক এবং তাহাতে খালাসীরদের রেজিষ্ট্রার সাহেবের অথবা তাঁহার দ্বারা তন্নিমিত্তে নিযুক্ত অন্য সাহেবের সাক্ষাতে ঐ জাহাজের অধ্যক্ষ ও খালাসীরা দস্তখৎ করিবেন। এবং ঐ রেজিষ্ট্রার সাহেব প্রত্যেক খালাসীকে যে তাহা

each Seaman, in a language understood by him, shall, if the Seaman assent, cause him to put his signature or mark thereunto, and shall attest the same by his own signature, and shall keep record ed in his office a duplicate of such agreement executed and attested as aforesaid

III Every copy of such an agreement, certified by the Registrar to be a true copy, shall in all cases be taken as evidence of the contents thereof on behalf of the Seaman, and no Seaman shall in any case be required to produce such agreement, or such copy as aforesaid, or to give notice for the production thereof, but, if the agreement shall not be produced and proved, he shall be at liberty to prove the contents or purport thereof, or to es tablish his claim by other evidence according to the nature of the case

IV No Seaman, shipped under this Act, shall, by reason of any agreement, forfeit his lien upon the Ship, or be deprived of any remedy for the recovery of his wages to which he would otherwise be entitled against any person or persons whatever, and no agreement contrary to or inconsis tent with this Act, nor any clause, contract, or en gagement, whereby any Seaman shall consent or promise to forego, or give up any right or claim to wages in the case of Freight earned by a Ship afterwards lost, or any right or claim to salvage or reward for salvage services or such share of salvage or reward for salvage services as may be due to him by decree or award, or otherwise shall be binding on such Seaman

V The wages of any Seaman engaged to serve on any Vessel under this Act, shall be calculated by the calendar month

VI No Seaman shall be entitled to have more than one, two, or three months wages in advance when the destination of the Vessel is clearly specified, and does not extend beyond a Port, which is usually reached within those periods respectively, and if any dispute shall arise between the Master or Owner, and any Seaman as to the amount of advance to be received, the amount of such advance shall be determined by the Registrar, whose decision shall be final

VII If any Seaman, serving under the provisions of this Act, shall by a writing according to a form set forth in Schedule (B) annexed to this Act, or such other form as shall be from time to time approved by the Governor General of India in Council, attested by the signature of the Registrar or his Assistant, and by the signature of the Master of the Vessel on which he is engaged to serve, and in which writing the purpose shall be stated, authorise the said Registrar to receive monthly from the Owner of the said Vessel or his

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২২ মে।]

সে ব্যক্তি বুঝে সেই ভাষায় ঐ বন্দোবস্ত শুনাইয়া ও বুঝাইয়া দেওনের পর যদি ঐ খালাসী তাহাতে সম্মত হয় তবে তাঁহাকে তাহাতে আপনার সহী বা ঢেরা দিতে হুকুম করিবেন এবং তাহাতে আপনি দস্তখৎ করিবেন এবং ঐ বন্দোবস্তপত্রের এক নকল পূর্ব্বমতে লিখিত ও সাক্ষির দ্বারা সহী হইলে তাঁহার দফ্তরের রোয়দাদে থাকিবেক ইতি।

৩ ধারা। এমত বন্দোবস্তপত্রের যে প্রত্যেক নকল রেজিষ্ট্রার সাহেব যথার্থ নকলের ন্যায় সর্টিফিকট লিখেন তাহা ঐ খালাসীর পক্ষে প্রত্যেক গতিকে ঐ বন্দোবস্তপত্রের মর্ম্মের বিষয়ে সাক্ষ্যস্বরূপ গ্রাহ্য হইবেক এবং কোন গতিকে কোন খালাসীকে ঐ বন্দোবস্তপত্র অথবা পূর্ব্বোক্তমত প্রস্তুত হওয়া তাহার নকল দেখাইতে কি তাহা দাখিল করণের এত্তেলা দিতে হুকুম করা যাইতে পারিবেক না। কিন্তু যদি ঐ বন্দোবস্তপত্র দাখিল না হয় এবং প্রমাণ করা না যায় তবে ঐ খালাসী ঐ বন্দোবস্তের মর্ম্ম অথবা তাহার অভিপ্রায়ের প্রমাণ দিতে পারিবেক অথবা বিষয়বিশেষে অন্য কোন সাক্ষ্যের দ্বারা আপনার দাওয়া সাব্যস্ত করিতে পারিবেক ইতি।

৪ ধারা। এই আইনানুসারে যে খালাসী কোন জাহাজে নিযুক্ত হয় এমত কোন খালাসীর করা কোন বন্দোবস্তক্রমে জাহাজের উপর তাহার যে দাওয়া আছে তাহা লোপ হইতে পারে না অথবা কোন ব্যক্তি বা ব্যক্তিরদের স্থানে আপনার মাহিয়ানা পাইবার যে প্রতিকারের স্বত্ব আছে তাহা কোন বন্দোবস্তের দ্বারা লোপ হইতে পারে না। এবং এই আইনের বিরুদ্ধ কি তাহার অনৈক্য কোন বন্দোবস্তের দ্বারা কোন খালাসী বদ্ধ হইতে পারে না। যে জাহাজ পরে নষ্ট হয় সেই জাহাজের ভাড়ার সম্পর্কে খালাসীর যে মাহিয়ানার অধিকার কিম্বা দাওয়া থাকে কিম্বা জাহাজ রক্ষা করণের পুরস্কারের বিষয়ে কি জাহাজ রক্ষা করণের উদ্যোগের বিষয়ে পারিতোষিকের যে কোন স্বত্ব ও দাওয়া থাকে অথবা ডিক্রী কি ফয়সলা বা প্রকারান্তরে জাহাজ রক্ষা করণের পুরস্কারের বা জাহাজ রক্ষা করণের উদ্যোগের পারিতোষিকের যে অংশের স্বত্ব ও দাওয়া থাকে তাহা ত্যাগ করিতে যদি কোন খালাসী কোন নিয়ম বা চুক্তি কিম্বা বন্দোবস্তের দ্বারা অনুমতি করে কি অঙ্গীকার করে তবে তাহার দ্বারা ঐ খালাসী বদ্ধ থাকিবেক না ইতি।

৫ ধারা। এই আইনক্রমে যে খালাসী কোন জাহাজে কর্ম্ম করিতে বন্দোবস্ত করে সেই খালাসীর মাহিয়ানা কালেণ্ডর মাসক্রমে গণ্য হইবেক ইতি।

৬ ধারা। যে বন্দরে কোন জাহাজ যাইতেছে তাহা যখন স্পষ্ট নির্দ্দিষ্ট হয় এবং সেই বন্দরে সেই জাহাজ পঁহুছিতে সামান্যতঃ এক বা দুই কি তিন মাসের অধিক কাল লাগে না তখন কোন খালাসী এক বা দুই কি তিন মাসের অধিক মাহিয়ানার দাদনীর দাওয়া করিতে পারে না। এবং যদি জাহাজের অধ্যক্ষ কি জাহাজের মালিকের কোন খালাসীর সঙ্গে ঐ প্রাপ্য দাদনীর সংখ্যার বিষয়ে বিরোধ জন্মে তবে ঐ দাদনীর সংখ্যা রেজিষ্ট্রার সাহেবের দ্বারা নির্ণয় হইবেক. এবং তদ্বিষয়ে তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবেক ইতি।

৭ ধারা। এই আইনের বিধানের অনুসারে কর্ম্মকারি কোন খালাসী যদি এই আইনের শেষের লিখিত B চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট পাঠানুসারে অথবা সময়ক্রমে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনেরল বাহাদুর হজুর কৌন্সেলে অন্য যে পাঠ নির্দ্দিষ্ট করেন তদনুসারে এক লিপির দ্বারা রেজিষ্ট্রার সাহেবকে এই ক্ষমতা দেয় যে ঐ লিপিতে যে ব্যক্তি বা ব্যক্তিরা নিযুক্ত হইয়াছে তাহারদিগকে দেওনার্থে যে কালের নিমিত্তে আমি দাদনী পাই নাই সেই কালের নিমিত্তে আমার মাহিয়ানার তিন ভাগের এক ভাগের অনধিক টাকা উক্ত জাহাজের মালিক অথবা তাহার এজেণ্টের স্থানে মাসে২

Agent, any part of his wages, not exceeding one-third thereof, for the time for which he shall not have received any advance, for the purpose of paying the same to such person or persons as he may have appointed in such writing, the said Owner or his Agent shall on demand of the said Registrar pay such sum to him, to be applied as aforesaid, without requiring any proof from the said Registrar that the said Seaman is still on board the said Vessel

VIII All such payments whether by the Owner, his Agent or by the Registrar, shall cease from and after the production of a certificate from the Master of the Vessel of the death, desertion or discharge of the said Seaman, but no payment actually made by the Registrar to the party appointed by the said Seaman, shall be reclaimable by reason of his death, desertion, or discharge

IX All such receipts and payments shall be entered in a book, and all entries in the said book shall be authenticated by the Registrar under his signature, or the signature of his Assistant, and the said book shall be at all times open to the inspection of the parties concerned

X At the time of witnessing the execution of the agreement for service, the Registrar shall explain to the Seamen parties thereunto the conditions on which they can allot a part of their pay to their families during their service, and it shall be the duty of the Registrar to see that all Seamen leaving the Port have the option of allotting part of their pay as aforesaid

XI The Master of every such Vessel before leaving the port of Registry shall deliver to the Registrar a list signed by himself of the name of every Seaman engaged by him at that port (including Apprentices) with their rating and the number of their Register Tickets according to the form of Schedule (B) annexed to this Act, or such other form as shall be from time to time approved by the Governor General of India in Council, and, if he shall not have engaged any Seaman at that Port, the Master shall deliver to the Registrar a certificate of the fact signed by himself and on receiving the said list or certificate, and, on being satisfied of its truth, the Registrar shall give to the Master a certificate under his hand that the Master of such Vessel has complied with the regulations of the Registry Office

XII For the purpose of preventing any Seaman from being shipped on board of any Vessel in any Port of Registry, contrary to the provisions of this Act, the Registrar of the port by himself, or his Agents, in a peaceable manner may enter at any time on board of any such Vessel, and muster and examine the several Seamen employed therein, and any person, who shall ob-

লন্ তবে সেই জাহাজের মালিক অথবা তাহার এজেন্ট উক্ত রেজিষ্ট্রার সাহেব দাওয়া করিলে সেই টাকা পূর্ব্বোক্তমতে ব্যয় হওনার্থে তাঁহাকে দিবেন এবং ঐ খালাসী এক্ষণেও উক্ত জাহাজে খাটিতেছে ইহার কোন প্রমাণ ঐ রেজিষ্ট্রার সাহেবের স্থানে চাহিবেন না। উক্ত লিপিতে রেজিষ্ট্রার সাহেব কি তাঁহার আসিষ্টাণ্টের এবং খালাসী যে জাহাজে খাটিতে অঙ্গীকার করিয়াছে সেই জাহাজের মালিকের সহী থাকিবেক এবং যে অভিপ্রায়ে ঐ লিপি দেওয়া গেল তাহা ঐ লিপির মধ্যে নির্দ্দিষ্ট থাকিবেক ইতি।

৮ ধারা। জাহাজের মালিক উক্ত খালাসীর মরণ কি পলায়ন কিম্বা তগীর হওনের এক সর্টিফিকট যে সময়ে দাখিল করেন সেই সময়অবধি এবং তাহার পর ঐ জাহাজের মালিক কিম্বা তাহার এজেন্ট অথবা রেজিষ্ট্রার সাহেবের দ্বারা সেইরূপ আর কোন টাকা দেওয়া যাইবেক না। কিন্তু ঐ খালাসী যে ব্যক্তিকে টাকা লইতে নিযুক্ত করিয়াছিল সেই ব্যক্তিকে রেজিষ্ট্রার সাহেব যে টাকা নিতান্ত দিয়াছেন তাহা ঐ খালাসীর মৃত্যু বা পলায়ন অথবা তগীর হওনেতে ফিরিয়া পাইবার দাওয়া হইতে পারিবেক না ইতি।

৯ ধারা। এইরূপ সকল রসীদ ও দেওয়া টাকা এক বহীর মধ্যে লেখা যাইবেক এবং ঐ বহীর মধ্যে যে কিছু লেখা যায় তাহা প্রমাণ হওনার্থে রেজিষ্ট্রার সাহেব কি তাঁহার আসিষ্টাণ্ট তাহাতে সহী করিবেন এবং সেই বিষয়ে যে২ ব্যক্তি লিপ্ত আছে তাহারদের তদারক করণার্থে সেই বহী নিয়ত খোলা থাকিবেক ইতি।

১০ ধারা। যখন রেজিষ্ট্রার সাহেব চাকরীর বন্দোবস্তপত্রে সাক্ষিস্বরূপ আপনার নাম লেখেন তখন ঐ সাহেব যে২ নিয়মক্রমে খালাসী চাকরী করণের সময়ে আপন২ পরিবারেরদিগকে তাহারদের মাহিয়ানার কতক ভাগ অর্পণ করিতে পারে তাহা ঐ২ খালাসীকে বুঝাইয়া দিবেন এবং রেজিষ্ট্রার সাহেবের কর্ত্তব্য যে বন্দরহইতে যত খালাসী যায় তাহারদিগকে বিশেষরূপে জ্ঞাত করেন যে তাহারা চাহিলে পূর্ব্বোক্তমতে তাহারদের মাহিয়ানার এক ভাগ তাহারা অর্পণ করিতে পারে ইতি।

১১ ধারা। ঐরূপ প্রত্যেক জাহাজের অধ্যক্ষ রেজিষ্টরীর বন্দরহইতে গমনের পূর্ব্বে আপ্রেণ্টিসসমেত ঐ বন্দরে তিনি যত খালাসীকে আপন জাহাজে নিযুক্ত করিয়াছেন তাহারদের নামের এবং তাহারদের মাহিয়ানার এবং এই আইনের শেষের লিখিত B চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট পাঠানুসারে অথবা সময়ক্রমে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে অন্য যে পাঠ নির্দ্দিষ্ট করেন তদনুসারে লিখিত তাহারদের রেজিষ্টরী টিকিটের নম্বর এক ফর্দ্দে লিখিয়া এবং তাহাতে দস্তখৎ করিয়া তাহা রেজিষ্ট্রার সাহেবকে দিবেন। এবং ঐ জাহাজের অধ্যক্ষ যদি ঐ বন্দরে কোন খালাসীকে নিযুক্ত না করিয়া থাকেন তবে তিনি সেই কথা এক সর্টিফিকটের মধ্যে লিখিয়া তাহাতে দস্তখৎ করিবেন এবং তাহা রেজিষ্ট্রার সাহেবকে দিবেন। এবং রেজিষ্ট্রার সাহেব ঐ ফর্দ্দ অথবা ঐ সর্টিফিকট পাইলে এবং তাহার সত্যতার বিষয়ে তাঁহার হৃদ্বোধ হইলে তিনি ঐ জাহাজের অধ্যক্ষকে আপনার দস্তখৎকরা এইমত এক সর্টিফিকট দিবেন যে ঐ জাহাজের অধ্যক্ষ রেজিষ্টরী দফতরের সকল নিয়ম প্রতিপালন করিয়াছেন ইতি।

১২ ধারা। রেজিষ্টরীর বন্দরে কোন জাহাজে কোন খালাসী এই আইনের বিধির বিরুদ্ধে নিযুক্ত না হয় এ নিমিত্তে ঐ বন্দরের রেজিষ্ট্রার সাহেব স্বয়ং কিম্বা তাঁহার এজেন্টেরা কোন সময়ে শিষ্টরূপে ঐপ্রকার কোন জাহাজের মধ্যে প্রবেশ করিতে পারেন এবং ঐ জাহাজে নিযুক্ত নানা খালাসীরদিগকে গণনা করিতে এবং জিজ্ঞাসাবাদ করিতে পারেন এবং এইরূপ কর্ম্ম করণেতে ঐ রেজিষ্ট্রার সাহেবের অথবা তাঁহার এজেন্টেরদিগের যে

struct the said Registrar or his Agents in such duty, shall be liable to a penalty not exceeding One Hundred Rupees

XIII In cases when the Registrar shall have reason to believe that any of the provisions of this Act has been evaded or neglected by the Master, Owner or Agent of any Ship about to go to sea, the Registrar, by a writing under his hand, may order the Pilot not to move with such Ship until leave is given by the Master Attendant, and every Pilot in charge of an outward bound Ship shall obey the written order of the Registrar in this respect

XIV The Master of every such Vessel, on which any Seamen, engaged under this Act, may be serving, shall, within seven days after the arrival of such Vessel at the Port, where the voyage ends, according to the agreement entered into in accordance with this Act, pay or cause to be paid to such Seamen the wages remaining due to them for their services during the said voyage, taking a receipt from each man for the amount paid to him, either separately or on a general list, which receipt shall be certified by the Chief or Second Officer, or other credible witness and otherwise shall be of no force or validity

XV If any Seaman, to whom any wages are due, die before the wages due have been paid, then the wages shall be paid to the Registrar, and the Registrar shall pay the same to his legal representative, and failing such legal representative, after the expiration of twelve months, from the First of January next ensuing from the day on which he shall have received the said balance, into the Treasury of the East India Company, after having given due notice of such unclaimed balance being in his possession, by advertisement in the Gazette, at least twice during such period

XVI Every Master of a Vessel, who shall be convicted before a Magistrate of having neglected to pay to the Registrar within ten days of the Ship's arrival in the Port as aforesaid, the wages due to deceased Seamen, shall forfeit three times the amount of wages so neglected to be paid And further shall be subject to such fine not exceeding One Hundred Rupees for each case of neglect, as to such Magistrate shall seem fit

XVII The Master Attendant at every Port shall be bound to furnish, on application, to any Seaman belonging to any Vessel, whose voyage is ended, or which has been safely anchored for forty eight hours, a certificate of the fact, and no Master or Owner of any Vessel so certified, shall detain any Seaman, not being a Mate, Gunner, or Steward, against his will, who has served the time for which he has received the regulated advance

XVIII If any Vessel on board of which there shall be any Seaman, who has received an advance under this Act, shall, before going on the

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪১। ২২ মে।]

কেহ প্রতিবন্ধকতা করে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

১৩ ধারা। যখন রেজিষ্ট্রার সাহেবের ইহা বোধ করিবার কারণ জন্মে যে সমুদ্রে গমনশীল জাহাজের অধ্যক্ষ কি মালিক অথবা এজেণ্ট এই আইনের কোন বিধান এড়াইয়াছেন কি তাহা প্রতিপালন করেন নাই তখন ঐ রেজিষ্ট্রার সাহেব আপনার দস্তখৎকরা এক লিপির দ্বারা যাবৎ মাষ্টর এটেণ্ডাণ্ট সাহেবের অনুমতি না হয় তাবৎ ঐ জাহাজ সরাইতে কোন আড়কাটিকে নিষেধ করিতে পারেন। এবং সমুদ্রে গমনশীল জাহাজ যে আড়কাটির জিম্মায় থাকে সেই আড়কাটি এই বিষয়ে রেজিষ্ট্রার সাহেবের লিখিত হুকুম প্রতিপালন করিবেন ইতি।

১৪ ধারা। এই আইনানুসারে নিযুক্ত কোন খালাসী যে জাহাজে কর্ম্ম করিতেছে সেই জাহাজের অধ্যক্ষ যে বন্দরে যাত্রার শেষ হয় সেই বন্দরে ঐ জাহাজের পঁহুছনের পর সাত দিনের মধ্যে এই আইনক্রমে করা বন্দোবস্তের অনুসারে ঐ যাত্রায় ঐ২ খালাসীর মেহনতের জন্যে যে মাহিয়ানা বাকী থাকে তাহা ঐ খালাসীকে দিবেন বা দেওয়াইবেন। এবং প্রত্যেক ব্যক্তিকে যে টাকা দেওয়া যায় তাহার বিষয়ে তাহার স্থানে আলাহিদারূপে কি সাধারণ ফর্দ্দে এক রসীদ লইবেন এবং ঐ রসীদ জাহাজের প্রথম কি দ্বিতীয় মালিম অথবা অন্য বিশ্বাসযোগ্য সাক্ষী সাব্যস্ত করিবেন নতুবা তাহা বিফল ও বাতিল হইবেক ইতি।

১৫ ধারা। যে খালাসীর কোন মাহিয়ানা পাওনা থাকে সেই খালাসী যদি মাহিয়ানা পাইবার পূর্ব্বে মরে তবে ঐ মাহিয়ানা রেজিষ্ট্রার সাহেবের হাতে দেওয়া যাইবেক এবং ঐ রেজিষ্ট্রার সাহেব সেই খালাসীর আইনমত স্থলাভিষিক্ত ব্যক্তিকে তাহা দিবেন এবং তাহার ঐরূপ আইনমত স্থলাভিষিক্ত ব্যক্তি না থাকিলে যে দিবসে রেজিষ্ট্রার সাহেব ঐ টাকা পাইয়াছিলেন তাহার পর ১ জানুআরি তারিখঅবধি বারো মাস শেষ হইলে ঐ অবশিষ্ট টাকা কোম্পানি বাহাদরের খাজানাখানায় দাখিল করিবেন কিন্তু তাহার পূর্ব্বে অন্যূন দুইবার ঐ দাওয়া না হওয়া টাকা তাঁহার স্থানে থাকনের বিষয়ে গেজেটে ইশ্‌তিহারের দ্বারা উপযুক্ত এত্তেলা দিবেন ইতি।

১৬ ধারা। জাহাজের যে অধ্যক্ষের এই অপরাধ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হয় যে তিনি পূর্ব্বোক্ত মত বন্দরে জাহাজ পঁহুছনের পর দশ দিনের মধ্যে মৃত খালাসীর পাওনা মাহিয়ানা রেজিষ্ট্রার সাহেবকে দিতে ক্রটি করিয়াছেন সেই জাহাজের অধ্যক্ষ যে মাহিয়ানা দিতে এইরূপ ক্রটি করিয়াছিলেন তাহার তিনগুণ জরীমানা দিবেন এবং আরো মাজিষ্ট্রেট সাহেব যেমত উচিত বুঝেন সেইমতে প্রত্যেক ক্রটির বিষয়ে ঐ অধ্যক্ষের এক শত টাকার অনধিক জরিমানা করিতে পারেন ইতি।

১৭ ধারা। প্রত্যেক বন্দরের মাষ্টর এটেণ্ডাণ্ট সাহেবের প্রতি হুকুম হইল যে যে জাহাজের যাত্রা শেষ হইয়াছে অথবা যে জাহাজ আটচল্লিশ ঘণ্টাপর্য্যন্ত নির্ব্বিঘ্নে নঙ্গর করিয়া আছে সেই জাহাজের কোন খালাসীকে তাহার দরখাস্তক্রমে সেই বিষয়ের সর্টিফিকট দেন। এবং যে জাহাজের বিষয়ে এইরূপ সর্টিফিকট হয় সেই জাহাজের অধ্যক্ষ অথবা মালিক "মেট" কি "গনর" কিম্বা "ষ্টুয়ার্ড" এই২ প্রকার ব্যক্তিভিন্ন যে কোন খালাসী যে মিয়াদের জন্যে নিয়মিত দাদন পাইয়াছিল সেই মিয়াদপর্য্যন্ত খাটিয়াছে তাহাকে তাহার ইচ্ছার বিরুদ্ধে জাহাজে আটক রাখিবেন না ইতি।

১৮ ধারা। যে কোন খালাসী এই আইনানুসারে কোন দাদন পাইয়াছে এমত খালাসী যে জাহাজে থাকে সেই জাহাজ যে যাত্রার জন্যে ঐ দাদন দেওয়া গিয়াছে

voyage for which such advance shall have been paid, be destroyed or injured by fire or other cause so as to prevent her going on her then intended voyage, or if such voyage shall be discomfited at the beginning, the Master, Owner, or Agent of such Vessel may demand from such Seaman, unless he shall pay back the amount so advanced to him, service to the full amount of the advance received by him, on board of any other Vessel, and such Seaman, until he has worked out such advance, shall not be entitled, without the consent of such Master, Owner, or Agent, to take service in any Vessel other than that on which he is so required to serve, and any such Seaman, who, on being taken to the Registrar either for the purpose of such transfer or for employment in another Vessel, shall refuse to go on board such Vessel, or to sign such agreements as are required by this Act, on summary conviction of such refusal before any Magistrate or Justice of the Peace, shall be liable to be imprisoned with hard labour for any term not exceeding six months

সেই যাত্রায় গমনের পূর্ব্বে যদি বিনষ্ট হয় অথবা অগ্নি কি অন্য কোন কারণপ্রযুক্ত তাহার এইমত ক্ষতি হয় যে কল্পিত যাত্রায় গমন করিতে পারে না অথবা সেই যাত্রার আরম্ভ সময়ে তাহা বিফল হয় তবে সেই জাহাজের অধ্যক্ষ কি মালিক কিম্বা এজেন্ট ঐ মত খালাসীর উপর এইমত দাওয়া করিতে পারেন যে ঐ ব্যক্তি যে দাদন পাইয়াছিল সেই দাদন ফিরিয়া দেয় অথবা যত দাদন পাইয়াছিল তাহার সম্পূর্ণ সংখ্যার তুল্য অন্য কোন জাহাজে খাটে। এবং ঐ খালাসী যাবৎ খাটনের দ্বারা ঐ দাদন পরিশোধ না করে তাবৎ ঐ জাহাজের অধ্যক্ষ কি মালিক অথবা এজেন্টের অনুমতি বিনা যে জাহাজে তাহাকে খাটিবার হুকুম হইয়াছিল সেই জাহাজভিন্ন অন্য জাহাজে খাটিতে পারিবেক না। এবং এইমত যে কোন খালাসীকে এইরূপ অর্পণ হওনের জন্যে অথবা অন্য জাহাজে নিযুক্ত হওনের জন্য রেজিষ্ট্রার সাহেবের নিকটে লওয়া যায় সেই খালাসী যদি সেই জাহাজে যাইতে অথবা এই আইনের হুকুমমত বন্দোবস্তপত্রে সহী করিতে স্বীকার না করে তবে সেই অস্বীকার সরাসরীমতে কোন মাজিষ্ট্রেট সাহেব কি জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি ছয় মাসের অনধিক কাল কঠিন পরিশ্রমবিশিষ্ট কয়েদ হওনের যোগ্য হইবেক ইতি।

XIX The Registrar of Seamen may grant from time to time to such persons as he may deem fit, a license to act as broker for procuring Seamen for Vessels shipping men under this Act, and also may revoke and annul such license on the misconduct of any such person and every such license shall be granted for such term upon such conditions and upon such security given, as the said Registrar shall from time to time appoint

১৯ ধারা। খালাসীরদের রেজিষ্ট্রার সাহেব যাহারদিগকে উচিত বোধ করেন এমত ব্যক্তিরদিগকে সময়ক্রমে এই আইনানুসারে যে২ জাহাজে খালাসী গ্রহণ হয় সেই২ জাহাজের জন্য খালাসী যোটাইবার দালালী কর্ম্ম করিতে পাট্টা দিতে পারেন এবং ঐ ব্যক্তি দুষ্কর্ম্ম করিলে সেই পাট্টা রদ ও বাতিল করিতে পারেন। এবং সময়ক্রমে ঐ রেজিষ্ট্রার সাহেব যে মিয়াদ ও যে নিয়ম এবং যে জামিন নিরূপণ করেন সেই মিয়াদের জন্যে এবং সেই নিয়মক্রমে এবং সেই জামিন লইয়া ঐ পাট্টা দেওয়া যাইবেক ইতি।

XX Every person not licensed as aforesaid, and not being the Owner, part Owner, Master, or person in charge of the Vessel, on board which the men are to serve, who shall hire, engage, supply, or provide a Seaman to be entered on board any Merchant Ship, at any Port of Registry, and every person, whether licensed or not, other than the Owner, part Owner, Master, or person in charge of the Merchant Ship on board of which the men are to serve, who shall demand or obtain the Register ticket of any Seaman, for the purpose or under the pretence of engaging him on board of any Merchant Ship, shall be liable to a penalty not exceeding Five Hundred Rupees

২০ ধারা। যে প্রত্যেক ব্যক্তি পূর্ব্বোক্তমতে পাট্টা না পাইয়া এবং যে জাহাজে খালাসীরা চাকরী করিতে স্বীকার করিয়াছে সেই জাহাজের মালিক কি এক অংশের মালিক কিম্বা অধ্যক্ষ অথবা জাহাজ যাঁহার জিম্মায় থাকে এমত ব্যক্তি না হইয়া কোন রেজিষ্টরী বন্দরে কোন বাণিজ্য জাহাজে নিযুক্ত হওনার্থে কোন খালাসীকে কেরায়া করে কি তাহার সঙ্গে বন্দোবস্ত করে বা তাহাকে যোটায় বা প্রস্তুত করে এবং যে বাণিজ্য জাহাজের উপর খালাসীরা চাকরী করিতে স্বীকার করিয়াছে সেই জাহাজ যাঁহার জিম্মায় আছে তিনি কিম্বা সেই জাহাজের মালিক বা এক অংশের মালিক কিম্বা অধ্যক্ষছাড়া যে কোন ব্যক্তি পাট্টাদার হউক বা না হউক কোন বাণিজ্য জাহাজে কোন খালাসীকে নিযুক্ত করণের অভিপ্রায় বা তাহার ছলে ঐ খালাসীর রেজিষ্টরী টিকিট প্রাপ্ত হয় সেই ব্যক্তি পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

XXI Every Ghaut Serang, Crimp or other person, who shall persuade or endeavour to persuade, or hinder any Seaman from complying with any of the provisions of this Act, or who shall counsel such Seaman to desert, or who shall conceal, or aid in concealing or maintaining any Seaman, who has deserted, shall be liable to a penalty not exceeding Five Hundred Rupees

২১ ধারা। যে ঘাটের সারাঙ্গ বা দালাল কি অন্য ব্যক্তি এই আইনের কোন বিধির মতাচরণ না করিতে কোন খালাসীকে পরামর্শ দেয় বা পরামর্শ দিতে উদ্যোগ করে বা আইন প্রতিপালন করণের প্রতিবন্ধকতা করে অথবা যে কোন ব্যক্তি কোন খালাসীকে পলায়ন করিতে পরামর্শ দেয় কি যে খালাসী পলায়ন করিয়াছে তাহাকে আশ্রয় দেয় অথবা আশ্রয় দেওনের বা খোরাক দিবার সাহায্য করে সেই ব্যক্তি পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

XXII. Any parents or guardians having the lawful charge of any boy, who has attained the age of twelve years, may bind him by Indenture,

২২ ধারা। বারো বৎসর বয়ঃপ্রাপ্ত কোন বালকের পিতামাতা অথবা আইনমতে যে ব্যক্তি তাহার রক্ষক হয় সেই ব্যক্তি এই আইনের শেষের লিখিত B চিহ্নিত তফ-

[*Government Gazette, 22d May*, 1849]

of the form set forth in Schedule (B) annexed to this Act, or such other form as shall be from time to time approved by the Governor General of India in Council, to be an Apprentice in the Sea Service, to any Owner of such Vessel as aforesaid, for a term not exceeding five years, nor less than three years

XXIII Every such Indenture shall be executed by the contracting parties in the presence of the Registrar, who, on the personal appearance of the Apprentice, shall countersign the same, and make an entry thereof, with all the particulars of the said binding in a book to be kept for that purpose, and shall endorse such entry on the said Indenture, and the said Registrar shall be entitled to demand such fee for every such entry, as may be fixed by the Governor or Governor in Council of the Presidency or place, and shall be entitled to withhold such Indenture till such fee be paid

XXIV No Master of any Vessel, sailing under the provisions of this Act, shall carry to sea any Apprentice from any Port of Registry, until he shall have obtained such Indenture in the manner herein provided, and in case of default shall be liable to a penalty not exceeding Five Hundred Rupees

XXV All Indentures under this Act shall cease to be binding when the Apprentice has attained his legal age of majority, but, if any apprenticeship end during a voyage, and before the Ship's return to the Port of departure, such Apprentice shall notwithstanding continue until the return of the Ship to the said Port, but, after one calendar month from the end of such apprenticeship, the Apprentice shall receive the same wages as a Seaman of the Ship according to his qualifications

XXVI Any Magistrate or Justice of the Peace, residing at, or near any Port within the Territories subject to the East India Company, to which any such Vessel, having on board any Apprentice, shall at any time arrive, shall have full power to hear, and determine all claims of Apprentices upon their Masters under their Indentures, and all complaints of ill usage by their respective Masters toward any such Apprentices, or of misbehaviour on the part of any such Apprentices, and, if it shall appear to such Magistrate or Justice of the Peace, after due enquiry, that either party has been guilty of misbehaviour toward the other, he shall record a summary conviction of the same, and in his discretion may cancel the Indentures, and levy a fine not exceeding two hundred Rupees on the offender, any part of which he may give by an order in writing, by way of amends to the party injured Provided always, in case of the Indentures being cancelled, that the Magistrate or Justice of the Peace shall forthwith send them to the Registrar of the port at which they were executed

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪১। ২২ মে।]

সীলের পাঠ অথবা সময়ক্রমে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে অন্য যে পাঠ নির্দ্দিষ্ট করেন তদনুসারে একরারনামার দ্বারা ঐ বালককে সমুদ্রের কার্য্যে আপ্রেণ্টিসস্বরূপ পাঁচ বৎসরের অধিক না হয় এবং তিন বৎসরের কম না হয় এমত মিয়াদের জন্য পূর্ব্বোক্তমতে কোন জাহাজের অধ্যক্ষের নিকটে বদ্ধ করিতে পারে ইতি।

২৩ ধারা। এমত প্রত্যেক একরারনামাতে বন্দোবস্তকারি ব্যক্তিরদের দ্বারা রেজিষ্টর সাহেবের সম্মুখে সহী হইবেক এবং ঐ আপ্রেণ্টিস স্বয়ং তাঁহার নিকটে উপস্থিত হইলে তিনি তাহাতে স্বয়ং দস্তখৎ করিবেন এবং ঐ একরারনামা এবং তাহার সকল বৃত্তান্ত তন্নিমিত্তে প্রস্তুত হওয়া এক বহীর মধ্যে লিখিয়া রাখিবেন এবং ঐ একরারনামার পৃষ্ঠে লিখিবেন যে তাহা বহীর মধ্যে তোলা গিয়াছে এবং এমত প্রত্যেক বহীর মধ্যে লিখনের জন্যে সেই রাজধানীর বা স্থানের শ্রীযুত গবরনর সাহেব বা শ্রীযুত গবরনর বাহাদুর হজুর কৌন্সেলে যে রসুম নির্দ্দিষ্ট করেন সেই রসুম ঐ রেজিষ্টর সাহেব লইবেন এবং যাবৎ ঐ রসুম না দেওয়া যায় তাবৎ রেজিষ্টর সাহেব ঐ একরারনামা আপনার হাতে রাখিতে পারেন ইতি।

২৪ ধারা। এই আইনের বিধির অনুসারে যে জাহাজ সমুদ্রে গমন করে সেই জাহাজের অধ্যক্ষ যাবৎ এই আইনের নির্দ্দিষ্টমতে ঐ একরারনামা না পান তাবৎ ঐ জাহাজের অধ্যক্ষ রেজিষ্টরী কোন বন্দরহইতে কোন আপ্রেণ্টিস সমুদ্রপথে লইয়া যাইতে পারিবেন না এবং তাহার বিষয় ত্রুটি করিলে সেই ব্যক্তি পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

২৫ ধারা। এই আইনানুসারে যে সকল একরারনামা লেখা যায় তাহা ঐ আপ্রেণ্টিস আইনমতে বয়ঃপ্রাপ্ত হইলে আর প্রবল থাকিবেক না। কিন্তু যদি এমত কোন আপ্রেণ্টিসী বন্দোবস্তের মিয়াদ যাত্রার সময়ে এবং যে বন্দরহইতে জাহাজ রওয়ানা হইয়াছিল সেই বন্দরে জাহাজ পুনর্ব্বার না আসিতে২ সমাপ্ত হয় তবে ঐ আপ্রেণ্টিস জাহাজের ঐ বন্দরে পঁহুছনপর্য্যন্ত সেই জাহাজে কর্ম্ম করিতে থাকিবেক। কিন্তু ঐ আপ্রেণ্টিসের বন্দোবস্ত সমাপ্ত হওনের এক কালেণ্ডর মাস পরে ঐ আপ্রেণ্টিস আপনার যোগ্যতানুসারে ঐ জাহাজের খালাসীর তুল্য মাহিয়ানা পাইবেক ইতি।

২৬ ধারা। যে জাহাজের উপর এইমত কোন আপ্রেণ্টিস থাকে সেই জাহাজ কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে কোন সময়ে কোন বন্দরে পঁহুছিলে সেই বন্দর বা সেই বন্দরের নিকট নিবাসী কোন মাজিষ্ট্রেট কিম্বা জুষ্টিস অফ দি পীস সাহেব আপন২ একরারনামাক্রমে আপন২ মনিবের উপর ঐ আপ্রেণ্টিসেরদের যে কোন দাওয়া থাকে এবং ঐ মনিবের ঐ আপ্রেণ্টিসেরদের প্রতি অন্যায়াচরণের বিষয়ে যে সকল নালিশ থাকে অথবা ঐ আপ্রেণ্টিসের কুক্রিয়ার বিষয়ে তাহার মনিবেরদের যে কোন নালিশ থাকে তাহা শুনিতে ও নিষ্পত্তি করিতে সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন। এবং যদি ঐ মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীস সাহেবের যথোচিত তদারকের পর দৃষ্ট হয় যে পরস্পর পরস্পরের প্রতি কোন কুব্যবহার করিয়া থাকে তবে তাহা সরাসরীমতে সাব্যস্ত হইয়াছে ইহা রোয়দাদের মধ্যে লিখিবেন এবং আপনার বিবেচনাক্রমে ঐ একরারনামা রাতিল করিতে পারেন এবং অপরাধি ব্যক্তির দুই শত টাকার অনধিক জরীমানা করিতে পারেন এবং লিখিত হুকুমের দ্বারা ঐ জরীমানার কোন ভাগ ক্ষতিগ্রস্ত ব্যক্তির ক্ষতি পূরণার্থে তাহাকে দিতে পারেন। কিন্তু যদি ঐ একরারনামা রদ হয় তবে ঐ মাজিষ্ট্রেট সাহেব কি জুষ্টিস অফ দি পীস সাহেব তৎক্ষণাৎ যে বন্দরে তাহা লিখিত হইয়াছিল সেই বন্দরের রেজিষ্ট্রার সাহেবের নিকটে তাহা ফিরিয়া পাঠাইবেন ইতি।

XXVII. Any Master of any such Vessel, who shall refuse or neglect without reasonable cause to send on shore, in charge of the Mate or other trustworthy person, any Apprentice desirous of complaining to a Magistrate, so soon as the service of the Vessel will allow, shall be liable to a penalty not exceeding One Hundred Rupees

XXVIII If a Seaman, whether before or during any voyage, shall at any time neglect or refuse to join the Vessel, on board of which he shall have engaged to serve, or shall refuse to go to sea in such Vessel, or shall absent himself therefrom without leave, or shall desert, any Justice of the Peace or Magistrate in the Territories under the Government of the East India Company at or near to the place, where such Vessel shall happen to be or where such Seaman shall be found, upon complaint made upon oath, by the Master, Mate, or Owner, or his Agent, may issue his warrant and cause such Seaman to be taken into custody and brought before him, and, upon due proof of such neglect, refusal, or absence, without reasonable excuse, or of desertion, may commit such Seaman to prison, or to the House of Correction, there to be imprisoned with or without hard labour for a term not exceeding thirty days, or, if he shall think fit, at the request of the Master, Mate, or Owner, or his Agent, instead of committing such Seaman, may cause him to be taken on board the said vessel, or to be delivered to the Master, Mate or Owner or his Agent, for the purpose of being so taken and going on the voyage, and also may award to the Master, or Owner, or his Agent, such costs incurred in the apprehension of the Seaman, as to such Justice or Magistrate shall seem reasonable, not exceeding in any case the sum of twenty Rupees, which shall be chargeable against, and may be deducted from the wages of such Seaman

[To be continued]

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

LEAVES OF ABSENCE

The 16th May, 1849

Moulvee Abdool Jubbar, Moonsiff of Sundeep, Zillah Chittagong, for seven days in extension of the leave granted on the 11th instant

The 18th May, 1849

Mr R Finney, Moonsiff of 2d Town Division, Zillah Chittagong, for one month from the 1st proximo

The unexpired portion, viz, eleven days, of the leave of absence for six months, granted on the 21st December last, to Baboo Nobinchunder Mitter, Moonsiff of Rajapore, Zillah Hooghly, is cancelled at his own request

B J COLVIN, *Register*

[*Government Gazette*, 22d *May*, 1849]

২৭ ধারা। যে আপ্রেন্টিস মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নালিশ করিতে চাহে যদি কোন জাহাজের অধ্যক্ষ জাহাজের কর্ম্মের যখন ব্যাঘাত হইবেক না এমত সময়ে তাহাকে কোন মালিম বা অন্য কোন বিশ্বস্ত ব্যক্তির জিম্মা করিয়া উপযুক্ত কারণবিনা কিনারায় পাঠাইতে ত্রুটি বা অস্বীকার করেন তবে তিনি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

Moonshee Fuzlool Kureem, and *Moonshee Buzlool Ruheem,* } *Petitioners*

In an action for mesne profits instituted by Budun Bibee, (Plaintiff) against the petitioners, estimated at Co's Rs 52,655 14 2 2 cowrees, an Ameen having been deputed to enquire into their amount by the Lower Court, the Principal Sudder Ameen of the 24 Pergunnahs directed that stamp fees for exhibits and for the list of witnesses, filed before the Ameen, should be paid according to

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তিহওয়া সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৪৯ সাল ৩ আপ্রিল।

খাতকের বিরুদ্ধে ডিক্রী জারী করণার্থে সম্পত্তি নীলামের ইশতিহার হইলে সেই সম্পত্তির উপর যাহারা দাওয়া করে তাহারা ডিক্রীর টাকা আমানৎ করিয়া সেই সম্পত্তি খালাস করিতে পারে না।

দয়াময়ী চৌধুরাইন ও জগদম্বা চৌধুরাইন দরখাস্ত-কারিণী।

তারাপ্রসাদ রায় চৌধুরীর পক্ষে যে ডিক্রী হইল তাহা জারীক্রমে মেদিনীপুর ও যশোহর জিলাস্থিত কতক ভূমি চব্বিশপরগনার জজ সাহেবের হুকুমক্রমে ক্রোক হইল।

দরখাস্তকারিণীরা কহিল যে ঐ সম্পত্তি আমরা খরীদ করিয়াছি এবং তাহা আমারদের।

জিলা মেদিনীপুরের জজ সাহেব তাহারদের দাওয়া নামঞ্জুর করিলেন এবং সদর দেওয়ানী আদালতে তাহার উপর আপীল হওয়াতে তাঁহার ঐ হুকুম বহাল হইল।

তৎপরে দরখাস্তকারিণীরা ঐ ভূমির নীলাম না হয় এ নিমিত্তে ডিক্রীদারের পাওনা সকল টাকা মেদিনীপুর জিলার জজ সাহেবের নিকটে আমানৎ করিল এবং তিনি আপনার এলাকার মধ্যে ভূমি নীলাম স্থগিত করিয়া ঐ টাকা জিলা চব্বিশপরগনার জজ সাহেবের নিকটে পাঠাইলেন।

কিন্তু যশোহর জিলার ভূমি ১৮৪৯ সালের ৫ মার্চ তারিখে নীলাম হইবার ইশতিহার দেওয়া গিয়াছিল। অতএব দরখাস্তকারিণীরা চব্বিশপরগনার জজ সাহেবের নিকটে তাহা স্থগিত করিতে দরখাস্ত করিল কিন্তু ডিক্রীদার কহিল যে দরখাস্তকারিণীরদের উপর আমার কোন দাওয়া নাই কিন্তু যে ব্যক্তির বিরুদ্ধে ডিক্রী হইয়াছে কেবল তাহার উপর আমার দাওয়া আছে আমি দরখাস্তকারিণীরদের টাকা লইব না এবং যাহারদের বিরুদ্ধে ডিক্রী হইয়াছে সেই ডিক্রী তাহারদের সম্পত্তির উপর জারী করিব। তাহাতে জজ সাহেব সেই নীলাম স্থগিত করিতে স্বীকার করিলেন না।

জজ সাহেব ১৮৪৯ সালের ৯ ফেব্রুআরি তারিখে ঐ হুকুম দিলেন এবং দরখাস্তকারিণীরা তাহার উপর সদর দেওয়ানী আদালতে আপীল করিল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত জাকসন সাহেব হুকুম করিলেন যে " জিলার জজ সাহেবের হুকুম " যথার্থ হইয়াছে এবং তাহাতে হস্তক্ষেপ করণের কোন " কারণ নাই।" দরখাস্ত নামঞ্জুর হইল।

১৮৪৯ সাল ৩ আপ্রিল।

যে আমীনেরা সরেজমীনে তদারক করণার্থে নিযুক্ত হয় তাহারদের নিকটে দাখিলহওয়া দলীলদস্তাবেজের ইষ্টাম্পের রসুম দিতে মোকদ্দমাসম্পর্কীয় ব্যক্তিরদিগের প্রতি হুকুম নাই।

মুনশী ফজলুল করীম এবং মুনশী বজলুল রহীম দরখাস্তকারী।

বদন বিবি ফরিয়াদী দরখাস্তকারিরদের বিরুদ্ধে অনুমান ৫২,৬৫৫৸৶২॥ টাকার ওয়াসিলাতের বিষয়ে নালিশ করাতে অধস্থ আদালত ঐ ওয়াসিলাতের সংখ্যার বিষয় তদারক করণার্থে আমীন পাঠাইলেন। তাহাতে চব্বিশপরগনার প্রধান সদর আমীন হুকুম করিলেন যে ১৮২৯ সালের ১০ আইনে আদালতে উপস্থিত মোকদ্দমার বিষয়ে যেরূপ হুকুম আছে সেইরূপে আমীনের নিকটে যে সকল দলীলদস্তাবেজ ও

Regulation X. of 1829, as requisite in cases pending before a Court. From this order, which was dated the 6th September, 1848, the Petitioners appealed to the Sudder Dewanny Adawlut

By the Court (Mr Jackson) "Regulation X "of 1829 requires only stamp fees for exhibits "and for lists of witnesses filed in the Civil "Courts, but not for those filed before Ameens" Order reversed

Note The Court collectively ruled to the above effect in a letter to the Judge of Hooghly, No 284, dated 29th February, 1848

ইসমনবিসী দাখিল হয় তাহার ইষ্টাম্পের রসুম দিতে হইবেক। এই হুকুম ১৮৪৮ সালের ৬ সেপ্টেম্বর তারিখে দেওয়া গেল এবং দরখাস্তকারিরা তাহার উপর সদর দেওয়ানী আদালতে আপীল করিল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত জাকসন সাহেব হুকুম করিলেন যে "১৮২৯ সালের ১০ আইনে "কেবল দেওয়ানী আদালতে দাখিলহওয়া দলীল- "দস্তাবেজের এবং ইসমনবিসীর ইষ্টাম্পের মাসুল লও- "য়ার হুকুম আছে আমীনেরদের নিকটে তাহা দা- "খিল হইলে কোন মাসুল নাই।" হুকুম অন্যথা হইল।

মন্তব্য কথা। ১৮৪৮ সালের ২৯ ফেব্রুআরি তারিখের ২৮৪ নম্বরী যে পত্র হুগলীর জজ সাহেবের নিকটে লেখা গিয়াছিল তাহাতে আদালতের সকল জজ সাহেব উপরের উক্তমত বিধান করিলেন।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

APPOINTMENTS

The 1st June, 1849

Baboo Gopeenath Bose, Moonsiff of Hauskhallee, Nuddea, to be Moonsiff of Santipore in that Zillah

Baboo Gungachurn Sirkar, who has obtained a diploma, to be Moonsiff of Hauskhallee

LEAVES OF ABSENCE

The 1st June, 1849

Moulvee Abdool Jubbar, Moonsiff of Sundeep, Zillah Chittagong, for two days, in extension of that granted to him on the 16th ultimo

The 7th June, 1849

Moulvee Asudoollah, Moonsiff of Radhanagore, Zillah West Burdwan, for one day, the 25th ultimo.

B J COLVIN, *Register*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ১ জুন।

নদীযার হাঁসখালীর মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ বসু ঐ জিলার শান্তিপুরের মুনসেফ হইবেন।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু গঙ্গাচরণ সরকার হাঁসখালীর মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ১ জুন।

জিলা চাটিগাঁর সন্দীপের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল জবার গত মাসের ১৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত দুই দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৭ জুন।

জিলা পশ্চিম বর্দ্ধমানের রাধানগরের মুনসেফ শ্রীযুত মৌলবী আসদুল্লা গত মাসের ২৫ তারিখে এক দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৮১৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ৩১ মে।

দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের এজেন্ট সাহেবের প্রথম শ্রেণীর একটিং আসিষ্টান্ট শ্রীযুত জে কেডনহেড সাহেব (Mr J Cadenhead,) অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত আপনার অন্যান্য কর্ম্মের অতিরিক্ত সিংহভূমের চয়বাসার চিকিৎসকতা কর্ম্ম চালাইবেন।

শ্রীযুত জে ডি ক্রাফর্ড সাহেব (Mr J D Crawford,) মানভূমে সিবিল আসিষ্টান্ট চিকিৎসক হইবেন।

১৮৪৯ সাল ১ জুন।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত জি ব্রাইট সাহেব (Mr G Bright,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

হাবড়ার মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত হডসন প্রাট সাহেব (Mr Hodgson Pratt,) ঐ জিলাতে জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৯ সাল ২ জুন।

শ্রীযুত রাজা বরদাকণ্ঠ রায় ও শ্রীযুত ফ্রেড্রিক মাকলেগন সাহেব ও শ্রীযুত সি পামর সাহেব (Mr Fredk Maclagan, and Mr C Palmer,) যশোহরে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

সারণের মাজিষ্ট্রেট শ্রীযুত জে ই এস লিলি সাহেব (Mr J E S Lillie,) ঐ জিলার দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

মুরশিদাবাদের মাজিষ্ট্রেট শ্রীযুত আর পি হারিসন সাহেব (Mr R P Harrison,) ঐ জিলার দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

শ্রীযুত মৌলবী সাদিক আহমেদের পরিবর্ত্তে শ্রীযুত মৌলবী কামেল জিলা যশোহরের ফতওয়াদায়ক হইবেন।

শ্রীযুত জে জে গ্রে সাহেব (Mr J J Gray,) মালদহে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

১৮৪৯ সাল ৪ জুন।

শ্রীযুত আর এচ মিটন সাহেব (Mr R H Mytton,) মেদিনীপুরের সিবিল ও সেশন জজ হইবেন এবং অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত ১৫ সংখ্যক অর্থাৎ ঢাকা এলাকার কমিসনরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং ঢাকাতে সেশন জজের ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

শ্রীযুত এচ টি রেক্স সাহেব (Mr. H. T Raikes,) জিলা চব্বিশপরগনার সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত ডবলিউ লুক সাহেব (Mr W Luke,) অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত মেদিনীপুরের সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এচ সি হামিল্টন সাহেব (Mr H C Hamilton,) মেদিনীপুরের কালেক্টর হইবেন এবং অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত পূর্ব্ব বর্দ্ধমানের সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে এস টরেন্স সাহেব (Mr J S Torrens,) জিলা চব্বিশপরগনার কালেক্টর হইবেন।

শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেব (Mr G D Wilkins,) অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত মেদিনীপুরের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জি এ পেপর সাহেব (Mr G A Pepper,) জাইন্ট মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়া বাঁকড়ার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের আসিষ্টান্ট হইবেন এবং মঙ্গলপুর এলাকাখণ্ডের কর্ত্তৃত্ব কর্ম্ম পাইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ১ জুন।

ছিলটের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর ডি ওকালাগান সাহেব (Dr D O'Callaghan,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত জানুআরি মাসের ১৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে জুন মাসের ১ তারিখঅবধি আগামি আগষ্ট মাসের ১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

চাটিগাঁর নিমকের এজেন্ট শ্রীযুত আর ট্রটর সাহেব (Mr R Trotter,) স্বীয় স্বাস্থ্যার্থে সমুদ্রে গমনের নিমিত্ত ছুটীর প্রার্থনা করণের পূর্ব্বে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২ জুন।

সারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এফ এচ কুপর সাহেব (Mr F H Cooper,) আপনার কর্ম্মস্থানে পঁহুছিবার নিমিত্তে যে সময় পাইয়াছেন তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহের সাবেক একটিং কালেক্টর শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেবকে (Mr G D Wilkins,) গত মার্চ মাসের ২ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল গত মাসের ২২ তারিখঅবধি তাঁহার আপনার প্রার্থনায় রহিত হইয়াছে।

যশোহরের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ এফ জেম্‌স সাহেব (Mr H F James,) গত ডিসেম্বর মাসের ৩০ তারিখে যে এক মাসের ছুটী পান তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ২৯ মে।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব হুকুম করিয়াছেন যে জিলা চব্বিশপরগনার সমসমার মুনসেফী কর্ম্ম রহিত হয় এবং তাহার এলাকার সকল গ্রাম ঐ জিলার সরসার মুনসেফের এলাকাভুক্ত হয়।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ১২ জুন।]

এবং শাহাবাদের ঘনপাইনের মুনসেফী পদ এবং ঐ জিলাতে রকসার ও সাসিরাম ও গড়হানি চৌকীর মধ্যে ঐ এলাকায় যে খণ্ড আছে তাহা রহিত হইল।

১৮৪৯ সাল ১ জুন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব অনুমতি দিয়াছেন যে বৈদ্যবাটীর মুনসেফের কাছারী ঐ স্থানহইতে উঠিয়া হুগলীর শ্রীরামপুরে স্থাপন হয়।

১৮৪৯ সাল ৬ জুন।

গঙ্গাসরিৎ প্রদেশের কমিস্যনর শ্রীযুত মেজর এ বোগল সাহেব (Major A Bogle,) গত মাসের ২১ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত কাপ্তান ই এচ ইম্পি সাহেবের (Captain E H Impey,) স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত কাপ্তান সি এস রেনল্‌ড্‌স সাহেব (Captain C S Reynolds,) গত মাসের ২৩ তারিখে আসাম জিলার দরঙ্গের বিচারকর্ত্তার কর্ম্মের ভার শ্রীযুত জি ই লান্স সাহেবের (Mr G E Lance,) স্থানে এবং কালেক্টরী কর্ম্মের ভার শ্রীযুত লেপ্টেনেন্ট ই এ রৌলট সাহেবের (Lieutenant L A Rowlatt,) স্থানে গ্রহণ করেন।

দিনাজপুরের মাজিষ্ট্রেট শ্রীযুত আর জে স্কট সাহেব (Mr R J Scott,) গত মাসের ২৪ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত সি ষ্টিয়র সাহেবের (Mr C Steer,) স্থানে গ্রহণ করেন।

জিলা হুগলীতে ঠগী ও ডাকাইতী নিবারণার্থ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান এচ এম নেশ্যন সাহেব (Captain H M Nation,) বর্ত্তমান মাসের ১ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত বি এচ শক সাহেবের (Mr V H Schalch,) স্থানে গ্রহণ করেন।

রঙ্গপুরের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত ডবলিউ টি ট্রটর সাহেব (Mr W T Trotter,) বগুড়াতে দওরায় গমনার্থে বর্ত্তমান মাসের ১ তারিখে আপনার সিবিশতার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী সৈয়দ আহমদ বকশের প্রতি অর্পণ করেন।

পূরণিয়ার একটিং অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত ডবলিউ নোনি সাহেব (Mr W Noney,) গত মাসের ১ তারিখে আপনার কর্ম্মের ভার গ্রহণ করেন।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ সাহেব (Mr G C Cheap,) পাবনাতে দওরায় গমনার্থ বর্ত্তমান মাসের ৫ তারিখে আপনার সিবিশতার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুল আলীর প্রতি অর্পণ করেন।

সিবিলসম্পর্কীয় সিবিশতার শ্রীযুত ই জে সি রিচার্ডসন সাহেব (Mr E J C Richardson,) "বেন্টিঙ্ক"নামক বাষ্পীয় জাহাজে ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৫ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT

নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নমক মায ৪ পরসেণ্ট গোলাগুক্তি বাবৎ লাং ৩১ মে সন ১৮৪৯ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার নমকের গোলাজাতের মৌজুদ নমক।

এজেন্সীর নাম।	সন ১২৫০ সাল এবং পূর্ব্ব সন-হায়ের	সন ১২৫১ সাল মোতাবকে ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মোতাবকে ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মোতাবকে ইং ১৮৪৬। ৪৭ সাল	সন ১২৫৪ সাল মোতাবকে ইং ১৮৪৭। ৪৮ সাল	সন ১২৫৫ সাল মোতাবকে ইং ১৮৪৮। ৪৯ সাল	মৌজুদ নমকের একুন
হিজলী।							
পাঙ্গা নমক ঘাট দক্ষিণ কালীনগর।	১,৮৮,১১৩/	২,৭৯,২২৪/	৩,০২,৭৪৪৸০	৬,৮৩৩/	২৩,২৫৯/	১,১৪,১৭৬/	৯,১৫,৮৪৯৸০
ঐ ঐ কৃষ্ণনগর।	১৭,৮৭৩৸০	০	০	০	০	১,৫৩,৬৫৭/	১,৭১,৫৩০৸০
ঐ ঐ বামনগর।	০	০	০	৩৮২/	৬৩১৸০	১,৩৬,২২২/	১,৩৭,২৩৫৸০
গাছা নমক।	১০,৮২৭৷০	০	০	০	০	০	১০,৮২৭৷০
একুন।	২,১৬,৮১৪ ।০	২,৭৯,২২৪/	৩,০২,৭৪৪৸০	৭,২১৫/	২৩,৮৯০৸০	৪,০৪,২৫৫/	১২,৩৪,৪৪৩৸০
তমলুক।							
পাঙ্গা নমক ঘাট। নারায়ণপুর।	০	০	০	৭৬,৮৪০ ৷৯/১৫	৩,২১,৬১৯৸৭	২,৯৯,০৭২ ৷৭	৬,৯৭,৫৪০ ।৩/১৫
ক্রোকি নেমক।	০	০	০	০	০	০	৬৮৸৬৸
একুন।	০	০	০	৭৬,৮৪০ ৷৯/১৫	৩,২১,৬১৯৸৭	২,৯৯,০৭২ ৷৭	৬,৯৭,৬১২/৯৸/১৫
২৪ পরগণা।							
পাঙ্গা নমক ঘাট। বাগুণ্ডী।	০	০		৮২,৯৫০/	১,৯১,১৭৫/	০	২,৭৪,১২৫/
একুন।	০	০	০	৮২,৯৫০/	১,৯১,১৭৫/	০	২,৭৪,১২৫/

এজেন্সীর নাম।	সন ১২৫০ সাল এবং পূর্ব্ব সন-হায়ের	সন ১২৫১ সাল মোতাবকে ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মোতাবকে ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মোতাবকে ইং ১৮৪৬। ৪৭ সাল	সন ১২৫৪ সাল মোতাবকে ইং ১৮৪৭। ৪৮ সাল	সন ১২৫৫ সাল মোতাবকে ইং ১৮৪৮। ৪৯ সাল	মৌজুদ নমকের একুন
চট্টগ্রাম।							
পাঙ্গা নমক নেজামপুর ঘাট। ডোমখালি।	১,৩২,৭০৬ ॥৫	৮৮,৭২৪ ॥৫	০	০	০	০	২,২১,৪৩১ ।০
ঐ আরাকিন ঐ	০	০	০	০	০	৬৩,৯৩৬ ॥০	৬৩,৯৩৬ ॥০
ঐ সদর ঘাট এজেন্সী।	০	০	ঐ	০	১৬,০৩৫ ৷৮৸	০	১৬,০৩৫ ৷৮৸
ঐ ঐ আবাকিন।	০	১,১২,৫৭৪ ৷৯	১,৭৭,১৬৯ ।০	৩,৭৯,৪৭১৸৫	৫৫,৫১২ ॥০	০	৭,২৪,৭২৮/ ৪
ক্রোকি নমক।	০	০	০	০	৭৯৸৮	০	৭৯৸৮
একুন।	১,৩২,৭০৬ ॥৫	২,০১,২৯৯/ ৪	১,৭৭,১৬৯ ।০	৩,৭৯,৪৭১৸৫	৭১,৬২৭৸৬৸	৬৩,৯৩৬ ॥০	১০,২৬,২১১ ।০৸
ভুলুয়া।							
পাঙ্গা ঘাট কাঁকড়া আবাকিন।	০	০	৮,২৬৩ ৷৫	০	০	৭৪,০১১ ॥০	৮২,২৭৪৸৫
ক্রোকি নমক।	০	০	০	০	০	০	০
একুন।	০	০	৮,২৬৩ ৷৫	০	০	৭৪,০১১ ॥০	৮২,২৭৪৸৫
শালিখা।							
পাঙ্গা নমক। কটক।	১,৩৮,১২৭৸০	৩,০০,৬৬৬ ॥০	১,৭৮,৩৭২/	১,৭২,৯১৯৸০	১,৫৬,৮০২ ॥০	০	৯,৪৬,৮৮৮ ॥০
ঐ বালেশ্বর।	০	০	০	০	৪০০/	০	৪০০/
ঐ খোরদা।	০	২,০৩১ ॥০	১,৪৮৯/	৯০৮ ॥০	৩১,৯৭৮/	০	৩৬,৪০৭/
ঐ চিলকা।	৮৭,২০৮৸০	২,১৮৬৸০	০	৩,৫০২/ ২	৪৪,১০৯/	০	১,৩৭,৫০৬ ॥২
করকচ নেমক মান্দ্রাজ পরমিট ১ পহিলা রকম।	১৯১/	১০৩/	০	৩৫১/	০	০	৬৪৫/
ঐ ঐ ২ দোসরা রকম।	১,৫৮,৫০৯৸০	২,৪৬,৩৪৫৸০	৭৭,১০৮/	২,১৯৬/	০	০	৪,৮৪,১৫৯ ॥০
ঐ ঐ ৩ তেসরা রকম।	০	০	০	০	০	০	০
পাঙ্গা হিজলী কালীনগর।	৪,৭১,৫৫২ ॥০	০	১১৮ ॥০	০	০	০	৪,৭১,৬৭১/
গাছা নেমক।	১৪,৬০৫/	০	০	০	০	০	১৪,৬০৫/
ঐ ২৪ পরগনা নারায়ণপুর নেমক।	০	০	০	০	০	৪,০১,৫২৭/ ৪	৪,০১,৫২৭/ ৪
ডাইমন হারবর।	০	০	০	৪৩,৮১৩ ॥০	৭৮,৭৭১ ॥০	০	১,২২,৫৮৫/
একুন।	৮,৭০,১৯৪৸০	৫,৫১,৩৩৩ ॥০	২,৫৭,০৮৭ ॥০	২,২৩,৬৯০৸২	৩,১২,৫৬১/	৪,০১,৫২৭/ ৪	২৬,১৬,৩৯৪ ॥৬
আবাকিন।							
পাঙ্গা ঘাট কৈক ফু।	০	০	০	৫,৫৩১/	২৩,৬৭৭/	১,১২,৮২১/	১,৪২,০২৯/
একুন।	০	০	০	৫,৫৩১/	২৩,৬৭৭/	১,১২,৮২১/	১,৪২,০২৯/
মোট একুন।	১২,১৯,৭১৫ ॥৫	১০,৩১ ৮৫৬ ॥৪	৭,৪৫,২৬৪৸৫	৭,৭৫,৬৯৯৷৬/ ১৫	৯,৪৪,৫৬১ ॥৩৸	১৩,৫৫,২২৩৸১	৬০,৭৩,০৯০৸১॥/ ১৫

সি বীডন। সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ১২ জুন।]

[*Government Gazette*, 12th June, 1849]

LAND ADVERTISEMENTS

ভুমিবিষয়ক ইশ্‌তিহার।

সংবাদ দেওয়া যাইতেছে যে

১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে জিলে ময়মনসিংহের নীচের লিখা মহাল ১২৫৫ সনের লাং কিস্ত ফাল্গুণের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে ১৮৪৯ সনের জুন মাসের ১৬ তারিখ মোং ১২৫৬ সনের ৩ আষাঢ় রোজ শনিবার উক্ত জিলার কালেক্টরি কাছারীতে বিনা ওজরে ধর্‌গিয়া নিতান্ত বিক্রী হবেক ইতি সন ১৮৪৯ সন তারিখ ২৮ মেই।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখা মালিক	সদর জমা	১২৫৫ সনের লাং কিস্ত ফাল্গুণের বাকী।
১	চিরস্ত বন্দোবস্তী	৯৭৫	গঙ্গাধর কৃপারাম পরগনে বড়বাঘ	গঙ্গাধর কৃপারাম ওগয়রহ	৯৸৴১০	৯৸ ১০
	তথা	১৩১৯	কালাচান্দ দেব পরগনে কাশীপুর	জয়কৃষ্ণ গুপ্ত নীলাম খরিদার	।৪	৵৪
	তথা	৩৪৭৪	শেরমস্ত খাঁ তপ্পে হাজরাদী	জগমোহন আইচ ওগয়রহ	৭৸ ১০	৭৸৴১০
	তথা	৪৭৫৬	বাঞ্ছারাম চন্দ তপ্পে বলভাওয়ান	রামনারায়ণ চন্দ	৪৷৴০	৪৵০

A L MELVILLE, *Asst Collector in charge*

সন ১৮৪৫ ইং ১ আইনের ৬ সংখ্যামতে এস্তাহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত জিলে ত্রিপুরার মতালক সন ১২৫৫ বাঙ্গলার লাং কিস্তী মাঘের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে এবং অন্যান্য দাওয়া চলিত আইনক্রমে মালগুজারির ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্তক সন ১৮৪৯ ইঙ্গরেজীর ২১ জুন মোতাবেক সন ১২৫৬ বাঙ্গলার ৮ আষাঢ় রোজ বৃহস্পতিবার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৯ ইঙ্গরেজী তারিখ ২৬ মেই মোতাবেক ১৪ জ্যৈষ্ঠ সন ১২৫৬ বাং

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজির মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকী খাজানা লাং কিস্তী মাঘ সন ১২৫৫ সন	কৈফিয়ৎ
১	এজমুরারী জমা ধার্য্য হওয়া মহাল	৯৪	পং পুরচণ্ডী তাং রামকান্ত নন্দী	কালিদাস	১৷৶৫	১৷৶৫	
২	ঐ	৮৯২	পং প্রধানন্দি তাং রামগঙ্গা বিশ্বাস মুং হিং ৶০ যাদু রায়	রামগঙ্গা বিশ্বাস	৩।৬	৩।৬	

O W MALET, *Acting Collector*

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা ভুলুয়া ।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ প্রথম আইনের ৬ ধারার মর্ম্মানুযায়ি জিলা ভুলুয়ার নীচের লিখিত মহালাতের সন ১২৫৫ সালের লাগায়ত কিস্তী চৈত্রের ও সন ১২৫৬ সালের কিস্তী বৈশাখের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে এবং অন্য২ যে দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারির ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৪৯ সালের ২৩ জুন মোতাবেক বাঙ্গলা সন১২৫৬ সালের ১০ আষাঢ় রোজ শনিবার অত্র কালেক্টরীতে কাছারীতে বিনা ওজর ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৯ সাল তারিখ ২৬ মেই ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকীর সংখ্যা সন ১৮৪৯ সালের তাং ২৫ মেই সূর্য্যাস্তপর্য্যন্ত যে বাকী ছিল	মন্তব্য কথা
১	ইস্তমুরারী জমা ধার্য্য হওয়া মহাল	১৬৬	খাবিজা পং বৈকুণ্ঠপুর হিস্যা ৸৵০ আনা মধ্যে তাং কৃষ্ণনাথ রায় ..	রামকুমার চৌধুরী	৮৸৶৩	৮৸৶৩	
ঐ	ঐ	১০৮২	পং অমুরাবাদ হিঃ ॥৶১৩ ৴ ক্রান্ত মধ্যে তাং কণ্ঠমণি ব্রাহ্মণ	কালিদাস মিত্র	৸/৪	৸/৪	
ঐ	ঐ	১১১৩	পং হিঃ ঐ তাং রামধন চক্র মুং দং কৃষ্ণপুর	রামধন চক্র	২/৬	২/৬	
ঐ	ঐ	১২০৫	পং ঐ হিঃ । ৬॥= ক্রান্ত মধ্যে তাং সোণারাম দত্ত	লক্ষ্মীনারায়ণ মুনশী	৫॥৶৪	৫॥৶৪	
ঐ	ঐ	১৩৬৯	পং নিজ সন্দীপ তং প্রাণকৃষ্ণ বিশ্বাস বাবদে ওয়াছিল আকবরের খাবিজা মুং জিম্মা আবদুল্লা খলিফা হাল তালুক হসনআলী খলিফা বমিজদ্দীন খলিফ, আক্রূপ খলিফা মৌজদ্দী খলিফা আজিমদ্দীন খলিফা ববকওল্লা খলিফা শ্রীমতী বনিজা বিবি সোণ বিবি	আশবফ খন্দকার ববকওল্লা মৈজদ্দী হাসন আলী খলিফা সোণা বিবি বনিজা বিবি বমিজদ্দীন স্ত্রীয়া বিবি	৩১/৪	২।৶৩	

৫
মং পাঁচ মহালমাত্র ।

E LAUTOUR, *Dy Collector*

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারানুসারে কটক জেলা এলাকা কিসিমত জনুবির নীচের লিখিত মাহালসকল সরকারের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে এবং অন্যান্য যে কিছু দাবি চলিত আইনক্রমে বাকী মালগুজারির প্রায় আদায় করণের হুকুম আছে তদনুসারে সেই সেই মাহাল সন ১৮৪৯ সাল জুন মাহার ২ তারিখপর্য্যন্ত পাওনা বাকী খাজানার জন্যে সন ১৮৪৯ সাল জুন মাহার ২৯ তারিখ মুতাবক সন ১২৫৬ সাল আষাঢ় মাহার ১৭ তারিখ শুক্রবার দিবস উক্ত কিসিমত কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে নীলাম ও নিতান্ত বিক্রয় হইবেক।

নম্বর শ্রেণীর	কিপ্রকার মাহাল	জেলার তৌজির নম্বর	নাম মাহাল	নাম মালিক	সদর জমা সন ১২৫৬ সাল	বাকী পাওনা লাং ২ জুন সন ১৮৪৯ সাল
নং ২	মাহাল গবের যোকরবি বন্দোবস্ত	১১৭	তালুক গণেশ্বরপুর পরগনে বাঞ্চশ	মধুসূদন খুঁটিয়া ।০ পণ ও মাধবানন্দ দাস ও সদানন্দ দাস ॥০ পণ ও বিনায়ক রথ ও গোবিন্দ রথ ও নরসিংহ রথ ও হরিরাম রথ ও কৃষ্ণ রথ ৵ পণ ও সুলক্ষণা দেই ৶০ পণ	১৩০০/০	৬৩৪ ৷৶৬
ঐ	ঐ	২৩৪	তালুকে কুড়রপুর পরগনে অস্তরঙ্গ	সুদর্শন মাহান্তি নাবালগর মাতা অধর দেই ৸০ পণ ও আরত গোছিতার ।০ পণ	১১১২ ৷৯	৩৫৭৸০

তারিখ ৪ জুন সন ১৮৪৯ সাল

A Forbes, *Offg Collector*

জেলা হুগলী।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা হুগলীর নীচের লিখিত মহালাত সন ১৮৪৯ সালের মার্চ মাসের ২৮ তারিখপর্য্যন্ত পাওনা বাকী মালগুজারির নিমিত্তে সন ১৮৪৯ সালের ২৭ জুন মোতাবক সন ১২৫৬ সালের ১৪ আষাঢ় বুধবার তারিখে কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৯ সাল তারিখ ৭ জুন।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	সন ১৮৪৯ সালের ২৮ মার্চের পাওনা বাকী	মন্তব্য কথা।
১	১	১৮৫৮ নং	বক্সপুর পং ভুরশীট্ট	রামজী বন্দোপাধ্যায়	১/ ১১	সন ১২৫৫ লাং ফাল্গুণ ১/ ১১	এই সকল মহালের সাবেক খরিদারান বাকী সমনের টাকা দাখিল না করায় পুনর্নিলাম করা যাইবেক।
১	ঐ	২৩৫৮ নং	বক্সপুর পং ভুরশীট্ট শিবনারায়ণ চক পং ঐ নিমডাঙ্গী পং ঐ পশপুর পং ঐ গৌরাঙ্গ চক পং ঐ কলাহার পং ঐ জঙ্গলপাড়া পং টালির ডোঙ্গাজোল পং ঐ চিতনান পং মণ্ডলঘাট বাউতাড়া পং ঐ চক কটাল্যা পং ঐ কলম ডিঙা পং ঐ চক পীতাম্বর পং ঐ আমডাগড়ি পং ঐ	প্যারমেছ বিবি	৪৯ ৷৶১০	সন ১২৫৫ সাল ৪৯ ৷৴১০ সন ১২৫৪ সাল ৫৯ ৷৶১০ ৯৮৸৮	

A Reid, *Collector*

হুকুম ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা হুগলী এই যে।

শহর চুঁচুড়ার মধ্যে মহল্লা মিঞার বেড়ের শামিল জীবনকৃষ্ণ পালদিগরের বাগিচা ও তাহার জমী যাহা কবরস্তান কারণ সরকারে খরিদ হয় ঐ বাগিচার জমীর মধ্যে কবরস্তানের আবশ্যকীয় ভূমিবাদে অবশিষ্ট মওয়াজী ৪।১॥৶ বিঘা বাগিচা ও পুষ্করিণী ও ইটের প্রাচীর ও ইমারতাদি যাহা আছে তাহা নীলামের বিষয়।

গবর্ণমেণ্টের সন ১৮৪৮ সালের ৮ নবেম্বর ও সদর বোর্ডের ১৭ নবেম্বর ও অষ্টাদশ বিভাগের রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের ২৪ নবেম্বর তারিখের চিঠির আদেশমতে উপরোক্ত বাগিচা ও পুষ্করিণী মওয়াজী ৪।১॥৶ বিঘা জমী বার্ষিক কোম্পানির ৪৫৲ টাকা মোদামি জমায় ঐ সন ২৭ ডিসেম্বর তারিখে হজুরে নীলাম হওয়াতে শ্রীকৃষ্ণ সান্ন্যাল ও কালিদাস মুখোপাধ্যায় ঐ বস্তু নীলামে ডাক ও বায়নার টাকা দাখিল করিয়াছিল পরে ৩০ দিন মধ্যে অবশিষ্ট পণের টাকা দাখিল না করায় অদ্যকার বোরকারির হুকুমানুসারে উক্ত বাগিচা ও ভূমি ও পুষ্করিণী ও তাহার শামিলাত ইটের প্রচীর ও ইমারতাদি পুনর্নীলামের দিন সন ১৮৪৯ সালের ২৭ জুন মোং বাঙ্গলা সন১২৫৬সালের ১৪ আষাঢ় বুধবার ধার্য্য করিয়া সকলের জ্ঞাতার্থে এই ইস্তাহার দেওয়া যাইতেছে যে যে কেহ ঐ সকল বস্তু খরিদ করণের বাসনা রাখে তাহার কর্ত্তব্য যে উক্ত দিবসে দিবা দুই প্রহরের সময় স্বয়ং বা মোক্তারের দ্বারা জেলা হুগলীর শ্রীযুত কালেক্টর সাহেবের হজুরে হাজির আসিয়া নীলামে খরিদ করে আর জানান যায় যে নীলামী কিম্মতের চতুর্থাংশের একাংশ নীলাম কালীন ও বাকী পণের টাকা নীলামের দিনহইতে ৩০ দিবসের মধ্যে নীলাম খরিদারকে দিতে হইবেক ইতি সন ১৮৪৯ সাল তারিখ ৭ জুন।

A Reid, *Collector*

INSOLVENT COURT — যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

ESTATE OF A J Dr H LARPENT

A first Dividend at the rate of 4 per Cent is now payable at the Office of the Official Assignee on all approved claims

কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

এ জে ডিএচ লারপেণ্ট সাহেবের ইষ্টেট।

অফিসল আসৈনি সাহেবের দফ্তরখানায় মঞ্জুরহওয়া দাওবার উপর শতকরা ৪৲ টাকা ডিবিডেণ্ড দেওরা যাইতেছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ১২ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 19, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ১৯ জুন।

DRAFT OF ACT

ACT No —— of 1849

An Act for the more easy recovery of Small Debts and demands in Calcutta, Madras and Bombay

[Continued from page 301]

LXXIX No judgment or execution shall be stayed, delayed or reversed upon or by any Writ of Error or Supersedeas thereon, to be sued for the reversing of any judgment given in any Court holden under the provisions of this Act, unless the amount recovered exceeds One Hundred Rupees, and then only after the person suing out such Writ shall become bound with two sufficient sureties to be approved by the Clerk of the Court, in treble the sum adjudged to be recovered in the former judgment, to prosecute the said Writ with effect and also to satisfy and pay, (if the Writ be not prosecuted, or if the judgment be affirmed,) the debt or damages and costs adjudged, and all costs and damages to be awarded for the delay of execution

LXXX Upon every Warrant of Execution issued against the goods and chattels of any person, the Clerk of the Court shall cause to be stated the sum of money and costs adjudged with the sum paid for such Warrant, and if the party against whom such execution shall be issued shall, before an actual sale of the goods and chattels, pay or cause to be paid or tendered unto the Clerk of the Court, or to the Bailiff holding the Warrant of Execution such sum of money and costs, as aforesaid, or such part thereof as the person entitled thereto shall agree to accept in full of his debt or damages and costs, together with the

আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইতে অল্প কর্জ্জ ও দাওয়া পূর্ব্বাপেক্ষা সুগমমতে আদায় করণের আইন।

[৩০১ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

৭৯ ধারা। যদি প্রাপ্ত টাকা এক শত টাকার অধিক না হয় তবে এই আইনের বিধিক্রমের স্থাপিত কোন আদালতে করা কোন ডিক্রী অন্যথা করণার্থে যে কোন "রিট অফ এরর" অথবা "সুপরসিডিয়সের" রিটের দরখাস্ত হয় তৎক্রমে অথবা তাহার দ্বারা কোন ডিক্রী অথবা ডিক্রী জারী স্থগিত বা বিলম্ব কিম্বা অন্যথা করা যাইবেক না। এবং এক শত টাকার অধিক হইলেও যে ব্যক্তি সেই প্রকার রিট অর্থাৎ পরওয়ানার দরখাস্ত করে সেই ব্যক্তি যদি সাবেক ডিক্রীর দ্বারা যে টাকা দেওনের হুকুম হইয়াছিল তাহার তিনগুণ টাকার আদালতের ক্লার্ক সাহেবের অনুমতিহওয়া দুই মাতবর জামিন এই মজমুনে না দেয় যে আমি উক্ত রিটক্রমে শেষপর্য্যন্ত মোকদ্দমা চালাইব এবং সেই রিটের অনুসারে মোকদ্দমা না হইলে অথবা সাবেক ডিক্রী বহাল হইলে যে কর্জ্জ অথবা ক্ষতিপূরণের টাকা এবং খরচার ডিক্রী হইয়াছিল তাহা পরিশোধ করিব এবং দিব এবং ডিক্রী জারীর বিলম্বের বিষয়ে যে সকল ক্ষতি ও খরচা নির্দ্দিষ্ট হয় তাহা দিব তবে পূর্ব্বোক্ত রিটের দ্বারা কোন ডিক্রী জারী স্থগিত-প্রভৃতি হইবেক না ইতি।

৮০ ধারা। কোন ব্যক্তির জিনিস ও সম্পত্তি ক্রোক করণার্থে ডিক্রী জারীর ওয়ারেণ্ট হইলে আদালতের ক্লার্ক সাহেব যত টাকা ও খরচার ডিক্রী হইয়াছিল তাহা এবং সেই ওয়ারেণ্টের খরচা সেই ওয়ারেণ্টে লিখিবেন। এবং যে ব্যক্তির বিরুদ্ধে ডিক্রী জারী হয় সেই ব্যক্তি যদি দ্রব্য ও সম্পত্তির প্রকৃতপ্রস্তাব নীলাম হওনের পূর্ব্বে পূর্ব্বোক্তমত টাকা ও খরচা অথবা তাহার যে অংশ ঐ টাকাপাওনিয়া ব্যক্তি আপন কর্জ্জ বা ক্ষতিপূরণের টাকা এবং খরচার সম্পূর্ণরূপে পরিশোধার্থে লইতে স্বীকার করে তাহা ও যে রসুম দিবার হুকুম এই আইনে আছে তাহা ঐ আদালতের ক্লার্ক সাহেবকে অথবা যে বেইলিফের হাতে ডিক্রী জারীর ওয়ারেণ্ট থাকে তাহাকে দেয় অথবা দেওয়ার কি দিতে প্রস্তাব করে তবে ঐ ডিক্রী জারী নিবৃত্ত

Fees herein directed to be paid, the execution shall be superseded, and the goods and chattels of the said party shall be discharged and set at liberty

হইবেক এবং ঐ ব্যক্তির দ্রব্য ও সম্পত্তি খালাস ও মুক্ত হইবেক ইতি।

LXXXI The Clerk of every Court holden under this Act shall cause a note of all summonses, and of all orders, and of all judgments and executions, and returns thereto, and of all fines, and of all other proceedings of the Court, to be fairly entered from time to time in a book belonging to the Court, which shall be kept at the office of the Court, and such entries in the said Book, or a copy thereof bearing the seal of the Court, and purporting to be signed and certified as a true copy by the Clerk of the Court, shall, at all times, be admitted in all Courts and places whatsoever as evidence of such entries, and of the proceeding referred to by such entry or entries, and of the regularity of such proceeding, without any further proof

৮১ ধারা। এই আইনানুসারের স্থাপিত প্রত্যেক আদালতের ক্লার্ক সাহেব সকল সমনের ও সকল হুকুমের ও সকল ডিক্রীর ও ডিক্রী জারীর ও তাহার ওয়াপোস ও সকল জরীমানা ও আদালতের অন্য সকল কার্য্যের নিদর্শন সময়ক্রমে আদালতের এক বহীর মধ্যে স্পষ্টাক্ষরে লেখাইবেন এবং সেই বহী ঐ আদালতের দপ্তরে রাখা যাইবেক। এবং ঐ বহীর মধ্যে যে সকল লিপি থাকে তাহা অথবা আদালতের মোহরকরা তাহার যে এক নকল ঐ আদালতের ক্লার্ক সাহেব যথার্থ নকল বলিয়া সহী ও নির্দ্দিষ্ট করেন তাহা সকল সময়ে সকল আদালতে ও স্থানে ঐ প্রকার লিপির প্রমাণ এবং ঐ প্রকার লিপি বা লিপিসকলে যে কার্য্যের বিষয় লেখা আছে তাহার প্রমাণ এবং ঐ কার্য্য দাঁড়ামত হওনের প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবেক এবং তাহার বিষয়ে অন্য কোন প্রমাণের আবশ্যক হইবেক না ইতি।

LXXXII The Clerk of every such Court shall, in the month of *March* in each year, make out a correct list of all sums of money belonging to Suitors in the Court, which shall have been paid into Court, and which shall have remained unclaimed for five years before the first day of the month of *January* then last past, specifying the names of the parties for whom or on whose account the same were so paid into Court, and a copy of such List shall be put up and remain during Court hours in some conspicuous part of the Court House, and at all times in the Clerk's Office, and all sums of money which shall have been paid into any such Court, to the use of any Suitor or Suitors thereof, and which shall have remained unclaimed for the period of six years before the passing of this Act, and which are now in the hands of any Commissioner or Officer of such Court, or otherwise held in trust for such Suitors, and all further sums of money, which shall hereafter be paid into such Court to the use of any Suitor or Suitors thereof, shall, if unclaimed for the period of six years after the same shall have been so paid into Court, be applicable as part of the fees receivable on account of the Court, and shall be carried to the same account, and no person shall be entitled to claim any sum which shall have remained unclaimed for six years, but no time during which the person entitled to claim such sum shall have been an infant or married woman or of unsound mind, or out of the Territories under the Government of the East India Company, shall be taken into account in estimating the said period of six years.

৮২ ধারা। এই মত প্রত্যেক আদালতের ক্লার্ক সাহেব প্রত্যেক বৎসরের মার্চ মাসে আদালতের ফরিয়াদীরদের যে সকল টাকা আদালতে দাখিল করা গিয়াছে এবং তৎপূর্ব্বের জানুআরি মাসের প্রথম দিবসঅবধি পাঁচ বৎসরপর্য্যন্ত দাওয়া হয় নাই তাহার এক যথার্থ ফিরিস্তি প্রস্তুত করিবেন এবং যে২ ব্যক্তির জন্যে বা নিমিত্তে ঐ টাকা ঐরূপে আদালতে দাখিল করা গিয়াছিল তাহারদের নাম ঐ ফর্দ্দে বিশেষরূপে লেখা থাকিবেক। এবং ঐ ফর্দ্দের এক নকল আদালতের বৈঠকের সময়ে আদালত ঘরের সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে লট্‌কান যাইবেক ও থাকিবেক এবং সর্ব্বদা ঐ ক্লার্ক সাহেবের দপ্তরখানায় লট্‌কান থাকিবেক। এবং যে সকল টাকা কোন ফরিয়াদী বা ফরিয়াদীরদের জন্যে ঐ আদালতে দাখিল করা গিয়া থাকে এবং এই আইন জারী হওনের পূর্ব্বে ছয় বৎসরপর্য্যন্ত দাওয়া না হইয়া রহিয়াছে এবং এক্ষণে এইমত কোন আদালতের কমিস্যনর বা কর্ম্মকারকের হাতে আছে কি প্রকারান্তর ঐ ফরিয়াদীরদের জন্যে ধার্য্য আছে তাহা এবং আর যে সকল টাকা উত্তর কালে কোন ফরিয়াদী বা ফরিয়াদীরদের উপকারার্থে ঐ প্রকার আদালতে দাখিল করা যায় তাহা যদি আদালতে সেইরূপ দাখিল হওনের পর ছয় বৎসরপর্য্যন্ত দাওয়া না হইয়া থাকে তবে তাহা আদালতের জন্যে যে রসুম লওয়া যায় তাহার ন্যায় বোধ হইয়া ব্যয় হইবেক এবং সেই হিসাবে জমা করা যাইবেক। এবং যে টাকা এইরূপে ছয় বৎসরপর্য্যন্ত বিনা দাওয়ায় আদালতে রহিয়াছে তাহার দাওয়া কোন ব্যক্তি করিতে পারিবেক না। কিন্তু যে ব্যক্তি ঐ প্রকার টাকার দাওয়া করিতে পারে সেই ব্যক্তি যত কাল নাবালগ ছিল কিম্বা বিবাহিতা স্ত্রী কি উন্মাদ ছিল কিম্বা কোম্পানি বাহাদুরের শাসিত দেশের বাহিরে ছিল তত কাল ঐ ছয় বৎসরের হিসাব করণেতে গণ্য হইবেক না ইতি।

LXXXIII If any person shall wilfully insult any Judge, Clerk or Officer of the said Court, for the time being, during his sitting or attendance in Court, or in going to or returning from the Court, or shall wilfully interrupt the proceedings of the Court, or otherwise misbehave in Court, it shall be lawful for any Bailiff or Officer of the Court,

৮৩ ধারা। যে ব্যক্তি সময়ক্রমে আদালতের জজ বা ক্লার্ক সাহেব কি কর্ম্মকারক হন যদি কোন ব্যক্তি আদালতের বৈঠকের সময়ে বা তাহাতে উপস্থিত হওনের সময়ে অথবা আদালতে যাইবার কি আদালতহইতে ফিরিয়া আইসনের সময়ে জানিয়া শুনিয়া তাঁহার অপমান করে অথবা জানিয়া শুনিয়া আদালতের কার্য্যের ব্যাঘাত করে কি প্রকারান্তরে আদালতে কুব্যবহার

with or without the assistance of any other person, by the order of the Judges to take such offender into custody, and detain him until the rising of the Court, and the Judges shall be empowered, if they shall think fit, by a Warrant under their hands, and sealed with the seal of the Court, to commit any such offender to any Prison to which they have power to commit offenders under this Act, for any time not exceeding seven days, or to impose upon any such offender a Fine not exceeding Fifty Rupees for every such offence, and in default of payment thereof to commit the offender to any such Prison as aforesaid, for any time not exceeding seven days, unless the said Fine be sooner paid

LXXXIV If any Officer or Bailiff of any Court holden under this Act shall be assaulted while in the execution of his duty, or if any rescue shall be made or attempted to be made of any person arrested, or goods levied under process of the Court, the person so offending shall be liable to a Fine not exceeding One Hundred Rupees to be recovered by order of the Court, or before a Magistrate as hereinafter provided, and the Bailiff of the Court, or any Peace Officer in any such case may take the offender into custody, (with or without Warrant,) and bring him before such Court, or Magistrate accordingly

LXXXV If any Bailiff of the said Court, who shall be employed to execute any Warrant of the Court, shall, by neglect, or connivance or omission, lose an opportunity of executing such Warrant, then upon complaint of the party aggrieved by reason of such neglect, connivance or omission, (and the fact alleged being proved to the satisfaction of the Court,) the Judges shall order the Bailiff to pay such damages as it shall appear that the plaintiff has sustained thereby, not exceeding in any case the sum of money for which the said execution is issued, and the Bailiff shall be liable thereto, and upon demand made thereof, and on his refusal so to pay and satisfy the same, payment thereof shall be enforced by such ways and means as are herein provided for enforcing a judgment recovered in the said Court.

LXXXVI If any Clerk, Bailiff or Officer of the Court, acting under colour or pretence of the process of the said Court, shall be charged with extortion or misconduct, or with not duly paying or accounting for any money levied by him under the authority of this Act, the Judges may enquire into such matter in a summary way, and for that purpose may summon and enforce the attendance of all necessary parties in like manner as the attendance of witnesses in any case may be enforced, and may make such order thereupon for the repayment of any money extorted, or for the due payment of any money so levied as aforesaid, and for the payment of such damages and costs, as they shall think just, and also, if they shall think

করে তবে ঐ আদালতের কোন বেইলিফ কিম্বা কর্ম্মকারক অন্য কোন ব্যক্তির সাহায্য লইয়া বা তাহাবিনা জজ সাহেবেরদের হুকুমক্রমে সেই অপরাধিকে গ্রেস্তার করিতে পারে এবং আদালতের বৈঠকের শেষ না হওনপর্য্যন্ত তাহাকে আটক করিয়া রাখিতে পারে। এবং জজ সাহেবেরা উচিত বুঝিলে আপনারদের দস্তখৎকরা এবং আদালতের মোহরকরা এক ওয়ারেন্টের দ্বারা এই আইনক্রমে অপরাধিরদিগকে যে কারাগারে কয়েদ করণের শক্তি আছে সেই কারাগারে ঐ অপরাধিকে সাত দিবসের অনধিক মিয়াদপর্য্যন্ত কয়েদ করিতে পারেন। অথবা এইমত প্রত্যেক অপরাধের জন্যে অপরাধির পঞ্চাশ টাকার অনধিক জরীমানা করিতে পারেন এবং ঐ জরীমানার টাকা না দেওয়া গেলে অপরাধিকে সাত দিনের অনধিক কালপর্য্যন্ত পূর্ব্বোক্ত কারাগারে কয়েদ করিতে পারেন। কিন্তু সাত দিবসের পূর্ব্বে জরীমানার টাকা দেওয়া গেলে সে ব্যক্তি খালাস হইবেক ইতি।

৮৪ ধারা। এই আইনক্রমের স্থাপিত কোন আদালতের কর্ম্মকারক বা বেইলিফের উপর যদি তাহার নিয়মিত কর্ম্ম করণ সময়ে চড়াউ হয় অথবা ঐ আদালতের হুকুমক্রমে যে ব্যক্তি গ্রেস্তার হইয়াছে কি যে জিনিস ক্রোক হইয়াছে তাহা উদ্ধার করণার্থে যদি কোন উদ্যোগ হয় তবে যে ব্যক্তি এইরূপ অপরাধ করে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানা দেওনের যোগ্য হইবেক এবং তাহা আদালতের হুকুমক্রমে অথবা পশ্চাৎ নির্দ্দিষ্টমতে মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে উসুল হইবেক এবং আদালতের বেইলিফ কিম্বা পোলীসের অন্য কোন আমলা (ওয়ারেন্ট পাইয়া বা না পাইয়া) অপরাধি ব্যক্তিকে গ্রেস্তার করিতে এবং আদালতে অথবা মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে আনিতে পারে ইতি।

৮৫ ধারা। উক্ত আদালতের যে কোন বেইলিফ ঐ আদালতের কোন ওয়ারেন্ট জারী করণেতে নিযুক্ত হয় সেই বেইলিফ যদি ত্রুটির দ্বারা কি চক্ষু মুদনের দ্বারা কিম্বা কসুরপ্রযুক্ত ঐ ওয়ারেন্ট জারী করণের সুযোগ হারায় তবে ঐ ত্রুটি বা চক্ষু মুদন বা কসুরের কার্য্য আদালতের হৃদ্বোধমতে প্রমাণ হইলে তাহার দ্বারা যে ব্যক্তির ক্ষতি হইয়াছে সেই ব্যক্তির নালিশক্রমে জজ সাহেবেরা ফরিয়াদীর যে ক্ষতি হইয়াছে বোধ হয় তাহা বেইলিফের দিতে হুকুম করিতে পারেন। কিন্তু কোন গতিকে যত টাকার বিষয়ে ঐ জারীর হুকুম হইয়াছিল তাহাহইতে অধিক টাকা হইবেক না এবং ঐ বেইলিফ তাহার বিষয়ে দায়ী হইবেক। এবং তাহার প্রতি সেই ক্ষতির টাকার দাওয়া হইলে যদি সেই টাকা দিতে ও পরিশোধ করিতে স্বীকার না করে তবে আদালতের ডিক্রী জারী করণের যে রীতি ও উপায় এই আইনের মধ্যে নির্দ্দিষ্ট আছে সেই রীতি ও উপায়ক্রমে ঐ টাকা আদায় করাণ যাইতে পারে ইতি।

৮৬ ধারা। যদি আদালতের ক্লার্ক সাহেব অথবা বেইলিফ কি কোন কর্ম্মকারকের প্রতি এই অভিযোগ হয় যে ঐ আদালতের হুকুমের ছল বা প্রতারণাক্রমে তিনি জবরদস্তী করিয়া টাকা লইয়াছেন অথবা কোন কুক্রিয়া করিয়াছেন অথবা এই আইনের ক্ষমতাক্রমে যে কোন টাকা আদায় করিয়াছেন তাহা রীতিমতে দেন নাই অথবা তাহার হিসাব দেন নাই তবে জজ সাহেবেরা সরাসরীমতে সেই বিষয়ের তদারক করিতে পারেন এবং যেরূপে কোন মোকদ্দমার সাক্ষিরদিগকে হাজির করাণ যাইতে পারে সেইরূপে যে সকল ব্যক্তির তন্নিমিত্তে হাজির হইবার আবশ্যক আছে তাহারদিগকে তলব করিতে এবং হাজির করাইতে পারেন এবং যে টাকা জবরদস্তী করিয়া লওয়া গিয়াছিল তাহা ফিরিয়া দেওনের বিষয়ে অথবা যে টাকা সেইরূপে আদায় হইয়াছিল তাহা রীতিমত দেওনের বিষয়ে এবং ক্ষতিপূরণ ও খর-

fit, may impose such fine upon the Clerk, Bailiff, or Officer not exceeding One Hundred Rupees for each offence, as they shall deem adequate, and in default of payment of any money so ordered to be paid, payment of the same may be enforced by such ways and means as are herein provided for enforcing a judgment recovered in the said Court.

LXXXVII Every Clerk, Bailiff, or other Officer employed in putting this Act or any of the powers thereof in execution, who shall wilfully and corruptly exact, take, or accept any fee or reward whatsoever, other than his lawful salary and the fees and costs allowed under this Act, for any thing done or to be done by virtue of this Act, or on any account whatsoever, relative to putting this Act into execution, shall, upon proof thereof before the said Court, and in the case of a Clerk on confirmation of the finding of the Court by the Governor in Council, be for ever incapable of serving, or being employed under this Act in any office of profit or emolument, and shall also be liable for damages as herein provided

LXXXVIII If any claim shall be made to, or in respect of, any goods or chattels taken in execution under the process of any Court holden under this Act, or in respect of the proceeds or value thereof, by any Landlord for rent, or by any person not being the party against whom such process has issued, the Clerk of the Court, upon application of the Officer charged with the execution of such process, as well before as after any action brought against such Officer, may issue a Summons calling before the said Court, as well the party issuing such process as the party making such claim, and thereupon any action which shall have been brought in the Supreme Court in respect of such claim, shall be stayed, and any Judge of the Supreme Court on proof of the issue of such Summons, and that the goods and chattels were so taken in execution, may order the party bringing such action to pay the costs of all proceedings, had upon such action after the issue of such Summons out of the Court of Requests, and the Judges of the Court of Requests shall adjudicate upon such claim and make such order between the parties in respect thereof, and of the costs of the proceedings as to him shall seem fit, and such order shall be enforced in like manner as any order made in any suit brought in such Court

LXXXIX The powers of Act No. VII of 1847, to regulate distresses for small rents in Calcutta, shall be extended to the recovery of all arrears of rent not exceeding Five Hundred Rupees, and the Judges of every Court of Requests under this Act shall be empowered to exercise within their several jurisdictions the extended powers of the said Act, and the said Act shall be construed as if instead of Calcutta and the Settlement of Fort William in Bengal, the limits of the jurisdiction

চার টাকা দেওয়ের বিষয়ে যে মত যথার্থ বুঝেন সেই মত হুকুম দিতে পারেন। এবং আরো যদি উপযুক্ত বুঝেন তবে প্রত্যেক অপরাধের জন্যে এক শত টাকার অনধিক যে জরীমানা তাঁহারা প্রচুর বোধ করেন তাহা ঐ ক্লার্ক সাহেব ও বেইলিফ অথবা কর্ম্মকারকের দিতে হুকুম করিতে পারেন। এবং যে টাকা এইরূপে দেওনের হুকুম হয় তাহা যদি না দেওয়া যায় তবে আদালতের ডিক্রী জারী করাওনের যে রীতি ও নিয়ম নির্দ্দিষ্ট আছে সেইরূপে তাহা আদায় করাইবার হুকুম দিতে পারেন ইতি।

৮৭ ধারা। এই আইন জারী করণের কার্য্য অথবা এই আইনের ক্ষমতানুসারে কার্য্য করণেতে যে কোন ক্লার্ক সাহেব বা বেইলিফ কি অন্য কর্ম্মকারক আপনার নির্দ্দিষ্ট মাহিয়ানাছাড়া এবং এই আইন জারী করণের বিষয়ে এই আইনের ক্ষমতাক্রমে যে কার্য্য করা গিয়াছে বা করিতে হয় তজ্জন্যে অথবা অন্য কোন কারণে এই আইনে অনুমতি হওয়া রসুম ও খরচাভিন্ন জানিয়া শুনিয়া এবং রেশওৎস্বরূপ কোন রসুম বা পুরস্কারের দাওয়া করেন বা লন কি গ্রহণ করেন তাহা আদালতের সম্মুখে প্রমাণ হইলে সেই ব্যক্তির বিষয়ে এই হুকুম হইবেক যে এই আইনক্রমে কোন লাভ বা প্রাপ্তির পদে আর কখন কর্ম্ম পাইতে বা নিযুক্ত হইতে পারিবেন না এবং ইহার মধ্য নির্দ্দিষ্টমতে ক্ষতিপূরণের বিষয়েও দায়ী হইবেন। কিন্তু ক্লার্ক সাহেবের এই অপরাধ হইলে আদালতের হুকুম শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে মঞ্জুর না করিলে তাঁহার দণ্ড হইবেক না ইতি।

৮৮ ধারা। এই আইনক্রমের স্থাপিত কোন আদালতের হুকুম জারীক্রমে যে জিনিস কি সম্পত্তি লওয়া যায় তাহার বিষয়ে অথবা সেই জিনিসের উৎপন্ন বা মুল্যের বিষয়ে যদি কোন ঘরের মালিক খাজানার বাবতে দাওয়া করে কিম্বা যে ব্যক্তির বিরুদ্ধে ঐ হুকুম বাহির হইয়াছে সে ছাড়া যদি অন্য কোন ব্যক্তির দ্বারা দাওবা হয় তবে আদালতের ক্লার্ক সাহেব ঐ হুকুম জারীর ভারপ্রাপ্ত কর্ম্মকারকের দরখাস্তক্রমে তাহার নামে নালিশ হওনের পূর্ব্বে বা পরে এক সমন দিতে পারেন এবং ঐ সমনের দ্বারা যে ব্যক্তি ঐ হুকুম বাহির করিল এবং যে ব্যক্তি সেইরূপ দাওয়া করিল উভয়কে আদালতে তলব করিতে পারেন। এবং তাহা হইলে ঐ দাওয়ার বিষয়ে সুপ্রিম কোর্টে যে কোন নালিশ উপস্থিত হইয়া থাকে তাহা রহিত হইবেক এবং সুপ্রিম কোর্টের কোন জজ সাহেবের নিকটে যদি এইরূপ প্রমাণ হয় যে ঐ সমন জারী হইয়াছে এবং সেই জিনিস ও সম্পত্তি জারীক্রমে ক্রোক হইয়াছিল তবে যে ব্যক্তি ঐরূপ নালিশ করিল সেই ব্যক্তিকে কোর্ট রিক্বেষ্টহইতে ঐ সমন বাহির হওনের পর ঐ নালিশক্রমে যে সকল কার্য্য হইয়াছে তাহার খরচা দিবার হুকুম করিবেন এবং কোর্ট রিক্বেষ্টের জজ সাহেবেরা সেই দাওয়ার বিষয়ের নিষ্পত্তি করিবেন এবং সেই দাওয়ার বিষয়ে এবং কার্য্যের খরচার বিষয়ে উভয় বিবাদির মধ্যে যে হুকুম উচিত বুঝেন সেই হুকুম করিবেন এবং ঐ আদালতে উপস্থিত কোন মোকদ্দমার কোন হুকুম যেরূপে জারী হয় সেইরূপে ঐ হুকুম জারী হইবেক ইতি।

৮৯ ধারা। শহর কলিকাতায় অল্প ভাড়ার জন্যে ক্রোকের নিয়ম করণের ১৮৪৭ সালের ৭ আইনে যে২ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তাহা পাঁচ শত টাকার অনধিক ভাড়ার বাকী আদায় করণার্থে খাটান যাইবেক এবং এই আইনক্রমে প্রত্যেক কোর্ট রিক্বেষ্টের জজ সাহেবেরা আপন২ এলাকার মধ্যে উক্ত আইনের বিস্তারিত ক্ষমতানুসারে কার্য্য করিতে পারেন। এবং ঐ আইনের মধ্যে "কলিকাতা এবং বাঙ্গলা দেশের কোর্ট উলিয়মের বসতি" এই কথার পরিবর্ত্তে "ঐ আদালতের এলাকার সীমাসরহদ্দ" পাঠ করা যাইবেক এবং "আদালতের

of the Court had been therein mentioned, and the Judges of the Court of Requests under this Act instead of the Commissioners of the Court therein mentioned, and the amount of Five Hundred Rupees instead of One Hundred Rupees, and the forms contained in the Schedule annexed to the said Act shall be altered accordingly, and shall refer to this Act instead of Act No VII of 1847

XC As soon as the term and interest of the tenant of any House, Land, or other corporeal hereditament, where the value of the premises or the rent payable in respect of such tenancy, did not exceed the rate of Five Hundred Rupees by the year, and upon which no fine shall have been paid, shall have ended, or shall have been duly determined by a legal notice to quit, and such tenant, or, if such tenant do not actually occupy the premises or occupy only a part thereof, any person by whom the same or any part thereof shall be then actually occupied, shall neglect or refuse to quit and deliver up possession of the premises, or of such part thereof respectively, the Landlord or his agent may take out a Summons from the Court directed to such tenant or occupier

XCI If the tenant or occupier shall not thereupon appear at the time and place appointed, and show cause to the contrary, and shall still neglect or refuse to deliver up possession of the premises, or of such part thereof, of which he is then in possession, to the said Landlord or his agent, such Landlord or agent may give to the Court proof of the holding, and of the end or other determination of the tenancy with the time or manner thereof, and where the title of the Landlord has accrued since the letting of the premises, the right by which he claims the possession

XCII Upon proof of service of the Summons, and of the neglect or refusal of the tenant or occupier, as the case may be, the Judges may issue a Warrant under the Seal of the Court, to any Bailiff of the Court requiring and authorizing him within a period to be therein named not less than seven or more than ten clear days from the date of such warrant, to give possession of the premises to such Landlord or agent, and such Warrant shall be a sufficient Warrant to the said Bailiff to enter upon the premises with such assistants as he shall deem necessary, and to give possession accordingly Provided always, that entry upon any such Warrant shall not be made on a *Sunday*, *Good Friday*, or *Christmas day*, or any other day observed by the Court as a Holiday, or at any time except between the hours of six in the morning and six in the afternoon Provided also, that nothing herein contained shall be deemed to protect any person by whom any such Warrant shall be sued out of the Court of Requests, from any action which may be brought against him by any such tenant or occupier for such entry and taking possession, where

কমিসনর” এই কথার পরিবর্ত্তে “এই আইনানুসারের স্থাপিত কোর্ট রিকেষ্টের জজ সাহেবেরা” ঐ কথা পাঠ করিতে হইবেক এবং ঐ আইনে যেখানে এক শত টাকা লেখা আছে সেখানে পাঁচ শত টাকা পাঠ হইবেক এবং উক্ত আইনের শেষের লিখিত তফসীলে যে নানা পাঠ আছে তাহা তদনুসারে ফেরফার করা যাইবেক এবং তাহাতে ১৮৪৭ সালের ৭ আইনের পরিবর্ত্তে এই আইন উল্লেখ করিতে হইবেক ইতি।

৯০ ধারা। যে বাটী বা ভূমি কি অন্য স্থাবর অধিকারিত্বের মূল্য কিম্বা তাহা ভাড়া করণের বিষয়ে যে খাজানা দেয় হয় তাহা সম্বৎসরে পাঁচ শত টাকার অধিক না হয় এবং তাহার উপর কোন পাট্টা সেলামী না দেওয়া গিয়া থাকে এমত বাটীপ্রভৃতির ভাড়াটিয়া ব্যক্তির ভাড়ার মিয়াদ ও সম্পর্ক শেষ হইলে অথবা আইনমতে তাহাকে ঐ বাটীপ্রভৃতি ছাড়িয়া দিতে এত্তেলা দেওনের দ্বারা ঐ মিয়াদ শেষ হইলে যদি সেই ভাড়াটিয়া ব্যক্তি অথবা সেই ভাড়াটিয়া প্রকৃতপ্রস্তাবে ঐ বাটীতে না থাকে অথবা তাহার কেবল কতক অংশে থাকে তবে যে ব্যক্তি সেই সময়ে প্রকৃতপ্রস্তাবে সেই বাটী অথবা তাহার কোন ভাগে থাকে সেই ব্যক্তি যদি সেই বাটী কি তাহার সেই ভাগ ত্যাগ করিতে এবং তাহার দখল ছাড়িয়া দিতে ত্রুটি বা অস্বীকার করে তবে সেই বাটীর মালিক অথবা তাহার গোমাশ্তা ঐ ভাড়াটিয়া কিম্বা দখীলকার ব্যক্তির নামে আদালতহইতে সমন বাহির করিতে পারে ইতি।

৯১ ধারা। যদি তাহাতে ঐ ভাড়াটিয়া কি দখীলকার ব্যক্তি নিরূপিত সময়ে ও স্থানে হাজির না হয় এবং তাহার বিরুদ্ধ কারণ না দর্শায় এবং তথাপি ঐ বাটী অথবা তাহার যে ভাগ তৎসময়ে তাহার দখলে থাকে সেই ভাগের দখল সেই বাটীর মালিক বা তাহার গোমাশ্তার হাতে ত্যাগ করিতে ত্রুটি বা অস্বীকার করে তবে সেই বাটীর মালিক বা তাহার গোমাশ্তা সেই বাটী তাহার সম্পত্তি হওনের প্রমাণ এবং বাইযত্তের মিয়াদ শেষ হওন বা অন্য প্রকারে নিবৃত্ত হওনের এবং তাহার সময় ও প্রকারের প্রমাণ আদালতে দিতে পারে। এবং যে গতিকে বাটী ভাড় হওনের পর বাটীর মালিকের স্বত্ব জন্মিয়াছে সেই গতিকে যে স্বত্বের দ্বারা তিনি তাহার দখলের দাওয়া করেন সেই স্বত্বের প্রমাণ দিতে পারেন ইতি।

৯২ ধারা। ঐ সমন জারী হওনের প্রমাণ এবং বিষয় বিশেষে ভাড়াটিয়া অথবা দাখীলকারের ত্রুটি কি অস্বীকারের প্রমাণ হইলে জজ সাহেবেরা আদালতের মোহরকরা এক ওয়ারণ্ট আদালতের কোন বেইলিফকে দিতে পারেন এবং তাহাতে তাঁহাকে এই হুকুম ও ক্ষমতা দেওয়া যাইবেক যে ঐ ওয়ারণ্টের মধ্যের লিখিত মিয়াদের মধ্যে অর্থাৎ ঐ ওয়ারণ্টের তারিখের পর সম্পূর্ণ সাত দিবসের কম না হয় ও দশ দিবসের অধিক না হয় ঐ বাটীর দখল ঐ বাটীর মালিক কি তাহার গোমাশ্তাকে দেন। এবং ঐ ওয়ারণ্টের ক্ষমতাক্রমে ঐ বেইলিফ যত আমলা আবশ্যক বোধ করে তত আমলা লইয়া ঐ বাটীর মধ্যে প্রবেশ করিতে এবং তাহার দখল দেওয়াইতে পারে। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ ওয়ারণ্টক্রমে রবিবারে অথবা গুডফ্রাইডে কি ক্রিসমিসডে অর্থাৎ বড় দিনে অথবা অন্য যে কোন দিবস ঐ আদালত পর্ব্বের ন্যায় মানেন সেই দিবসে বাটীর মধ্যে প্রবেশ হইতে পারে না অথবা প্রাতঃকালের ছয় ঘণ্টাঅবধি অপরাহ্নের ছয় ঘণ্টাপর্য্যন্ত সময় ছাড়া অন্য কোন সময়ে প্রবেশ করা যাইতে পারে না। কিন্তু জানা কর্ত্তব্য যে এই আইনের মধ্যের লিখিত কোন কথার এমত অর্থ করিতে হইবেক না যে যে ব্যক্তির দরখাস্তক্রমে কোর্ট রিকেষ্ট ঐ ওয়ারণ্ট দিয়াছেন সেই ব্যক্তির ওয়ারণ্ট পাওন সময়ে যদি সেই বাটীর দখলের বিষয়ে কোন আইনসিদ্ধ স্বত্ব ছিল না তবে সেইরূপ বাটীর মধ্যে

such person had not, at the time of suing out the same as aforesaid, lawful right to the possession of the same premises

XCIII Such Summons as last aforesaid may be served either personally or by leaving the same with some person, being in and apparently residing at the place of abode of the person or persons so holding over as aforesaid, Provided that if the person or persons so holding over, or any or either of them cannot be found, and the place of abode of such person or persons shall either not be known, or admission thereto cannot be obtained for serving such Summons, the posting of the said Summons on some conspicuous part of the premises so held over, shall be deemed to be good service upon such person or persons respectively

XCIV No action or prosecution shall be maintainable against the Judges or against the Clerk of the Court, by whom such Warrant as aforesaid shall have been issued, or against any Bailiff or other person by whom such Warrant may be executed or Summons affixed, for issuing such Warrant, or executing the same respectively, or affixing such Summons, by reason that the person by whom the same shall be sued out had not lawful right to the possession of the premises

XCV Where the Landlord at the time of applying for such Warrant as aforesaid had lawful right to the possession of the premises, or of the part thereof so held over as aforesaid, neither the said Landlord nor his agent, nor any other person acting in his behalf, shall be deemed to be a trespasser, by reason merely of any irregularity or informality in the mode of proceeding for obtaining possession under the authority of this Act, but the party aggrieved may, if he think fit, bring an action on the case for such irregularity or informality, in which the damage alleged to be sustained thereby shall be specially laid, and may recover full satisfaction for such special damage with costs of suit Provided that, if the special damage so laid be not proved, the defendant shall be entitled to a verdict, and that, if proved, but assessed at any sum not exceeding Ten Rupees, the plaintiff shall recover no more costs than damages, unless the Judge, before whom the trial shall have been holden, shall certify that in his opinion full costs ought to be allowed

XCVI In every case in which the person by whom any such Warrant shall be sued out of the Court of Requests, had not at the time of suing out the same lawful right to the possession of the premises, the suing out of any such Warrant as last aforesaid, shall be deemed a trespass by him against the tenant or occupier of the premises, although no entry shall be made by virtue of the Warrant, and in case any such tenant or occupier will become bound with two sufficient Sureties, to be approved by the Clerk of the Court, in such

প্রবেশ ও তাহা দখল করণের বিষয়ে ঐ ভাড়াটিয়া কি দখীলকার তাহার নামে যে নালিশ করিতে চাহে সেই নালিশহইতে সেই ব্যক্তি রক্ষা পাইবেক ইতি।

৯৩ ধারা। পূর্ব্বোক্ত সমন ভাড়াটিয়া ব্যক্তির উপর জারী হইতে পারে অথবা যে ব্যক্তি বা ব্যক্তিরা পূর্ব্বোক্ত মতে বাটী ত্যাগ করিতে অস্বীকার করে সেই ব্যক্তির বাসস্থানে যে কোন ব্যক্তি থাকে এবং দৃষ্টতঃ তথায় বাস করিতেছে সেই ব্যক্তিকে সমন দিলে তাহা জারী হইল জ্ঞান হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে যে ব্যক্তি বা ব্যক্তিরা এইরূপে বাটী ত্যাগ না করে তাহারদের কোন এক ব্যক্তিকে যদি পাওয়া না যায় এবং সেই ব্যক্তি বা ব্যক্তিরদের বাসস্থান জানা নাই অথবা সেই সমন জারী করণার্থে তাহাতে প্রবেশ হইতে পারে না তবে যে বাটী এইরূপে ত্যাগ করার অস্বীকার হইয়াছে সেই বাটীর সকলের দৃষ্টিগোচর কোন স্থানে সমন লটকাইলে তাহা সেই ব্যক্তি বা ব্যক্তিরদের উপর প্রকৃতমতে জারী হইয়াছে জ্ঞান হইবেক ইতি।

	ঐ		মৌজে ইনসা তালুক ছারদ্দিন	দেবীচরণ ও কাশীনাথ দত্ত	১৪॥৵১০		
					৭ ॥৷ ৬		

W J Allen, *Collector*

ADVERTISEMENT OF THE SOONDERBUNS COMMISSIONER'S OFFICE

NOTICE —That the Pottah of the undermentioned Lots situated within the limits of the Soonderbuns, in the district of Backergunge, known by the name of Chuck Khowlia Burrissal, the property of Government, will be put up for Public Sale, at Noon, on Tuesday, the 20th day of August, 1849, corresponding with 13th Bhadoor, 1256 B S, at the Office of the Soonderbuns Commissioner, Allipore The individual who will bid for the Pottah above the others, and will immediately pay to the Soonderbuns Commissioner the full amount of his purchase money, the Pottah will be drawn up in his name and will be made over to him with the confirmation of Government, and the said individual will become the grantee of the said Lot or Lots, in every respect and he will be subject to the conditions of the Pottah It is further notified that the intending purchaser wishing to see or be informed of the conditions of the Pottah, or the present state of the Lot, Map, &c can see and be informed with its particulars, on their personally or through Agent applying at the Office, and which will be moreover proclaimed at the time of sale

Lots 2, 4, 5, 6 and 7

Oomakanth Sain, *Commissioner*

Sooderbuns Commissioner's Office, Allipore, the 19th July, 1849

সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানার ইশ্তিহার।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে সুন্দরবনের মধ্যে জিলা বাকরগঞ্জের চক খৌলিয়া বরিশাল নামে খ্যাত নীচের লিখিত নিজ সরকারী লাটের পাট্টা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ২০ আগস্ট তারিখ মোতাবেক বাঙ্গলা ১২৫৬ সালের ১৩ ভাদ্র মঙ্গলবার বেলা দুই প্রহরের সময়ে আলীপুরের সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানায় নীলাম হইবেক। যে ব্যক্তি ঐ পাট্টার জন্যে অধিক ডাকিবেক ও খরীদের সমুদয় টাকা অবিলম্বে সুন্দরবনের কমিস্যনরকে দিবেক তাহার নামে পাট্টা করা যাইবেক ও গবর্ণমেন্টের মঞ্জুরীক্রমে তাহাকে দেওয়া যাইবেক। এবং সেই ব্যক্তি সর্ব্ব বিষয়ে এ লাটভোগী হইবেক এবং পাট্টার সকল নিয়মে বদ্ধ থাকিবেক। আর সম্বাদ দেওয়া যাইতেছে যে খরীদ করণাকাঙ্ক্ষী যে কেহ এ পাট্টার নিয়ম কি লাটের বর্ত্তমান দশা কি নকশাপ্রভৃতি দেখিতে কি জ্ঞাত হইতে চাহে সেই ব্যক্তি আপনি হাজির হইয়া কি গোমাশ্তার দ্বারা সুন্দরবনের কমিস্যনরের নিকটে তদ্বিষয় জ্ঞাত হইতে পারে আরো নীলামের দিবসে এ পাট্টার নিয়মইত্যাদি প্রকাশ করা যাইবেক ইতি।

২। ৪। ৫। ৬। ৭ নম্বরী লাট।

উমাকান্ত সেন। সুন্দরবনের কমিস্যনর।

সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানা। আলীপুর। ১৮৪৯ সাল ১৯ জুলাই।

INSOLVENT COURT — দেউলিয়ারদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the several matters of JANE HUNT and CATHERINE ELIZA MADEIRA, Insolvents

NOTICE is hereby given that Saturday, the 4th day of August next, is appointed for further hearing in this matter, for the purpose of declaring a dividend and that an account in detail of the receipts and disbursements of the Assignee has been filed and may be inspected in the Office of the Chief Clerk Any Creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing

Official Assignee's Office, 27th July, 1849

কলিকাতার অক্ষম ঋণিবর্গের পরিত্রাণার্থ আদালত।

দেউলিয়া জেন হণ্ট ও কাথেরাইন ইলাইজা মাদেরার স্বতন্ত্র বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করণের নিমিত্তে আগামি আগষ্ট মাসের ৪ তারিখ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 7, 1849

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ৭ আগষ্ট।

DRAFT OF ACT

FORT WILLIAM
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 28TH JULY, 1849

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 28th of July, 1849

ACT NO —— OF 1849

An Act to extend the operation of Section X Regulation XXVI 1814, of the Bengal Code

Whereas it is expedient for the better administration of justice to extend the provisions of Section X, Regulation XXVI 1814, and make them applicable to suits instituted in the Courts of the Moonsiffs, It is enacted as follows

I From the passing of this Act, Section X, Regulation XXVI 1814, shall be applicable to all Suits instituted in the Courts of the Moonsiffs, in the Presidency of Fort William in Bengal

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India, after the 28th day of September next

F J HALLIDAY,
Secy to the Govt of India

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ২৮ জুলাই।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ২৮ জুলাই তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

বাঙ্গলা দেশের চলিত ১৮১৪ সালের ২৬ আইনের ১০ ধারার কার্য্য বিস্তার করণের আইন।

যেহেতুক যথার্থ বিচার পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে করিবার নিমিত্তে ১৮১৪ সালের ২৬ আইনের ১০ ধারার বিধান বিস্তার করা এবং মুনসেফেরদের আদালতে উপস্থিত হওয়া মোকদ্দমার বিষয়ে ঐ বিধান খাটান বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। এই আইন জারী হওনের পর ১৮১৪ সালের ২৬ আইনের ১০ ধারা বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অন্তঃপাতি মুনসেফেরদের আদালতে উপস্থিত হওয়া সকল মোকদ্দমার বিষয়ে খাটিবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি সেপ্টেম্বর মাসের ২৮ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C MARSHMAN *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE

No 27

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ——

I am desired by the Sudder Board of Revenue

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

২৭ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

গবর্ণমেণ্টের স্থানে প্রাপ্ত হুকুমানুসারে সদর বোর্ড রে-

to instruct you conformably to orders received from Government, that the practice of borrowing Elephants from Zumeendars and others for the public service, when there is no emergency, is considered to be objectionable. When Elephants are required for the public service, they must, if practicable, be obtained from a Government Depot, or be purchased, but on an emergency when Government Elephants are not at hand, or cannot be purchased, borrowing under sanction may be resorted to.

2. With the view of securing the strict observance of this rule, the Board are pleased to direct that Elephants be not borrowed for the public service, in the Revenue Department, without their previous sanction.

3. I am directed to take this opportunity of enjoining on you, and all the officers subordinate to you, the strict observance of the Government orders of the 10th of November, 1834.

(Signed) G. PLOWDEN,
Secretary.

Sudder Board of Revenue,
Fort William, the 3d July, 1849.

No. 28.

From the Secretary to the Sudder Board of Revenue to the Commissioner of Revenue for the Division of ———

In continuation of Circular Order, dated the 6th January, 1848, No. 1, I am directed by the Sudder Board of Revenue, to instruct you, that correspondence relating to Law Suits need not be entered in the Quarterly Index prescribed by the Circular of the 14th May, 1847, No. 7, as the Board exercise a sufficient check in the Department of Law Suits through the medium of the Legal Remembrancer's Office.

2. The Board observe, from the inordinate bulk of the Indices which they receive from some Commissioners, that the spirit and intent of their Circular instructions of the 6th January, 1848, have not been sufficiently apprehended and acted upon. Matters of trifling interest, such as applications for sanction to petty disbursements, notices of giving over and receiving charge of offices, applications for the return of documents and other matters equally trivial which ought to be excluded altogether, still find a place in the Returns of some Officers. The exercise of a small degree of judgment is of course necessary, the Board observe, to discriminate between what should be retained and what rejected, and if your Assistant does not possess the necessary discrimination, it would be easy for you, when cases are before you, to indicate by some mark on the papers, those which should be inserted in the Index.

G. PLOWDEN,
Secretary.

Sudder Board of Revenue,
Fort William, the 17th July, 1849.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ৭ আগষ্ট।]

রিনিউর সাহেবেরা তোমাকে জানাইতেছেন যে অত্যাবশ্যক না হইলে সরকারী কার্য্যের নিমিত্তে জমীদার ও অন্য লোকেরদের হস্তী কিছু কালের জন্যে লওনের ব্যবহার অনুচিত বোধ হয়। যখন সরকারী কার্য্যের নিমিত্তে হস্তির প্রয়োজন হয় তখন সাধ্য হইলে গবর্ণমেণ্টের হস্তিশালাহইতে আনাইতে হইবেক অথবা ক্রয় করিতে হইবেক। কিন্তু হস্তির অত্যাবশ্যক হইলে যদি গবর্ণমেণ্টের হস্তী নিকটে না থাকে কিম্বা হস্তী ক্রয় করা যাইতে না পারে তবে অনুমতি লইয়া অন্য লোকের স্থানহইতে কিছু কালের নিমিত্তে লওয়া যাইতে পারে।

২। এই বিধান অবিকল্পরূপে প্রতিপালন হইবার অভিপ্রায়ে বোর্ডের সাহেবেরা হুকুম করিতেছেন যে তাঁহারদের অনুমতি না পাইলে রাজস্বের সিরিশ্তার কর্ম্মের নিমিত্তে কোন হস্তী অন্য লোকের স্থানে লইতে হইবেক না।

৩। এই সুযোগে তোমাকে ও তোমার অধীন সকল কার্য্যকারককে আদেশ করিতেছি যে ১৮৩৪ সালের ১০ নবেম্বর তারিখের গবর্ণমেণ্টের হুকুম অবিকল্পরূপে প্রতিপালন কর।

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম ১৮৪৯। ৩ জুলাই।

---

২৮ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

১৮৪৮ সালের ৬ জানুআরি তারিখের ১ নম্বরী সরকুলর অর্ডরের অনুক্রমে সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমাকে জানাইতেছি যে মোকদ্দমার বিষয়ি লিখনপঠন ১৮৪৭ সালের ১৪ মে তারিখের ৭ নম্বরী সরকুলর অর্ডরের নির্দ্দিষ্ট ত্রৈমাসিক নির্ঘণ্টের মধ্যে লিখিবার আবশ্যক নাই যেহেতুক ঐ মোকদ্দমার বিষয়ে রিমেম্ব্রান্সর সাহেবের দ্বারা বোর্ডের সাহেবেরা উপযুক্তমতে শাসন করিতেছেন।

২। কোন২ কমিস্যনর সাহেবের স্থানে বোর্ডের সাহেবেরা যে নির্ঘণ্ট পাইয়া থাকেন তাহার বাহুল্যপ্রযুক্ত তাঁহারা বোধ করেন যে তাঁহারদের ১৮৪৮ সালের ৬ জানুআরি তারিখের সরকুলর অর্ডরের লিখিত বিধানের ভাব ও অভিপ্রায় উপযুক্তমতে বুঝা যায় নাই ও তদনুসারে কার্য্য হয় নাই। অতি ক্ষুদ্র২ বিষয় যথা খুচরা টাকা বিতরণ করিবার অনুমতির দরখাস্ত এবং কাছারীর ভার সমর্পণ করণের ও পুনর্গ্রহণের সম্বাদ ও দস্তাবেজ ফিরিয়া পাঠাইবার দরখাস্ত ইত্যাদি ক্ষুদ্র২ বিষয় একেবারে ত্যাগ করিতে হয় অথচ তাহা কোন২ কমিস্যনর সাহেবের কৈফিয়তের মধ্যে লেখা যাইতেছে। সদর বোর্ডের সাহেবেরা কহিতেছেন যে যে২ বিষয় লিখিতে হয় ও যাহা ত্যাগ করিতে হয় তাহা নিশ্চয় করিবার নিমিত্তে কিঞ্চিৎ সদ্বিবেচনার আবশ্যক আছে এবং যদি তোমার আসিষ্টাণ্টের সেইরূপ সদ্বিবেচনা না থাকে তবে কোন বিষয় তোমার নিকটে উপস্থিত থাকিলে তুমি তাহার কাগজপত্রের উপর কোন এক চিহ্ন দিয়া জানাইতে পার যে তাহা নির্ঘণ্টের মধ্যে লিখিতে হয় কি না।

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ১৭ জুলাই।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 10

To the Civil Judges in the Lower Provinces, and the Commissioners of Hazareebaugh and Assam

The Court notify, in pursuance of the orders of Government that Construction 953, is rescinded, and that Moonsiffs are, in like manner as Principal Sudder Ameens and Sudder Ameens, liable to a deduction of half their salary when absent from their stations on leave during any of the established Native Holidays, except the Mohurrum and Dusserah Vacations when all the Uncovenanted Judges are allowed to be absent on leave without deduction of salary

W KIRKPATRICK *Deputy Register*

Fort William, the 13th July, 1849

No 11

To the Civil Judges in the Lower Provinces

The Court desire to ascertain whether the expectation of the Law Commissioners, expressed in the subjoined paragraph of their letter to Government, No 30, dated 31st October, 1840, of the gradual decay of the practice of purchasing lands under fictitious names has proved to be well founded They, therefore, request that you will state how many suits have been instituted in your district during the last five years in which an allegation of Beynamee purchase may have been made by either party, or the point at issue was, whether the party in whose name an estate had been acquired, was the bona fide or the sole proprietor A separate column of the statement should show in how many of the cases entered in it, the litigation was between members of the same family You are at the same time requested to report whether you find the general belief to be, that the custom of purchasing lands under fictitious names, is now, in any important degree, as was anticipated by the Law Commissioners, on the decline

2 A Form of statement for inserting the required information is annexed

W KIRKPATRICK *Deputy Register*

Fort William, the 13th July, 1849

Extract (paragraph 10) from the Law Commissioner's Report to Government, No 30, of 31st October, 1840

10 It appears to be thought that the practice is growing less frequent, and now that Europeans are at liberty to acquire lands openly, and it is declared that there is no objection to Native Judicial functionaries holding lands, provided they register them , and since measures have been taken to render the responsibilities of Landholders less troublesome to them, there are fewer inducements for the real purchaser to keep out of sight, while experience has shewn that these under hand

[*Government Gazette, 7th August*, 1849]

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

১০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব ও হাজারীবাগের এবং আসামের শ্রীযুত কমিসনর সাহেব বরাবরেষু।

গবর্ণমেণ্টের হুকুমক্রমে সদর আদালতের সাহেবেরা জানাইতেছেন যে ৯৫৩ নম্বরী আইনের অর্থ রদ হইল এবং মহরমের ও দশহরার বন্দভিন্ন নির্দ্ধারিত পরবের সময়ে যেমন প্রধান সদর আমীনেরা ও সদর আমীনেরা আপনারদের কর্ম্মস্থানহইতে স্থানান্তর গেলে তাঁহারদের বেতনের অর্দ্ধেক কর্ত্তন হয় সেই প্রকারে মুনসেফেরদেরও বেতন কর্ত্তন হইবেক। মহরম ও দশহরার বন্দে সকল অচিহ্নিত বিচারক ছুটী লইয়া স্থানান্তর যাইতে পারেন এবং তাঁহারদের কোন বেতন কর্ত্তন হইবেক না।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ১৩ জুলাই।

১১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব বরাবরেষু।

আইনের কমিসনর সাহেবেরা ১৮৪০ সালের ৩১ অক্টোবর তারিখের ৩০ নম্বরী যে পত্র গবর্ণমেণ্টের নিকটে লিখিলেন তাহার নীচের লিখিত দফাতে এইমত ভরসা জানাইয়াছিলেন যে বেনামীতে ভূমি খরীদ করণের ব্যবহার ক্রমে২ হ্রাস পাইবেক। সদর আদালতের সাহেবেরা এক্ষণে অবগত হইতে চাহেন যে ঐ ভরসা সফল হইয়াছে কি না। অতএব তাঁহারা আদেশ করিতেছেন যে তোমার জিলাতে গত পাঁচ বৎসরে কত মোকদ্দমার বাদী বা প্রতিবাদী বেনামী খরীদ হওনের এজহার করিয়াছে অথবা কত মোকদ্দমার বিবাদের এই বিষয় ছিল যে যে ব্যক্তির নামে কোন জমীদারী প্রাপ্তহওয়া গিয়াছিল সেই ব্যক্তি তাহার প্রকতপ্রস্তাবে অথবা একাকী মালিক কি না এই বিষয়ের তাঁহারদের নিকটে রিপোর্ট কর। ঐ কৈফিয়তের মধ্যে এক স্বতন্ত্র ঘরে ইহা দেখা ইতে হইবেক যে ঐ কৈফিয়তের লিখিত কত মোকদ্দমায় এক বংশের পরিবারেরদের মধ্যে বিরোধ হইয়াছিল। তুমি আরো এই বিষয়ের রিপোর্ট কর যে আইনের কমিসনর সাহেবেরা যেরূপ ভরসা করিয়াছিলেন সেইরূপে বেনামী খরীদের ব্যবহার আর হ্রাস হইবেক এমত সর্ব্ব সাধারণ লোকের বিশ্বাস আছে কি না।

২। যে বৃত্তান্তের বিবরণ তলব হইল তাহা লিখনের কৈফিয়তের এক পাঠ নিম্ন লেখা যাইতেছে।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ১৩ জুলাই।

আইনের কমিসনর সাহেবেরা ১৮৪০ সালের ৩১ অক্টোবর তারিখের ৩০ নম্বরী যে পত্র গবর্ণমেণ্টের নিকটে লিখেন তাহার টুকরা অর্থাৎ ১০ দফা।

১০ দফা। এক্ষণে এ মত বোধ হইতেছে যে ঐ বেনামী খরীদ করণের ব্যবহার কম হইতেছে এবং এক্ষণে ইউরোপীয়েরা স্পষ্টত ভূমি খরীদ করিতে পারেন এবং এইমত হুকুম হইয়াছে যে এদেশীয় বিচারকেরা যদি ভূমি রেজিষ্টরী করেন তবে তাঁহারদের ভূমি দখল করণের কোন আপত্তি নাই এবং ভূম্যধিকারিরদের উপরে যে ঝুকী আছে তাহা পূর্ব্বাপেক্ষা ক্লেশরহিত করণের উদ্যোগ হইয়াছে এই২ কারণপ্রযুক্ত প্রকৃত খরীদারের গোপনে থাকনের পূর্ব্বাপেক্ষা অল্প প্রবৃত্তি হইতেছে এবং কার্য্যের অনুশীলনেতে দেখা গিয়াছে যে বেনামী

transactions are far from secure It is to be expected, therefore, that the practice will fall off still more without the direct interference of the Legislature

খরীদ কোন প্রকারে নির্বিঘ্ন নহে। অতএব এমত ভরসা হইতেছে যে ব্যবস্থাপক কৌন্সেল সাক্ষাৎ ইহাতে হস্তক্ষেপ না করিলেও ঐ ব্যবহার কমিয়া আসিবেক।

Years	Number of suits instituted in all the Courts of Zillah during the last five years in which an allegation of Beynamee purchase may have been made by either party, or the point at issue was whether the party in whose name an estate had been acquired, was the bona fide or the sole proprietor	In how many of the cases entered in the preceding column the litigation was between members of the same family	Remarks
1844			
1845			
1846			
1847			
1848			

W Kirkpatrick, *Deputy Register*

বৎসর	গত পাঁচ বৎসরের মধ্যে জিলার সকল আদালতে উপস্থিত যত মোকদ্দমার বাদি বা প্রতিবাদির দ্বারা বেনামী খরীদের এজহার হইয়াছে অথবা যত মোকদ্দমার বিরোধের বিষয় এই যে যে ব্যক্তির নামে জমীদারী খরীদ হইল সেই ব্যক্তি সেই ভূমির প্রকৃত-প্রস্তাব অথবা একাকী মালিক কি না তাহার সংখ্যা।	পূর্ব্বোক্ত ঘরের লিখিত মোকদ্দমার মধ্যে কত মোকদ্দমায় এক বংশের পরিবারেরদের মধ্যে বিরোধ হইল।	মন্তব্য কথা।
১৮৪৪			
১৮৪৫			
১৮৪৬			
১৮৪৭			
১৮৪৮			

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
John C Marshman, *Bengalee Translator*

রাজকর্ম্মে নিযোগ।

১১৭৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিযোগ।

১৮৪৯ সাল ২৮ জুলাই।

পূরণিয়ার জরীপী কর্ম্মে নিযুক্ত শ্রীযুত বাবু রাধানাথ বসু ডেপুটী কালেক্টরের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী হাফিজ সরফরাজ আলী মুঙ্গেরের জরীপী কর্ম্মহইতে জিলা ত্রিহুতে নিযুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৯ সাল ২৮ জুলাই।

দিনাজপুরের কালেক্টর শ্রীযুত সি ষ্টিয়র সাহেব (Mr C Steer,) আপনার কর্ম্মের ভার মাজিষ্ট্রেট শ্রীযুত স্কট সাহেবের (Mr Scott,) প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত শ্রীযুত স্কট সাহেব তাঁহার কর্ম্ম চালাইবেন।

ত্রিহুতের জরীপী কর্ম্মে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ওয়াজিদ হুসেন অস্বাস্থ্যের সর্টিফিকট ক্রমে বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

আসামের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টান্ট শ্রীযুত জে বেডফর্ড সাহেবকে (Mr J Bedford,) গত মার্চ মাসের ১৫ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল গত মাসের ২৯ তারিখঅবধি রহিত হইয়াছে ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ২৫ জুলাই।

জিলা চব্বিশপরগনার নবাবগঞ্জের থানার দ্বিতীয়

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ৭ আগষ্ট।]

শ্রেণীর দারোগা শ্রীযুত সরফউদ্দীন আহমদকে প্রমাণ-হওয়া দুষ্কর্ম্মের নিমিত্তে বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তগীর করেন তাহা মঞ্জুর হইয়াছে।

১৮৪৯ সাল ২৮ জুলাই।

মান্দ্রাজ দেশীয় ২১ পদাতিক পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত জে ডিন্সডেল সাহেবের (Lieutenant J Dinsdale,) বাঙ্গলা রাজধানীতে দেওয়ানী কর্ম্মের নিমিত্তে আর আবশ্যক না থাকাতে তিনি ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

আরাকাণের কমিস্যনর শ্রীযুত কাপ্তান এ পি ফেঁর সাহেব (Captain A P Phayre,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত আর সি রেক্স সাহেবের (Mr R C Raikes,) স্থানে গ্রহণ করেন।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জেমস গ্রাণ্ট সাহেব (Mr James Grant,) বর্ত্তমান মাসের ২৪ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী গোলাম আসগরের স্থানে পুনর্গ্রহণ করেন।

ঢাকার সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ সুইটনহাম সাহেব (Mr H Swetenham,) বর্ত্তমান মাসের ২৪ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত সৈয়দ আব্বাস আলীর স্থানে পুনর্গ্রহণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত আর ট্রটর সাহেব (Mr R Trotter,) কেপে গমনার্থ "শালট" নামক জাহাজ আরোহণ করিয়াছেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২৩ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১২০০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ৩০ জুলাই।

শ্রীযুত ই এ ব্লণ্ডেল সাহেব (Mr E A Blundell) পিনাঙ্গের রেসিডেণ্ট কৌন্সেলর হইবেন।

শ্রীযুত কাপ্তান জে ফেরিয়র সাহেব (Captain J Ferrier,) মলাক্কাতে রেসিডেণ্ট কৌন্সেলর হইবেন।

শ্রীযুত এচ নেলসন সাহেব (Mr H Nelson,) ওএলেসলি প্রদেশে আসিষ্টাণ্ট রেসিডেণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব (Mr W M Dirom,) চাটিগাঁর নিমকের এজেণ্ট হইবেন।

১৮৪৯ সাল ২ আগষ্ট।

শ্রীযুত ও ডবলিউ মালেট সাহেব (Mr O W Malet,) চাটিগাঁর মাজিষ্ট্রেট হইবেন কিন্তু শ্রীযুত মেটকাফ সাহেবের (Mr Metcalfe,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত ত্রিপুরার কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত বি এচ শক সাহেব (Mr V H Schalch,) মেদিনীপুরের মাজিষ্ট্রেট হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ২৮ জুলাই।

ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এ আবরক্রম্বি সাহেব (Mr A Abercrombie,) যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ছুটীবিষয়ক শুধরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বামড়ির সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু দ্বারকানাথ চাটুয্যা গত নবেম্বর মাসের ২৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চারি মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ১ আগষ্ট।

বহরমপুরের ডাকাধ্যক্ষ শ্রীযুত লেপ্টেনেণ্ট ডবলিউ ব্রিষ্টো সাহেব (Lieutenant W Bristow,) যে তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত এনসাইন টেলর সাহেবের (Ensign Taylor,) প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ১ আগষ্ট।

এঞ্জিনিয়র দ্বিতীয় লেপ্টেনেণ্ট শ্রীযুত পিল সাহেব ও শ্রীযুত জানষ্টন সাহেব (Second Lieutenants Pole and Johnstone,) মিলিটারী ডিপার্টমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৪৯ সাল ৩ আগষ্ট।

ছিলটের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডি জে ওকালাগান সাহেব (Mr D J O'Callaghan,) বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি মিলিটারী ডিপার্টমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENT — ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

সংবাদ দেওয়া যাইতেছে যে

১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারি জিলা ময়মনসিংহের নীচের লিখা মহাল ১২৫৫ সালের লাং কিস্তু ফাল্গুণের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে ১৮৪৯ সনের আগষ্ট মাসের ১৬ তারিখ মোং ১২৫৬ সনের ১ ভাদ্র রোজ বৃহস্পতিবার উক্ত জিলার কালেক্টরী কাছারীতে বিনা ওজরে ধরা গিয়া নিতান্ত বিক্রী হইবেক ইতি ১৮৪৯ সন তারিখ ২৩ জুলাই।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজীতে মহালের নং	মহালের নাম	মহালের লিখা মালিক	সদর জমা	সন ১২৫৫ সনের লাং কিস্তু ফাল্গুণের বাকী
১	চিরস্থ বন্দবস্তী	৩৪৭৪	সেরমস্ত খাঁ তপ্পে হাজরাদী	জগমোহন আইচ ওগয়রহ	৭৸/১০	৭৸/১০

G L LANCE, *Offg Collector*

[*Government Gazette, 7th August,* 1849]

ADVERTISEMENT OF THE SOONDERBUNS COMMISSIONER'S OFFICE

NOTICE.—That the Pottah of the undermentioned Lots situated within the limits of the Soonderbuns, in the district of Backergunge known by the name of Chuck Khowlia Burrisaul, the property of Government, will be put up for Public Sale, at Noon, on Tuesday, the 20th day of August, 1849, corresponding with 13th Bhadoor, 1256 B S, at the Office of the Soonderbuns Commissioner, Allipore The individual who will bid for the Pottah above the others, and will immediately pay to the Soonderbuns Commissioner the full amount of his purchase money, the Pottah will be drawn up in his name, and will be made over to him with the confirmation of Government, and the said individual will become the grantee of the said Lot or Lots in every respect, and he will be subject to the conditions of the Pottah It is further notified that the intending purchaser wishing to see or be informed of the conditions of the Pottah, or the present state of the Lot, Map, &c, can see and be informed with its particulars, on their personally or through Agent applying at the Office, and which will be moreover proclaimed at the time of sale

Lots 1, 2 3, 4, 5, 6 and 7

OOMAKANTH SAIN, *Commissioner*

Soonderbuns Commissioner's Office, Allipore, the 19th July, 1849

সুন্দরবনের কমিস্যনরের দপ্তরখানার ইশতিহার।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে সুন্দরবনের মধ্যে জিলা বাকরগঞ্জের চক খোলিয়া বরিশাল নামে খ্যাত নীচের লিখিত নিজ সরকারী লাটের পাট্টা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ২০ আগষ্ট তারিখ মোতাবেক বাঙ্গলা ১২৫৬ সালের ১৩ ভাদ্র মঙ্গলবার বেল৷ দুই প্রহরের সময়ে আলীপুরের সুন্দরবনের কমিস্যনরের দপ্তরখানায় নীলাম হইবেক। যে ব্যক্তি ঐ পাট্টার জন্য অধিক ডাকিবেক ও খরীদের সমুদয় টাকা অবিলম্বে সুন্দরবনের কমিস্যনরকে দিবেক তাহার নামে পাট্টা করা যাইবেক ও গবর্ণমেণ্টের মঞ্জুরীক্রমে তাহাকে দেওয়া যাইবেক। এবং সেই ব্যক্তি সর্ব্ব বিষয়ে ঐ লাটভোগী হইবেক এবং পাট্টার সকল নিয়মে বদ্ধ থাকিবেক। আরো সম্বাদ দেওয়া যাইতেছে যে খরীদ করণাকাঙ্ক্ষী যে কেহ ঐ পাট্টার নিয়ম কি লাটের বর্ত্তমান দশা কি নকশাপ্রভৃতি দেখিতে কি জ্ঞাত হইতে চাহে সেই ব্যক্তি আপনি হাজির হইয়া কি গোমাশ্তার দ্বারা সুন্দরবনের কমিস্যনরের নিকটে তদ্বিষয় জ্ঞাত হইতে পারিবে আরো নীলামের দিবসে ঐ পাট্টার নিয়মইত্যাদি প্রকাশ করা যাইবেক ইতি।

১। ২। ৩। ৪। ৫। ৬। ৭ নম্বরী লাট।

উমাকান্ত সেন। সুন্দরবনের কমিস্যনর।

সুন্দরবনের কমিস্যনরের দপ্তরখানা। আলীপুর। ১৮৪৯ সাল ১৯ জুলাই।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ৭ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত ।

CALCUTTA, TUESDAY, AUGUST 14, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ১৪ আগষ্ট।

CIRCULAR ORDER OF THE SUDDER BOARD OF REVENUE

No 29

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

It has come under the notice of the Sudder Board of Revenue that the uses of the Register of Written off but Reclaimable balances, instituted under Circular Orders of the 25th of July, 1834, No 84, and respecting which more particular instructions were issued in the Board's subsequent Circular of the 20th of March 1835, No 19, have been misunderstood and misapplied, and that the Register in question, styled in some districts the ' Suspense Register" or " Register of Suspended Dues," has been confounded with another, and quite a distinct Register, termed the Defaulter's Register, I am therefore desired to communicate for your information and guidance, the following observation and instructions

2 From the Circular Orders abovementioned and the correspondence, and extracts of correspondence annexed to them, it is clear that the Register in question was instituted with the view of distinguishing between demands *finally* remitted, whether as of right or otherwise, and those written off the accounts from motives of official convenience, but reclaimable, and of preserving a record of these latter in the Collector's Office, with a view to their realization when there might be the means of recovering them

3 It was further clearly intended that no demands should be written off and transferred to the Register until all enquiries regarding them, and all present means for realizing them had been exhausted—that such enquiries should always precede,

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

২৯ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ডের সাহেবেরা অবগত হইয়াছেন যে যে বাকী টাকা হিসাবে খারিজ হয় কিন্তু পুনর্ব্বার পাইবার সম্ভাবনা থাকে এমত বাকীর যে রেজিষ্টর ১৮৩৪ সালের ২৫ জুলাই তারিখের ৮৪ নম্বরী সরকুলর অর্ডরঅনুসারে স্থাপন হইয়াছিল অথচ যে রেজিষ্টরের বিষয়ে সদর বোর্ডের ১৮৩৫ সালের ২০ মার্চ তারিখের ১৯ নম্বরী সরকুলর অর্ডরে বিশেষ উপদেশ দেওয়া গিয়াছিল সেই রেজিষ্টরের ব্যবহারের বিষয়ে যথার্থ বোধ হয় নাই এবং তাহার অন্য প্রকার ব্যবহার হইয়াছে। উক্ত রেজিষ্টর কোন২ জিলার মধ্যে "স্থগিত রেজিষ্টর" অথবা "স্থগিত পাওনা টাকার রেজিষ্টর" নামে খ্যাত হইয়াছে এবং তাহা অন্য যে স্বতন্ত্র রেজিষ্টর "বাকীদারের রেজিষ্টর নামে খ্যাত তাহার সঙ্গে মিশ্রিত হইয়াছে। অতএব পশ্চাৎ লিখিত কথা ও হুকুম তোমার বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে তোমাকে জানাইতেছি।

২। উক্ত সরকুলর অর্ডর এবং তাহার সঙ্গে যে লিখনপঠন ও পত্রাদির চুম্বক দেওয়া গিয়াছিল তাহার দ্বারা স্পষ্ট বোধ হইতেছে যে যে দাওয়া ন্যায্যক্রমে বা প্রকারান্তরে চূড়ান্তরূপে ক্ষমা হইয়াছে সেই দাওয়া এবং অন্যান্য যে দাওয়া দফ্তরের সুগমের নিমিত্তে হিসাবহইতে খারিজ হইয়াছে কিন্তু তাহা পাইবার সম্ভাবনা আছে সেই দাওয়া পৃথক্ রাখণার্থে ঐ রেজিষ্টর স্থাপন হইয়াছিল। এবং তাহার আরো এই অভিপ্রায় ছিল যে শেষোক্ত প্রকার দাওয়া আদায় হওনের উপায় দৃষ্ট হইলে তাহা আদায় হয় এই জন্যে তাহার এক নিদর্শন কালেক্টর সাহেবের কাছারীতে থাকে।

৩। আরো স্পষ্টত এই মানস ছিল যে দাওয়ার বিষয়ের যাবৎ সম্পূর্ণরূপে তদারক না হয় এবং তাহা আদায় করণের আর কোন উপায় দৃষ্ট না হয় তাবৎ ঐ দাওয়া হিসাবহইতে খারিজ হইয়া রেজিষ্টরের মধ্যে লেখা না যায়। বোর্ডের সাহেবেরদের অভিপ্রায় ছিল যে

and not follow, the transfers, and that the transfer having been made, after the fullest enquiry, the parties liable might be called upon to make them good whenever, at any future period, it might appear to be practicable, but that recourse should not be had to formal and recurring investigations into their circumstances and means

4 The misuse of the Register has consisted in transferring to it all demands without observing the prescribed distinction, which seemed not to be susceptible of immediate realization, leaving the enquiries to be made for the most part, if not altogether, after the transfer, and thus removing them from the public accounts, and by consequence from the check and control of the superior authorities and the office of account, before they could be fairly pronounced to be irrecoverable

5 The Register of balances due by Land Revenue defaulters is a comparatively new annual account, instituted under the Board's Circular Orders of the 11th of May, 1842, No 14, when the revised Forms of Land Revenue Returns now in use were introduced It is intended to include only one class of demands, viz, balances remaining due after the sale of Estates sold for arrears of Revenue, such balances are recoverable from the defaulting proprietors and not from the Estates, therefore, to obviate confusion of account, occasioning often, as it was supposed, ultimate loss to Government as well as risk of injustice to purchasers of Estates, it was provided, that all balances in excess of the amount realized by the sale of the Estate, should from the moment the Estate was sold, be struck out of the General Towjee account, and entered against the defaulter in a separate account styled the Defaulter's Register Such balances pass in natural course, into the defaulter's column, expressly provided for them in the several periodical Towjee accounts, and through that column into the Register of balances due by defaulters They do not, it is to be observed, go off from, but continue on, the accounts, the only result being that this particular class of demands, for the reasons already stated, is separately exhibited and accounted for The Register should consequently be scrutinized with a view to the collection of the demands, with the same care as the Towjee, of which it is simply a separated portion, and any demands appearing on it which are considered irrecoverable should be regularly reported for remission, to the proper authority, and being remitted, deducted under the head of remissions, for which a column has been duly provided in the Register, after which any portion of the amount remitted which may be properly reclaimed hereafter should be entered in the Register instituted under the orders of 1834

6 But by a strange misapprehension, the two Registers have been supposed in some districts to be one and the same, and demands of all kinds,

সেইরূপ তদারক দাওয়ার খারিজদাখিলের পূর্ব্বে হয় এবং তাহার পরে না হয়। এবং সম্পূর্ণরূপে তদারক করণের পর খারিজদাখিল হওয়াতে যেং ব্যক্তির স্থানে ঐ টাকা প্রাপ্য হয় তাহারা পরে যে কোন কালে সেই টাকা পরিশোধকরণক্ষম বোধ হয় সেই কালে সেই টাকা তাহারদের স্থানে তলব করিতে হইবেক কিন্তু তাহারদের অবস্থা এবং যোত্রের বিষয়ের দাঁড়াক্রমে বারম্বার তহকীক না হয়।

৪। ঐ রেজিষ্টরের প্রকারান্তরে যে ব্যবহার হইয়াছে তাহা এই যে উক্ত প্রভেদের বিষয়ে কিছু বিবেচনা না করিয়া যে সকল দাওয়া তৎক্ষণাৎ আদায় হওনের যোগ্য বোধ হইল না তাহা ঐ রেজিষ্টরের মধ্যে দাখিল হইয়াছে এবং তাহার তদারক প্রায় প্রত্যেক গতিকে খারিজদাখিল করণের পর করা যাইতেছে। এবং ইহাতে ঐ বাকী টাকা নিতান্ত অপ্রাপ্য ইহা নিশ্চয় হওনের পূর্ব্বে তাহা সরকারী হিসাবহইতে উঠান যাইতেছে এবং তৎপ্রযুক্ত কর্ত্তৃত্বকারি সাহেবেরদের এবং হিসাবের দফ্তরের তাহার উপর আর দৃষ্টি পড়ে না ও কোন কর্ত্তৃত্ব থাকে না।

৫। ভূমির রাজস্বের বাকীদারের স্থানে পাওনা বাকীর রেজিষ্টর এক প্রকারে নূতন বার্ষিক হিসাব কহা যাইতে পারে। তাহা বোর্ডের ১৮৪২ সালের ১১ মে তারিখের ১৪ নম্বরী সরকুলর অর্ডরক্রমে ভূমির রাজস্বের কৈফিয়তের যে সংশোধিত পাঠ এক্ষণে ব্যবহার হইতেছে তাহা নির্দ্দিষ্ট হওনের সময়ে স্থাপন হইয়াছিল। তাহার অভিপ্রায় এই যে কেবল একপ্রকার দাওয়া তাহার মধ্যে থাকে অর্থাৎ রাজস্বের বাকীর জন্যে নীলামহওয়া মহালের নীলামের পর যে টাকা বাকী থাকে তাহা। ঐ বাকী টাকা বাকীদার ভূম্যধিকারির স্থানে আদায় করিতে হয় এবং জমীদারীহইতে নহে। অতএব হিসাবের এইরূপ গোলমালেতে কখনং সরকারের শেষে ক্ষতি হয় এবং জমীদারীর খরীদারেরদের প্রতি অযথার্থ হয় বোধ হওয়াতে সেই গোলমাল নিবারণের নিমিত্তে হুকুম হইল যে জমীদারীর নীলামেতে যে টাকা পাওয়া যায় তাহাঅপেক্ষা যত অধিক টাকা বাকী থাকে তাহা জমীদারী নীলাম হইবামাত্র সাধারণ তৌজীর হিসাবহইতে খারিজ হয় এবং "বাকীদারের রেজিষ্টর" নামে খ্যাত স্বতন্ত্র হিসাবে বাকীদারের নামে লেখা যায়। নানা সাময়িক তৌজীর হিসাবে যে ঘর ঐ বাকীদারের হিসাবের জন্যে বিশেষরূপে নির্দ্দিষ্ট আছে তাহার মধ্যে কায়েং ঐ বাকী টাকা লেখা যাইবেক এবং সেই ঘরে লিখিত হওয়াপ্রযুক্ত বাকীদারের স্থানে পাওনা বাকীর রেজিষ্টরে তোলা যাইবেক। অতএব দৃষ্ট হইবেক যে সেই বাকী হিসাবহইতে খারিজ হয় না কিন্তু হিসাবের মধ্যেই থাকে কেবল এই বৈলক্ষণ্য হইতেছে যে ঐ বিশেষপ্রকার দাওয়া পূর্ব্বোক্ত কারণে স্বতন্ত্ররূপে দর্শান এবং হিসাবে লেখা যাইতেছে। এই রেজিষ্টর সুদ্ধ তৌজীর পৃথকহওয়া এক অংশ অতএব দাওয়া আদায় করণের অভিপ্রায়ে তৌজীর যেরূপে তদারক হইতেছে সেইরূপে এই রেজিষ্টরেরও তদারক করিতে হয়। এবং যদি দৃষ্ট হয় যে নিতান্ত অপ্রাপ্য কোন দাওয়া তাহার মধ্যে লেখা আছে তবে রীতিমত ক্ষমা হওনার্থে উপযুক্ত কর্ত্তৃত্বকারি সাহেবেরদের নিকটে তাহার রিপোর্ট করিতে হইবেক এবং সেইরূপ ক্ষমাহওয়া টাকা খাতাহইতে বাদ দিতে হইবেক এবং ঐ ক্ষমাহওয়া টাকার নিমিত্তে এক স্বতন্ত্র ঘর রেজিষ্টরের মধ্যে প্রস্তুত হইয়াছে। তাহার পর ক্ষমাহওয়া টাকার যে কোন অংশ তৎপরে পাওয়া যায় তাহা ১৮৩৪ সালের হুকুমক্রমে স্থাপিত রেজিষ্টরের মধ্যে লিখিতে হইবেক।

৬। কিন্তু অতি আশ্চর্য্য ভ্রান্তিক্রমে কোনং জিলায় এই দুই রেজিষ্টর একি বোধ হইয়াছে এবং যে সকল প্রকার দাওয়া হিসাবহইতে খারিজ হইয়া ১৮৩৪ সালের

intended to be written off the accounts and transferred to the Register of 1834, have, by being passed through the defaulter's column, instead of the column for remissions, gone into the Register of balances due by defaulters, where they are just as much on the accounts as they were before, to the exclusion it may be, or only the partial insertion, of the only class of demands for which that Register was intended

7 Excepting these demands, which pass out of the Towjees, but not, as already shown, out of the account altogether, through the column especially appropriated for them, no *other* demands whatever, it is to be observed, can properly pass out of the Towjees, and no demands of *any* kind out of the accounts altogether, including of course the Defaulter's Register, excepting through the column for remissions, where they are first subjected to the scrutiny of the Accountant who will not pass the remissions unless supported by proper authority, but it is obvious that *any* demands may be *improperly* passed out of the Towjees into the Defaulter's Register through the defaulter's column, without the possibility of any check on the part of the Accountant, who must of course suppose them to be demands of the particular description for which that column was provided, until demands on the Defaulter's Register happen long after to be reported for remission, when it may come to be discovered that some of the reported balances are of a description which ought never to have been transferred to that Register

8 With respect to the Register of suspended dues, instituted under the orders of 1834, the Board are pleased to abolish it, and to determine that in future, all demands written off under the orders of a competent authority shall be remitted once for all They believe, that, legitimately used, the Register in question, has in practice, been productive of no benefit whatever, nor is ever likely to be, at the same time, that it is liable to a misapplication of its uses, and may under such misapplication cause mischief You will be pleased, therefore, to revise all the Suspense Registers of your division, which may have been kept distinctly from the Registers of balances due by defaulters, and if any reclaimable demands have been written off the accounts, and transferred to the former Register, through the column for remissions, under your own orders, or the orders of the Board on your reports, while the enquiries were still incomplete and consequently before it was ascertained that there was no hope of realizing the demands, you will direct them to be written back into the accounts, with a view to their being recovered or finally remitted, or reported for final remission after complete enquiry, and you will be careful that, in future, no demands are remitted, or reported for remission, until they are clearly shown to be demands not justly due, or otherwise quite irrecoverable.

রেজিষ্টরে দাখিল করিবার হুকুম হইয়াছিল তাহা ক্ষমা-হওয়া টাকার ঘরে না লিখিয়া বাকীদারের ঘরে লিখন-প্রযুক্ত বাকীদারের স্থানে পাওনা বাকীর রেজিষ্টরের মধ্যে তোলা গিয়াছে। এবং এইপ্রযুক্ত ঐ সকল বাকী যেমন পূর্ব্বে হিসাবের মধ্যে ছিল তেমনি হিসাবের মধ্যে থাকে এবং যেপ্রকার দাওয়ামাত্রের জন্যে ঐ রেজিষ্টর প্রস্তুত হইয়াছিল তাহা তাহার মধ্যে লেখা যায় না অথবা অতিঅল্প লেখা যায়।

৭। যে২ দাওয়া তজ্জন্যে নির্দ্দিষ্ট হিসাবের ঘরে লিখিত হওনপ্রযুক্ত পূর্ব্বোক্ত প্রকারে দৃষ্টমতে তৌজী-হইতে খারিজ হয় কিন্তু হিসাবহইতে খারিজ হয় না সেই২ দাওয়াছাড়া অন্য কোন দাওয়া উপযুক্তমতে তৌজীহইতে খারিজ হইতে পারে না। এবং ক্ষমাহওয়া টাকার ঘরে লিখিত না হইলে কোন প্রকার দাওয়া হিসাবহইতে খারিজ হইতে পারে না। সুতরাং বাকীদারের রেজিষ্টরহইতে খারিজ হইবেক না। ঐ ক্ষমাহওয়া টাকার ঘরে যে দাওয়া লেখা যায় তাহা প্রথম আক্কোণ্টেণ্ট সাহেবের তদারকের অধীনে হয় এবং তিনি কর্তৃঅকারি সাহেবেরদের হুকুম না দেখিলে ক্ষমাহওয়া টাকা মঞ্জুর করিবেন না। কিন্তু স্পষ্ট দৃষ্ট হইতেছে যে বাকীদারের ঘরে লিখিত হওনপ্রযুক্ত কোন দাওয়া অনুপযুক্তমতে তৌজীহইতে খারিজ হইয়া বাকীদারের রেজিষ্টরের মধ্যে দাখিল হইতে পারে এবং আক্কোণ্টেণ্ট সাহেব তাহা কোন প্রকারে ধরিতে পারিবেন না। তিনি সুতরাং বোধ করিবেন যে যে প্রকার দাওয়ার জন্যে ঐ ঘর নির্দ্দিষ্ট হইয়াছিল তাহা সেই প্রকার দাওয়া কিন্তু হইতে পারে যে তাহার অনেক কাল পরে বাকীদারের রেজিষ্টরের মধ্যে লিখিত দাওয়ার ক্ষমাহওনার্থে রিপোর্ট হয় এবং তৎপরে দৃষ্ট হইবেক যে যে প্রকার বাকী ঐ রেজিষ্টরের মধ্যে কখন অর্পণ করিতে হইত না ঐ রিপোর্টহওয়া কতক বাকী সেই প্রকারের।

৮। ১৮৩৪ সালের হুকুমানুসারে স্থগিত পাওনার যে রেজিষ্টর স্থাপন হইয়াছিল তাহা বোর্ডের সাহেবেরা রহিত করিতে হুকুম দিতেছেন। উত্তর কালে যে সকল দাওয়া উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারকেরদের হুকুমক্রমে হিসাবহইতে খারিজ হয় তাহা চূড়ান্তরূপে রহিত হইবেক। তাঁহারা বোধ করেন যে ঐ রেজিষ্টরের ব্যবহারক্রমে কোন উপকার হয় নাই এবং উত্তর কালে তাহাতে কোন উপকার হইবার সম্ভাবনা নাই এবং তাহার বিপরীত ব্যবহার হইতে পারে এবং সেরূপ অনুপযুক্ত ব্যবহার হইলে তাহাতে অনিষ্ট হইতে পারে। অতএব তোমার এলাকার মধ্যে বাকীদারের স্থানে পাওনা বাকীর রেজিষ্টরহইতে যদি কোন স্থগিতহওয়া রেজিষ্টর স্বতন্ত্র করিয়া রাখা গিয়া থাকে তবে তাহা তুমি সংশোধন কর এবং যদি ক্ষমাহওয়া টাকার ঘরে লিখিত হওনপ্রযুক্ত তোমার হুকুম অথবা তোমার রিপোর্টক্রমে বোর্ডের হুকুমানুসারে যে সমাগ তদারক সম্পন্ন হইল না এবং সুতরাং দাওয়া আদায় হওনের সম্ভাবনা আছে কি না ইহা জানা গেল না সেই সময়ে কোন আদায় হওনের সম্ভাবিত দাওয়া হিসাবহইতে খারিজ করা গিয়া থাকে এবং পূর্ব্বোক্ত রেজিষ্টরের মধ্যে দাখিল হইয়া থাকে তবে তাহা আদায় হওনের অথবা চূড়ান্তরূপে ক্ষমা হওনের অথবা সম্পূর্ণ তদারক হওনানন্তর চূড়ান্তরূপে ক্ষমা করণের রিপোর্ট হওনের অভিপ্রায়ে তাহা হিসাবের মধ্যে ফিরিয়া লিখিবার হুকুম দেও। এবং উত্তর কালে তুমি এই বিষয়ে সাবধান হইয়া যে যাবৎ স্পষ্ট দৃষ্ট না হয় যে কোন দাওয়া যথার্থমতে পাওনা নহে অথবা প্রকারান্তরে তাহা পাওয়া অসাধ্য তাবৎ কোন দাওয়া ক্ষমা হইবেক না অথবা ক্ষমাহওনার্থে রিপোর্ট হইবেক না।

9 With respect to the Defaulters' Registers, it is clear that if any demands other than those of the particular class for which they are intended, have passed into these accounts, they also must be separated and written back into the Towjees, and at the same time any demands of the class in question which may have been continued on the Towjees must be transferred to the Registers But as these Registers are among the Returns made to the Accountant, any necessary revision of them must be made under the instructions of that officer The Board are about to communicate with him on the subject and to propose the abolition of this separate account, and it this proposition should be carried out, the adjustment will be simple as *all* demands now on the Registers will at once be written back into the Towjees

10 By Circular Order No 14, dated the 11th May, 1842, Collectors are required to transmit to the Accountant, among other Annual Accounts, the explanatory arrangement of Bukya Balances, in detail of Mehals, and the detailed Register of Balances due by Defaulters, both to be despatched in all May of the ensuing year of account Commissioners are expected to examine and pass resolutions on the above accounts, and for this purpose Collectors are required to send them their office copies of those statements, as soon as the returns have been prepared and despatched to the Accountant When all the local returns have been received, the Accountant compiles from them General statements for submission to the Board, but he is unable to furnish them earlier than eleven months after the close of the year, and in consequence of this delay, in their receipt they are valueless for the administrative purposes for which the Board require them

11 In order, therefore, to render the supervision of the Board over the Collectors of the Land Revenue more prompt and effective, they are pleased to direct that the office copies of the explanatory arrangement of balances and the detailed Register of balances due by defaulters for the past year 1848 49, sent to you by the Collectors, be transmitted by you, together with your resolutions thereon, to the Board without delay, and that in future these statements be, in like manner, transmitted to them in all June of the ensuing year of account, the returns of each district being forwarded separately, as received, so soon as you have examined them and recorded your resolutions on them Under this arrangement the Board will be able to dispense with the annual compilations of the Accountant

12 You will be good enough also to submit in future, in all August, the Bukya Towjees of the several districts for the first quarter of each year, separately as each is received by you, together with your resolutions thereon, commencing with those of the current year 1849 50, it being neces-

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ১৪ আগষ্ট।]

৯। বাকীদারেরদের রেজিষ্টরের বিষয়ে স্পষ্ট দৃষ্ট হইতেছে যে যে বিশেষ প্রকার দাওয়া তাহার মধ্যে লিখিবার অভিপ্রায় ছিল তাহাছাড়া অন্য কোনপ্রকার দাওয়া যদি ঐ হিসাবের মধ্যে লেখা গিয়া থাকে তবে তাহা স্বতন্ত্র করিতে এবং তৌজীর মধ্যে পুনর্ব্বার লিখিতে হইবেক এবং তাহার সমকালীন উক্ত প্রকার যে কোন দাওয়া তৌজীর মধ্যে অর্পিত থাকে তাহা খারিজ করিয়া রেজিষ্টরের মধ্যে দাখিল করিতে হইবেক। কিন্তু যে২ কৈফিয়ৎ আকেকৌন্টেন্ট সাহেবের নিকটে পাঠাইতে হয় তাহার মধ্যে এই রেজিষ্টর আছে অতএব তাহার সংশোধন করণের আবশ্যক হইলে ঐ কর্ম্মকারক সাহেবের উপদেশানুসারে তাহা করিতে হইবেক। বোর্ডের সাহেবেরা এই বিষয়ে তাঁহার সঙ্গে লিখনপঠন করিতে এবং এই স্বতন্ত্র হিসাব রহিত করণের প্রস্তাব করিতে স্থির করিয়াছেন এবং যদি তাঁহারদের ঐ প্রস্তাব সফল হয় তবে এই বিষয়ের নিষ্পত্তি অতিসহজ হইবেক যেহেতুক যে সকল দাওয়া এক্ষণে রেজিষ্টরের মধ্যে লেখা আছে তাহা একেবারে ফিরিয়া তৌজীর মধ্যে লেখা যাইবেক।

১০। ১৮৪২ সালের ১১ মে তারিখের ১৪ নম্বরী সরকুলর অর্ডরের দ্বারা কালেক্টর সাহেবেরদের প্রতি হুকুম হইয়াছিল যে অন্যান্য বার্ষিক হিসাবের ন্যায় তাঁহারা আকেকৌন্টেন্ট সাহেবের নিকটে মহাল২ ক্রমে বাকী টাকা বুঝাইবার লিপি এবং মালগুজারীর বাকীদারেরদের স্থানে পাওনা টাকার রেওয়ারযুক্ত রেজিষ্টর হিসাবী বৎসরের মে মাসের মধ্যে পাঠান। কমিস্যনর সাহেবেরা উক্ত হিসাব তদারক করিবেন এবং তাহার বিষয়ে আপনারদের নির্দ্ধারণ লিখিবেন এবং এই জন্যে কালেক্টর সাহেবেরদের প্রতি হুকুম হইতেছে যে ঐ২ কৈফিয়ৎ প্রস্তুত হইয়া আকেকৌন্টেন্ট সাহেবের নিকটে পাঠান গেলেই তাঁহারা ঐ কৈফিয়তের আপনারদের দফ্তরের নকল কমিস্যনর সাহেবেরদের নিকটে পাঠান। এই নানা স্থানের কৈফিয়ৎ পাইলে পর আকেকৌন্টেন্ট সাহেব তাহা দেখিয়া বোর্ডের সাহেবেরদের বিজ্ঞাপনের নিমিত্তে সাধারণ কৈফিয়ৎ প্রস্তুত করিয়া থাকেন কিন্তু বৎসরের শেষ হওনের পর এগার মাসের পূর্ব্বে তাহা প্রস্তুত করিতে পারেন না। এবং সেই কৈফিয়ৎ বোর্ডের সাহেবেরদের নিকটে এত বিলম্বে পঁহুছনেতে যে কর্ত্তৃত্ব কার্য্যের জন্যে বোর্ডের সাহেবেরা ঐ কৈফিয়ৎ চাহেন তাহা বিফল হইতেছে।

১১। অতএব ভূমির রাজস্বের কালেক্টর সাহেবেরদের উপর বোর্ডের সাহেবেরদের কর্ত্তৃত্ব পূর্ব্বাপেক্ষা অধিক শীঘ্র ও সফল হয় এইজন্যে তাঁহারা হুকুম করিতেছেন যে ১৮৪৮। ৪৯ সালের বাকীর টাকা বুঝাইবার লিপি এবং বাকীদারের স্থানে পাওনা টাকার রেওয়ারযুক্ত রেজিষ্টরের দফ্তরের নকল কালেক্টর সাহেবেরা তোমার নিকটে পাঠান তাহার বিষয়ে তুমি আপনার নির্দ্ধারণ লিখিয়া বোর্ডের সাহেবেরদের নিকটে অগৌণে পাঠাও এবং উত্তর কালে ঐ২ কৈফিয়ৎ সেইরূপে আগামি হিসাবের বৎসরের জুন মাসের মধ্যে তাঁহারদের নিকটে পাঠাইতে হইবেক। এবং প্রত্যেক জিলার কৈফিয়ৎ যেমন তোমার নিকটে পঁহুছে তেমনি তাহা তদারক করিয়া ও তাহার বিষয়ে তোমার নির্দ্ধারণ লিখিয়া স্বতন্ত্ররূপে তাঁহারদের নিকটে পাঠাইবা। এই নিয়ম হইলে আকেকৌন্টেন্ট সাহেবের বার্ষিক কৈফিয়ৎ বোর্ডের সাহেবেরদের আবশ্যক হইবেক না।

১২। তোমার প্রতি আরো আদেশ হইতেছে যে প্রতিবৎসরের প্রথম তিন মাসের নানা জিলার বকেয়া তৌজী যেমন তোমার নিকটে পঁহুছে তেমনি তদ্বিষয়ে তোমার নির্দ্ধারণ লিখিয়া আগষ্ট মাসের মধ্যে বোর্ডের সাহেবেরদের নিকটে পাঠাও। এই নিয়ম ১৮৪৯। ৫০ সন হালে আরম্ভ হইবেক যেহেতুক কর্ত্তৃত্বকার্য্যের

-sary, for administrative purposes, that these returns should come under the timely inspection of the Board

G PLOWDEN,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 17th July, 1849

অভিপ্রায়ের মধ্যে আবশ্যক আছে যে এই২ কৈফিয়ৎ শীঘ্র বোর্ডের সাহেবেরদের তদারক করণার্থে তাঁহারদের নিকটে পঁহুছে।

জি প্লৌডন। সেক্রেটারী।
সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ১৭ জুলাই।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

APPOINTMENT

The 3d August, 1849

Moonshee Abdool Khalleck, who has obtained a Diploma, to be Acting Moonsiff of Kuddumgatchee, Zillah 24 Pergunnahs

LEAVES OF ABSENCE

Sheikh Minutoollah, Moonsiff of Lakhdah, in Hazaribaugh, for ten days, beyond the period of the ensuing Dusserah Vacation

The leave of absence for one month, granted on the 11th ultimo, to Baboo Eshan Chunder Dutt, Moonsiff of Khajoora, Zillah Jessore, is cancelled at his own request

B J COLVIN, *Register*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ৩ আগস্ট।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত মুনশী আবদুল খালেক জিলা চব্বিশপরগনার কদমগাছীর একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

হাজারীবাগের লাখদহের মুনসেফ শ্রীযুত সেখ মিনতুল্লা আগামি দশহরার বন্দের অতিরিক্ত দশ দিনের ছুটী পাইয়াছেন।

জিলা যশোহরে খাজুরার মুনসেফ শ্রীযুত বাবু ঈশানচন্দ্র দত্ত গত মাসের ১১ তারিখে যে এক মাসের ছুটী পান তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১১৩৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ১ আগস্ট।

পাটনার মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টান্ট শ্রীযুত জি এচ রিকেট্‌স সাহেব (Mr G H Ricketts,) ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

বীরভূমের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী নজম উলহক প্রধান সদর আমীনেরদের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৪৯ সাল ১ আগস্ট।

শ্রীযুত এচ ডবটন সাহেবের (Mr H Doveton,) অনুপস্থানপর্য্যন্ত পূর্ণিয়ার ডেপুটী মাজিস্ট্রেট শ্রীযুত জি সি চাপমান সাহেব (Mr G C Chapman,) ভাগলপুরে মধিপুরা এলাকাখণ্ডের ডেপুটী মাজিস্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডবলিউ লাণ্ডল সাহেব (Mr W Landall,) ভাগলপুরে প্রদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

১৮৪৯ সাল ৩ আগস্ট।

শ্রীযুত লেপ্টেনেন্ট ব্রিগস সাহেবের (Lieut Briggs,) অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেন্ট এফ ডবলিউ রিপ্লি সাহেব (Lieut F W Ripley,) আপনার ছোট আসিস্টান্টী কর্ম্ম আক্যাবে কমিস্যনর সাহেবের একটিং প্রধান আসিস্টান্ট শ্রীযুত ডবলিউ জে লঙ্গমোর সাহেবের (Mr W J Longmore,) প্রতি অর্পণ করিয়া রামরিতে আরাকানের কমিস্যনর সাহেবের প্রধান আসিস্টান্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে বি বারি সাহেব (Mr J B Barry,) আসামে তেজপুরের চিকিৎসকতা কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

১৮৪৯ সাল ৬ আগস্ট।

শ্রীযুত ডবলিউ এম বোফর্ট সাহেব (Mr W M Beaufort,) দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত জে উএস্টন সাহেব (Mr J Weston,) কিঞ্চিৎ কালের নিমিত্তে ময়মনসিংহের অতিরিক্ত প্রধান সদর আমীন হইবেন।

নীচের লিখিত মুনসেফেরা প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

রঙ্গপুরে কৃষ্ণগঞ্জের মুনসেফ শ্রীযুত গরিবুল আলম।

মানভূমের মুনসেফ শ্রীযুত মৌলবী মিয়েতউল্লা ও যশোহরের মুনসেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র মিত্র ও পূর্ব্ব বর্দ্ধমানের মুনসেফ শ্রীযুত জে এস বেল সাহেব (Mr J S Bell)

ছুটী।

১৮৪৯ সাল ২ আগস্ট।

ভাগলপুরে মধিপুরা এলাকাখণ্ডের ডেপুটী মাজিস্ট্রেট শ্রীযুত এচ ডবটন সাহেব (Mr H Doveton,) স্বীয় কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৩ আগস্ট।

রামরিতে আরাকানের কমিস্যনর সাহেবের একটিং প্রধান আসিস্টান্ট শ্রীযুত লেপ্টেনেন্ট জে পি ব্রিগস সাহেব (Lieutenant J P Briggs,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

নদীয়ার এলাকাখণ্ড শান্তিপুরের ডেপুটী মাজিস্ট্রেট শ্রীযুত ব্রৌন উড সাহেব (Mr Browne Wood,) স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি সাত দিনের ছুটী পাইয়াছেন।

হুগলীর প্রধান সদর আমীন শ্রীযুত বাবু লোকনাথ বসু গত মে মাসের ৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ৭ আগস্ট।

শ্রীহট্টের মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টান্ট শ্রীযুত আর পি জেনকিন্স সাহেবকে (Mr R P Jenkins,) যে ছুটী দেওয়া যায় তাহা তিনি গত জুন মাসের ২৩ তারিখে গ্রহণ করেন।

[*Government Gazette*, 14*th August*, 1849]

ছিলটের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ ষ্টেনফোর্থ সাহেব (Mr H. Stainforth,) গত মাসের ২৬ তারিখে আপনার সিরিশ্‌তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী সাআদত আলীর প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১২৬১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ৬ আগষ্ট।

শ্রীযুত লেপ্টেনেন্ট ই এ রৌলট সাহেবের (Lieut L A Rowlatt,) অনুপস্থানপর্য্যন্ত এদেশীয় ৩০ সংখ্যক পদাতিক পল্টনের লেপ্টেনেন্ট শ্রীযুত জি এফ এফ বিনসেন্ট সাহেব (Lieut G F F Vincent,) নওগাঁয়ে আসামের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টান্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৯ সাল ৭ আগষ্ট।

আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত সি হারলাণ্ড সাহেব (Mr C Harland,) বহাবে আফীনের এজেন্ট সাহেবের প্রধান আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত ডাক্তর ডবলিউ সি বি ইটউয়েল সাহেব (Dr W C B Eatwell,) বারাণসের আফীনের এজেন্টীর প্রথম আসিষ্টান্ট ও আফীন পরীক্ষক হইবেন।

১৮৪৯ সাল ৮ আগষ্ট।

শ্রীযুত বেরেসফোর্ড সাহেবের (Mr Beresford,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত আর সি রেক্স সাহেব (Mr R C Raikes,) ময়মনসিংহের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জি ই লান্স সাহেব (Mr G E Lance,) ময়মনসিংহের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৯ সাল ৬ আগষ্ট।

নওগাঁয়ে আসামের কমিস্যনর সাহেবের ছোট অসিষ্টান্ট শ্রীযুত লেপ্টেনেন্ট ই এ রৌলট সাহেব (Lieut E A Rowlatt,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ১৭ তারিখঅবধি ছয় মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত আর পি জেনকিন্স সাহেব (Mr R P Jenkins,) গত জুন মাসের ১৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত বর্ত্তমান মাসের ২১ তারিখঅবধি আগামি মাসের ৩০ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

পোলীসের ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে জে মাকান সাহেব (Mr J J McCann,) গত জুন মাসের ১১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন। ইহাতে গত মাসের ১৭ তারিখে তিনি যে ছুটী পান তাহা রহিত হইল।

নদীয়ার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু রামলোচন ঘোষ দশহরার সন্দে ছুটী পাইয়াছেন।

পাবনার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্যামচন্দ্র সরকার আগামি মাসের ১৩ তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ১০ আগষ্ট।

ছিলটের কালেক্টর শ্রীযুত এ এস আনাণ্ড সাহেব (Mr A S Annand,) বর্ত্তমান মাসের ১ তারিখে আপনার সিরিশ্‌তার কর্ম্মের ভার শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেবের (Mr C W Mackillop,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

ADVERTISEMENT OF THE SOONDERBUNS COMMISSIONER'S OFFICE

NOTICE —That the Pottah of the undermentioned Lots situated within the limits of the Soonderbuns, in the district of Backergunge, known by the name of Chuck Khowlia Burrisaul, the property of Government, will be put up for Public Sale, at Noon, on Tuesday, the 28th day of August, 1849, corresponding with 13th Bhadoor, 1256 B S, at the Office of the Soonderbuns Commissioner, Allipore The individual who will bid for the Pottah above the others, and will immediately pay to the Soonderbuns Commissioner the full amount of his purchase money, the Pottah will be drawn up in his name and will be made over to him with the confirmation of Government, and the said individual will become the grantee of the said Lot or Lots, in every respect, and he will be subject to the conditions of the Pottah It is further notified that the intending purchaser wishing to see or be informed of the conditions of the Pottah, or the present state of the Lot Map, &c can see and be informed with its particulars, on their personally or through Agent applying at the Office, and which will be moreover proclaimed at the time of sale

Lots 1, 2, 3, 4, 5, 6 and 7

OOMAKANTH SAIN, *Commissioner*

Soonderbuns Commissioner's Office, Allipore, the 19th July, 1849

সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানার ইশ্‌তিহার।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে সুন্দরবনের মধ্যে জিলা বাকরগঞ্জের চক খোলিয়া বরিশাল নামে খ্যাত নীচের লিখিত নিজ সরকারী লাটের পাট্টা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ২৮ আগষ্ট তারিখ মোতাবেক বাঙ্গলা ১২৫৬ সালের ১৩ ভাদ্র মঙ্গলবার বেলা দুই প্রহরের সময়ে আলীপুরের সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানায় নীলাম হইবেক। যে ব্যক্তি ঐ পাট্টার জন্যে অধিক ডাকিবেক ও খরীদের সমুদয় টাকা অবিলম্বে সুন্দরবনের কমিস্যনরকে দিবেক তাহার নামে পাট্টা করা যাইবেক ও গবর্ণমেণ্টের মঞ্জুরীক্রমে তাহাকে দেওয়া যাইবেক। এবং সেই ব্যক্তি সর্ব্ব বিষয়ে ঐ লাটভোগী হইবেক এবং পাট্টার সকল নিয়মে বদ্ধ থাকিবেক। আরো সম্বাদ দেওয়া যাইতেছে যে খরীদ করণাকাঙ্ক্ষী যে কেহ ঐ পাট্টার নিয়ম কি লাটের বর্ত্তমান দশা কি নক্শাপ্রভৃতি দেখিতে কি জ্ঞাত হইতে চাহে সেই ব্যক্তি আপনি হাজির হইয়া কি গোমাশ্‌তার দ্বারা সুন্দরবনের কমিস্যনরের নিকটে তদ্বিষয় জ্ঞাত হইতে পারে। আরো নীলামের দিবসে ঐ পাট্টার নিয়মইত্যাদি প্রকাশ করা যাইবেক ইতি।

১। ২। ৩। ৪। ৫। ৬। ৭ নম্বরী লাট। উমাকান্ত সেন। সুন্দরবনের কমিস্যনর।

সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানা। আলীপুর। ১৮৪৯ সাল ১৯ জুলাই।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ১৪ আগষ্ট।]

SALT   নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নমক যায ৪ পবসেণ্ট গোলাশুক্তি বাবৎ লাদাগ ৩১ জুলাই সন ১৮৪৯ সাল প্রত্যেক এজেন্সীব ও শালিখাব নমকের গোলাজাতের মৌজুদ নমকের

এজেন্সীর নাম।	সন ১২৫০ সাল এবং পূর্ব্ব সন-হাবের	সন ১২৫১ সাল মোতাবকে ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মোতাবকে ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মোতাবকে ইং ১৮৪৬। ৪৭ সাল	সন ১২৫৪ সাল মোতাবকে ইং ১৮৪৭। ৪৮ সাল	সন ১২৫৫ সাল মোতাবকে ইং ১৮৪৮। ৪৯ সাল	মৌজুদ নমকের একুন
হিজলী।							
পাঙ্গা নমক ঘাট। দক্ষিণ কালীনগর।	১,৮৫,৫৬৩/	২,৭৬,২২৪/	২,৯৬,২৩৪৸৹	৭,৩৩৩/	১৬,৪৫৯/	৫,৯২৬/	৭,৮০,৭৩৯৸৹
ঐ ঐ কৃষ্ণনগর।	১৭,৭৭৩৸৹	০	০	০	০	২,১২,২৪৯/	২,৩০,০২২৸৹
ঐ ঐ বামনগর।	০	০	০	০	০	২,০৭,৩৩৮/	২,০৭,৩৩৮/
গাছা নমক।	১০,৮২৭ ॥৹	০	০	০	০	০	১০,৮২৭ ॥৹
একুন।	২,১৪,১৬৪ ।৹	২,৭৬,২২৪/	২,৯৬,২৩৪৸৹	৭,৩৩৩/	১৬,৪৫৯/	৪,২৫,৫১৩/	১২,৩৫,৯২৮/
তমলুক।							
পাঙ্গা নমক ঘাট। নাবারণপুর।	০	০	০	২৯৭/ ৫ ৷৶	৫৩,৯১৬৸৹ ।	৫,৩০,০৬৭৸১৸	৫,৮৪,২৮১ ॥৭ ॥৶
ক্রোকি নমক।	০	০	০	০	০	০	০
একুন।	০	০	০	২৯৭/ ৫ ৷৶	৫৩,৯১৬৸৹ ।	৫,৩০,০৬৭৸১৸	৫,৮৪,২৮১ ॥৭ ॥৶
২৪ পরগনা।							
পাঙ্গা নমক ঘাট। বাপ্তী।	০	০	০	৭৩,৭৪৬/	১,৯১,১৭৫/	০	২,৬৪,৯২১/
একুন।	০	০	০	৭৩,৭৪৬/	১,৯১,১৭৫/	০	২,৬৪,৯২১/

LAND ADVERTISEMENTS

ভূমিবিষয়ক ইশ্তিহার।

জেল হুগলী।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা হুগলীর নীচের লিখিত মহাল সন ১৮৪৯ সালের মার্চ মাসের ২৮ তারিখপর্য্যন্ত পাওনা বাকী মালগুজারির নিমিত্তে সন ১৮৪৯ সালের ২৭ আগষ্ট মোতাবক সন ১২৫৬ সালের ১২ ভাদ্র সোমবার তারিখে কালেক্টর সাহেবের কাছারিতে বিনাওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৯ সাল তারিখ ৩১ জুলাই।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	সন ১৮৪৯ সালের ২৮ মার্চের পাওনা বাকী	মন্তব্য কথা
১	ইস্তমুরারি বন্দোবস্ত হওয় মহাল	১৮৫৮ নং	বল্লপুর পং ভুরশীট	" বামজী বন্দোপাধ্যায়	১/১১	সন ১২৫৫ সাং ফাল্গুন ১/১১	এই মহাল পূর্ব্বে দুইবার নীলাম হয় কিন্তু খরিদাবান পণের টাকা দাখিল না করায় পুনর্নীলাম করা যাইবেক ইতি।

A REID, Collector

এজেলানামা কাছারী কালেক্টরী জেলা কটক মধ্যম প্রদেশ সমস্ত লোকদিগের জ্ঞাত কারণ সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের প্রথম আইনের ১৬ ধারানুসারে কটক জেলার নীচের লিখিত মাহালের লাগাএত কিস্তী মাহ জানুআরি সন ১৮৪৯ সাল মোতাবক সন ১২৫৬ সাল আটপণি বাকী সরকারের পাওনা আদায়ের কারণ বর্ত্তমান সন ১৮৪৯ সাল আগষ্ট মাহার ২৭ তারিখ মোতাবক সন ১২৫৬ সাল ভাদ্র মাহার ১৪ তারিখ সোমবার দিবসে এই জেলার কালেক্টরী কাছারিতে নীলামে বিক্রয় হইবেক ৭ তারিখ মাহ আগষ্ট সন ১৮৪৯ সাল।

শ্রেণীর নম্বর	মাহালের শ্রেণী	জেলার তৌজির লিখিত নম্বর	মাহালের নাম	মাহালের লিখিত মালিকের নাম	সদর জমা	বাকী পাওনা লাগাএত কিস্তী মাহ জানুআরি সন ১৮৪৯ সাল	মন্তব্য কথা।
নং ২	মিয়াদি বন্দোবস্ত	নং ১৬৮	তালুকে নীলাদ্রি পং মঞ্জুরী	মাধব কাননগোই ও চৌধুরী সুদর্শন মহাপাত্র ও গোপীনাথ শ্রীচন্দন রায়	ম° ৬১১৯৫/৯	ম° ৬৭৲৯ পাই	এ মাহাল সন ১৮১৪ সালের ১১ কানুন মোতাবক বাঁটওয়ারার দস্তের থাক। ও কীঃ ৮ সরিকদার সকল আপনই হিস্যা বাকী দাখিল করাতে তাহাদিগের হিস্যা সন ১৮৩১ সাল জুলাই মাহার ৫ তারিখ লিখিত নং ১১ নম্বর সদর বোর্ড সরকুলর অর্ডর চিঠীর হুকুমানুসারে জের বাঁটওয়ারা সুরত লাটবন্দিহইতে খারিজ ও কীঃ ।০ চারি আনা বাকীদার মাধবানন্দ কাননগোই আপন হিস্যা বাকী দাখিল না করাতে তাহার হিস্যা কীঃ ।০ চারি আনা সন ১৮৪৯ সাল জুলাই মাহার ৩ তারিখে নীলাম হইয়া জরবয়ানা দাখিল হইয়াছিল নীলাম তারিখহইতে ৩০ দিবসের মধ্যে বেবাক জরসমন দাখিল না হওয়াতে কীলমত মজকুর পুনরায় নীলাম হইবেক এবং এ মহাল ৭ কানুন সন ১৮২২ সালানুসারে সন ১২৭৪ সালপর্য্যন্ত বন্দোবস্ত আমলে আসিয়াছে ইতি।

S. BOWRING, Collector.

اشتهار

مخفی نماند که احقر العباد عبد الله طبع ترجمهٔ فارسی سول کایک هدایت برخود التزام نموده
پیشتر خبرش در گورنمنت گزیت بنگاله ۲۴ اکتوبر سنه ۱۸۳۹ ع مفصلا مرقوم نموده اطلکه
از آن جمیع مراتب واضح خدمت ناظرین شده باشد از انجا که در ین روزها طبع این کتاب زاید
از نصف اختتام یافته وانشاء الله تعالی قدر باقی هم بعرصهٔ زود یکه ممکن است انجام خواهد یافت
وکتاب مذکور جمله ۷۰۰ جلد منطبع میشود و قیمتش فی جلد برای ارباب دستخط ۲۵ روپیه
وبرای دیگران ۳۲ روپیه مقرر کرده ام چنانچه حکم خرید ۲۵۰ جلد از ان سرکار گورنمنت
بنگاله صادر و هم از طرف دیگران دستخط قریب ۲۰۰ جلد گردیده است لهذا اشتهار
داده میشود که صاحبانیکه خواهش خریدش داشته باشند باید که زر قیمت آن بحساب فی جلد
۲۵ روپیه مع ذکر نام نامی ومسکن خود ها بحضور جان کلارک مارشمن صاحب مولف کتاب
انگریزی بمقام سریرام پور ارسال فرمایند تا بعد اختتام طبع کتاب مطلوبه بخدمت آنصاحبان
رسانیده آید وخرجهٔ ڈاک بابت ارسال کتاب ذمهٔ خریدار است وبس *

[গত ২৮ সেপ্টে। ১৮৩৯। ১৪ আশ্বি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান মার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 21, 1849

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ২১ আগস্ট।

REPORT OF A SUMMARY CASE DETERMINED BY THE COURT OF SUDDER DEWANNY ADAWLUT

The 16th July, 1849

A decree against a Hindoo widow cannot be executed against her son's family estate, unless the decree specially declare the estate to be liable

Rajah Hurrinder narain Roy,—Petitioner

In execution of a decree obtained by Gopee Kishwur Dutt, against Ranee Bhoobun Mye Dibbea, a certain estate was advertised for sale on the 3d July, 1848

The Petitioner alleged that the estate was his paternal property and could not be sold to satisfy a debt contracted by his mother, the judgment debtor He filed two precedents of the Sudder Dewanny Adawlut noted in the margin,* with reference to which the Principal Sudder Ameen of Zillah Mymensingh, on the 28th of August, 1848, declared the land not liable to sale

On appeal the Judge, on the 17th March, 1849, reversed the Principal Sudder Ameen's order, because it was mentioned in the kistbundee, or Instalment Bond, upon which the case was decided, that the money was borrowed by Ranee Bhoobun Mye Dibbea to pay the revenue due on the estate He was of opinion that, under these circumstances, the estate could be sold

By the Court (Mr Jackson) "The decree is "against the Ranee herself, not as guardian of the "petitioner, then a minor The Ranee had only

* Gooroocharn Naug, Petitioner, 22d April, 1843, Muharajah Gobindchunder Roy, Petitioner, 25th April, 1832.

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তি হওয়া সরসরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৪৯ সাল ১৬ জুলাই।

হিন্দু বিধবার প্রতিকুলে ডিক্রী হইলে যদি সেই ডিক্রীর মধ্যে এমত বিশেষ না লেখা থাকে যে তাহার পুত্রের পৈতৃক সম্পত্তি সেই ডিক্রীর বিষয়ে দায়ী আছে তবে সেই পুত্রের সম্পত্তির বিরুদ্ধে ঐ ডিক্রী জারী হইতে পারে না।

রাজা হরীন্দ্রনারায়ণ রায় দরখাস্তকারী।

যে ডিক্রী রাণী ভুবনময়ী দেবীর বিরুদ্ধে গোপীকিশোর দত্ত পাইয়াছিল তাহা জারীক্রমে ১৮৪৮ সালের ৩ জুলাই তারিখে এক জমীদারী নীলামের ইশ্তিহার হইয়াছিল।

দরখাস্তকারী কহিল যে ঐ জমীদারী আমার পৈতৃক সম্পত্তি এবং ডিক্রী আমার মাতার বিরুদ্ধে হইয়াছিল এবং ঐ মাতার কর্জের জন্য আমার ঐ জমীদারী নীলাম হইতে পারে না। সে ব্যক্তি পশ্চাৎ লিখিত * সদর দেওয়ানী আদালতের দুই নজির দাখিল করিল এবং তাহা দৃষ্টি করিয়া জিলা ময়মনসিংহের প্রধান সদর আমীন ১৮৪৮ সালের ২৮ আগস্ট তারিখে হুকুম করিলেন যে ঐ ভূমি নীলামের যোগ্য নহে।

তাহাতে জজ সাহেবের নিকটে আপীল হইল এবং ১৮৪৯ সালের ১৭ মার্চ তারিখে তিনি ইহা বলিয়া প্রধান সদর আমীনের হুকুম অন্যথা করিলেন যে যে কিস্তিবন্দী দৃষ্টে মোকদ্দমার ডিক্রী হইয়াছিল তাহাতে লিখিত ছিল যে ঐ জমীদারীর রাজস্ব দেওনার্থে রাণী ভুবনময়ী দেবী ঐ টাকা কর্জ করিয়াছিল। অতএব তাঁহার বিবেচনায় ঐ জমীদারী এইমত গতিকে নীলাম হইতে পারে।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত জাকসন সাহেব কহিলেন যে "ঐ ডিক্রী কেবল নিজ রাণীর বিরুদ্ধে হইয়াছে এবং নাবালগ দরখাস্তকারির সংসারাধ্যক্ষের

* ১৮৪৩ সালের ২২ আপ্রিলের যে মোকদ্দমায় গুরুচরণ নাগ দরখাস্তকারী এবং ১৮৩২ সালের ২৫ আপ্রিলের যে মোকদ্দমায় মহারাজা গোবিন্দচন্দ্র রায় দরখাস্তকারী ছিলেন তাহা।

"a life interest as widow, and the family property 'is not liable to sale for her personal debts 'Whether this was originally a personal debt, has 'not been judicially determined, but the decree, "as it stands, is against the Ranee personally, and "can issue only against her and her heirs, the "petitioner is not her heir, and the family pro- "perty is not her property nor can this property 'be held liable until a decree is given against it The Judge's order is therefore reversed"

"নীয় রাণীর বিরুদ্ধে হয় নাই। বিধবাস্বরূপ রাণীর ঐ "সম্পত্তিতে কেবল যাবজ্জীবন স্বত্ব ছিল এবং পৈতৃক "সম্পত্তি তাহার নিজ কর্জের জন্যে নীলাম হইতে পারে "না। এই কর্জ আদৌ তাহার নিজ কর্জ ছিল কি না "আদালতে ইহার নিষ্পত্তি হয় নাই কিন্তু দৃষ্ট হইতেছে "যে ডিক্রী কেবল রাণীর বিরুদ্ধে হইয়াছিল অতএব "তাহা কেবল তাহার ও তাহার উত্তরাধিকারিরদের বি- "রুদ্ধে জারী হইতে পারে। দরখাস্তকারী তাহার উত্ত- "রাধিকারী নহে এবং পৈতৃক সম্পত্তি তাহার সম্পত্তি "নহে এবং যাবৎ ডিক্রী ঐ সম্পত্তির বিরুদ্ধে না হয় তা- "বৎ ঐ সম্পত্তি দায়ী বোধ হইতে পারে না। অতএব "জজ সাহেবের হুকুম অন্যথা হইল।"

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE

No 30

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

From cases which have come before the Sudder Board of Revenue, it would seem to be understood that Collectors are empowered, under the provisions of Act XX of 1848, to make requisitions of their own authority in cases in which they did not previously possess that power

2 I am, therefore, desired by the Board to instruct you, for your information and guidance, and for communication to the Collectors subordinate to you, that the Act in question does not dispense with any process, or form of proceeding in summoning parties, or calling for papers, enjoined by any former Regulation It merely gives the Collector power to impose a daily fine of his own authority, and to levy it without further confirmation, on the omission of the parties to comply with requisitions sanctioned by certain previous laws, and made conformably to the rules enjoined by those laws Thus, before a Collector can proceed under the provisions of Section 31, Regulation XII of 1817, it is necessary for him to obtain the sanction of the Commissioner, and any fine which he should impose under the provisions of Act XX of 1848, for non compliance with a requisition made of his own authority under Section 31, Regulation XII of 1817, would be illegal Of course, in those cases in which a Collector is empowered by the Law to make a requisition of his own authority, it is not necessary for him to obtain the previous sanction of the Commissioner

3 While on this subject, I am desired to add that a fine imposed by the Collector under Act XX of 1848, should be reported by him, if possible, on the same day, and as such fines are payable daily, until compliance with the requisition, immediate measures should always be taken for levying them daily, by recourse, if necessary, to the attachment and sale of the personal property, and arrest of the person, of the defaulters (these being processes for the recovery of arrears of revenue,)

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

৩০ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ড রেবিনিউর নিকটে যে২ বিষয় উপস্থিত হইয়াছে তাহাতে দৃষ্ট হইতেছে যে যে২ গতিকে কালেক্টর সাহেবেরদের পূর্ব্বে আপন২ ক্ষমতাক্রমে হুকুম করণের শক্তি ছিল না সেই২ গতিকে আপনারদের ক্ষমতানুসারে হুকুম করিতে ১৮৪৮ সালের ২০ আইনের বিধির দ্বারা তাঁহারা পরাক্রম পাইয়াছেন এই মত তাঁহারদের বোধ আছে।

২। অতএব সদর বোর্ডের হুকুমক্রমে তোমার বিজ্ঞাপন ও উপদেশের জন্যে এবং তোমার অধীন কালেক্টর সাহেবদিগকে জানাইবার জন্যে আদেশ করিতেছি যে পূর্ব্বের কোন আইনের দ্বারা ব্যক্তিরদিগকে সমন করণেতে অথবা কাগজপত্র তলব করণেতে যে কোন হুকুম বা কার্য্যের নিয়ম নির্দ্দিষ্ট ছিল তাহা উক্ত আইনের দ্বারা রহিত হয় নাই। এই আইনেতে কালেক্টর সাহেবকে এইমাত্র ক্ষমতা দেওয়া গিয়াছে যে পূর্ব্বের আইনের নির্দ্দিষ্ট যে২ হুকুম ঐ২ আইনের বিধির নিরূপিত মতে দেওয়া যায় সেই২ হুকুম যাহারা না মানে তাহারদিগের কালেক্টর সাহেব আপনার ক্ষমতাক্রমে দিন২ জরীমানা করিতে পারেন এবং সেই জরীমানা মঞ্জুর না হইলেও আদায় করিতে পারেন। যথা ১৮১৭ সালের ১২ আইনের ৩১ ধারার বিধির অনুসারে কার্য্য করণের পূর্ব্বে কমিস্যনর সাহেবের অনুমতি লইতে কালেক্টর সাহেবের আবশ্যক আছে এবং যদি তিনি ১৮১৭ সালের ১২ আইনের ৩১ ধারাক্রমে আপনার ক্ষমতানুসারে যে হুকুম করিয়াছেন তাহা প্রতিপালন না করণের বিষয়ে ১৮৪৮ সালের ২০ আইনের বিধির অনুসারে জরীমানা করেন তবে তাহা বেআইনী হইবেক। সুতরাং যে২ গতিকে কালেক্টর সাহেব আইনমতে আপনার ক্ষমতানুসারে হুকুম করিতে পারেন সেই২ গতিকে কমিস্যনর সাহেবের অনুমতি লইবার আবশ্যক নাই।

৩। এই বিষয় উল্লেখহওয়াতে তোমাকে আরো আদেশ করিতে হুকুম হইয়াছে যে ১৮৪৮ সালের ২০ আইনানুসারে কালেক্টর সাহেব যে জরীমানা করেন সাধ্য হইলে তাহার বিষয়ের রিপোর্ট সেই দিনে করিবেন। যাবৎ হুকুম প্রতিপালন না হয় তাবৎ ঐ জরীমানা অপরাধির প্রতিদিন দিতে হয় অতএব এক্ষণে ঐ দৈনিক জরীমানা জমিতে দিবার যে ব্যবহার দৃষ্ট হইতেছে তাহা না করিয়া সেই জরীমানা দিন২ আদায় করণের উদ্যোগ অবিলম্বে করা উচিত। বাকী রাজস্ব আদায় করণের হুকুমের ন্যায় এই হুকুম জারী করিতে হয় অতএব আবশ্যক

in place of allowing the daily fine to accumulate, as appears to be the practice

4 In every report under Act XX of 1848, the Collector should distinctly specify the nature and object of the call, and the law under which it has been made

G Plowden,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 27th July, 1849

No 31

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

I am directed by the Sudder Board of Revenue, to circulate, for the information and guidance of yourself and your subordinates, that it has been ruled by the Sudder Court in a letter No 738, dated the 30th May, 1845, to the address of the Magistrate of Tipperah "that a Zemindar or other "person, dispossessed of land, under the orders of "a Deputy Collector or Collector of Revenue, "cannot bring his case into the Criminal Court, "under Act IV of 1840, but he should appeal "to the Superior Revenue Authorities, from "whose decision, if he be ousted by it, he should "seek redress by instituting proceedings in the "Civil Court"

G Plowden,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 3d August, 1849

No 32

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

As the 28th of September next, one of the latest dates for the payment of arrears of Revenue under Act I of 1845, falls within the period, commencing from the 13th of September, and ending with the 18th of October, both days inclusive, during which the Civil Courts will be closed, on account of the Dusserah vacation, and as it also falls within that portion of the vacation commencing with the 21st of September, and ending with the 2d of October, following, both days inclusive, during which the Offices of the several Collectors will be closed, I am directed by the Sudder Board of Revenue to draw your attention to their Circulars issued under similar circumstances Nos 18 and 19, dated respectively the 23d August, 1845, and 3d August, 1846

G Plowden,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 7th August, 1849

হইলে বাকীদারের অস্থাবর সম্পত্তি ক্রোক ও নীলামের দ্বারা এবং তাহাকে গ্রেপ্তার করণের দ্বারা জরীমানা আদায় করিতে হইবেক।

৪। ১৮৪৮ সালের ২০ আইনানুসারে যে প্রত্যেক রিপোর্ট হয় তাহাতে যে বিষয়ের তলব হইয়াছে তাহার ভাব ও অভিপ্রায় এবং যে আইনানুসারে তাহা করা গিয়াছে তাহা কালেক্টর সাহেব স্পষ্ট করিয়া লিখিবেন।

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম ১৮৪৯। ২৭ জুলাই।

---

৩১ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

তোমার ও তোমার অধীন কার্য্যকারকেরদের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে আদেশ করিতেছি যে সদর আদালত ১৮৪৫ সালের ৩০ মে তারিখের ৭৩৮ নম্বরী যে পত্র ত্রিপুরার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইলেন তাহাতে লেখেন যে যে জমাদার বা অন্য ব্যক্তি রাজস্বের কোন কালেক্টর সাহেব বা ডেপুটী কালেক্টরের হুকুমক্রমে ভূমিহইতে বেদখল হয় সেই ব্যক্তি ১৮৪০ সালের ৪ আইনানুসারে ফৌজদারী আদালতে আপনার মোকদ্দমা করিতে পারে না কিন্তু উপরিস্থ কর্ম্মকারকেরদের নিকটে তাহার আপীল করিতে হইবেক এবং যদি তাঁহারদের নিষ্পত্তির দ্বারা সে ব্যক্তি বেদখল হয় তবে দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিয়া সে ব্যক্তি প্রতিকারের চেষ্টা করিতে পারে।

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ৩ আগষ্ট।

---

৩২ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

১৮৪৫ সালের ১ আইনানুসারে রাজস্বের বাকী টাকা দেওনার্থে যে২ শেষ দিবস নিরূপণ আছে তাহার মধ্যে আগামি ২৮ সেপ্টেম্বর তারিখ এক দিবস। কিন্তু ১৩ সেপ্টেম্বর তারিখঅবধি ১৮ অক্টোবর তারিখপর্য্যন্ত (ঐ দুই দিবস সমেত) যে সময়ে দশহরার জন্যে দেওয়ানী আদালত বন্ধ হইবেক তাহার মধ্যে ঐ ২৮ তারিখ পড়ে। এবং ২১ সেপ্টেম্বর তারিখঅবধি ২ অক্টোবর তারিখপর্য্যন্ত (ঐ দুই দিবস সমেত) যে সময়ে কালেক্টর সাহেবেরদের কাছারী বন্দ হইবেক সেই সময়ের মধ্যে ঐ ২৮ তারিখ পড়ে। অতএব এইমত গতিকে সদর বোর্ডের ১৮৪৫ সালের ২৩ আগষ্ট এবং ১৮৪৬ সালের ৩ আগষ্ট তারিখের ১৮ ও ১৯ নম্বরী সর্কুলরের বিষয়ে মনোযোগ করিতে তোমার প্রতি আদেশ হইতেছে।

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ৭ আগষ্ট।

John C Marshman, *Bengalee Translator*

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT

No 8

To the Session Judges and Commissioners in the Lower Provinces

The Court request that, in transmitting to them (in accordance with the Circular Order No 137, 19th May, 1843,) petitions of appeal from the orders of the Sessions Courts in Criminal trials, you will at the same time, provided the petitions be duly presented within the prescribed period of three months, transmit the records of commitment and trial, in original, without taking copies of them

2 In the margins of letters, transmitting the proceedings, in addition to the dates of the sentences appealed from and of presentation of the petitions, (required by the Circular Order No 172, 19th July, 1844,) are to be entered the names of all the prisoners in the case, from the sentence in which one or more prisoners may have appealed, distinguishing the prisoners who have appealed from the others

W KIRKPATRICK, *Deputy Register*

Fort William, the 20th July, 1849

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব ও শ্রীযুত কমিস্যনর সাহেব স্বাবরেষু।

সদর আদালত হুকুম করিতেছেন যে ১৮৪৩ সালের ১৯ মে তারিখের ১৩৭ নম্বরী সরকুলর অর্ডরের অনুসারে ফৌজদারী মোকদ্দমায় সেশন আদালতের হুকুমের উপর আপীলের দরখাস্ত পাঠাওনের সময়ে যদি সেই দরখাস্ত নিয়মিত তিন মাস মিয়াদের মধ্যে রীতিমত দাখিল হইয়া থাকে তবে তাহার সঙ্গে সোপর্দ্দ করণের আসল রোয়দাদ এবং মোকদ্দমার আসল রোয়দাদ পাঠাও এবং তাহার নকল লইবার আবশ্যক নাই।

২। ১৮৪৪ সালের ১৯ জুলাই তারিখের ১৭২ নম্বরী সরকুলর অর্ডরে হুকুম ছিল যে যে দণ্ডাজ্ঞার উপর আপীল হয় তাহার এবং দরখাস্ত দাখিল করণের তারিখ কয়কারীর সঙ্গে পাঠান পত্রের পার্শ্বে লেখা যাইবেক এক্ষণে হুকুম হইল যে তদতিরিক্ত যে মোকদ্দমার দণ্ডাজ্ঞার উপর এক বা ততোধিক আসামী আপীল করিয়াছে সেই মোকদ্দমার সকল আসামীর নাম ঐরূপ পার্শ্বে লেখা যায় এবং যে আসামী আপীল করিয়াছে ও যাহারা আপীল করে নাই তাহারদের নাম বিশেষ করিয়া লিখিতে হইবেক।

ডবলিউ করপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪৯। ২০ জুলাই।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

APPOINTMENT

The 17th August, 1849

Moulvee Mahomed Mamood to be Acting Moonsiff of Nasseernuggur, Zillah Tipperah, during the absence on leave of the incumbent

LEAVES OF ABSENCE

The 10th August, 1849

Baboo Koonj Lall Banerjee, Moonsiff of Chowgong, Zillah Rajshahye, from the 9th to the 27th July last

Moulvee Khorum Ally, Moonsiff of Ghosegon, Zillah Mymensingh, for twenty-nine days in excess of the ensuing Dusserah Vacation

The 17th August, 1849

Moulvee Abdool Futteh, Moonsiff of Deeang, Zillah Chittagong, from the 19th October to the 16th November next

Baboo Rajnarain Mookerjea, Moonsiff of Nasseernuggur, Zillah Tipperah, from the closing of the Courts for the Dusserah Vacation, to their re opening, after the Mohurrum Vacation

Baboo Kally Kinker Roy, Moonsiff of Mudargunge, Zillah Mymensingh, for ten days in excess of the ensuing Dusserah Vacation

B J COLVIN, *Register*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ১৭ আগষ্ট।

জিলা ত্রিপুরার নাসিরনগরের মুনসেফের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত মৌলবী মহম্মদ মামুদ ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ১০ আগষ্ট।

জিলা রাজশাহীর চৌগাঁর মুনসেফ শ্রীযুত বাবু কুঞ্জ লাল বাড়ুয্যা গত জুলাই মাসের ৯ তারিখঅবধি ২৭ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

জিলা ময়মনসিংহের ঘোষগাঁয়ের মুনসেফ শ্রীযুত মৌলবী খরম আলি আগামি দশহরার বন্দের অতিরিক্ত ঊনত্রিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ১৭ আগষ্ট।

জিলা চাটিগাঁর দিয়াঙ্গের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল ফাত্তে আগামি অক্টোবর মাসের ১৯ তারিখঅবধি নবেম্বর মাসের ১৬ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

জিলা ত্রিপুরার নাসিরনগরের মুনসেফ শ্রীযুত বাবু রাজনারায়ণ মুখুয্যা দশহরাতে আদালতের বন্দহওনের সময়অবধি মহরমের বন্দের পর আদালত খুলিবার সময়পর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

জিলা ময়মনসিংহের মাদারগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু কালীকিঙ্কর রায় আগামি দশহরার বন্দের অতিরিক্ত দশ দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ২১ আগষ্ট।]

রাজকর্ম্মে নিয়োগ।

১২৮১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ৮ আগষ্ট।

অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত শ্রীযুত সি মাকি সাহেব, (Mr C Mackay,) বাকরগঞ্জের অতিরিক্ত প্রধান সদর আমীনী কর্ম্ম নির্ব্বাহ করিবেন। এই হুকুমেতে গত জুন মাসের ১৯ তারিখের যে হুকুমক্রমে তিনি পশ্চিম বর্দ্ধমানের অতিরিক্ত প্রধান সদর আমীনী কর্ম্ম নির্ব্বাহ করিতে নিযুক্ত হইয়াছিলেন তাহা রহিত হইল।

১৮৪৯ সাল ১১ আগষ্ট।

এদেশীয় ২০ সংখ্যক পদাতিক পল্টনের লেপ্টেনেন্ট শ্রীযুত ই এম রায়ন সাহেব (Lieut E M Ryan,) এক্ষণপর্য্যন্ত থানাসরিম প্রদেশে কমিসানর সাহেবের অতিরিক্ত আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত ই সাণ্ডিস সাহেবের (Mr F Sandys) অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত জি এ পাকষ্টন সাহেব (Mr G A Paxton,) ত্রিপুরার মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এচ সি হামিল্টন সাহেব (Mr H C Hamilton,) বর্দ্ধমানে খুদারার নোকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত ডবলিউ এচ টেরানো সাহেব (Mr W H Terraneau,) যশোহরের নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

১৮৪৯ সাল ১৩ আগষ্ট।

শ্রীযুত সি জি আন্দ্রুস সাহেব (Mr C G Andrews,) ছিলটের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ১১ আগষ্ট।

ভাগলপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত ডবলিউ এস আলেকজাণ্ডর সাহেব (Mr W S Alexander,) যে তারিখে আপনার সিবিশতার কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন সেই তারিখ অবধি স্বীয় কর্ম্মোপলক্ষে বারো দিনের ছুটী পাইয়াছেন।

ত্রিপুরার একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত ই সাণ্ডিস সাহেব (Mr E Sandys,) যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাস বারো দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ১০ আগষ্ট।

সিবিলসম্পর্কীয় সিবিশতার শ্রীযুত টি জে মেটকাফ সাহেব ও শ্রীযুত এচ এস মাকেঞ্জি সাহেব (Messrs T J Metcalfe, and H S Mackenzie) এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। জেং পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১২৯৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ১৪ আগষ্ট।

হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত জে নেস্মিথ সাহেব (Mr J Nasmyth,) ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৯ সাল ১৬ আগষ্ট।

শ্রীযুত ই হিচিন্স সাহেব (Mr E Hitchins) আলীগঞ্জ সেওয়ানে আফীমের সব ডেপুটী এজেণ্ট হইবেন।

শ্রীযুত জে বীন সাহেব (Mr J Bean,) মুঙ্গেরে আফীমের সব-ডেপুটী এজেণ্ট হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ১০ আগষ্ট।

কলিকাতার পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ টি লা সাহেব (Mr W T Law,) স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ৯ ও ১০ তারিখ দুই দিনের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁর জজ শ্রীযুত এফ স্কিপউইথ সাহেব (Mr F Skipwith,) আগামি মাসের ১ তারিখঅবধি অথবা যে তারিখে আপনার কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ১২ আগষ্ট।

ঢাকার ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র বসু দশহরার বন্দে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ১৭ আগষ্ট।

শ্রীযুত টি সাণ্ডিস সাহেব (Mr T Sandys,) বর্ত্তমান মাসের ১০ তারিখে শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব (Mr W M Dirom,) স্থানে বেহারের অতিরিক্ত জজী কর্ম্মের ভার গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেণ্টের ইশতিহার।

LAND ADVERTISEMENTS — ভূমিবিষয়ক ইশতিহার।

সম্বাদ দেওয়া যাইতেছে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে জেলা বর্দ্ধমান মোকাম বাকুড়ার নীচের লিখিত মহাল সন ১২৫৬ সালের লাগাদা বৈশাখ মাসের কীস্তির বাকী মালগুজারির নিমিত্তে সন ১৮৪৯। ৮ সেপ্টেম্বর মোং সন ১২৫৬ সালের ২৪ ভাদ্র শনিবারে এই ডিপুটী কালেকটরি কাছারিতে বিনা ওজরে বর যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৯।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলাতে তৌজীর মহালের নম্বর	মহালের ও পরগনার নাম	মহালের লিখিত মালিক	সদর জমা কোং	বাকী লাং বৈশাখ সন ১২৫৬ ইং: মেই সন ১৮৪৯।	মন্তব্য কথা
১	ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল	১৪২	রামহরিপুর	বীরচন্দ্র গোস্বামী ও ভুবনমোহন গোস্বামী	১৪॥০	১৩॥০	এই মহালের এই মালিকের সমুদয় স্বত্ব নীলাম হইবেক।

T B MACTIER, *Offg Deputy Collector*

[*Government Gazette, 21st August*, 1849]

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা ভাগলপুর এই যে।

যেহেতুক সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারাক্রমে ইস্তাহার দেওয়া যাইতেছে জেলা ভাগলপুর সংক্রান্ত নীচের লিখিত মহালাতের বাকীদারানকে সরকারের মালগুজারি সন ১৮৪৯ সালের ৭ জুন পর্য্যন্ত দাখিল করা উচিত ছিল দাখিল করিলেক না অতএব সন ১৮৪৯ সালের ৩০ আগষ্ট তারিখ বৃহস্পতিবারে জেলা ভাগলপুরের কালেক্টরী কাছারীর প্রকাশস্থলে নীলাম হইবেক ইতি সন ১৮৪৯। ৭ আগষ্ট।

নম্বর শ্রেণী	মহালের শ্রেণী	তৌজির নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা মালিয়ানা	বাকী মালগুজারি লাং কিস্তী মেই সন ১৮৪৯ সাল	কৈফিয়ৎ
১	দাএমি বন্দোবস্ত	৫৯৬ নং	মৌজে কুতুবপুর পরগনে ভাগলপুর	হীরানাথ ঝা	২৫৲	১৩৲	সন ১৮৪৫ সালের ১ আইনের ১৬ ধারার হুকুমক্রমে ছানি নীলাম মমুদয় হইবেক।
ঐ	ঐ আনওশীড	১৩২৬ নং	আবাজিরাত জাগীর নাল মাহামুদ কশর দরুন মৌজে কুনতকরহ পরগনে ছেই। থানা কুলত	মোছম্মাত জহুরণ	ⅱ৬ ⅱ	ⅱ৬ ⅱ	ঐ
ঐ	ঐ	১৪৩৫ নং	আবাজী জাগীর মাহামুদ রওশন হাওলদার দরুন মৌজে নাওযানও গাঁও। পরগনে ছেই। থানা নাওযানও গাঁও	বাবুরাম ঝা	।৶৮	ⅱ৶৮	ঐ
ঐ	ঐ	১৪৫৫ নং	আবাজী জাগীর ছনাউল্লা হাওলদার দরুন মৌজে আটক্তপুর পঃ ছেই থানা আকাহা	মোছম্মাত চুঙ্গি	।৶৮	১ ।/ ৪	ঐ
১	গয়ের এস্তমরার	১৭১ নং	আবাজী মৌজে পুরণীর পরগনে কাহাল গাঁও	রহমত আলী	৸৬	৸৬	মোওযাজী ॥৩৲ ৪ তেরা কাঠা চাইর সুট আবাজী কেয়াদা অথবা দরুন মৌজে পূরণী জমা ৸৬ বার আন ছয় পাই মমুদয় ছানী নীলাম হইবেক।

GEO LOCH, *Offg Collector*

ADVERTISEMENT OF THE SOONDERBUNS COMMISSIONER'S OFFICE

NOTICE.—That the Pottah of the undermentioned Lots situated within the limits of the Soonderbuns, in the district of Backergunge, known by the name of Chuck Khowlia Burrisaul, the property of Government, will be put up for Public Sale, at Noon, on Tuesday, the 28th day of August, 1849, corresponding with 13th Bhadoor, 1256 B. S., at the Office of the Soonderbuns Commissioner, Allipore. The individual who will bid for the Pottah above the others, and will immediately pay to the Soonderbuns Commissioner the full amount of his purchase money, the Pottah will be drawn up in his name and will be made over to him with the confirmation of Government, and the said individual will become the grantee of the said Lot or Lots in every respect, and he will be subject to the conditions of the Pottah. It is further notified that the intending purchaser wishing to see or be informed of the conditions of the Pottah, or the present state of the Lot, Map, &c. can see and be informed with its particulars, on their personally or through Agent applying at the Office, and which will be moreover proclaimed at the time of sale.

Lots 1, 2, 3, 4, 5, 6 and 7.

OOMAKANTH SAIN, *Commissioner.*

Soonderbuns Commissioner's Office, Allipore, the 19th July, 1849.

সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানার ইশতিহার।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে সুন্দরবনের মধ্যে জিলা বাকরগঞ্জের চক খৌলিয়া বরিশাল নামে খ্যাত নীচের লিখিত নিজ সরকারী লাটের পাট্টা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ২৮ আগস্ট তারিখ মোতাবেক বাঙ্গলা ১২৫৬ সালের ১৩ ভাদ্র মঙ্গলবার বেলা দুই প্রহরের সময়ে আলীপুরের সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানায় নীলাম হইবেক। যে ব্যক্তি ঐ পাট্টার জন্যে অধিক ডাকিবেক ও খরিদের সমুদয় টাকা অবিলম্বে সুন্দরবনের কমিস্যনরকে দিবেক তাহার নামে পাট্টা করা যাইবেক ও গবর্ণমেণ্টের মঞ্জুরীক্রমে তাঁহাকে দেওয়া যাইবেক। এবং সেই ব্যক্তি সর্ব্ব বিষয়ে ঐ লাটভোগী হইবেক এবং পাট্টার সকল নিয়মে বদ্ধ থাকিবেক। আরো সম্বাদ দেওয়া যাইতেছে যে খরীদ করণাকাঙ্ক্ষী যে কেহ ঐ পাট্টার নিয়ম কি লাটের বর্ত্তমান দশা কি নকশাপ্রভৃতি দেখিতে কি জ্ঞাত হইতে চাহে সেই ব্যক্তি আপনি হাজির হইয়া কি গোমাশ্তার দ্বারা সুন্দরবনের কমিস্যনরের নিকটে তদ্বিষয় জ্ঞাত হইতে পারে আরো নীলামের দিবসে ঐ পাট্টার নিয়মইত্যাদি প্রকাশ করা যাইবেক ইতি।

১। ২। ৩। ৪। ৫। ৬। ৭ নম্বরী লাট।

উমাকান্ত সেন। সুন্দরবনের কমিস্যনর।

সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানা। আলীপুর। ১৮৪৯ সাল ১৯ জুলাই।

MISCELLANEOUS ADVERTISEMENT — সাধারণ ব্যক্তির ইশতিহার।

اشتهار

مخفی نماند که احقر العباد عبد الله طبع ترجمهٔ فارسی سول کتاب جلد جدید در حدود المرام ...
پیشتر خبرش در گورنمنت گزیت بنگاله ۲۴ اکتوبر سنه ۱۸۴۸ ع بتفصیل ... اعلام
از آن جمیع مراتب واضح خدمت ناظرین شده باشد از اینجا که در عرصهٔ ... طبع ... زاید
از نصف اهتمام یافته وانشاء الله تعالی عنقریب هم بعرصهٔ زود یکه ممکن است اتمام خواهد یافت
و کتاب مذکور جمله ۷۰۰ جلد منطبع میشود و قیمت فی جلد برای ارباب دستخط ۲۵ روپیه
و برای دیگران ۳۲ روپیه مقرر کرده ام چنانچه حکم خرید ۲۵۰ جلد از آن سرکار گورنمنت
بنگاله صادر شده و هم از طرف دیگران دستخط قریب ۲۰۰ جلد گرفته شده است لهذا اشتهار
داده میشود که صاحبانیکه خواهش خریدش داشته باشند باید که در وقت آن بحساب فی جلد
۲۵ روپیه مع ذکر نام نامی و مسکن خود به حضور جان کلارک مارشمن صاحب مولف کتاب
انگریزی بمقام سریرام پور ارسال فرمایند تا بعد اهتمام طبع کتاب مطلوبه بخدمت آنصاحبان
رسانیده آید و خرچهٔ ڈاک بابت ارسال کتاب ذمهٔ خریدار است و بس *

[*Government Gazette* 21st *August*, 1849.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান মার্শমন সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 28, 1849

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ২৮ আগষ্ট।

ACT

FORT WILLIAM
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 11TH AUGUST, 1849

The following Act is passed by the Honourable the President of the Council of India in Council on the 11th of August, 1849, with the assent of the Most Noble the Governor General of India, which has been read and recorded

Ordered, that the Act be promulgated for general information

ACT No XI OF 1849

For securing the Abkaree Revenue of Calcutta

For better securing the Abkaree Revenue of Calcutta, it is enacted as follows

I Act I 1842, Act XXVI 1845, Section 26, Regulation II 1802 of the Bengal Code, and so much of Clause CLIX of an Act of Parliament, numbered Chapter LII, of the Statutes passed in the Thirty third Year of the reign of King George the Third, as relate to the sale of Arrack or other Spirituous Liquors, within the Town of Calcutta, and to the punishment of unlicensed Traders in Spirits or Spirituous Liquors, within the said Town, are repealed

II The collection of the Revenue arising from the retail sale of Spirituous or Fermented Liquors and intoxicating drugs, within the Town of Calcutta, shall be under the charge of the Collector of Calcutta, who shall perform the duties connected therewith under the control of the Commissioner of Abkaree and the Board of Customs, Salt and Opium, and all proceedings of the Collector

আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১১ আগষ্ট।

ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুরের সম্মতিক্রমে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরাবল প্রেসিডেণ্ট সাহেব হুজুর কোন্সেলে ইঙ্গরেজী ১৮৪৯ সালের ১১ আগষ্ট তারিখে পশ্চাৎ লিখিত আইন জারী করিলেন। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ঐ সম্মতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে অর্পণ হইয়াছে।

হুকুম হইল যে এই আইন সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১১ আইন।

কলিকাতার আবকারীর রাজস্ব রক্ষা করণের আইন।

কলিকাতার আবকারীর রাজস্ব পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে রক্ষা করণার্থে নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৮৪২ সালের ১ আইন ও ১৮৪৫ সালের ২৬ আইন ও ১৮০২ সালের ২ আইনের ২৬ ধারা এবং তৃতীয় জর্জ রাজার ৩৩ বৎসরের আক্ট পার্লিমেণ্টের ৫২ নম্বরী অধ্যায়ের ১৫৯ দফার যেই ভাগে কলিকাতা শহরের মধ্যে আরাক অথবা অন্য কোন মদির বিক্রয়ের বিষয় এবং যাহারা উক্ত শহরের মধ্যে পাট্টা না পাইয়া শরাব অথবা মদিরার ব্যবসা করে তাহারদের দণ্ডের বিষয় লেখা আছে তাহা রদ হইল ইতি।

২ ধারা। কলিকাতা শহরের মধ্যে মদিরা কি গাঁজা-ৰৱা শরাব এবং মাদক দ্রব্যের খুচরা বিক্রয়ের দ্বারা যে রাজস্ব উৎপন্ন হয় তাহা আদায় করণের কর্ম্ম কলিকাতার কালেকটর সাহেবের জিম্মায় হইবেক এবং তিনি সেই২ কর্ম্ম আবকারীর কমিস্যনর সাহেব ও হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের সাহেবেরদের কর্ত্তৃত্বাধীনে নির্ব্বাহ করিবেন। এবং এই আইনানুসারে কালেকটর সাহেবের কার্য্যের উপর আপীল হইলে কি না হইলে সে

held under this Act shall be subject, with or without appeal, to their revision

III The Collector may appoint Constables, Darogahs, Jemadars, Burkundauzes, and other Officers, for collection of the said Revenue and prevention of Smuggling, and the Officers so appointed, beside their ordinary respective designations, shall be styled "Abkaree Officers"

IV Every person who shall sell, by retail, any Spirituous or Fermented Liquors or intoxicating drugs, hereinafter specified, within the Town of Calcutta, without a license for that purpose under the hand and seal of the Collector of Calcutta, shall be liable to a fine, not exceeding Five Hundred Rupees, for each sale but this enactment shall not apply to wholesale dealers selling such small quantities of Beer, Wines or Spirits, as may appear to the Collector to be intended only as samples

V A sale of English or Foreign Beer, Wine or Spirits, in any quantity, not exceeding two gallons, or of Bengal Arrack or Rum or other Country Spirit in any quantity not exceeding one seer, or of Tauree in any quantity not exceeding four seers, or of Ganjah or Bhang or any preparation or admixture of the same, in any quantity not exceeding one quarter of a seer, or of Churrus, Opium, Chundoo, or Muddut, or any preparation or admixture of the same, in any quantity not exceeding the weight of five tolahs, shall be deemed a retail sale within the meaning of this Act

VI The sale of Bengal Arrack or Rum, or other Country Spirit, or of Tauree, or of Ganjah, or Bhang, or any preparation or admixture of the same, or of Churrus, Opium, Chundoo, or Muddut, or any preparation or admixture of the same, in quantities larger than those specified for each article in Section V of this Act, is prohibited, and every person, who shall act in breach of this prohibition, shall be liable to the fine prescribed in Section XV, for the illicit possession of these articles but this prohibition does not apply to the sale of Spirituous or Fermented Liquors and intoxicating drugs, imported into Calcutta under passes from the Collector, or other Officer duly empowered in that behalf, and supplied by wholesale to licensed retail dealers, or to the sale of Bengal Rum under bond for exportation by sea, or to the sale of Opium intended for exportation by sea, and covered by a Certificate to that effect, issued under the authority of the Board of Customs, Salt and Opium

VII The Board of Customs, Salt and Opium, shall have authority, at all times, to regulate the form of licenses to be granted under this Act, and to alter and add to the conditions thereof

VIII Every person taking out a license for the retail sale of Spirituous or Fermented Liquors, or intoxicating drugs under this Act, shall execute a counterpart engagement in exact conformity with the tenor of such license

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ২৮ আগষ্ট।]

সকল কার্য্য তাঁহারদের পুনর্দৃষ্টির অধীনে থাকিবেক ইতি।

৩ ধারা। ঐ কালেক্টর সাহেব ঐ রাজস্ব আদায় করণের জন্যে এবং মাসুল না দিয়া ঐ২ দ্রব্য বিক্রয়ের নিবারণার্থে ইউরোপীয় সারজন ও দারোগা ও জমাদার ও বরকন্দাজ ও অন্যান্য আমলা নিযুক্ত করিতে পারেন এবং ঐরূপে নিযুক্ত আমলারা আপন২ সাধারণ খ্যাতির অতিরিক্ত "আবকারীর আমলা" এই নামবিশিষ্ট হইবেন ইতি।

৪ ধারা। যে কোন ব্যক্তি কলিকাতার কালেক্টর সাহেবের তন্নিমিত্তে দস্তখৎকরা ও মোহরকরা পাট্টা বিনা কলিকাতা শহরের মধ্যে এই আইনের পশ্চাৎ নির্দ্দিষ্ট কোন মদিরা অথবা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য খুজরা বিক্রয় করে সেই ব্যক্তি প্রত্যেক বিক্রয়ের জন্যে পাচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। কিন্তু যে থোক ব্যবসায়িরা এমত অল্প পরিমাণ বীর শরাব বা ওয়াইন শরাব বা মদিরা বিক্রয় করে যে কালেক্টর সাহেব তাহা কেবল নমুনার মত জ্ঞান করেন তাহারদের বিষয়ে এই আইন খাটিবেক না ইতি।

৫ ধারা। দুই গেলনের অনধিক ইঙ্গরেজী কি বিদেশীয় বীর শরাব বা ওয়াইন শরাব কি মদিরার অথবা এক সেরের অনধিক বাঙ্গলা দেশের আরাক অথবা রম শরাব কি এদেশীয় অন্য শরাবের কিম্বা চারি সেরের অনধিক তাড়ির অথবা এক পোআর অনধিক গাঁজা কিম্বা ভাঙ্গের বা সেই বস্তুতে প্রস্তুত অথবা মিশ্রিত কোন দ্রব্যের কিম্বা পাঁচ তোলা ওজনের অনধিক চরস বা আফীন কিম্বা চণ্ডু বা মদতের কিম্বা সেই২ বস্তুতে প্রস্তুত কি মিশ্রিত কোন দ্রব্যের বিক্রয় এই আইনের অর্থের মধ্যে খুজরা বিক্রয় জ্ঞান হইবেক ইতি।

৬ ধারা। বাঙ্গলা দেশের আরাক অথবা রম শরাব কি এদেশীয় অন্য শরাব কিম্বা তাড়ি কি গাঁজা কি ভাঙ্গ কিম্বা তাহাতে প্রস্তুত কি মিশ্রিত অন্য কোন দ্রব্য কিম্বা চরস কি আফীন কি চণ্ডু কিম্বা মদত অথবা তাহাতে প্রস্তুত কি মিশ্রিত অন্য কোন দ্রব্য এই আইনের ৫ ধারাতে প্রত্যেক বস্তুর যে পরিমাণ নির্দ্দিষ্ট হইয়াছে তাহার অধিক বিক্রয় করিতে নিষেধ হইল। এবং যে প্রত্যেক ব্যক্তি এই নিষেধ লঙ্ঘন করে সেই ব্যক্তি ঐ২ দ্রব্য বেআইনীমতে আপনার নিকটে রাখিবার যে জরীমানা ১৫ ধারাতে নির্দ্দিষ্ট আছে সেই জরীমানার যোগ্য হইবেক। কিন্তু যে মদিরা কি গাঁজাধরা শরাব এবং মাদক দ্রব্য কালেক্টর সাহেবের কিম্বা ঐ বিষয়ে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের ছাড়চিঠীক্রমে কলিকাতায় আমদানী হইয়া পাট্টাপ্রাপ্ত খুজরা ব্যবসায়িরদিগকে থোকে দেওয়া যায় তাহার বিক্রয়ের বিষয়ে অথবা যে বাঙ্গলা দেশের রম শরাব সমুদ্রপথে রপ্তানী হইবার নিমিত্তে বণ্ড দিয়া বিক্রয় হয় তাহার বিষয়ে কিম্বা যে আফীন সমুদ্রপথে রপ্তানী করিবার অভিপ্রায় আছে এবং তন্নিমিত্তে হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের হুকুমক্রমে সর্টিফিকট পাওয়া গিয়াছে তাহার বিক্রয়ের বিষয়ে ঐ নিষেধ খাটে না ইতি।

৭ ধারা। হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা এই আইনানুসারে দেওয়া পাট্টার পাঠ সর্ব্বদা নিরূপণ করিতে পারেন এবং তাহার নিয়ম মতান্তর করিতে পারেন ও নূতন নিয়ম করিতে পারেন ইতি।

৮ ধারা। যে কোন ব্যক্তি মদিরা কি গাঁজাধরা শরাব কিম্বা মাদক দ্রব্য খুজরা বিক্রয় করিবার নিমিত্তে এই আইনানুসারে পাট্টা লয় সেই ব্যক্তি ঐ পাট্টার অবিকল ভাবানুসারে এক কবুলিয়ৎ লিখিয়া দিবেক ইতি।

IX Whenever a license shall be granted under this Act, the Collector shall be authorised to demand, in consideration of the privilege granted, such fee, tax or duty as may, from time to time, be fixed, with the sanction of the Board of Customs, Salt and Opium, and such fee, tax or duty, may be made payable in advance, or at such period as may be settled by the Collector

X The Collector may withhold or recall a license, if any such fee, tax or duty be not duly paid, according to the conditions upon which the license is granted, or in case of a breach of any of the other conditions thereof, or with the sanction of the Commissioner of Abkaree, for any other cause, giving one month's notice of such withdrawal, and any person selling, by retail, any Spirituous or Fermented Liquors, or intoxicating drugs above specified, within the Town of Calcutta, whilst such license is withheld, or after it is recalled, shall be subject to all the penalties provided by this Act, for the unlicensed sale of Spirituous or Fermented Liquors, or intoxicating drugs

XI Any licensed retail dealer may surrender his license, on giving fifteen days previous notice to the Collector, and paying a sum equal to the tax for that time, over and above the sum payable under the license

XII It shall not be lawful for the Justices of the Peace for the Town of Calcutta to grant a license to open or establish or keep open any Hotel, Punch House, Boarding House, or any other House of public entertainment, within the Town of Calcutta, in which any Spirituous or Fermented Liquors, or intoxicating drugs, above specified may be sold, to any person who has not taken out a license for the retail sale of such liquors and drugs, and any such license, granted by any Justice of the Peace, shall become void, whenever the license for the retail of such liquors and drugs granted to such person, is withheld or recalled by the Collector under this Act

XIII The Collector, after demand made in writing, may levy any arrear of tax or duty, due on account of any license granted under this Act, by distress and sale of the goods and chattels of the person from whom the same is due, provided that no such arrear shall be recoverable after the end of two years next after the same shall have become due, or next after an acknowledgment of the same in writing shall have been given by the person by whom the same is payable

XIV A breach of any of the conditions of a license granted under this Act shall, beside entailing forfeiture of the license, be punishable by a fine not exceeding Fifty Rupees, and such fine shall be recoverable from the licensed dealer, notwithstanding that such breach may have been owing to the default or carelessness of the servant or other person in charge of the shop

XV Any person, not being a licensed dealer,

৯ ধারা। যখন এই আইনক্রমে কোন পাট্টা দেওয়া যায় তখন কালেক্টর সাহেব ঐ দত্ত উপকারের জন্যে সময়ক্রমে হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের সাহেবেরদের অনুমতিক্রমে যে রসুম বা টাক্স কি মাসুল ধার্য্য হয় তাহার দাওয়া করিতে পারিবেন। এবং ঐ রসুম বা টাক্স কি মাসুল আগাম দেওনের কিম্বা যে সময় কালেক্টর সাহেব নিরূপণ করেন সেই সময়ে দেওনের হুকুম হইতে পারে ইতি।

১০ ধারা। যেং নিয়মক্রমে পাট্টা দেওয়া গিয়াছে তদনুসারে যদি ঐমত কোন রসুম বা টাক্স কি মাসুল রীতিমত না দেওয়া যায় অথবা ঐ পাট্টার অন্য কোন নিয়ম যদি প্রতিপালন না হয় তবে কালেক্টর সাহেব ঐ পাট্টা দিতে অস্বীকার করিতে পারেন অথবা ফিরিয়া লইতে পারেন অথবা আবকারীর কমিস্যনর সাহেবের অনুমতি লইয়া অন্য কোন হেতুতে ঐ পাট্টা ফিরিয়া লইতে পারেন কিন্তু এমত ফিরিয়া লওনের এত্তেলা এক মাস থাকিতে দিবেন। এবং যত কাল সেই পাট্টা না দেওয়া যায় অথবা তাহা রদ হওনের পর যে কোন ব্যক্তি কলিকাতা শহরের মধ্যে পূর্ব্ব নির্দ্দিষ্ট কোন মদিরাদি কিম্বা গাঁজাধর শরাব কি মাদক দ্রব্য খুজরা বিক্রয় করে সেই ব্যক্তি মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্যের বিনানুমতির বিক্রয় করণের বিষয়ে যে সকল দণ্ড এই আইনে নিরূপিত আছে সেই সকল দণ্ডের যোগ্য হইবেক ইতি।

১১ ধারা। পাট্টাপ্রাপ্ত কোন খুজরা ব্যবসাকারী পনের দিন পূর্ব্বে কালেক্টর সাহেবকে এত্তেলা দিলে ও পাট্টাঅনুসারে যে টাক্স দেয় হয় তাহার অধিক সেই কালের নিমিত্তে যত টাক্স হইত তাহার তুল্য টাকা দিয়া আপনার পাট্টা ফিরিয়া দিতে পারে ইতি।

১২ ধারা। যে কোন ব্যক্তি ঐ প্রকার শরাব বা মাদক দ্রব্যের খুজরা বিক্রয়ের জন্যে পাট্টা না লইয়া থাকে সেই ব্যক্তিকে কোন সরাই কি পঞ্চঘর বা বাস করণের ঘর অথবা অন্য যে কোন ভোজনালয়েতে পূর্ব্বোক্ত কোন মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য বিক্রয় হয় তাহা কলিকাতা শহরের মধ্যে আরম্ভ বা স্থাপন করিবার বা খোলা রাখিবার পাট্টা কলিকাতা শহরের জুষ্টিস অফ দি পীস সাহেবেরা দিতে পারিবেন না। এবং মদিরা ও মাদক দ্রব্য খুজরা বিক্রয়ের জন্যে যে পাট্টা ঐ ব্যক্তিকে দেওয়া গিয়াছিল তাহা যখন কালেক্টর সাহেব এই আইনক্রমে রহিত করেন অথবা ফিরিয়া লন তখন জুষ্টিস অফ দি পীস সাহেবেরদের দেওয়া পাট্টা বাতিল হইবেক ইতি।

১৩ ধারা। এই আইনের পাট্টানুসারে যে কোন টাক্স অথবা মাসুল দেয় হয় তাহা বাকী পড়িলে কালেক্টর সাহেব তাহা লিখনের দ্বারা দাওয়া করিলে পর যে ব্যক্তির স্থানে তাহা প্রাপ্য তাহার জিনিস ও সম্পত্তি ক্রোক ও বিক্রয় করণের দ্বারা আদায় করিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ বাকী টাকা দেয় হইলে পর অথবা যে ব্যক্তির স্থানে তাহা প্রাপ্য সেই ব্যক্তি লিখনের দ্বারা তাহা স্বীকার করণের পর দুই বৎসর অতীত হইলে তাহা আদায় করা যাইতে পারিবেক না ইতি।

১৪ ধারা। এই আইনানুসারে দেওয়া পাট্টার নিয়ম উল্লঙ্ঘন হইলে পাট্টা রদ হওনের দণ্ড হইবেক এবং তদতিরিক্ত পঞ্চাশ টাকার অনধিক জরীমানার দণ্ড হইতে পারে এবং যে চাকর বা অন্য ব্যক্তির জিম্মায় দোকান থাকে তাহার ত্রুটি কি অনবধানতাপ্রযুক্ত সেই উল্লঙ্ঘন হইলেও ঐ জরীমানার টাকা পাট্টাপ্রাপ্ত ব্যবসায়ির দিতে হইবেক ইতি।

১৫ ধারা। পাট্টাপ্রাপ্ত ব্যবসায়িছাড়া কোন ব্যক্তির

having in his possession, and any person carrying within the Town of Calcutta, any greater quantity of Spirituous or Fermented Liquors, or intoxicating drugs above specified, or any preparation or admixture of the same, except English and Foreign Beer, Wines and Spirits, than the quantity specified for each article in Section V of this Act, and not being protected by a pass or permit from the Collector, or other Officer duly empowered in that behalf, shall be liable to a fine not exceeding Five Hundred Rupees, except in the case of Opium, and in the case of Opium, to a fine not exceeding the rate of Sixteen Rupees for each seer found in the possession of, or carried by, such person, and if such last mentioned fine shall not amount to Five Hundred Rupees, such person shall be liable to a further fine, not exceeding such sum as shall make the total fine imposed amount to Five Hundred Rupees

XVI Beside the penalties above specified for the illicit sale, possession, and carrying of Spirituous or Fermented Liquors, or intoxicating drugs, all such liquors and drugs found in the possession of any offender against this Act shall be seized and confiscated, and the vessels, packages and coverings in which such liquors and drugs are found, and the animals and conveyances used in carrying them shall also be liable to seizure and confiscation

XVII Any Abkaree Officer above the rank of a peon or chuprassy may enter and inspect at any time, by day or by night, and any Abkaree Officer may enter and inspect by day the house or shop in which any licensed dealer shall carry on the sale of Spirituous or Fermented Liquors, or intoxicating drugs

XVIII Every person holding a license for the sale of Spirituous or Fermented Liquors, or intoxicating drugs, shall keep such license at the house or shop specified in the license, and shall shew the license on the demand of any Abkaree Officer who shall desire to see the same and any licensed dealer, who shall refuse or be unable to produce his license, on the demand of any Abkaree Officer, shall be liable to a fine not exceeding Two Hundred Rupees

XIX Any Abkaree Officer may stop and detain any person carrying any Spirituous or Fermented Liquors, or intoxicating drugs, without a pass, or otherwise liable to confiscation under this Act and may seize the liquors or drugs, with the vessels, packages and coverings in which the liquors or drugs are found, and the animals and conveyances used in carrying them

XX If the Collector has good reason to believe, either from information given by any Abkaree Officer or other person, to be taken down in writing, or from his own knowledge, or from the proceedings in any other case, that any Spirituous or Fermented Liquors, or intoxicating drugs, liable to confiscation under this Act, are kept or

নিকটে ইঙ্গরেজী ও বিদেশীয় বীর শরাব ও ওয়াইন শরাব ও মদিরাছাড়া এই আইনের ৫ ধারায় নির্দ্দিষ্ট প্রত্যেক দ্রব্যের পরিমাণঅপেক্ষা অধিক পরিমাণের পূর্ব্বোক্ত মদিরা বা গাঁজাধারা শরাব কি মাদক দ্রব্য কিম্বা সেইং বস্তুতে প্রস্তুত কি মিশ্রিত কোন দ্রব্য থাকিলে এবং কোন ব্যক্তি কলিকাতা শহরের মধ্যে তাহা বহিলে যদি সেই ব্যক্তির নিকটে কালেক্টর সাহেবের দেওয়া অথবা অন্য যে কোন আমলার তাহা দেওনের ক্ষমতা থাকে তাঁহার দেওয়া এক পাস অথবা পরওয়ানা না থাকে তবে সেই ব্যক্তি (আফীনের বিষয়ব্যতিরেকে) পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। এবং আফীনের বিষয়ে হইলে যে প্রত্যেক শের সেই ব্যক্তির নিকটে পাওয়া যায় কি সেই ব্যক্তি শহরের মধ্যে বহে সেই প্রত্যেক শেরের জন্যে ষোল টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। এবং এই শেষোক্ত জরীমানা যদি পাচ শত টাকাপর্য্যন্ত না হয় তবে সেই ব্যক্তির আরো এমত জরীমানা করিতে হইবেক যে সর্ব্বসুদ্ধ তাহার পাঁচ শত টাকা জরীমানা হয় ইতি।

১৬ ধারা। মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্যের বিনানুমতির বিক্রয় করণ বা আপনার নিকটে রাখণ বা শহরের মধ্যে বহনের বিষয়ে উক্ত যেং দণ্ড নির্দ্দিষ্ট আছে তদতিরিক্ত এই আইন উল্লঙ্ঘনকারি ব্যক্তির নিকটে ঐপ্রকার যে সকল শরাব ও মাদক দ্রব্য পাওয়া যায় তাহা ক্রোক ও জব্দ হইবেক। এবং যে পাত্র ও বস্তা ও ঢাকনির মধ্যে ঐ শরাব ও মাদক দ্রব্য পাওয়া যায় তাহা ও যে পশু বা গাড়িতে তাহা বোঝাই থাকে সেই সকল ক্রোক ও জব্দ হইবার যোগ্য হইবেক ইতি।

১৭ ধারা। যে ঘর বা দোকানে কোন পাট্টাপ্রাপ্ত ব্যবসায়ী মদিরা কি গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য বিক্রয় করে তাহাতে পেয়াদার কি চাপরাসীঅপেক্ষা উচ্চ পদস্থ কোন আবকারীর আমলা কোন সময়ে দিনে বা রাত্রিতে প্রবেশ করিতে ও তাহা তদারক করিতে পারেন এবং কোন আবকারীর আমলা দিনে তাহাতে প্রবেশ করিয়া তদারক করিতে পারেন ইতি।

১৮ ধারা। যে প্রত্যেক ব্যক্তি মদিরা অথবা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য বিক্রয়ার্থে পাট্টা পাইয়াছে সেই ব্যক্তি ঐ পাট্টার নির্দ্দিষ্ট ঘর বা দোকানে ঐ পাট্টা রাখিবেক এবং আবকারীর যে কোন আমলা তাহা দেখিতে চাহেন তিনি দাওয়া করিলে পাট্টাদার তাঁহাকে ঐ পাট্টা দেখাইবেক। এবং আবকারীর কোন আমলা পাট্টার বিষয় দাওয়া করিলে যদি কোন পাট্টাপ্রাপ্ত ব্যবসায়ী তাহা দেখাইতে অস্বীকার করে কি দেখাইতে না পারে তবে সেই ব্যক্তি দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

১৯ ধারা। যে মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্যের পাস না থাকে অথবা প্রকারান্তরে এই আইনানুসারে জব্দ হওনের যোগ্য হয় সেই মদিরাদি যে কোন ব্যক্তি বহন করে তাহাকে আবকারীর কোন আমলা ধরিয়া রাখিতে এবং আটক করিতে পারেন এবং সেই শরাব বা মাদক দ্রব্য এবং যে পাত্র ও বস্তা ও ঢাকনির মধ্যে তাহা পাওয়া যায় তাহা এবং যে পশু ও গাড়িতে তাহা বোঝাই থাকে তাহা ক্রোক করিতে পারেন ইতি।

২০ ধারা। যদি কালেক্টর সাহেবের আবকারীর কোন আমলা বা অন্য ব্যক্তির এজহারক্রমে (সেই এজহার লিখিয়া রাখিতে হইবেক) অথবা আপনার বোধক্রমে কি অন্য কোন মোকদ্দমার কার্য্যক্রমে ইহা বিশ্বাস করণের মাতবর কারণ থাকে যে এই আইনানুসারে জব্দের যোগ্য কোন মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য কোন স্থানে গচ্ছিত আছে বা লুক্কায়িত আছে তবে

concealed in any place, the Collector, by warrant under his hand, may empower any Abkaree Officer, above the rank of Jemadar of Peons, between sunrise and sunset, but always in the presence of a Constable or other Officer of the Peace, to enter into every such place, where any such liquors or drugs are suspected to be kept or concealed, and to seize and carry away such liquors or drugs; and, in case of resistance, to break open any door, and to force and remove any other obstacle to such entry, search, seizure or removal, as aforesaid, and to arrest and detain the owner or occupier of the premises, with all parties whom he suspects to be concerned in the unlawful keeping or concealing of such liquors or drugs, whom he shall find on the premises provided that, where there is ground to suspect that such liquors or drugs are unlawfully concealed in any zenana, the Officer charged with the execution of the warrant shall follow, as closely as may be, the rules for the seizure of property so concealed, adopted by the Supreme Court of Judicature at Fort William

কালেক্টর সাহেব আপনার দস্তখৎকরা ওয়ারেন্টের দ্বারা পেয়াদারদের জমাদারঅপেক্ষা উচ্চ পদস্থ আবকারীর কোন আমলাকে এই ক্ষমতা দিতে পারেন যে তিনি সূর্য্যোদয়অবধি সূর্য্যাস্তপর্য্যন্ত কিন্তু নিয়ত ইউরোপীয় কোন সারজন বা পোলীসের অন্য কোন আমলার সাক্ষাতে যে প্রত্যেক স্থানে ঐ প্রকার শরাব বা মাদক দ্রব্য গচ্ছিত বা লুক্কায়িত থাকনের বিষয়ে শোবে হয় সেই স্থানের মধ্যে প্রবেশ করেন এবং সেই শরাব অথবা মাদক দ্রব্য ক্রোক করেন এবং লইয়া যান। এবং প্রতিবন্ধক হইলে কোন দর ওযাজা ভাঙ্গেন এবং পূর্ব্বোক্তমতে ঐ প্রবেশ বা তালাশ কি ক্রোক বা স্থানান্তর করণের যে কোন বাধা থাকে তাহা বলপূর্ব্বক উঠাইয়া দেন এবং ঐ স্থানের মালিক অথবা সেই স্থানে বাসকারি ব্যক্তিকে এবং অন্য যে সকল ব্যক্তি বেআইনীমতে ঐ শরাব বা মাদক দ্রব্য গচ্ছিত করণ বা লুকাইয়া রাখণের কার্য্যে লিপ্ত থাকনের বিষয়ে তাঁহার শোবে হয় এবং সেই বাটীর মধ্যে পাওয়া যায় সেই ব্যক্তিরদিগকে গ্রেফ্তার করেন ও আটকাইয়া রাখেন। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ শরাব অথবা মাদক দ্রব্য বেআইনীমতে কোন অন্তঃপুরে লুক্কায়িত থাকনের বিষয়ে শোবে করণের কারণ থাকিলে যে আমলার প্রতি ঐ ওয়ারেন্ট জারী করণের ভার আছে তিনি সেইরূপে লুক্কায়িত সম্পত্তি ক্রোক করণার্থে ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্টের যে২ বিধি আছে সাধ্যপর্য্যন্ত সেই২ বিধির অনুসারে কার্য্য করিবেন ইতি।

XXI. All Constables, and other Ministerial Officers of the Peace are required to help the Abkaree Officers in the due execution of this Act, upon notice given, or request made by any such Abkaree Officer and any Officer who, without lawful excuse, shall refuse or neglect to assist as aforesaid, on being required to do so, shall be liable to the penalty prescribed by Section XXVII of this Act for Abkaree Officers conniving at the escape of a person arrested under this Act

২১ ধারা। সকল ইউরোপীয় সারজন এবং পোলীসের অন্য২ আমলারদের প্রতি হুকুম হইল যে আবকারীর আমলা তাঁহারদিগকে এত্তেলা দিলে কিম্বা তাঁহারদের নিকটে দরখাস্ত করিলে ঐ আবকারীর আমলারদিগের এই আইন রীতিমতে জারী করণের কার্য্যে সাহায্য করেন। এবং পোলীসের যে কোন আমলা সাহায্য করিতে হুকুম পাইলে উক্ত প্রকারে সাহায্য করিতে কোন আইনসিদ্ধ ওজরবিনা অস্বীকার বা ত্রুটি করেন এই আইনানুসারে গ্রেফ্তারকরা কোন ব্যক্তির পলায়নের বিষয়ে আবকারীর আমলারা জানিয়া শুনিয়া চুপ করিয়া থাকিলে যে দণ্ড এই আইনের ২৭ ধারাতে নির্দ্দিষ্ট আছে ঐ সারজন এবং পোলীসের আমলারা সেই দণ্ডের যোগ্য হইবেন ইতি।

XXII Whenever any Abkaree Officer, duly authorized under this Act, shall arrest any person, or shall seize any Spirituous or Fermented Liquors, or intoxicating drugs, or shall enter any house or shop for the purpose of searching for such illicit articles, he shall carry the person arrested, with the illicit articles seized, with all convenient despatch, to the Collector, and shall, within twenty four hours thereafter, make a full report to the Collector of all the particulars of such arrest, seizure, or search, and the Collector, after such further enquiry as he deems necessary, shall forthwith either release the person arrested, or send him in custody to a Justice of the Peace for the Town of Calcutta

২২ ধারা। এই আইনানুসারে রীতিমত ক্ষমতাপ্রাপ্ত কোন আবকারীর আমলা যখন কোন ব্যক্তিকে গ্রেফ্তার করেন অথবা কোন মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য ক্রোক করেন অথবা ঐরূপ কোন বিনানুমতির দ্রব্য তালাশ করণের জন্যে কোন ঘর বা দোকানে প্রবেশ করেন তখন ঐ আমলা গ্রেফ্তারহওয়া ব্যক্তিকে এবং ক্রোকহওয়া বিনানুমতির দ্রব্য যথাসাধ্য শীঘ্র কালেক্টর সাহেবের নিকটে লইয়া যাইবেন এবং তাহার পর চব্বিশ ঘণ্টার মধ্যে সেই গ্রেফ্তার বা ক্রোক কি তালাশীর সমস্ত বৃত্তান্তের সম্পূর্ণ রিপোর্ট কালেক্টর সাহেবকে দিবেন। এবং কালেক্টর সাহেব তদতিরিক্ত যে তদারক করা আবশ্যক বোধ করেন তাহা করিলে পর তৎক্ষণাৎ সেই গ্রেফ্তারহওয়া ব্যক্তিকে খালাস করিবেন অথবা তাহাকে আমলারদের জিম্মায় দিয়া কলিকাতা নগরের এক জন জষ্টিস অফ দি পীস সাহেবের নিকটে পাঠাইবেন ইতি।

XXIII Every person who shall maliciously give false information against any person, for being engaged in the unlicensed sale of Spirituous or Fermented Liquors, or intoxicating drugs, or for having in his possession, or carrying, or in respect of there being in any house or shop any Spirituous or Fermented Liquors, or intoxicating drugs, in contravention of this Act, shall be liable to a fine,

২৩ ধারা। এই আইনের বিধির বিরুদ্ধ কোন ব্যক্তির মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্যের বিনানুমতির বিক্রয়ে লিপ্ত হওনের বিষয়ে অথবা তাহার নিকটে কোন মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য থাকনের বা তাহা বহনের কি তাহা কোন ঘর বা দোকানে থাকনের বিষয়ে যে প্রত্যেক ব্যক্তি দ্বেষপূর্ব্বক মিথ্যা এজহার করে সেই২ ব্যক্তি পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক অথবা ছয় মাসের অনধিক

[*Government Gazette*, 28*th August*, 1849]

not exceeding Five Hundred Rupees, or to imprisonment in the Common Jail, for a period not exceeding six months, or to both

XXIV Every person, who shall obstruct or molest any Abkaree Officer, or any person acting, in aid of such Officer, in the due execution of this Act, shall be liable to a fine, not exceeding Five Hundred Rupees, and such person shall be further liable, if an affray or breach of the peace shall happen in consequence of his resistance, on conviction of the same before a competent tribunal, to such punishment as is prescribed by law for cases of affray and breach of the peace, in addition to the penalty above prescribed for resistance of process

XXV Any Abkaree Officer, who shall delay carrying to the Collector any person arrested or any illicit articles seized under this Act, or who shall neglect to report the particulars of an arrest, seizure or search, within twenty four hours thereafter, shall be liable to a fine, not exceeding Two Hundred Rupees

XXVI Any Abkaree Officer, who shall vexatiously and unnecessarily seize the goods or chattels of any person, on the pretence of seizing or searching for illicit Spirituous or Fermented Liquors, or intoxicating drugs, or who shall vexatiously and unnecessarily arrest any person, or commit any other excess, not required for the execution of his duty, shall be liable to a fine, not exceeding Five Hundred Rupees

XXVII Any Officer employed in the Abkaree Department, who shall unlawfully release or connive at the escape of any person arrested under this Act, or connive at the sale of Spirituous or Fermented Liquors, or intoxicating drugs, without license, or by any licensed dealer, contrary to the terms of such license, or act in a manner inconsistent with his duty, for the purpose of enabling any person to do any thing, whereby any of the provisions of this Act may be evaded or broken, or the Abkaree Revenue defrauded, shall be liable to a fine, not exceeding Five Hundred Rupees

XXVIII Any Abkaree Officer, who shall ask or take any gratuity, not authorized by any Law or Order of Government, or of the Board of Customs, Salt and Opium, in consideration of doing, or of omitting to do any act in his official capacity, and any person, who shall offer a bribe to any such Officer, in order to induce such Officer to act in a manner inconsistent with his duty, shall be liable, for every such offence, to a fine, not exceeding Five Hundred Rupees

XXIX Whenever any goods or chattels shall be seized by an Abkaree Officer, as liable to confiscation under this Act, such seizure shall, upon information, exhibited by order of the Collector, be heard and determined in a summary way, by any Justice of the Peace for the Town of Cal-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৮ আগষ্ট।]

মিয়াদে সাধারণ জেলখানায় কয়েদ হইবার কি উভয় দণ্ডের যোগ্য হইবেক ইতি।

২৪ ধারা। এই আইন রীতিমত জারীকরণ সময়ে যদি কোন ব্যক্তি আবকারীর কোন আমলা বা ঐ আমলার সহকারি কোন ব্যক্তির বাধা জন্মায় বা তাহাকে উত্যক্ত করে তবে সেই ব্যক্তি পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। এবং তাহার ঐ প্রতিবন্ধকতাতে যদি কোন দাঙ্গা কি শান্তিভঙ্গ হয় তবে সেই ব্যক্তির অপরাধ ক্ষমতাপ্রাপ্ত আদালতে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি পূর্ব্বোক্তমতে হুকুমের প্রতিবন্ধকতার নির্দ্দিষ্ট গুনাহগারীর অতিরিক্ত দাঙ্গা এবং শান্তিভঙ্গের অপরাধের বিষয়ে আইনে যে দণ্ড নিরূপণ আছে সেই দণ্ডের যোগ্য হইবেক ইতি।

২৫ ধারা। এই আইনক্রমে গ্রেপ্তারহওয়া কোন ব্যক্তিকে অথবা ক্রোকহওয়া বিনানুমতির কোন দ্রব্য কালেক্টর সাহেবের নিকটে লইয়া যাইতে যদি আবকারীর কোন আমলা বিলম্ব করেন অথবা গ্রেপ্তার কি ক্রোক বা তালাশী করণের পর চব্বিশ ঘন্টার মধ্যে তাহার বৃত্তান্তের রিপোর্ট করিতে ত্রুটি করেন তবে সেই ব্যক্তি দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

২৬ ধারা। আবকারীর যে কোন আমলা বিনানুমতির মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য ক্রোক অথবা তাল্লাশী করণের ছলে বৈরক্তিরূপে এবং অনাবশ্যকমতে কোন ব্যক্তির জিনিস কি দ্রব্য ক্রোক করেন অথবা কোন ব্যক্তিকে ক্লেশজনকরূপে এবং অনাবশ্যকমতে গ্রেপ্তার করেন অথবা আপনার কর্ত্তব্য কার্য্যের নিমিত্তে যে কর্ম্মের আবশ্যক না থাকে এমত কোন অত্যাচারের কর্ম্ম করেন সেই ব্যক্তি পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

২৭ ধারা। আবকারীর সিরিশতায় নিযুক্ত যে কোন আমলা এই আইনক্রমে গ্রেপ্তারহওয়া কোন ব্যক্তিকে বেআইনীমতে খালাস করেন অথবা তাহার পলায়নের বিষয় জানিয়া শুনিয়া চুপ করিয়া থাকেন কি পাট্টা বিনা মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্যের বিক্রয়ের বিষয় অথবা কোন পাট্টাপ্রাপ্ত ব্যবসায়ির পাট্টার নিয়মের বিরুদ্ধে বিক্রয় করণের বিষয় জানিয়া শুনিয়া চুপ করিয়া থাকেন অথবা যে কার্য্যের দ্বারা এই আইনের কোন বিধি এড়ান যাইতে বা উল্লঙ্ঘন হইতে পারে অথবা আবকারীর রাজস্বের হানি হইতে পারে এইমত কর্ম্ম কোন ব্যক্তিকে করিতে দেওনের জন্যে আপনার কর্ত্তব্য কার্য্যের বিরুদ্ধে কোন কর্ম্ম করেন সেই আমলা পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

২৮ ধারা। আবকারীর যে কোন আমলা আপনার পদোপলক্ষের কোন কার্য্য করণ বা না করণের পুরস্কারস্বরূপ আইনের অথবা গবর্ণমেণ্টের কি হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের হুকুম না হওয়া কোন বকশীশ চাহেন বা লন এবং আবকারীর আমলাকে আপনার কর্ত্তব্য কার্য্যের বিরুদ্ধে কোন কর্ম্ম করণে প্রবৃত্তি দেওনার্থে যে কোন ব্যক্তি সেইরূপ কোন আমলাকে ঘুষ দিতে প্রবৃত্ত হয় সেই ব্যক্তি প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

২৯ ধারা। এই আইনানুসারে জব্দ হওনের যোগ্য বলিয়া যখন আবকারীর কোন আমলা কোন জিনিস বা দ্রব্য ক্রোক করেন তখন সেই ক্রোকী মোকদ্দমা কালেক্টর সাহেবের হুকুমে করা এজহারক্রমে শহর কলিকাতার কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের দ্বারা সরাসরীমতে শুনা যাইবেক ও নিষ্পত্তি হইবেক। এবং সেই জিনিস ও দ্রব্য যে ব্যক্তিরদের থাকে তাহারদিগকে ঐ জুষ্টিস অফ

cutta, and such Justice shall cause the persons to whom such goods and chattels belong to be summoned to appear before him, and upon their appearance or default shall examine into the cause of the seizure thereof, and give judgment, and if such judgment shall be for confiscation of the goods or chattels seized, shall issue his warrant to the Collector for the sale or disposal thereof, according to such orders as the Collector may receive from the Board of Customs, Salt and Opium

XXX Whenever any goods or chattels shall be seized as aforesaid, and within one Calendar month no person shall appear before the Collector to claim the same, the Justice shall examine into the cause of the seizure, at a place and time of which notice shall have been given by the Collector in the *Calcutta Gazette*, and give judgment for the confiscation of such of the goods and chattels, as, upon such examination, shall appear to him liable to forfeiture, and, upon confiscation thereof, shall issue his warrant for the disposal of them, as if the owner had been summoned to attend the said Justice

XXXI All fines leviable under this Act, except under Section XXXVIII, shall be adjudged by any Justice of the Peace for the Town of Calcutta, and the said Justice, upon information exhibited before him by order of the Collector, shall forthwith summon the parties accused, and upon their appearance or default shall examine into the matter, and upon due proof made thereof, by the voluntary confession of the parties, or by the oath, or solemn affirmation, in cases wherein a solemn affirmation is receivable by law instead of an oath of one or more credible witnesses, shall give judgment accordingly, and, in default of payment of any fine to which an offender is adjudged, he shall be liable, by order of the said Justice, to imprisonment in the Common Jail, for a period not exceeding six months, or until the fine is sooner paid and no proceedings shall be taken under this Section by any Justice of the Peace after the expiration of three Calendar months from the date of the offence by which the fine was incurred

XXXII Whenever any person shall be convicted before any such Justice as aforesaid of an offence against this Act, after having been previously convicted of a like offence, he shall be liable, in addition to the penalty attached to such offence, to imprisonment in the Common Jail, for a period not exceeding six months, and a like punishment of imprisonment, not exceeding six months, shall be incurred, in addition to the punishment which may be inflicted for a first offence, upon every subsequent conviction after the second

XXXIII One half of all fines levied from persons convicted of the illicit possession, carrying, or sale of Spirituous or Fermented Liquors, or intoxicating drugs, and of the proceeds from sale of articles confiscated, except Opium, and in the case

দি পীস সাহেব আপনার সম্মুখে হাজির হইতে তলব করিবেন এবং তাহারা হাজির হইলে অথবা হাজির হইতে ক্রটি করিলে ঐ ক্রোকের কারণের তজবীজ করিবেন এবং ডিক্রী করিবেন। এবং ঐ ক্রোকহওয়া জিনিস ও দ্রব্য যদি জব্দ করণের ডিক্রী হয় তবে ঐ জুষ্টিস অফ দি পীস সাহেব হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের স্থানে কালেক্টর সাহেব যে২ হুকুম পাইয়া থাকেন সেই২ হুকুমানুসারে তাহা নীলাম কি হস্তান্তর করিতে কালেক্টর সাহেবের প্রতি আপনার ওয়ারণ্ট পাঠাইবেন ইতি।

৩০ ধারা। যখন কোন জিনিস অথবা দ্রব্য পূর্ব্বোক্ত মতে ক্রোক হয় এবং তাহার বিষয়ে দাওয়া করিবার জন্যে কোন ব্যক্তি এক মাসের মধ্যে কালেক্টর সাহেবের নিকটে হাজির না হয় তখন যে স্থান ও যে সময়ের বিষয়ে কালেক্টর সাহেব কলিকাতা গেজেটে এস্তেলা দিয়াছেন সেই স্থানে ও সেই সময়ে ঐ জুষ্টিস সাহেব ঐ ক্রোকের কারণের তজবীজ করিবেন এবং ঐ তজবীজক্রমে যে জিনিস এবং দ্রব্য তাঁহার বোধে জব্দের যোগ্য হয় তাহা জব্দ করণের ডিক্রী করিবেন। এবং তাহা জব্দ হইলে ঐ জিনিসের মালিক ঐ জুষ্টিস সাহেবের নিকটে হাজির হইবার নিমিত্তে তলব হইলে যেরূপ হইত সেই রূপে ঐ জিনিস নীলাম করণের ওয়ারণ্ট দিবেন ইতি।

৩১ ধারা। ৩৮ ধারানুসারের ভিন্ন যে সকল জরীমানা এই আইনানুসারে উসুল হইতে পারে তাহার বিষয়ে শহর কলিকাতার কোন জুষ্টিস অফ দি পীস সাহেব হুকুম দিবেন। এবং কালেক্টর সাহেবের আজ্ঞানুসারে ঐ জুষ্টিস সাহেবের নিকটে যে এজহার দেওয়া যায় সেই এজহারক্রমে তিনি তৎক্ষণাৎ নালিশগ্রস্ত ব্যক্তিরদিগকে তলব করিবেন এবং তাহারা হাজির হইলে অথবা হাজির হইতে ক্রটি করিলে সেই বিষয়ের তজবীজ করিবেন এবং নালিশগ্রস্ত ব্যক্তিরদের স্বেচ্ছাতে কবুলক্রমে অথবা এক বা ততোধিক বিশ্বাসযোগ্য সাক্ষিরদের শপথক্রমে কি যে২ গতিকে শপথের পরিবর্ত্তে আইনানুসারে প্রতিজ্ঞা গ্রাহ্য হইতে পারে সেই২ গতিকে তাহারদের প্রতিজ্ঞাক্রমে সেই বিষয়ের যথার্থ প্রমাণ পাইলে তদনুসারে ডিক্রী করিবেন। এবং অপরাধির যে জরীমানার হুকুম হয় তাহা না দেওয়া গেলে সেই ব্যক্তি উক্ত জুষ্টিস সাহেবের হুকুমক্রমে জেলখানায় ছয় মাসের অনধিক কালপর্য্যন্ত কয়েদ থাকনের যোগ্য হইবেক কিন্তু ছয় মাসের মধ্যে যে কোন সময়ে জরীমানা দেওয়া যায় সেই সময়ে সেই ব্যক্তি খালাস হইবেক। এবং যে অপরাধপ্রযুক্ত জরীমানা হইল সেই অপরাধের তারিখের পর তিন মাস অতীত হইলে কোন জুষ্টিস অফ দি পীস সাহেব এই ধারামতে কোন কার্য্য করিবেন না ইতি।

৩২ ধারা। যখন উক্ত জুষ্টিসের সম্মুখে কোন ব্যক্তির এই আইনের বিরুদ্ধ কোন অপরাধ সাব্যস্ত হয় এবং তৎপরে সেই ব্যক্তির পুনরায় সেই প্রকার অপরাধ সাব্যস্ত হয় তখন সেই অপরাধের যে জরীমানা নির্দ্দিষ্ট আছে তাহার অতিরিক্ত সেই ব্যক্তি জেলখানায় ছয় মাসের অনধিক কাল মিয়াদে কয়েদ হওনের যোগ্য হইবেক। এবং দ্বিতীয় অপরাধের পর যতবার তাহার ঐ অপরাধ সাব্যস্ত হয় ততবার প্রথম অপরাধের জন্যে যে দণ্ড নিরূপণ আছে তদতিরিক্ত ছয় মাসের অনধিক মিয়াদে কয়েদের যোগ্য হইবেক ইতি।

৩৩ ধারা। মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য বিনানুমতিতে রাখণ বা শহরের মধ্যে বহন কি বিক্রয় করণের অপরাধে যে সকল জরীমানা অপরাধিরদের স্থানে আদায় হয় তাহার অর্দ্ধেক এবং আফীনছাড়া জব্দহওয়া জিনিস বিক্রয়ের উৎপন্নের অর্দ্ধেক টাকা যে

of Opium confiscated, and declared by the Opium Examiner at the Presidency to be fit for use, a reward of One Rupee Eight Annas for each seer, shall, upon adjudication of the case, be awarded to the Officer or Officers who apprehended the offender, or seized the illicit articles, and the other half, or in the case of Opium as aforesaid, a reward of One Rupee Eight Annas for each seer shall be given to the informer, and, if no fine is realized, the Board of Customs, Salt and Opium, may grant such reasonable reward, not exceeding the sum of Two Hundred Rupees as may appear to them fit and the Board of Customs, Salt and Opium, may direct, by general order, what class of Abkaree Officers shall receive rewards, and what classes shall have no title to share therein

XXXIV All fines levied under this Act, the disposal of which is not specially provided for, shall belong to Government, but the Board of Customs, Salt and Opium, may grant any portion thereof, not exceeding one half, as rewards to informers, or as compensation to parties injured by any proceedings under this Act

XXXV No Writ of *Certiorari* shall be issued at the suit of any party out of the Supreme Court of Judicature, to supersede, stay, remove or in anywise affect any information or judicial proceeding before any Justice of the Peace, in pursuance of this Act, and no judgment thereupon shall be quashed, except for error of law apparent on the face of the judgment

XXXVI When any penalty or confiscation shall be adjudged by a Justice of the Peace under this Act, the Commissioner of Abkaree, and, in his absence, the Board of Customs, Salt and Opium, within one month after judgment given, may call for the proceedings of the case (with which requisition the Justice of the Peace shall be bound to comply) and, if he or they shall see cause, may direct that the seizure, or any part thereof, be restored, and may remit or mitigate any penalty, and discharge the party

XXXVII All action and prosecutions to be commenced against the Collector or any Abkaree Officer, or any person acting in aid of any such Officer, for any thing done in pursuance of this Act, shall be commenced within three Calendar months after the fact committed, and not afterwards, and notice in writing of such action and of the cause thereof shall be given to the defendant one Calendar month at least before the commencement of the action, and no plaintiff shall recover in any such action, if tender of sufficient amends shall have been made before such action brought, or if after action brought, a sufficient sum of money shall have been paid into Court, with costs, by or on behalf of the defendant

আমলা বা আমলারা অপরাধিকে গ্রেপ্তার করিয়াছিলেন অথবা বিনানুমতির দ্রব্য ক্রোক করিয়াছিলেন তাঁহারদিগকে মোকদ্দমার নিষ্পত্তি হইলে পর দেওয়া যাইবেক এবং যে আফীন জব্দ হয় এবং তাহা রাজধানীতে আফীনের পরীক্ষক সাহেব ব্যবহারের উপযুক্ত কহেন তাহার শের প্রতি ১॥০ টাকা পুরস্কার ঐ আমলা বা আমলারদিগকে দেওয়া যাইবেক। এবং অবশিষ্ট অর্দ্ধেক জরীমানা এবং পূর্ব্বোক্তমতে আফীনের বিষয়ি শের প্রতি ১॥০ টাকা পুরস্কার গোয়েন্দাকে দেওয়া যাইবেক। এবং যদি কোন জরীমানা উসুল না হয় তবে হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরদের যেমত উচিত বোধ হয় সেইমতে তাঁহারা দুই শত টাকার অনধিক কোন উপযুক্ত পুরস্কার দিবার হুকুম করিতে পারেন। এবং আবকারীর আমলারদের মধ্যে যে সম্প্রদায় ঐ পুরস্কার পাইবেন এবং যে সম্প্রদায় ঐ পুরস্কারের কোন অংশ পাইবেন না তাহা হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা এক সাধারণ হুকুমের দ্বারা নির্দ্দিষ্ট করিতে পারেন ইতি।

৩৪ ধারা। এই আইনক্রমে উসুল হওয়া যে সকল জরীমানা বিতরণের বিষয়ে কোন বিশেষ হুকুম নির্দ্দিষ্ট নাই তাহা সরকারের হইবেক। কিন্তু হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা তাহার অর্দ্ধেকের অনধিক কোন অংশ গোয়েন্দারদিগকে পুরস্কারস্বরূপ অথবা এই আইনক্রমে কোন কার্য্যের দ্বারা যে ব্যক্তিরদের ক্ষতি হইয়াছে সেই ক্ষতি পূরণ করণার্থে তাহারদিগকে দিতে পারেন ইতি।

৩৫ ধারা। এই আইনের বিধিক্রমে কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে করা কোন নালিশ বা আদালতসংক্রান্ত কার্য্য অন্যথা করিতে বা স্থগিত করিতে বা উঠাইয়া লইতে কি কোন প্রকারে ব্যাঘাত করিতে কোন ব্যক্তির নালিশক্রমে সুপ্রিম কোর্টহইতে কোন "সর্সিওরারি" রিট জারি হইবেক না। এবং এইরূপে কোন মোকদ্দমার ডিক্রীতে স্পষ্টতঃ আইনের বিষয়ে ভ্রম দৃষ্ট না হইলে সেই ডিক্রী অন্য কোন কারণে অন্যথা হইতে পারে না ইতি।

৩৬ ধারা। যখন কোন জুষ্টিস অফ দি পীস সাহেব এই আইনক্রমে কোন জরীমানা অথবা জব্দের হুকুম দিয়া থাকেন তখন আবকারীর কমিসানর সাহেব এবং তিনি উপস্থিত না থাকিলে হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা ডিক্রীর পর এক মাসের মধ্যে ঐ মোকদ্দমার সমস্ত কাগজপত্র তলব করিতে পারেন (এবং জুষ্টিস অফ দি পীস সাহেবের সেই কাগজপত্র অবশ্য পাঠাইতে হইবেক।) এবং যদি ঐ কমিসানর সাহেব অথবা বোর্ডের সাহেবেরা উপযুক্ত কারণ দেখেন তবে তিনি বা তাঁহারা ঐ ক্রোক হওয়া সমুদয় জিনিস বা তাহার কোন অংশ ফিরিয়া দিবার হুকুম করিতে পারেন এবং কোন জরীমানা ক্ষমা করিতে কি কমাইতে পারেন এবং ঐ ব্যক্তিকে খালাস করিতে পারেন ইতি।

৩৭ ধারা। এই আইনক্রমে করা কোন কার্য্যের জন্যে কালেক্টর সাহেব অথবা আবকারীর কোন আমলার কিম্বা ঐ আমলার সহকারি কোন ব্যক্তির বিরুদ্ধে যে সকল নালিশ ও মোকদ্দমা আরম্ভ হয় তাহা সেই কর্ম্ম হওনের পর তিন মাসের মধ্যে আরম্ভ করিতে হইবেক এবং তাহার পর করিতে হইবেক না। এবং নালিশ আরম্ভের অন্যূন এক মাস পূর্ব্বে সেই নালিশ এবং তাহার কারণের এত্তেলা লিপির দ্বারা আসামীকে দিতে হইবেক। এবং সেই নালিশ হওনের পূর্ব্বে যদি আসামীর দ্বারা বা তাহার পক্ষে ক্ষতিপূরণের উপযুক্ত টাকা দিবার প্রস্তাব হয় অথবা নালিশ হওনের পর উপযুক্ত সংখ্যার টাকা মায় খরচা আদালতে দাখিল হয় তবে কোন ফরিয়াদী এইমত মোকদ্দমায় কিছু টাকা পাইতে পারিবেক না ইতি।

XXXVIII The Collector, in respect of the duties to be performed by him under this Act, shall have power to punish any contempt committed in his presence in open Cutcherry, by fine, not exceeding Two Hundred Rupees, commutable, if not paid, to imprisonment in the Common Jail, for a period not exceeding one month provided, that an appeal from any order passed under this Section shall lie to the Commissioner of Abkaree, and, in his absence, to the Board of Customs, Salt and Opium, and the decision of the Commissioner or Board thereon shall be final

F J HALLIDAY,
Secy to the Govt of India

৩৮। এই আইনক্রমে কালেক্টর সাহেবের যে কার্য্য কর্ত্তব্য তাহার সম্পর্কে কালেক্টর সাহেব আপনার সম্মুখে খোলা কাছারীতে যে অবজ্ঞা হয় তাহার দুই শত টাকার অনধিক জরীমানার দণ্ড করিতে পারেন এবং যদি সেই জরীমানার টাকা না দেওয়া যায় তবে তাহার পরিবর্ত্তে এক মাসের অনধিক মিয়াদপর্য্যন্ত অপরাধি ব্যক্তিকে জেলখানায় কয়েদ করিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে এই ধারাক্রমে যে কোন হুকুম হয় তাহার উপর আপীল আবকারীর কমিস্যনর সাহেবের নিকটে এবং তিনি উপস্থিত না থাকিলে হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের সাহেবেরদের নিকটে হইবেক এবং কমিস্যনর সাহেব অথবা বোর্ডের সাহেবেরা যে নিষ্পত্তি করেন তাহা চূড়ান্ত হইবেক ইতি।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

রাজকর্ম্মে নিযোগ।

১৩১৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিযোগ।

১৮৪৯ সাল ১৩ আগষ্ট।

শ্রীযুত জে আলেন সাহেব (Mr J Allan,) ভাগলপুরের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক হইবেন।

১৮৪৯ সাল ১৫ আগষ্ট।

শ্রীযুত বকলাণ্ড সাহেবের (Mr Buckland,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জে এস স্পাঙ্কি সাহেব (Mr J S Spankie,) চাটিগাঁর মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৯ সাল ১৬ আগষ্ট।

শ্রীযুত এচ এস মাকেঞ্জি সাহেব (Mr H S Macken zie,) বীরভূমের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

১৮৪৯ সাল ২০ আগষ্ট।

শ্রীযুত এচ ড্যাপর সাহেব (Mr H Diaper,) পূরণিয়ার সিবিল আসিষ্টান্ট চিকিৎসক হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ১১ আগষ্ট।

ত্রিহুতের রেবিনিউ সরবেযর শ্রীযুত এ ওয়াএট সাহেব (Mr A Wyatt,) স্বীয় কর্ম্মোপলক্ষে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ১৫ আগষ্ট।

চাটিগাঁর একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব (Mr C T Buckland,) যে তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত জে এস স্পাঙ্কি সাহেবের (Mr J S Spankie,) প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ১৬ আগষ্ট।

চাটিগাঁর দ্বিতীয় অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত বাবু পঞ্চানন্দ বাঁড়ুয্যা দশহরার বন্দের আরম্ভাবধি মহরমের বন্দের শেষপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

আসামের মঙ্গলদায় স্থানের সদর আমীনের ক্ষমতাপ্রাপ্ত মুনসেফ শ্রীযুত মৌলবী নূরুদ্দীন আহমদ স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি অক্টোবর মাসের ১৯ তারিখঅবধি ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ১৭ আগষ্ট।

গোআলপাড়াতে আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান এ এ ষ্টর্ট সাহেব (Captain A A Sturt,) আপনার কর্ম্মের ভার সব-আসিষ্টান্ট শ্রীযুত এচ ড্রাইবর সাহেবের (Mr Sub Assistant H Driver,) প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিপুরার একটিং কালেকটর শ্রীযুত ও ডবলিউ মালেট সাহেব (Mr O W Malet,) আগামি নবেম্বর মাসের ১ তারিখঅবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ২১ আগষ্ট।

মেদিনীপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্যকারী শ্রীযুত সি লিমণ্ড সাহেব (Mr C Limond,) গত মাসের ৯ তারিখে আপন কর্ম্ম স্থানে পহুছেন।

দিনাজপুরের কালেকটর শ্রীযুত সি ষ্টিয়র সাহেব (Mr C Steer,) বর্ত্তমান মাসের ১৩ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত আর স্কট সাহেবের (Mr R Scott,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত সি কারনাক সাহেব (Mr C Carnac,) বর্ত্তমান মাসের ১৩ তারিখে ময়মুনসিংহের মাজিষ্ট্রেটী কর্ম্মের ভার শ্রীযুত এ এল মেল্‌বিল সাহেবের (Mr A L Melville,) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৩৪৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ২০ আগষ্ট।

শ্রীযুত আর জে রিচার্ড্‌সন সাহেব (Mr R J Richardson,) স্বীয় কর্ম্মোপলক্ষে জিলা পাটনার বাড়ে ডাকাধ্যক্ষ হইবেন।

১৮৪৯ সাল ২১ আগষ্ট।

শ্রীযুত এ ফর্বস সাহেব (Mr A Forbes,) পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ লুক সাহেব (Mr W Luke,) রাজশাহীর কালেকটর হইবেন এবং শ্রীযুত মিটন সাহেবের (Mr Mytton,) অনুপস্থান কি অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত মেদিনীপুরের সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন। শ্রীযুত জি পি লষ্টর সাহেব (Mr G P Leycester,) রাজশাহীর কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত জি জি মাকিণ্টশ সাহেব (Mr G G Mackintosh,) বর্দ্ধমানের কালেক্টর হইবেন।

শ্রীযুত জি লক সাহেব (Mr G Loch,) ভাগলপুরের কালেক্টর হইবেন।

শ্রীযুত এফ এ লশিংটন সাহেব (Mr F A Lushington,) বাঁকুড়ার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত ডবলিউ কুইন্টিন সাহেবের (Mr W Quintin,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত সি ষ্টিয়র সাহেব (Mr C Steer,) বেহারের অতিরিক্ত জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ষ্টিয়র সাহেবের (Mr Steer,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জি ইউ ইউল সাহেব (Mr G U Yule,) দিনাজপুরের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত টি স্যাণ্ডিস সাহেবের (Mr T Sandys,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত আর পি হারিসন সাহেব (Mr R P Harrison,) পূরণিয়ার কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত হারিসন সাহেবের (Mr Harrison,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত টি বি মাকটিয়র সাহেব (Mr T B Mactier,) মুরশিদাবাদের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন। শ্রীযুত মাকটিয়র সাহেবের (Mr Mactier,) না পহুছনপর্য্যন্ত শ্রীযুত সি এচ কাম্বেল সাহেব (Mr C H Campbell,) শ্রীযুত হারিসন সাহেবের (Mr Harrison,) স্থানে কর্ম্মের ভার গ্রহণ করিয়া মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

সুন্দরবনের ডেপুটী কালেক্টর শ্রীযুত জি আলেন সাহেব (Mr G Allen,) প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৪৯ সাল ২২ আগষ্ট।

কটকের সেনাপতি সাহেবের যে হুকুমক্রমে মান্দ্রাজ দেশীয় পদাতিক সৈন্যেরদের ৩০ পল্টনের কাপ্তান শ্রীযুত ওয়াকর সাহেব (Captain Walker,) কিঞ্চিৎ কালপর্য্যন্ত বালেশ্বর ও খোর্দ্দার পাইক কোম্পানির কর্ম্মের ভার শ্রীযুত লেপ্টেনেন্ট ডিন্সডেল সাহেবের (Lieut Dinsdale) স্থানে গ্রহণ করিবেন তাহা মঞ্জুর হইয়াছে।

ছুটী।

১৮৪৯ সাল ২০ আগষ্ট।

শ্রীযুত ডাক্তর ওকালাগান সাহেব (Dr O'Callaghan,) যে তারিখে বহরমপুরে আপন পল্টনে উপস্থিত হইয়া ঐ স্থানের চিকিৎসকতা কর্ম্মের ভার শ্রীযুত ডাক্তর কীন সাহেবের (Dr Kean,) স্থানে গ্রহণ করেন সেই তারিখঅবধি মুরশিদাবাদের সিবিল চিকিৎসক শ্রীযুত ডাক্তর এ কীন সাহেব (Dr A Kean,) এক মাসের ছুটী পাইবেন।

বেহারের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ ইব্রাহিম খাঁ চিকিৎসকের সর্টিফিকটক্রমে জুলাই মাসের ২৩ তারিখঅবধি আগামি অক্টোবর মাসের ১৮ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু যোগেশচন্দ্র ঘোষ দশহরার বন্দ ও তদতিরিক্ত দশ দিনের অর্থাৎ আগামি সেপ্টেম্বর মাসের ১৩ তারিখঅবধি অকটোবর মাসের ১৮ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২১ আগষ্ট।

বাকরগঞ্জের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী মহম্মদ সফাউদ্দীন স্বীয় কর্ম্মোপলক্ষে দশহরার বন্দের আরম্ভঅবধি মহরমের বন্দের শেষপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২২ আগষ্ট।

পূরণিয়ার অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত ডবলিউ নোনি সাহেব (Mr W Noney,) স্বীয় কর্ম্মোপলক্ষে দশহরার ও মহরমের বন্দ লইয়া তিন মাসের ছুটী পাইয়াছেন।

পূরণিয়ার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী রুকনুদ্দীন খাঁ দশহরার ও মহরমের মধ্য কালের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেণ্টের ইশতিহার।

OPIUM — আফিম।

আফিমের ইশতিহার।

ইশতেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৯ সাল তারিখ ৪ সেপ্টেম্বর মঙ্গলবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময় মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৪৭। ৪৮ সালের পয়দায়শী আফিমের একাদশ নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩০৪০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	২২২০
বানারসের পয়দায়শী আফিম	৮২০
জমলা সিন্দুক	৩০৪০

১ দফা। এইক্ষণে যে নীলামের ইশতেহার হইল ইহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত যেরূপ ধারাবাহিকরূপে আমলে আসিতেছে সেইরূপ সকলি বহাল রহিল উক্ত সমুদয় শরতের বিবরণ সন ১৮৪৮ সালের ১৩ সেপ্টেম্বর তারিখে কলিকাতা গেজেট এবং এক্সচেঞ্জ গেজেট কাগজে যে ইশতেহার প্রকাশ হইয়াছিল তাহা দৃষ্টি করিলে অথবা পরমিট ও নেমক ও আফিম বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আম নং পেশগির টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্তের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৪৯ সালের ৬ সেপ্টেম্বর ও ১৮ সেপ্টেম্বর এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিসারি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব ট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরী রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৪৯ সালের ৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পরে আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সবব কিস্তের পূরা টাকার দরুণ কোন ট্রেজুরী রসিদ সন ১৮৪৯ সালের ১৮ সেপ্টেম্বর মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না ইতি।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশতেহারের মেকদার আফিম দেওয়ার ইম সন নীচের লিখিত মেকদার সন ১৮৪৭। ৪৮ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২৮ আগষ্ট।]

	বেকাবেব সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৪৯ সালের ২৯ অক্টোবর সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১১০৮	৮১২	৩০২০
	১১০৮	৮১২	৩০২০

সি বীডন। সেক্রেটারী।

বিমৌজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নিমক ও আফিম ইতি সন ১৮৪৯ সাল তারিখ ২০ আগস্ট।

ADVERTISEMENT OF THE SOONDERBUNS COMMISSIONER'S OFFICE

NOTICE —That the Pottah of the undermentioned Lots situated within the limits of the Soonderbuns, in the district of Backergunge known by the name of Chuck Khowlia Burrisaul, the property of Government, will be put up for Public Sale, at Noon, on Tuesday, the 28th day of August, 1849 corresponding with 13th Bhadoor, 1256 B S, at the Office of the Soonderbuns Commissioner, Allipore. The individual who will bid for the Pottah above the others, and will immediately pay to the Soonderbuns Commissioner the full amount of his purchase money, the Pottah will be drawn up in his name, and will be made over to him with the confirmation of Government, and the said individual will become the grantee of the said Lot or Lots in every respect, and he will be subject to the conditions of the Pottah It is further notified that the intending purchaser wishing to see or be informed of the conditions of the Pottah, or the present state of the Lot, Map, &c can see and be informed with its particulars, on their personally or through Agent applying at the Office, and which will be moreover proclaimed at the time of sale

Lots 1, 2, 3, 4, 5, 6 and 7

OOMAKANTH SAIN, *Commissioner*

Soonderbuns Commissioners Office, Allipore, the 19th July, 1849

সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানার ইশ্‌তিহার।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে সুন্দরবনের মধ্যে জিলা বাকরগঞ্জের চক খৌলিয়া বরিশাল নামে খ্যাত নীচের লিখিত নিজ সরকারী লাটের পাট্টা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ২৮ আগস্ট তারিখ মোতাবেক বাঙ্গলা ১২৫৬ সালের ১৩ ভাদ্র মঙ্গলবার বেলা দুই প্রহরের সময়ে আলীপুরের সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানায় নীলাম হইবেক। যে ব্যক্তি ঐ পাট্টার জন্যে অধিক ডাকিবেক ও খরীদের সমুদয় টাকা অবিলম্বে সুন্দরবনের কমিস্যনরকে দিবেক তাহার নামে পাট্টা করা যাইবেক ও গবর্ণমেন্টের মঞ্জুরীক্রমে তাহাকে দেওয়া যাইবেক। এবং সেই ব্যক্তি সর্ব্ব বিষয়ে ঐ লাটভোগী হইবেক এবং পাট্টার সকল নিয়মে বদ্ধ থাকিবেক। আরো সম্বাদ দেওয়া যাইতেছে যে খরীদ করণাকাঙ্ক্ষী যে কেহ ঐ পাট্টার নিয়ম কি লাটের বর্ত্তমান দশা কি নকশাপ্রভৃতি দেখিতে কি জ্ঞাত হইতে চাহে সেই ব্যক্তি আপনি হাজির হইয়া কি গোমাশ্তার দ্বারা সুন্দরবনের কমিস্যনরের নিকটে তদ্বিষয় জ্ঞাত হইতে পারে আরো নীলামের দিবসে ঐ পাট্টার নিয়মইত্যাদি প্রকাশ করা যাইবেক ইতি।

১। ২। ৩। ৪। ৫। ৬ ৭ নম্বরী লাট।

উমাকান্ত সেন। সুন্দরবনের কমিস্যনর।

সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানা। আলীপুর। ১৮৪৯ সাল ১৯ জুলাই।

INSOLVENT COURT — গোত্রহীনদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

In the matter of JANE HUNT and CATHERINE ELIZA MADEIRA, Insolvents

On Saturday, the 4th day of August instant, it was ordered that the two several estates of the said Insolvents be consolidated, and that the Assignee do pay and divide the sum of Co's Rs 3696 9 9 to all the Creditors of the said Insolvents, in the following manner, that is to say, 100 per cent to all Creditors other than the two principal Creditors, and that the residue of such remaining sum be divided and paid to such two principal Creditors as aforesaid, in proportion to their respective claims

Assignees Office, Calcutta, 20th August, 1849

কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

যোত্রহীন জেন হন্ট ও কাথরাইন ইলাইজা মাদেরার বিষয়ে।

বর্ত্তমান আগস্ট মাসের ৪ তারিখ শনিবারে হুকুম হইল যে উক্ত যোত্রহীনেরদের স্বতন্ত্র ইষ্টেট সংযুক্ত হয় এবং আসৈনি সাহেব ৩,৬৯৬ ৷৷/৯ টাকা নীচের লিখিতমতে উক্ত যোত্রহীনেরদের মহাজনেরদের মধ্যে বিলি করিয়া দেন অর্থাৎ দুই প্রধান মহাজনভিন্ন অন্য সকল মহাজনকে শতকরা ১০০৲ টাকা দেন এবং অবশিষ্ট টাকা উক্ত দুই মহাজনের নিকটে তাঁহারদের স্বতন্ত্র দাওয়াঅনুসারে সম্পূর্ণরূপে বণ্টন করিয়া দেন।

আসৈনি সাহেবের দফ্তরখানা।

কলিকাতা। ১৮৪৯। ২০ আগস্ট।

MISCELLANEOUS ADVERTISEMENTS — সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

ADVERTISEMENT

Pursuant to a Decretal Order of the Supreme Court of Judicature at Fort William, in Bengal, bearing date the Twenty-fourth day of August, One Thousand Eight Hundred and Forty eight, made in the cause wherein PETER EMMER, and GRACE ELIZABETH EMMER, his wife, are Complainants, and George Samuel Crump, and James Alexander Crump, are Defendants. The Creditors

of Elizabeth Crump, late of the Town of Calcutta, widow, who died on the Twelfth day of December, One Thousand Eight Hundred and Forty five, are hereby required to come in and prove their respective debts before William Macpherson, Esquire, the Acting Master of the said Court, at his Office in the Court House, on or before the Fifteenth day of September next, or in default thereof they will be excluded from the benefit of the said Decretal Order

W. MACPHERSON, *Acting Master.*
MOLLOY AND MACKINTOSH, *Complainants' Solicitors.*

Calcutta, Master's Office, 18th August, 1849.

ইশতিহার।

যে মোকদ্দমাতে পিটর এমর সাহেব ও তাহার স্ত্রী গ্রেস ইলিজাবেথ এমর ফরিয়াদী এবং জার্জ সামুএল ক্রম্প সাহেব ও জেমস অলেকজাণ্ডর ক্রম্প সাহেব আসামী সেই মোকদ্দমাতে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্টের ১৮৪৮ সালের ২৪ আগস্ট তারিখের ডিক্রীঅনুসারে পূর্ব্বে কলিকাতা নগরনিবাসি এলিজাবেথ ক্রম্পনামক যে বিধবা ১৮৪৫ সালের ১২ ডিসেম্বর তারিখে মরেন তাঁহার সকল মহাজনকে ইহার দ্বারা হুকুম দেওয়া যাইতেছে যে তাঁহারা আগামি সেপ্টেম্বর মাসের ১৫ তারিখে কিম্বা তাহার পূর্ব্বে কোর্ট হৌসে উক্ত আদালতের একটিং মাষ্টর শ্রীযুত উলিয়ম মাকফর্সন সাহেবের দফ্তরখানায় গিয়া উক্ত সাহেবের সম্মুখে আপন২ দাওয়ার টাকার প্রমাণ দেন এই বিষয়ে কসুর করিলে তাঁহারা ঐ ডিক্রীর দ্বারা কোন মঙ্গল পাইবেন না।

ডবলিউ মাকফর্সন। একটিং মাষ্টর।
মলয় ও মাকিন্টশ। ফরিয়াদীরদের উকীল।

কলিকাতা। মাষ্টরের দফ্তরখানা। ১৮৪৯। ১৮ আগস্ট।

اشتهار

مخفی نماند که احقر العباد عبد الله طبع ترجمهٔ فارسی سول کالت حدید برخود التزام نموده پیشتر عرض در گورنمنت گزیت بنگاله ۲۴ اکتوبر سنه ۱۸۴۸ ع بتفصیلا مرقوم نموده اعلیکه ارباب جمیع مراتب واضح خدمت یا طرین شده باشد ازانجا که در پیرور ها طبع این کتاب زائد ازنصف اهتمام یافته وانشاء الله تعالی قدر باقی هم بعرصهٔ زود یکه ممکن است تمام خواهد یافت وکتاب مذکور جمله ۷۰۰ جلد مطبع میشود وقیمتش فی جلد برای ارباب دستخط ۲۵ روپیه وبرای دیگران ۳۲ روپیه مقرر کرده ام چنانچه حکم خرید ۲۵۰ جلد از ان سرکار گورنمنت بنگاله صادر وهم از طرف دیگران دستخط قریب ۲۰۰ جلد گردیده است لهذا اشتهار داده میشود که صاحبانیکه خواهش خریدش داشته باشند باید که زر قیمت آن بحساب فی جلد ۲۵ روپیه مع ذکر نام نامی ومسکن خود ها بحضور جان کلارک مارشمن صاحب مولف کتاب انگریزی بمقام سریرام پور ارسال فرمایند تا بعد اهتمام طبع کتاب مطلوبه بخدمت آنصاحبان رسانیده آید وخرچهٔ ڈاک بابت ارسال کتاب ذمهٔ خریدار است وبس *

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২৮ আগস্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান মার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 4, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ৪ সেপ্টেম্বর।

ACTS

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,

THE 18TH AUGUST, 1849

The following Act is passed by the Honorable the President of the Council of India in Council on the 18th of August 1849 with the assent of the Most Noble the Governor General of India, which has been read and recorded

Ordered, that the Act be promulgated for general information

ACT No XIII of 1849

To prevent the Smuggling of Salt into Calcutta

For preventing the smuggling of Salt into Calcutta, It is enacted as follows

I The Governor of Bengal may establish as many Chokies as he shall deem necessary for preventing the smuggling of alimentary salt into the Town of Calcutta, and upon that part of the River Hooghly which lies within the local jurisdiction of the Supreme Court, and such Chokies shall be under the charge of an Officer to be styled "The Superintendent of Salt Chokies," who in the exercise of his functions, shall be subject to the control of the Board of Customs, Salt and Opium

II The Superintendent may appoint Darogahs, Mohurrers, Jemadars, Burkundauzes, and other Officers to assist him in the discharge of his duties, and the Officers so appointed, beside their ordinary respective designations shall be styled "Officers of Salt Chokies"

III Excepting salt imported by sea, and stored under bond, as provided by Act No. XXV.

আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১৮ আগস্ট।

ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুরের সম্মতিক্রমে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরাবল প্রেসিডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪৯ সালের ১৮ আগস্ট তারিখে পশ্চাৎ লিখিত আইন জারী করিলেন। শ্রীযুতের ঐ সম্মতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে অর্পণ হইয়াছে।

হুকুম হইল যে এই আইন সর্ব্বসাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১৩ আইন।

কলিকাতার মধ্যে বিনানুমতির লবণ আনয়ন নিবারণের আইন।

কলিকাতার মধ্যে বিনানুমতির লবণ আনয়নের নিবারণার্থে নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। কলিকাতা শহরে এবং হুগলী নদীর যে ভাগ সুপ্রিম কোর্টের বিশেষ এলাকার মধ্যে থাকে তাহাতে আহারীয় লবণ বিনানুমতিতে আনয়নের নিবারণার্থে বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব যত চৌকী আবশ্যক বোধ করেন তত চৌকী স্থাপন করিতে পারেন এবং ঐ চৌকী "নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট" এই নামে বিখ্যাত এক জন কর্ম্মকারকের অধীনে থাকিবেক এবং তিনি আপন কার্য্য নির্ব্বাহ করণেতে হাসিল ও নিমক ও আফিমের বোর্ডের সাহেবেরদের কর্ত্তৃত্বাধীনে থাকিবেন ইতি।

২ ধারা। ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব আপন কর্ম্ম নির্ব্বাহ করণেতে আপনার সাহায্যের জন্যে দারোগা ও মুহুরীর ও জমাদার ও বরকন্দাজ ও অন্যান্য আমলা নিযুক্ত করিতে পারেন। এবং এরূপে নিযুক্ত আমলারা আপনার সাধারণ খ্যাতির অতিরিক্ত "নিমক চৌকীর আমলা" এই নামবিশিষ্ট হইবেন ইতি।

৩ ধারা। সমুদ্রপথে আমদানীহওয়া এবং ১৮৩৬ সালের ২৫ আইনের নির্দ্দিষ্টমতে বন্ধক্রমে গোলাজাত-

1836, it shall not be lawful to import alimentary Salt into the Town of Calcutta, or to carry such Salt within the said Town, or upon the River Hooghly, as aforesaid, in excess of the quantity of ten seers of eighty tolahs to the seer, or to store such Salt within the said Town in quantities exceeding one maund, except under a Rowannah, or Special Pass, from the Board of Customs, Salt and Opium, or a Charchittee, or Pass from the said Superintendent, to be granted under such rules, and on the payment of such fees, as the said Board shall direct

IV All alimentary Salt, found within the said Town, or upon the River Hooghly, as aforesaid, in contravention of this Act, shall be deemed contraband and liable to seizure and confiscation and if several persons shall be found carrying Salt, unprotected by a Rowannah, or Charchittee as aforesaid, in gangs, or companies, which Salt shall exceed in the whole quantity ten seers, such Salt shall be deemed contraband, but no Salt, found in store in any house or warehouse, shall be deemed to be contraband, unless, when the search is made, there shall be found more thereof than one maund, and the owner or person in charge shall be unable to account, satisfactorily, for the manner of its being found in his possession

V If any person shall carry, or attempt to carry, within the said Town, or upon the River Hooghly, as aforesaid, under a Rowannah, or Charchittee a greater quantity of salt than shall be therein specified, the excess shall be deemed contraband, and if such excess is found to be more than one-fortieth part of the quantity so specified, the whole quantity shall be deemed contraband, and liable to seizure and confiscation, and the Gomastah, or other person in charge of the Salt, shall be liable to a fine of ten Rupees for every maund of Salt in excess of the quantity specified in the said document And the excess shall be calculated upon the whole despatch as provided in Section II, Regulation IV 1832, of the Bengal Code

VI The provisions contained in Sections XXXVI to XLVII, both inclusive, Regulation X 1819, and in Regulation IV, 1832, of the Bengal Code as to the preparation, currency renewal, production, endorsement, delivering up and falsifying of Rowannahs, or other protective documents shall be applicable within Calcutta, and on the River Hooghly as aforesaid

VII Whenever any Salt shall be seized as contraband, the vessels, packages and coverings, in which such Salt shall be found, and the animals and conveyances used in carrying it, shall also be liable to seizure and confiscation

VIII All persons in whose possession contraband Salt shall be found, except in the case provided for by Section V of this Act, shall be liable to a fine, calculated at a rate, not exceeding five Rupees for each maund, upon the quantity so

হওয়া লবণব্যতিরেকে হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরদের দেওয়া রওয়ানা অথবা বিশেষ পাস বিনা কিম্বা উক্ত সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের ছাড়-চিঠী কি পাস বিনা আশী তোলা শেরের ।০ দশ শেরের অধিক আহারীয় লবণ কলিকাতা শহরের মধ্যে আমদানী করিতে অথবা ঐ শহরের মধ্যে কিম্বা পূর্ব্বোক্তমতে নির্দ্দিষ্ট হুগলী নদীর উপর বহিতে অথবা এক মোনের অধিক লবণ ঐ শহরের মধ্যে গচ্ছিত করিতে নিষেধ হইল। এবং ঐ রওয়ানা অথবা ছাড়চিঠী উক্ত বোর্ডের সাহেবেরদের নির্দ্দিষ্ট নিয়মানুসারে এবং তাঁহারা যে রসুম নিরূপণ করেন সেই রসুম দিলে পর দেওয়া যাইবেক ইতি।

৪ ধারা। ঐ শহরের মধ্যে অথবা পূর্ব্বোক্তমতে ঐ হুগলী নদীর উপর এই আইনের বিরুদ্ধে যে সকল আহারীয় লবণ পাওয়া যায় তাহা বিনানুমতির এবং তাহা ক্রোক ও জব্দের যোগ্য বোধ হইবেক এবং পূর্ব্বোক্তমত রওয়ানা কি ছাড়চিঠী না পাইয়া যদি কএক ব্যক্তি দলেং বা সম্প্রদায়ে ঐ লবণ বহনেতে ধরা পড়ে এবং ঐ লবণ সর্ব্বশুদ্ধ ।০ দশ শেরের অধিক হয় তবে ঐ লবণ বিনানুমতির জ্ঞান হইবেক। কিন্তু যে লবণ কোন বাটীতে বা গুদামে গচ্ছিত পাওয়া যায় তাহা যদি তালাশীর সময়ে এক মোনের অধিক দৃষ্ট না হয় এবং তাহার মালিক কি যাহার জিম্মায় থাকে সেই ব্যক্তি তাহার স্থানে ঐ লবণ থাকনের মাতবর কারণ দিতে পারে তবে সেই লবণ বিনানুমতির জ্ঞান হইবেক না ইতি।

৫ ধারা। যদি কোন ব্যক্তি ঐ শহরের মধ্যে অথবা পূর্ব্বোক্তমতে ঐ হুগলী নদীর উপর রওয়ানা কিম্বা ছাড়-চিঠীক্রমে ঐ রওয়ানা কি ছাড়চিঠীতে যত লবণ নির্দ্দিষ্ট আছে তাহার অধিক লবণ বহে কি বহিবার উদ্যোগ করে তবে ঐ অধিক অংশ বিনানুমতির জ্ঞান হইবেক। এবং যদি ঐ অধিক অংশ রওয়ানা বা ছাড়চিঠীতে লিখিত লবণের চল্লিশ ভাগের এক ভাগের অধিক হয় তবে সমুদয় লবণ বিনানুমতির জ্ঞান হইবেক এবং ক্রোক ও জব্দের যোগ্য হইবেক। এবং যে গোমাশ্তা কিম্বা অন্য যে ব্যক্তির জিম্মায় ঐ লবণ থাকে সে ব্যক্তি উক্ত রওয়ানা কিম্বা ছাড়চিঠীতে যত লবণ নির্দ্দিষ্ট থাকে তাহার অধিকের ফি মোনের উপর দশ টাকা জরীমানার যোগ্য হইবেক। এবং বাঙ্গলা দেশের চলিত ১৮৩২ সালের ৪ আইনের ২ ধারার নির্দ্দিষ্টমতে সমুদয় লবণের সহিত ঐ অধিক লবণ মিলাইয়া হিসাব করা যাইবেক ইতি।

৬ ধারা। ঐ রওয়ানা এবং লবণ ছাড়িয়া দিবার অন্য দলীলদস্তাবেজ প্রস্তুত করণের এবং চলন থাকনের ও নূতন করণের এবং দেখাওনের ও পৃষ্ঠে দস্তখৎ করণের ও তাহা ফিরিয়া দেওনের ও তাহাতে মিথ্যা লিখনের বিষয়ে ১৮১৯ সালের ১০ আইনের ৩৬ ধারাঅবধি ৪৭ ধারাপর্য্যন্ত এবং ১৮৩২ সালের ৪ আইনে যে২ বিধি আছে তাহা কলিকাতার মধ্যে এবং পূর্ব্বোক্তমত হুগলী নদীর উপরে খাটিবেক ইতি।

৭ ধারা। যখন বিনানুমতির বলিয়া কোন লবণ ক্রোক হয় তখন যে পাত্র ও বস্তা ও ঢাকনিতে সেই লবণ পাওয়া যায় তাহা এবং যে পশু ও গাড়িতে তাহা বোঝাই থাকে তাহা ক্রোক ও জব্দের যোগ্য হইবেক ইতি।

৮ ধারা। যে সকল ব্যক্তির নিকটে বিনানুমতির লবণ পাওয়া যায় এই আইনের ৫ ধারার নির্দ্দিষ্ট গতিকভিন্ন সেই২ ব্যক্তি ঐরূপে পাওয়া লবণের প্রত্যেক মোনের উপর পাঁচ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক এবং মাসুল চোরের দলের অথবা যাহারা

found ; and each one of a party of smugglers, or of the parties to the fraud on the Revenue, shall be liable to the whole fine

IX The Superintendent of Salt Chokies, and any of his Subordinate Officers, and any Officer of any other Department, whom the Governor of Bengal shall authorize in that behalf, may stop and detain any person removing, or carrying any Salt, without a Rowannah or Charchittee, or otherwise liable to confiscation under this Act , and may seize the Salt , with the vessels, packages and coverings, in which the Salt is found, and the animals and conveyances used in carrying it

X If the Superintendent has good reason to believe, either from information given by any of his Subordinate Officers or other person, to be taken down in writing, or from his own knowledge, or from the proceedings in any other case, that contraband Salt, exceeding in quantity one maund, is stored in any place, it shall be lawful for him, between sunrise and sunset, but always in the presence of a Constable or other Officer of the Peace, to enter into every such place where any such contraband Salt is aforesaid, is suspected to be stored, and to seize and carry away the same , and, in case of resistance, to break open any door, and to force and remove any other obstacle to such entry, search, seizure or removal as aforesaid , and to arrest and detain the owner or occupant of the premises, with all parties whom he suspects to be concerned in the unlawful storing whom he shall find on the premises and if the Superintendent shall not be able to proceed in person to make the seizure, he may, by warrant under his hand, empower any Officer of Salt Chokies, above the rank of a Jemadar of Peons to make the same, and the Officer so authorized shall proceed in the same manner and with the same powers, as above provided in respect of the Superintendent himself Provided that, where there is ground to suspect that such contraband Salt as aforesaid is concealed in any zenana, the Superintendent or Officer authorized as aforesaid shall follow, as closely as may be, the rules for the seizure of property so concealed, adopted by the Supreme Court of Judicature at Fort William

XI All Constables, and other Ministerial Officers of the Peace, are required to help the Superintendent and his Subordinate Officers, and other Officers authorized to make a seizure of Salt, in the due execution of this Act, upon notice given or request made by the Superintendent, or any such Officer Any Officer, who, without lawful excuse, shall refuse or neglect to help as aforesaid on being required to do so, shall be liable to a fine, not exceeding Five Hundred Rupees

XII Whenever a seizure of Salt in store, in any place, shall be made by the Superintendent, the facts of the seizure shall be recorded in an Official proceeding to be placed on record in his Office ;

রাজস্ব চুরী করে এমত প্রত্যেক ব্যক্তি ঐ সমুদয় জরীমানার যোগ্য হইবেক ইতি।

The Judge, in his decree, said "It is clearly "proved that Messrs Mackintyre and Co were "the proprietors of the Serajgunge concern, that "Messrs Martin and Imbert were their managing Agents, that they had drawn on this occasion for the benefit of the concern, and that the "house received the Indigo produce for 1843" The advance, it is to be observed, was made for the purpose of carrying on the factory for 1843 The Judge accordingly affirmed the decision of the Principal Sudder Ameen, dated 29th April, 1847, in favour of the Plaintiffs

From the Judge's order Mr Ashburner, on the part of Mackintyre and Co, presented an application of Special Appeal to the Sudder Dewanny Adawlut He urged that they were not liable for the amount of the Bill, because the Agents had no authority to draw the Bill, that the Agents, as drawers, were liable, but not the parties drawn on He stated that he did not object to a decree being given against the Indigo concern, but denied that the owners were responsible personally

By the Court (Mr Jackson) "The facts are "not open to question in Special Appeal As a ge-"neral rule, a principal is liable for the acts of his "Agent, in so far as such acts are connected with "his Agency, and are done for the benefit and in-"terest of the principal In this case the money "was advanced to the Agents on the faith of "past transactions upon their Bills, they had been "in the habit of drawing such Bills, and the ow-"ners had been in the habit of honouring them "this proves the nature of the Agency It is "objected that the Agents exceeded their limit in "drawing this Bill, but this could not be known "to the party advancing the money, and as it is "further established that the House received the "produce of the factory for the year for which "the money was borrowed, it appears to me that "the debt is justly and equitably due by the ow-"ners, and that their refusal to pay is contrary to "the established principles of fair commercial

[*Government Gazette, 4th September*, 1849]

ঐ কুঠীর জন্যে যে টাকা কর্জ্জ করিয়াছিলেন তাহার বিষয়ে ঐ মালিকেরা দায়ী।

জর্জ আশবর্ণর সাহেব। দরখাস্তকারী।

যে মোকদ্দমায় বলরাম পোদ্দার এবং অন্যেরা ফরিয়াদী এবং মাকিন্টায়র কোম্পানি ও অন্যেরা আসামী সেই মোকদ্দমায় ১৮৪৯ সালের ৯ ফেব্রুআরি তারিখে ঢাকার জজ সাহেবের নিষ্পত্তির উপর খাস আপীল গ্রাহ্য করণের এই দরখাস্ত হইল।

কলিকাতাস্থ মাকিন্টায়র কোম্পানির এক নীলের কুঠীর সরবরাহকার এজেন্টরদিগকে ফরীয়াদীরা টাকা দিয়াছিলেন এবং ঐ কুঠীর মালিকেরদের উপর এক বিল অর্থাৎ হুণ্ডী লইলেন। ঐ বিল দাকবাণ গেলে তাহা অগ্রাহ্য হইল এবং ফরিয়াদীরা ঐ টাকার জন্যে এজেন্টরদের নামে এবং মালিকেরদের নামে নালিশ করিলেন।

তাহাতে জজ সাহেব আপনার ডিক্রীতে লিখিলেন যে "ইহা স্পষ্ট প্রমাণ হইয়াছে যে মাকিন্টায়র কোম্পানি "শেরাজগঞ্জের কুঠীর মালিক ছিলেন এবং মার্টিন সা-"হেব ও ইমবর্ট সাহেব তাঁহারদের সরবরাহকার এজেন্ট "ছিলেন এবং তাঁহারা ঐ কুঠীর উপকারের জন্যে এই "বিল দিলেন এবং ঐ কুঠীর মালিক ১৮৪৩ সালে নী-"লের উৎপন্ন পাইয়াছিলেন"। ইহা স্মরণে রাখিতে হইবেক যে ঐ টাকা ১৮৪৩ সালে নীলের কুঠী চালাওনার্থে দেওয়া গিয়াছিল। এইপ্রযুক্ত ঐ জজ সাহেব ১৮৪৭ সালের ২৯ আপ্রিল তারিখে প্রধান সদর আমীন ফরিয়াদীরদের পক্ষে যে ডিক্রী করিয়াছিলেন তাহা বহাল রাখিলেন।

তাহাতে জজ সাহেবের হুকুমের উপর মাকিন্টায়র কোম্পানির তরফে আশবর্ণর সাহেব সদর দেওয়ানী আদালতে খাস আপীলের দরখাস্ত করিলেন। তিনি এই ওজর করিলেন যে সেইরূপ বিল আমারদের উপর দিতে ঐ এজেন্টেরদের কোন ক্ষমতা ছিল না এইপ্রযুক্ত আমরা সেই বিলের টাকার বিষয়ে দায়ী নহি। যে এজেন্টেরা বিল দিলেন তাঁহারা সেই বিলের বিষয়ে দায়ী এবং যাঁহারদের উপর বিল করা গেল তাঁহারা দায়ী নহেন। তিনি কহিলেন যে নীলের কুঠীর বিরুদ্ধে ডিক্রী করাতে আমার কোন আপত্তি নাই কিন্তু ঐ কুঠীর মালিকেরা যে স্বয়ং দায়ী ইহা আমি স্বীকার করিতে পারি না।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত জাকসন সাহেব কহিলেন যে "খাস আপীলের বিষয়ে মোকদ্দমার বৃত্তা-"ন্তের কোন জিজ্ঞাসা হইতে পারে না। এই সাধারণ "বিধি আছে যে এজেন্টের যে২ কর্ম্ম তাঁহার এজেন্টী "সম্পর্কে হইল এবং তাঁহার মনিবের উপকার ও লা-"ভের জন্যে করা গেল সেইপ্রকার কর্ম্মের তাঁহার ঐ "মনিব দায়ী। এই গতিকে ঐ এজেন্টেরদের সাবেক "বিলের লেনাদেনার উপর নির্ভর রাখিয়া তাঁহার-"দিগকে টাকা দেওয়া গিয়াছিল। তাঁহারা ইহার পূর্ব্বে "কলিকাতার কুঠীর উপর ঐ প্রকার বিল দিয়াছিলেন "এবং সেই কুঠীর মালিক সেই২ বিল স্বীকার করি-"য়া তাহার টাকা দিয়াছিলেন। ইহাতে তাঁহারদের "এজেন্টী ভাবের প্রমাণ হইতেছে। এই আপত্তি হই-"য়াছে যে ঐ এজেন্টেরদিগকে যে ক্ষমতা দেওয়া গি-"য়াছিল তাহার অতিরিক্ত তাঁহারা এই বিল দিয়াছি-"লেন কিন্তু যাঁহারা ঐ টাকা দিলেন তাঁহারা ইহা জা-"নিতে পারিলেন না। এবং আরো ইহা স্পষ্ট প্রমাণ "হইয়াছে যে যে বৎসরের জন্যে টাকা কর্জ্জ করা গি-"য়াছিল সেই বৎসরে কুঠীর উৎপন্ন নীল ঐ কুঠীর মা-"লিক পাইয়াছিলেন। অতএব আমার বোধ হয় যে "এই কর্জের বিষয়ে ঐ কুঠীর মালিকেরা যথার্থ ও ন্যায়-"পূর্ব্বক দায়ী আছেন এবং সেই টাকা দিতে তাঁহারা যে "অস্বীকার করিয়াছেন ইহা তেজারতের কর্ম্মের স্থাপিত

" transactions I see no reason to admit a Spe-
" cial Appeal " Petition rejected

CIRCULAR ORDER OF THE SUDDER BOARD OF REVENUE

No 34

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

I am desired by the Sudder Board of Revenue, to inform you that they have ruled that the proper course for a Collector, as being the safest, is to require the production of a Certificate under Act XX of 1841, in every case, before paying away the money of a deceased person to any person claiming to be the legal representative of the deceased

2 The Board consider that this rule carries with it no hardship, as the process necessary to obtain a Certificate appears to be simple and cheap

G PLOWDEN,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 17th August, 1849

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

APPOINTMENTS

The 24th August, 1849

Baboo Gooroopershad Sein, a diploma Candidate, to be Acting Moonsiff of Chuppye, Zillah Rajshahye, during the absence on leave of the incumbent

The 31st August, 1849

Moolvee Soojat Ully, the Law Officer of Dinagepore, to be Acting Moonsiff of Rajarampore, Zillah Dinagepore

LEAVES OF ABSENCE

The 24th August, 1849

Baboo Degumber Biswas, Moonsiff of Nicklee, Zillah Mymensing, for six days beyond the ensuing Dusserah Vacation

Baboo Madhub Chunder Chowdhree, Moonsiff of Chuppye, Zillah Rajshahye, for four months from the 13th proximo

Baboo Mohinder Narain Chuckerbuttee, Moonsiff of Bhowanygunge, Zillah Rajshahye, for ten days beyond the Dusserah Vacation

The 30th August, 1849

Cazee Mahomed Aslum, Moonsiff of Dhoobry, Assam, for the ensuing Dusserah Vacation

The 31st August, 1849

Moolvee Furhutoollah, Moonsiff of Bhojpore, Zillah Chittagong, from the 13th September to the 19th November next

B J COLVIN, *Register*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ৪ সেপ্টেম্বর।]

" নিয়মের বিরুদ্ধ। আমি খাস আপীল গ্রাহ্য করণের
" কোন কারণ দেখি না।' দরখাস্ত নামঞ্জুর হইল।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

৩৪ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ড রেবিনিউর আজ্ঞাক্রমে তোমাকে জ্ঞাপন করিতেছি যে তাঁহারা এই নিয়ম করিয়াছেন যে যে ব্যক্তি মৃত ব্যক্তির আইনানুযায়ি স্থলাভিষিক্ত হওনের বিষয়ে দাওয়া করে সেই ব্যক্তিকে ঐ মৃত ব্যক্তির টাকা দেওনের পূর্ব্বে প্রত্যেক গতিকে ১৮৪১ সালের ২০ আইনানুসারে এক সর্টিফিকট দেখাইতে কালেক্টর সাহেব তাহাকে হুকুম করিবেন ইহা কালেক্টর সাহেবের উচিত এবং তাহা বিঘ্নরহিত।

২। বোর্ডের সাহেবেরা বোধ করেন যে এই নিয়মেতে কোন ক্লেশ হইবেক না যেহেতুক ঐ সর্টিফিকট প্রাপণার্থে যেং কার্য্যের আবশ্যক তাহা অতিসহজ এবং তাহাতে অল্প ব্যয়।

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ১৭ আগষ্ট।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ২৪ আগষ্ট।

জিলা রাজশাহীর চাপাইর মুনসেফের ছুটীপ্রযুক্ত অনুপস্থানপর্য্যন্ত যোগ্যতার পত্রপ্রাপ্ত পদাকাঙ্ক্ষি শ্রীযুত বাবু গুরুপ্রসাদ সেন ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

১৮৪৯ সাল ৩১ আগষ্ট।

দিনাজপুরের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী সুজাত আলী জিলা দিনাজপুরের রাজারামপুরের একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ২৪ আগষ্ট।

জিলা ময়মনসিংহের নিকলীর মুনসেফ শ্রীযুত বাবু দিগম্বর বিশ্বাস দশহরার বন্দের অতিরিক্ত ছয় দিনের ছুটী পাইয়াছেন।

জিলা রাজশাহীর চাপাইর মুনসেফ শ্রীযুত বাবু মধবচন্দ্র চৌধুরী আগামি মাসের ১৩ তারিখঅবধি চারি মাসের ছুটী পাইয়াছেন।

জিলা রাজশাহীর ভবানীগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু মহেন্দ্রনারায়ণ চক্রবর্ত্তী দশহরার বন্দের অতিরিক্ত দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৩০ আগষ্ট।

আসামের ধুবরির মুনসেফ শ্রীযুত কাজী মহম্মদ আসলম দশহরার বন্দে ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৩১ আগষ্ট।

জিলা চাটিগাঁর ভোজপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী ফরহতুল্লা আগামি সেপ্টেম্বর মাসের ১৩ তারিখঅবধি নবেম্বর মাসের ১৯ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৩৬২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ২৩ আগষ্ট

শ্রীযুত বাবু দিননাথ ধর গত জানুআরি মাসের ২৭ তারিখের প্রকাশিত বিধিমতে সব-আসিষ্টান্ট চিকিৎসকেরদের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৪৯ সাল ২৭ আগষ্ট।

শ্রীযুত ডবলিউ লুক সাহেব (Mr W Luke,) মেদিনীপুরে ঞ্জোবার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ২১ আগষ্ট।

দিনাজপুরের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী গোলাম আশগর আপনার কর্ম্মের ভার মুনসেফ শ্রীযুত বাবু রাধামোহন চৌধুরীর প্রতি অর্পণ করিয়া আগামি অক্টোবর মাসের ১৯ তারিখঅবধি দই মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত রাধামোহন চৌধুরী দিনাজপুরের প্রধান সদর আমীনের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বেহারের সিবিল ও সেশন জজ শ্রীযুত জে এফ কাথকার্ট সাহেব (Mr J F Cathcart,) ১৮৪৮ সালের ২ সেপ্টেম্বর তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে আগামি জানুআরি মাসের ১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২৩ আগষ্ট।

সিবিলসর্ব্বি সিবিশতার শ্রীযুত জে এচ বাক্স সাহেব (Mr J H Bax) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইঙ্গলণ্ডে গমন করিতে অনুমতি পাইয়াছেন।

১৮৪৯ সাল ২৪ আগষ্ট।

জব্বলপুরের এসিষ্টান্ট রেবিনিউ সরবেয়র শ্রীযুত কাপ্তান এস আর টিকল সাহেব (Captain S R Tickell,) স্বীয় কর্ম্মোপলক্ষে বিশ দিনের ছুটী পাইয়াছেন।

ছিলটের ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী করিমদাদ খাঁ আগামি সেপ্টেম্বর মাসের ১৩ তারিখঅবধি নবেম্বর মাসের ১৩ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বাঁকুড়ার ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু তারকনাথ ঘোষ স্বায় কর্ম্মোপলক্ষে দশহরার বন্দে এক মাসের ছুটী পাইয়াছেন।

ছিলটের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামগতি মিত্র দশহরার বন্দে এক মাস ছয় দিনের ছুটী পাইয়াছেন।

বালেশ্বরের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত মুনশী গরীবুল্লা দশহরার বন্দে ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২৫ আগষ্ট।

পশ্চিম বর্দ্ধমানের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী ইক্রামুল হক দশহরার বন্দে ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২৭ আগষ্ট।

পূরণিয়ার ডেপুটী কালেক্টর শ্রীযুত জেপি ডেসা সাহেব (Mr J P Dessa,) দশহরার বন্দে ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ১৮ আগষ্ট।

দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেন্ট শ্রীযুত জে এচ ক্রাফর্ড সাহেব (Mr J H Crawford,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত কাপ্তান জে হানিংটন সাহেবের (Captain J Hannyngton,) স্থানে গ্রহণ করেন।

দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ডেপুটী এজেন্ট শ্রীযুত কাপ্তান জে সি হানিংটন সাহেব (Captain J C Hannyngton,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত টি সি ট্রটর সাহেবের (Mr T C Trotter,) স্থানে পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

১৩৮১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ২৭ আগষ্ট।

শ্রীযুত সি এফ কার্ণাক সাহেব (Mr C F Carnac,) ময়মনসিংহের মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টান্ট হইয়া জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেন্টের ইশতিহার।

ABKARI NOTICE

With advertence to the provisions of Act No XI of 1849, notice is hereby given, that no person will hereafter be permitted to sell, by retail, within the Town of Calcutta, any Country Spirits, or Drugs, without a License obtained from this Office

2 Retail Venders are prohibited from selling at one time, and to one individual, any quantity of Country Spirits exceeding one seer, or one quart bottle, Taree, in any quantity exceeding four seers, Gunjah, or Bhung, in any quantity exceeding one quarter of a seer, Churrus, Opium, Chundoo, or Muddut in any quantity exceeding the weight of five tolahs

3 Parties, however, importing into Calcutta, Country Spirits, or Drugs for the purpose of supplying the same, by wholesale, to licensed Retail Venders, may continue to do so as heretofore, provided that the articles brought are covered by passes granted from this Office

4 No persons may sell, or have in their possession, or carry about within the Town of Calcutta Country Spirits, or Drugs, in excess of the quantities specified in Para 2, of this Notification, without a License, or Pass granted from this Office

5 No parties may sell English or Foreign Beer, Wines or Spirits, in any quantity less than two

Gallons, or eight quart bottles ; but this prohibition does not apply to small quantities of Beer, Wines, or Spirits, sold as samples, provided such sample be limited to one bottle only of each description of the Wines, or Spirits above specified.

J H YOUNG, *Collector*

Calcutta Collectorate, Abkaree Department,
The 30th August, 1849

আবকারি বিজ্ঞাপন।

সন ১৮৪৯ সালের ১১ নম্বর আক্টের রীত্যনুসারে সম্বাদ দেওয়া যাইতেছে যে ইহার পর শহর কলিকাতার মধ্যে অত্র কাছারীর প্রাপ্ত পাট্টা ব্যতিরেকে কোন ব্যক্তি দেশী শরাব কিম্বা মাদক দ্রব্য খুজরা বিক্রয় করিতে পারিবেক না।

খুজরা বিক্রয়কারদিগকে নিষেধ করা যাইতেছে যে তাহারা এক সময়ে এক ব্যক্তিকে এক সের অর্থাৎ এক কোয়ার্ট বোতলের অনধিক দেশী শরাব বিক্রয় করিবেক না। তাড়ি চারি সেরের অনধিক। গাঁজা অথবা ভাং এক পোয়ার অনধিক। চরস আফিম চণ্ডু অথবা মদত পাঁচ তোলার অনধিক বিক্রয় করিতে পারিবেক না।

যে কেহ দেশী শরাব। কিম্বা মাদক দ্রব্য পাট্টাধারি খুজরা বিক্রয়কারদিগকে হোল সেল বিক্রয় করণ জন্য শহর কলিকাতার মধ্যে আনয়ন করিতে চাহে তাহারা আনিতে থাকুক কিন্তু সেই সকল দ্রব্যাদির রক্ষার্থে অত্র কাছারিহইতে পাস অর্থাৎ ছাড়চিঠী লইতে হইবেক।

কোন ব্যক্তি অত্র কাছারীর দেওয়া পাট্টা কিম্বা পাস ব্যতিরেকে শহর কলিকাতার মধ্যে এই বিজ্ঞাপনের দ্বিতীয় দফাতে যে পরিমাণ নির্দ্দিষ্ট করা গিয়াছে তাহার অতিরিক্ত দেশী শরাব কিম্বা মাদক দ্রব্য বিক্রয় করিতে অথবা দখলে রাখিতে অথবা লইয়া যাইতে পারিবেক না।

ইংরাজি কিম্বা অন্য দেশস্থ বির। ওয়াইন শরাব অথবা ইস্পিরিট শরাব। দুই গেলান অর্থাৎ আট কোয়ার্ট বোতলের অনধিক কোন বিক্রয়কার বিক্রয় করিতে পারিবেক না কিন্তু এই নিষেধ নমুনার স্বরূপ যে অল্প পরিমাণে বির। ওয়াইন শরাব অথবা ইস্পিরিট শরাব যাহা বিক্রয় হয় তাহাতে খাটিবে না ও নমুনা সকল উপরের লিখিত শরাব অথবা ইস্পিরিট শরাবের প্রত্যেক রকমে এক বোতলের অনধিক হইবেক না।

জে এচ ইয়ং। কালেক্টর।

কলিকাতা কালেক্টরেট। আবকারি ডিপার্টমেন্ট।
তাং ৩০ আগষ্ট ১৮৪৯ সাল।

INSOLVENT COURT | যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

In the matter of BENJAMIN HARVEY, an Insolvent
On Saturday, the 4th day of August instant, it was ordered that John Cochrane, Esq , the Assignee in this matter, on claims duly established do pay and divide the sum of Co 's Rs 2,470-12-7 in his hands to all the creditors of the said Insolvent at the rate of Co 's Rs $9\frac{1}{2}$ per Cent

কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

যোত্রহীন বেঞ্জামিন হার্বি সাহেবের বিষয়ে।

বর্ত্তমান আগষ্ট মাসের ৪ তারিখ শনিবারে হুকুম হইল যে এই বিষয়ের আসৈনি শ্রীযুত জান কাক্রেন সাহেবের হাতে যে ২,৪৭০৻৶৭ টাকা আছে তাহাহইতে তিনি উপযুক্তমতে সাব্যস্থ হওয়া সকল দাওয়ার উপর উক্ত যোত্রহীনের সকল মহাজনকে শতকরা ৯৷৷০ টাকার ডিবিডেণ্ড দেন।

In the matter of ANDREW HARVEY, an Insolvent,
The like notice as above the Assignee in this matter on claims duly established do pay and divide the sum of Co 's 11,757 8 in his hands to all the creditors of the said Insolvent at the rate of Co 's Rs. 6 per Cent

যোত্রহীন আন্দ্রু হার্বি সাহেবের বিষয়ে।

উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আসৈনি সাহেবের হাতে যে ১১,৭৫৭৷৷০ টাকা আছে তাহাহইতে তিনি উপযুক্তমতে সাব্যস্থ হওয়া সকল দাওয়ার উপর উক্ত যোত্রহীনের সকল মহাজনকে শতকরা ৬৲ টাকার ডিবিডেণ্ড দেন।

In the matter of GEORGE JAMES GORDON, an Insolvent
The like notice as above , the Assignee in this matter on claims duly established do pay and divide the sum of Co 's Rs 617 5 7 in his hands to all the creditors of the said Insolvent at the rate of Co 's Rs 1-4 per One hundred Sicca Rupees
Calcutta, 29th August, 1849

যোত্রহীন জর্জ জেম্স গর্ডন সাহেবের বিষয়ে।

উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আসৈনি সাহেবের হাতে যে ৬১৭৷৵৭ টাকা আছে তাহাহইতে তিনি সাব্যস্ত হওয়া দাওয়ার উপর উক্ত যোত্রহীনের সকল মহাজনকে সিক্কা শতকরা কোং ১।০ টাকার ডিবিডেণ্ড দেন।

কলিকাতা। ১৮৪৯। ২৯ আগষ্ট।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ৪ সেপ্টেম্বর।]

[illegible]

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 11, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ১১ সেপ্টেম্বর।

DRAFT OF ACT

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,

THE 1st SEPTEMBER, 1849.

The following Extract from the Proceedings of the Hon'ble the President of the Council of India in Council, in the Legislative Branch of the Home Department, under date the 1st September, 1849, is published for general information.

Read a second time the Draft of a proposed Act, dated the 24th October, 1846, and published in the *Bengalee Government Gazette*, of the 1st December, 1846, concerning the binding of Apprentices.

Resolution.—The Honourable the President in Council resolves, that the following amended Draft on the subject be published for general information.

ACT No. —— of 1849.

Concerning the binding of Apprentices.

For better enabling children, and especially orphans and poor children brought up by public charity, to learn Trades, Crafts and Employments, by which, when they come to full age, they may gain a livelihood, It is enacted as follows.

I. Any child, above the age of ten, and under the age of eighteen years, may be bound Apprentice by his or her father or guardian to learn any fit Trade, Craft or Employment, for such term as is set forth in the Contract of Apprenticeship, not exceeding seven years, so that it be not prolonged beyond the time when such child shall be of the full age of twenty-one years, or in the case of a female beyond the time of her marriage.

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১ সেপ্টেম্বর।

ভারতবর্ষের কৌন্সলের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব হজুর কৌন্সলে দেশীয় ডিপার্টমেণ্টের লেজিসলেটিব সিরিশতায় ইঙ্গরেজী ১৮৪৯ সালের ১ সেপ্টেম্বর তারিখে যে কার্য্য করিলেন তাহার বিবরণের পশ্চাৎ লিখিত চুম্বক সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

আপ্রেণ্টিসকে বদ্ধ করণের বিষয়ে ১৮৪৬ সালের ২৪ অক্টোবর তারিখের প্রস্তাবিত আইনের যে মুসাবিদা ১৮৪৬ সালের ১ ডিসেম্বর তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তাহা দ্বিতীয়বার পাঠ করা গেল।

নির্দ্ধারণ। হজুর কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব নির্দ্ধারণ করিয়াছেন যে উক্ত বিষয়ে আইনের নীচের লিখিত শুধরা মুসাবিদা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

আপ্রেণ্টিসকে বদ্ধ করণের বিষয়ে আইন।

বালকেরদের এবং বিশেষতঃ যে অনাথ এবং দরিদ্র বালক ধর্ম্মার্থ আলয়েতে প্রতিপালিত হইয়াছে তাহারদের যে শিল্প ও ব্যবসায় ও কর্ম্মের দ্বারা তাহারা বয়ঃপ্রাপ্ত হইলে উপজীবিকা পাইতে পারে সেই শিল্পপ্রভৃতি পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে শিখিতে পারিবার জন্যে পশ্চাৎ লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। দশ বৎসরের অধিক এবং আটারো বৎসরের অনধিকবয়স্ক কোন বালক কোন শিল্প কি ব্যবসায় বা কর্ম্ম শিখিবার জন্যে তাহার পিতা বা সংসারাধ্যক্ষকর্ত্তৃক আপ্রেণ্টিসী বন্দোবস্তপত্রের নির্দ্দিষ্ট মিয়াদের জন্যে আপ্রেণ্টিসরূপে বদ্ধ হইতে পারে। কিন্তু তাহা সাত বৎসরের অধিক হইবেক না এবং তাহার বিষয়ে এই নিয়ম থাকিবেক যে ঐ বালক সম্পূর্ণ একুশ বৎসর বয়ঃপ্রাপ্ত হওনের পর অথবা কন্যা হইলে তাহার বিবাহ হওনের পর ঐ বন্দোবস্ত প্রবল থাকিবেক না ইতি।

II The age set forth in the Contract shall be conclusive evidence of the age of the child, in all questions which arise as to the right of the Master to the continuance of the service

III. An orphan or poor child, brought up by any public charity, may be bound Apprentice by the Governors, Directors or Managers thereof, as his or her Guardians for this purpose

IV Any such boy may be bound as an Apprentice in the Sea Service to any of Her Majesty's subjects, being the Owner or Owners of any registered Ship belonging to and trading from any Port in the Territories under the Government of the East India Company, which has been declared to be a Registering Port under Act X 1841, to be employed in any such Ship the property of such person, commanded by a British subject, and, while so employed, to be taught the craft and duty of a Seaman

V Any such boy may be bound in like manner for sea service in any Ship of the East India Company belonging to any such Port, commanded by a British subject, in which case the Contract shall be made with the Master Attendant at such Port, or any Officer appointed to represent the East India Company in this behalf, who shall appoint the Ship in which such Apprentice is to serve from time to time

VI The Master or Commander of any Ship in which an Apprentice bound to the sea service shall be appointed to serve by the party to whom he is bound, shall be deemed the Agent of such party for the purpose of this Act

VII Every Contract of Apprenticeship shall be in writing, according to the form given in the Schedule (A) annexed to this Act, or to the like effect, which shall set forth the conditions agreed upon, particularly specifying the age of the Apprentice, the term for which he is bound, and what he is to be taught

VIII Every such Contract shall be signed by the person to whom the Apprentice is bound, and by the person by whom he is bound, and by the Apprentice, when he is of the age of fourteen years or more at the time of binding, but when the Apprentice is bound by the Governors, Directors or Managers of a Public Charity, the signature of two of them, or of their Secretary or Officer, shall be sufficient on behalf of the persons binding the Apprentice

IX No such Contract shall be valid unless it be executed in the manner aforesaid, nor until it has been deposited in the Office of the Chief Magistrate of the Place or District where it has been executed, or if the Apprentice is bound to the Sea Service, in the Office of the person appointed under Act X 1841 to make Registry of Ships at the Port where the Apprentice is to begin his service, and the persons in whose Office any such Contract is deposited shall give to each of the par-

২ ধারা। মনিব আপনার ঐ আপ্রেণ্টিসকে আপনার সেবাতে রাখণের স্বত্বের বিষয়ে যদি কোন বিবাদ হয় তবে বন্দোবস্তপত্রে ঐ বালকের যে বয়স্ নির্দ্দিষ্ট থাকে তাহা ঐ বালকের বয়সের বিষয়ে সম্পূর্ণ প্রমাণের ন্যায় জ্ঞান হইবেক ইতি।

৩ ধারা। যে অনাথ অথবা দরিদ্র বালক ধর্ম্মার্থালয়ে প্রতিপালিত হয় সেই ধর্ম্মালয়ের অধ্যক্ষ কি কর্ত্তা বা সরবরাহকার তাহার রক্ষকস্বরূপ সেই নিমিত্তে ঐ বালককে আপ্রেণ্টিসী কর্ম্মে বদ্ধ করিতে পারেন ইতি।

৪ ধারা। কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে যে কোন বন্দর ১৮৪১ সালের ১০ আইনানুসারে রেজিষ্টরীকরণীয় বন্দরের ন্যায় নির্দ্দিষ্ট হইয়াছে সেই বন্দরের কিম্বা বাণিজ্যার্থে ঐ বন্দরে গমনাগমনকারি কোন রেজিষ্টরীহওয়া জাহাজের এক বা ততোধিক মালিক শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা হইলে তাঁহার বা তাঁহারদের নিকটে এইমত কোন বালক সমুদ্রীয় কর্ম্মের নিমিত্তে আপ্রেণ্টিসরূপে বদ্ধ হইতে পারে। এবং সেই জাহাজ সেই ব্যক্তির সম্পত্তি হইলে এবং কোন ব্রিটনীয় প্রজা তাহার অধ্যক্ষ হইলে ঐ বালক সেই জাহাজে নিযুক্ত হইবেক এবং তাহাতে নিযুক্ত থাকন সময়ে তাহাকে নাবিকের ব্যবসা ও কার্য্য শিক্ষা দেওয়া যাইবেক ইতি।*

৫ ধারা। এইমত কোন বন্দরসম্পর্কীয় কোম্পানি বাহাদুরের যে কোন জাহাজে ব্রিটনীয় প্রজা অধ্যক্ষ হন সেই জাহাজে ঐরূপ কোন বালক সমুদ্রীয় কর্ম্মে সেইরূপ আপ্রেণ্টিসস্বরূপ বদ্ধ হইতে পারে। এবং তাহা হইলে ঐ বন্দোবস্ত ঐ বন্দরের মাষ্টর এটেণ্ডেণ্ট সাহেবের সঙ্গে অথবা এই নিমিত্তে কোম্পানি বাহাদুরের প্রতিনিধিস্বরূপ নিযুক্ত কোন কর্ম্মকারকের সঙ্গে করা যাইবেক এবং যে জাহাজে ঐ আপ্রেণ্টিস সময়ক্রমে খাটিবেক তাহা ঐ কর্ম্মকারক নির্দ্দিষ্ট করিবেন ইতি।

৬ ধারা। আপ্রেণ্টিস যে ব্যক্তির নিকটে বদ্ধ হয় সেই ব্যক্তি যে জাহাজে তাহাকে কর্ম্ম করণার্থে নিযুক্ত করেন সেই জাহাজের অধ্যক্ষ অথবা মালিম এই আইনের অভিপ্রায়ের নিমিত্তে সেই ব্যক্তির এজেণ্টের ন্যায় জ্ঞান হইবেন ইতি।

৭ ধারা। আপ্রেণ্টিসের প্রত্যেক বন্দোবস্ত লিখনের দ্বারা করা যাইবেক এবং তাহা এই আইনের শেষের লিখিত (A) চিহ্নিত তফসীলের পাঠানুসারে অথবা তাহার অনুযায়ি করা যাইবেক। এবং তাহার মধ্যে বন্দোবস্তের নিয়ম নির্দ্দিষ্ট থাকিবেক এবং তাহাতে আপ্রেণ্টিসের বয়স্ এবং যে মিয়াদের নিমিত্তে সেই বালক বদ্ধ হইয়াছে তাহা এবং তাহাকে যাহা২ শিক্ষা করাণ যাইবেক তাহা বিশেষরূপে বর্ণনা থাকিবেক ইতি।

৮ ধারা। এইমত প্রত্যেক বন্দোবস্তপত্রে যে ব্যক্তির নিকটে এবং যে ব্যক্তির দ্বারা আপ্রেণ্টিস বদ্ধ হয় তাঁহার দ্বারা এবং ঐ আপ্রেণ্টিসের বদ্ধ হওনের সময়ে চৌদ্দ বৎসর অথবা ততোধিক বয়স্ হইলে তাহার দ্বারা সহী হইবেক। কিন্তু যখন ঐ আপ্রেণ্টিস কোন ধর্ম্মালয়ের অধ্যক্ষ কি কর্ত্তা বা সরবরাহকারের দ্বারা বদ্ধ হয় তখন তাঁহারদের মধ্যে দুই জনের কিম্বা তাঁহারদের সেক্রেটারী অথবা কর্ম্মকারকের সহী হইলে আপ্রেণ্টিসকে বদ্ধকারি ব্যক্তিরদের পক্ষে তাহা প্রচুর হইবেক ইতি।

৯ ধারা। এমত কোন আপ্রেণ্টিসের বন্দোবস্তপত্রে যদি উপরের উক্তমতে স্বাক্ষর না হয় তবে তাহা সিদ্ধ হইবেক না এবং যে স্থান অথবা জিলাতে তাহাতে সহী হয় সেই স্থান বা জিলার প্রধান মাজিষ্ট্রেট সাহেবের দফ্তরে যাবৎ তাহা দাখিল না হইয়া থাকে তাবৎ সিদ্ধ হইবেক না। অথবা যদি আপ্রেণ্টিস সমুদ্রীয় কার্য্যে নিযুক্ত হয় তবে যে বন্দরে আপ্রেণ্টিস আপনার কার্য্য বা সেবা আরম্ভ করিবেক সেই বন্দরের জাহাজের রেজিষ্টরী করণ কর্ম্মে ১৮৪১ সালের ১০ আইনানুসারে নিযুক্ত ব্যক্তির দফ্তরে যাবৎ তাহা দাখিল না হয় তাবৎ সিদ্ধ হইবেক না।

ties a copy thereof, certified under his hand, which certified copies shall be received as evidence of the Contract, without formal proof of the hand writing of the Magistrate or Registering Officer

X The terms of service may be changed at any time during the Apprenticeship, or the Contract may be determined, with the consent of both parties to the Contract or their personal representatives, and with the consent of the Apprentice, if he is above the age of fourteen years, provided, that the changes agreed to or the termination of the Contract shall be expressed in writing on the original Contract, with the signature of the proper parties according to Section VIII of this Act, and the Magistrate or Registering Officer shall thereupon make under his hand corresponding endorsements on the Office copies, which shall be brought to him at the same time for that purpose

XI The Master of any Apprentice bound under this Act may, with the consent of the persons by whom he was bound, and with the consent of the Apprentice, if he is above the age of fourteen years, assign such Apprentice to any other person, who is willing to take him for the residue of his Apprenticeship, and subject to the conditions thereof, provided that such person shall, by endorsement under his own hand on the Contract, declare his acceptance of such Apprentice, and acknowledge himself bound by the agreements and covenants therein mentioned, to be performed on the part of the Master, and that the consent of the other parties aforesaid shall be expressed in writing on the same, and signed by them respectively And every such assignment shall be certified on the Office copies of the Contract under the hand of the Magistrate or Registering Officer according to the form given in Schedule (B) annexed to this Act

XII Upon complaint made to any Magistrate in the said Territories, by or on behalf of any Apprentice bound under this Act, of refusal or neglect to provide for him, or to teach him, according to the Contract of Apprenticeship, or of cruelty, or other ill-treatment by his Master, or by the Agent under whom he shall have been placed by his Master, the Magistrate may summon the Master or his Agent, as the case may be, if he shall be within his jurisdiction, to appear before him at a reasonable time, to be stated in the summons, to answer the complaint, and at such time, whether the Master or his Agent be present or not, (service of the summons being proved), may examine into the matter of the complaint, and, upon proof thereof, may cancel the contract of Apprenticeship, and assess upon the offender, whether he shall be the Master or his Agent, a reasonable sum for behoof of the Apprentice, not exceeding four times the amount of

এবং যে ব্যক্তির দপ্তরে এইমত কোন বন্দোবস্তপত্র দাখিল হয় সেই ব্যক্তি ঐ বন্দোবস্তসম্পর্কীয় প্রত্যেক ব্যক্তিকে আপনার দস্তখৎকরা এক নকল দিবেন। এবং ঐ দস্তখৎ-হওয়া নকল মাজিষ্ট্রেট সাহেব অথবা রেজিষ্টরীকরণিয়া কর্ম্মকারক সাহেবের হস্তাক্ষরের বিশেষ প্রমাণ না হইলেও ঐ বন্দোবস্তপত্রের প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবেক ইতি।

১০ ধারা। ঐ বন্দোবস্তসম্পর্কীয় উভয় পক্ষীয় ব্যক্তিরদের অথবা তাঁহারদের স্থলাভিষিক্তেরদের সম্মতি হইলে এবং আপ্রেণ্টিস চৌদ্দ বৎসর বয়সের অধিকবয়স্ক হইলে তাহার সম্মতি হইলে ঐ খাটনির নিয়ম আপ্রেণ্টিসী সময়ের কোন কালে মতান্তর হইতে পারে অথবা ঐ বন্দোবস্ত একেবারে নিবৃত্ত হইতে পারে। কিন্তু জানা কর্ত্তব্য যে যে মতান্তরের বিষয়ে সম্মত হওয়া যায় তাহা কিম্বা ঐ বন্দোবস্তের নিবৃত্ত করণ কার্য্য আসল বন্দোবস্তপত্রে লিখিতে হইবেক এবং এই আইনের ৮ ধারার নির্দ্দিষ্ট ব্যক্তিরদের সহী তাহাতে থাকিবেক। এবং মাজিষ্ট্রেট সাহেব অথবা রেজিষ্টরীকরণিয়া অন্য কর্ম্মকারক সাহেব আপন দপ্তরে যে নকল আছে তাহার পৃষ্ঠে সেইরূপ কথা লিখিবেন এবং তাহাতে দস্তখৎ করিবেন এবং সেই নকল তৎসময়ে সেই নিমিত্তে তাঁহার নিকটে আনান যাইবেক ইতি।

১১ ধারা। এই আইনানুসারে যে আপ্রেণ্টিস বদ্ধ হয় তাহার মনিব যাঁহারদের দ্বারা সেই বালক বদ্ধ হইল তাঁহারদের সম্মতিক্রমে এবং আপ্রেণ্টিস চৌদ্দ বৎসরের অধিকবয়স্ক হইলে তাহার সম্মতিক্রমে অন্য যে কোন ব্যক্তি আপ্রেণ্টিসের বাকী মিয়াদের জন্যে এবং সেই বন্দোবস্তের নিয়মক্রমে তাহাকে লইতে চাহেন তাঁহার নিকটে ঐ আপ্রেণ্টিসকে সোপর্দ্দ করিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে সেই অন্য ব্যক্তি স্বহস্তে বন্দোবস্তপত্রের পৃষ্ঠে দস্তখৎ করণের দ্বারা ইহা স্বীকার করিবেন যে আমি ঐ আপ্রেণ্টিসকে লইলাম এবং বন্দোবস্তপত্রের মধ্যে মনিবের কর্ত্তব্য যে সকল করার ও নিয়ম লিখিত আছে তাহার দ্বারা আমি বদ্ধ আছি এবং অন্য ব্যক্তিরদেরও সম্মতি সেইরূপে সেই বন্দোবস্তপত্রে লেখা যাইবেক এবং তাহাতে তাঁহারা দস্তখৎ করিবেন। এবং এইরূপ প্রত্যেক অর্পণ সরকারী দপ্তরে বন্দোবস্তপত্রের যে নকল আছে তাহাতেও এই আইনের শেষের লিখিত (B) চিহ্নিত তফসীলের পাঠানুসারে লেখা যাইবেক এবং মাজিষ্ট্রেট সাহেব অথবা রেজিষ্টরীকরণিয়া কর্ম্মকারক সাহেব তাহাতে দস্তখৎ করিবেন ইতি।

১২ ধারা। এই আইনানুসারে বদ্ধহওয়া কোন আপ্রেণ্টিসের দ্বারা অথবা তাহার পক্ষে যদি ঐ দেশের মধ্যে কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে এইমত নালিশ হয় যে তাহার মনিব কি যে এজেণ্টের নিকটে ঐ মনিব ঐ আপ্রেণ্টিসকে নিযুক্ত করিলেন তিনি ঐ আপ্রেণ্টিসের বন্দোবস্তের অনুসারে তাহাকে আহারাদি দিতে কি শিখাইতে অস্বীকার বা ত্রুটি করিয়াছেন কিম্বা তাহার প্রতি নির্দ্দয়াচরণ করিয়াছেন বা প্রকারান্তরে কঠিনব্যবহার করিয়াছেন তবে ঐ মাজিষ্ট্রেট সাহেব ঐ মনিব অথবা বিষয়বিশেষে তাঁহার এজেণ্ট যদি তাঁহার এলাকার মধ্যে বাস করেন তবে তাঁহাকে ঐ নালিশের জওয়াব দিবার জন্যে ঐ সমনে লিখিত ওয়াজিবী কোন সময়ে তাঁহার নিকটে উপস্থিত হইবার নিমিত্তে তলব করিতে পারেন। এবং সমন জারী হওনের প্রমাণ হইলে নির্দ্দিষ্ট সময়ে তাহার মনিব বা এজেণ্ট হাজির হইলে বা না হইলে মাজিষ্ট্রেট সাহেব নালিশের বিষয়ের তদারক করিতে পারেন এবং তাহার প্রমাণ হইলে ঐ আপ্রেণ্টিসী বন্দোবস্ত রহিত করিতে পারেন এবং আপ্রেণ্টিস বদ্ধ হওনের সময়ে যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহার চারিগুণের অনধিক আপ্রেণ্টিসের পক্ষে তাহার মনিব কি তাহার এজেণ্টের

the premium paid upon the binding, or if no premium, or a less premium than Fifty Rupees was paid, not exceeding Two Hundred Rupees, and, if the offender shall not pay the sum so assessed, may levy the same by distress and sale of his Goods and Chattels, and if the offender shall not be the Master but his Agent, by distress and sale of the Goods and Chattels of the Master also

কোন ওযাজিবী টাকায় জরীমানা করিতে পারেন অথবা যদি কোন পুরস্কার দেওয়া গেল না অথবা সেই পুরস্কার পঞ্চাশ টাকার কম হয় তবে দুই শত টাকার অনধিক জরীমানা করিতে পারেন। এবং যদি অপরাধি ব্যক্তি সেই জরীমানার টাকা না দেন তবে মাজিষ্ট্রেট সাহেব তাঁহার জিনিসপত্র ক্রোক ও নীলামের দ্বারা তাহা আদায় করিতে পারেন এবং যদি অপরাধি ব্যক্তি তাহার মনিব না হন কিন্তু এজেন্ট হন তবে সেই মনিবেরো জিনিসপত্র ক্রোক ও নীলামের দ্বারা তাহা আদায় করিতে পারেন ইতি।

XIII No Contract of Apprenticeship shall be cancelled, nor shall any Master or his Agent be liable to any criminal proceeding, on account of such moderate chastisement for misbehaviour, given to any Apprentice by his Master or the Agent of his Master, as may lawfully be given by a father to his child, and the provision for enabling the Contract of Apprenticeship to be cancelled shall not bar any criminal proceeding against any Master or his Agent for an assault or other offence committed against his Apprentice, for which he would be liable to be punished, had it been against his child, whether or not any proceedings be taken for cancelling the Contract of Apprenticeship

১৩ ধারা। যদি আপ্রেণ্টিসের কুব্যবহারের জন্যে তাহার মনিব অথবা তাহার মনিবের এজেন্ট কোন পিতা আপন পুত্রের আইনমত যে শাসন করিতে পারেন সেইমত কোন লঘু শাসন করেন তবে সেই নিমিত্তে কোন আপ্রেণ্টিসের বন্দোবস্ত রহিত হইবেক না এবং মনিব বা এজেন্ট কোন ফৌজদারী নালিশের যোগ্য হইবেন না। এবং যদি মনিব অথবা তাঁহার এজেন্ট আপনার আপ্রেণ্টিসের উপর এইমত কোন চড়াউ অথবা অন্য কোন অত্যাচার করেন যে আপনার পুত্রের বিরুদ্ধে করিলে দণ্ডনীয় হইতেন তবে আপ্রেণ্টিসী বন্দোবস্ত রহিত করণের বিধির দ্বারা ঐ মনিব অথবা তাঁহার এজেন্টের প্রতিকূলে কোন ফৌজদারী নালিশের প্রতিবন্ধক হইবেক না এবং আপ্রেণ্টিসী বন্দোবস্ত রহিত করণের কোন কার্য্য হইলে বা না হইলে সেইরূপ নালিশ হইতে পারে ইতি।

XIV Upon complaint made to any Magistrate, by or on behalf of the Master of any Apprentice bound to him under this Act, of any ill behaviour of such Apprentice, or if such Apprentice shall have absconded, the Magistrate may issue his Warrant for apprehending such Apprentice, and may hear and determine the complaint, and punish the offender by committing him to a house of correction or to prison, there to be held to hard labour for a reasonable time not exceeding three months, and, if the offender be a boy of not more than fourteen years of age, may order him to be privately whipped or instead of committing such offender to a house of correction or to prison, to be held to hard labor as aforesaid, may pass an order for his being kept in solitary confinement in any suitable place in or out of prison, for a period not exceeding three weeks, with or without whipping, or, if the Magistrate deem any such punishment unfit, he may pass an order to the Master of the Apprentice or his Agent to keep the offender in close confinement in his own house or on board the Vessel to which he belongs, upon bread and water, for a period not exceeding one month

১৪ ধারা। এই আইনের দ্বারা যে আপ্রেণ্টিস কোন মনিবের নিকটে বদ্ধ হয় সেই আপ্রেণ্টিসের কুব্যবহারের বিষয়ে যদি মনিবের দ্বারা কি মনিবের পক্ষে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নালিশ হয় অথবা যদি সেই আপ্রেণ্টিস পলায়ন করে তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ অপ্রেণ্টিসকে গ্রেস্তার করণার্থে আপনার পরওয়ানা দিতে পারেন এবং সেই নালিশ শুনিতে ও নিষ্পত্তি করিতে পারেন এবং সেই অপরাধিকে তিন মাসের অধিক না হয় এমত উপযুক্ত মিয়াদে হরিণবাটীতে কি কারাগারেতে কয়েদ করিয়া কঠিন পরিশ্রমের দণ্ড করিতে পারেন। এবং যদি ঐ অপরাধী চৌদ্দ বৎসরের ন্যূনবয়স্ক হয় তবে অপ্রকাশস্থানে বেত্রাঘাত করিতে পারেন। অথবা সেই ব্যক্তিকে হরিণবাটীতে কি জেলখানায় কয়েদ না করিয়া এবং পূর্ব্বোক্তমতে কঠিন পরিশ্রমের দণ্ড না দিয়া তিন সপ্তাহের অনধিক কালপর্য্যন্ত বেত্রাঘাতবিশিষ্ট বা বেত্রাঘাত বিনা কারাগারের মধ্যে বা কারাগারের বাহিরে কোন উপযুক্ত স্থানে তাহাকে একাকিরূপে কয়েদ করিতে হুকুম দিতে পারেন। অথবা যদি মাজিষ্ট্রেট সাহেব সেই দণ্ড অনুচিত বোধ করেন তবে তিনি ঐ আপ্রেণ্টিসের মনিব অথবা তাহার এজেন্টকে ঐ অপরাধিকে আপনার বাটীতে অথবা যে জাহাজে নিযুক্ত হয় সেই জাহাজের উপর এক মাসের অনধিক মিয়াদে অতি কঠিন কয়েদে রাখিতে এবং তাহাকে কেবল জল আর রুটী আহার দিতে হুকুম করিতে পারেন ইতি।

XV Upon complaint of wilful and repeated ill-behaviour on the part of the Apprentice, and on the demand of the Master, the Magistrate may order the Contract of Apprenticeship to be cancelled whether or not the charge is proved but only with the consent of the Apprentice if the charge is not proved and such cancelling shall be with or without refund of the whole or part of any premium that may have been paid to the Master on binding such Apprentice, as to the Magistrate seems fit on consideration of the case, and all sums so refunded shall be applied under

১৫ ধারা। যদি আপ্রেণ্টিসের গামখা ও অনবরত কুব্যবহারের বিষয়ে নালিশ হয় তবে সেই নালিশ প্রমাণ হইলে বা না হইলে মাজিষ্ট্রেট সাহেব মনিবের দাওয়াক্রমে আপ্রেণ্টিসের বন্দোবস্ত রহিত করিবার হুকুম দিতে পারেন। কিন্তু যদি সেই নালিশের প্রমাণ না হয় তবে আপ্রেণ্টিসের সম্মতি না হইলে বন্দোবস্ত রহিত হইবেক না। এবং মাজিষ্ট্রেট সাহেব সেই বিষয়ের সমস্ত বৃত্তান্ত বিবেচনা করিয়া যেমত তাঁহার উচিত বোধ হয় সেইমত ঐ আপ্রেণ্টিসকে বদ্ধ করণের সময়ে মনিবকে যে পুরস্কার দেওয়া গিয়াছিল বন্দোবস্ত রদ করণের সময়ে তাহা সমুদয় বা তাহার কতক অংশ ফিরিয়া দেওয়া যাইবেক বা না যাইবেক। এবং এইরূপে যত টাকা ফিরিয়া দেওয়া যায় তাহা মাজিষ্ট্রেট সাহেবের

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ১১ সেপ্টেম্বর।]

the direction of the Magistrate for behoof of the Apprentice

XVI The Magistate may order any sum recovered for behoof of the Apprentice on cancelling the Contract to be either laid out in binding him to another Master, or otherwise for his benefit, or to be paid to the person or persons by whom any premium was paid when he was bound Apprentice

XVII No Magistrate shall entertain a complaint on the part of a Master against an Apprentice under this Act, unless it be brought within one month after the cause of complaint arose, or if the cause of complaint arose on board ship during a voyage, within one month after the arrival thereof at a port or place in the said Territories, and no Magistrate shall entertain a complaint on the part of an Apprentice against his Master or the Agent of his Master under this Act, unless it be brought within three months after the cause of complaint arose, or if the cause of complaint arose on board ship during a voyage, within three months after the arrival thereof at a port or place in the said Territories

XVIII If the Master of any Apprentice shall die before the end of the Apprenticeship, the Contract of Apprenticeship shall be thereby determined, and a proportionate part, corresponding to the unexpired portion of the term, of any premium, which shall have been paid to such Master on the binding of the Apprentice to him shall be returned by the Executors or Administrators out of the Estate of the deceased to the person or persons who shall have paid the same, unless the Executors or Administrators of the deceased Master shall continue the business in which such Apprentice shall have been employed, and shall, within three months from the death of the late Master, make offer in writing to keep the Apprentice on the terms of the original Contract, in which case the Estate of the deceased shall be discharged from all liabilities on account of such premium

XIX If such offer to keep the Apprentice shall be made as aforesaid, the same shall be fully expressed and certified by the Executors and Administrators on the original Contract of Apprenticeship, and also on the Office copies thereof, by the Magistrate or Registering Officer and the Apprentice shall be bound to the Executors or Administrators so keeping him for the remaining term of his Apprenticeship

XX Any Apprentice bound under this Act whose Master shall die during the Apprenticeship, shall be entitled to maintenance for three months from and after the death of his Master, out of the assets left by him, provided that during such three months such Apprentice shall continue to

[*Government Gazette, 11th September, 1849*]

হুকুমের অধীনে ঐ আপ্রেণ্টিসের উপকারার্থে ব্যয় হইবেক ইতি।

১৬ ধারা। বন্দোবস্ত রদ করণের সময়ে আপ্রেণ্টিসের পক্ষে যে টাকা ফিরিয়া দেওয়া যায় তাহা মাজিষ্ট্রেট সাহেব অন্য মনিবের নিকটে তাহাকে বদ্ধ করণেতে অথবা প্রকারান্তরে তাহার উপকারের জন্যে ব্যয় করিতে হুকুম করিতে পারেন কি যখন সেই ব্যক্তি আপ্রেণ্টিসরূপে বদ্ধ হইল তখন যে ব্যক্তি বা ব্যক্তিরা সেই পুরস্কার দিলেন তাঁহাকে কি তাঁহারদিগকে তাহা ফিরিয়া দিতে হুকুম করিতে পারেন ইতি।

১৭ ধারা। এই আইনক্রমে নালিশের কারণ হওনের পর এক মাসের মধ্যে যদি নালিশ না হয় তবে কোন মাজিষ্ট্রেট সাহেব কোন মনিবের আপনার আপ্রেণ্টিসের বিরুদ্ধে নালিশ শুনিতে পারিবেন না। অথবা যদি সেই নালিশের কারণ জাহাজের যাত্রার সময়ে জাহাজে হইয়া থাকে তবে উক্ত রাজ্যের মধ্যে কোন বন্দরে বা কোন স্থানে জাহাজ পঁহুছনের পর এক মাসের মধ্যে তাহার নালিশ না হইলে মাজিষ্ট্রেট সাহেব তাহা শুনিবেন না। এবং কোন আপ্রেণ্টিস আপনার মনিব কি তাহার এজেন্টের নামে নালিশ করিলে যদি সেই নালিশের কারণের পর তিন মাসের মধ্যে নালিশ না করা যায় তবে কোন মাজিষ্ট্রেট সাহেব তাহা শুনিবেন না অথবা যদি জাহাজের যাত্রার সময়ে সেই নালিশের কারণ জাহাজের উপর হইয়া থাকে তবে ঐ রাজ্যের মধ্যে কোন বন্দরে বা স্থানে জাহাজ পঁহুছনের পর তিন মাসের মধ্যে না হইলে মাজিষ্ট্রেট সাহেব কোন নালিশ শুনিবেন না ইতি।

১৮ ধারা। আপ্রেণ্টিসের মিয়াদ সমাপ্ত হওনের পূর্ব্বে যদি কোন আপ্রেণ্টিসের মনিব মরেন তবে আপ্রেণ্টিসের বন্দোবস্ত তদ্দ্বারা রহিত হইবেক এবং আপ্রেণ্টিসকে ঐ মনিবের নিকটে বদ্ধ করণের সময়ে যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহার যে অংশ মিয়াদের অবশিষ্ট কাল হিসাব করিয়া নির্দ্দিষ্ট হয় তাহা মৃত ব্যক্তির সম্পত্তিহইতে একসেকিউটর অথবা আডমিনিষ্ট্রেটর যে ব্যক্তি বা ব্যক্তিরা পুরস্কার দিয়াছিলেন তাঁহারদিগকে ফিরিয়া দিবেন। কিন্তু যে ব্যবসাতে ঐ আপ্রেণ্টিস নিযুক্ত ছিল যদি মৃত মনিবের একসেকিউটর অথবা আডমিনিষ্ট্রেটর সেই ব্যবসা চালাইতে থাকেন এবং যদি মৃত মনিবের মরণের পর তিন মাসের মধ্যে আসল বন্দোবস্তের নিয়মক্রমে ঐ আপ্রেণ্টিসকে রাখিতে লিখনের দ্বারা প্রস্তাব করেন তবে মৃত ব্যক্তির সম্পত্তি ঐ পুরস্কারের জন্যে সকল দায়হইতে খালাস হইবেক ইতি।

১৯ ধারা। পূর্ব্বোক্তমতে যদি ঐ আপ্রেণ্টিসকে রাখণের প্রস্তাব করা যায় তবে তাহা আপ্রেণ্টিসের আসল বন্দোবস্তের মধ্যে একসেকিউটর এবং আডমিনিষ্ট্রেটরের দ্বারা সম্পূর্ণরূপে লেখা যাইবেক এবং থাকিবেক এবং মাজিষ্ট্রেট সাহেব অথবা রেজিষ্টরীকরণিয়া কর্ম্মকারকের দপ্তরে ঐ বন্দোবস্তপত্রের যে নকল থাকে তাহার উপর ঐ সকল লেখা যাইবেক। এবং যে একসেকিউটর অথবা আডমিনিষ্ট্রেটর আপ্রেণ্টিসকে এইরূপ রাখেন তাঁহারদের নিকটে ঐ আপ্রেণ্টিসী মিয়াদের অবশিষ্ট কালের জন্যে আপ্রেণ্টিস বদ্ধ থাকিবেক ইতি।

২০ ধারা। আপ্রেণ্টিসী সময়ের মধ্যে যদি এই আইনের দ্বারা বদ্ধ কোন আপ্রেণ্টিসের মনিব মরেন তবে ঐ মনিব যে সম্পত্তি রাখিয়া মরিলেন তাহাহইতে মনিবের মরণঅবধি এবং তাহার পর তিন মাসপর্য্যন্ত ঐ আপ্রেণ্টিসের ভরণপোষণ পাইবার স্বত্ব থাকিবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ তিন মাসের মধ্যে ঐ আপ্রেণ্টিস

live with, and serve as an Apprentice, the Executors or Administrators of such Master, or such person as they shall appoint

XXI The Apprentice of any person against whom a Commission of Bankruptcy shall be issued, or who shall be adjudged to have committed an Act of Insolvency, during the Apprenticeship, shall be discharged from all obligation under the Contract of Apprenticeship , and, if any premium was paid on binding him as an Apprentice, he or the person or persons by whom he was bound shall be entitled to claim the amount thereof, as a debt against the Estate of the Bankrupt or Insolvent

XXII For the purposes of this Act all British subjects, wherever or of whatever parents born, as well as other persons in the Territories under the Government of the East India Company, without the Towns of Calcutta and Madras, and the Town and Island of Bombay, shall be amenable to the jurisdiction of the Courts and Magistrates of the East India Company

XXIII An appeal shall lie from any order passed by any Magistrate without the said Towns and Island to the Court of Session to which such Magistrate is subordinate, provided the appeal is made within one month from the date of the order

XXIV In this Act the words " Master," " person" and " he" shall be understood to include several persons as well as one person, and females as well as males, and bodies corporate as well as individuals, unless there is something in the context repugnant to such construction

SCHEDULE A

FORM OF AGREEMENT

This agreement made the day of in the year between A B, of and C D, of witnesseth that the said A B doth this day bind E F, a boy (or girl) of the age of years completed, son (or daughter) of the said A B (or otherwise describing the relation in which A B and E F stand) to dwell with and serve the said C D, as an Apprentice, from this day forth for years, (in the case of a girl add, or until the time of her marriage, which shall first happen), during all which term the said Apprentice shall duly and faithfully serve the said C D, according to his (or her) skill and ability in all lawful business, and demean and behave himself (or herself) honestly, orderly, and obediently, in all things toward the said C D and his (or her) family And the said C D for himself (or herself) and his (or her) Executors and Administrators, in consideration (of the premium or sum of paid by the said A B to the said C D, the receipt whereof the said C D here by acknowledges, and) of the faithful service of the said E F, doth covenant

If there is no premium the words between brackets may be omitted

ঐ মনিবের একসেকিউটর বা আডমিনিষ্ট্রেটরের সঙ্গে অথবা যে ব্যক্তিকে তাঁহারা নিযুক্ত করেন তাঁহার সঙ্গে বাস করিবেক ও তাঁহার নিমিত্তে খাটিবেক ইতি।

২১ ধারা। আপ্রেণ্টিসী সময়ে যদি কোন আপ্রেণ্টিসের মনিবের প্রতিকূলে দেউলিয়ার কমিস্যন বাহির হয় অথবা যোত্রহীনতা কর্ম্ম করিয়াছেন এমত নির্দ্ধার্য্য হয় তবে ঐ আপ্রেণ্টিস আপ্রেণ্টিসী বন্দোবস্তহইতে মুক্ত হইবেক এবং যদি আপ্রেণ্টিসী কর্ম্মে বদ্ধ করণের সময়ে আপ্রেণ্টিসের পক্ষে কোন পুরস্কার দেওয়া গিয়া থাকে তবে ঐ আপ্রেণ্টিস অথবা যে ব্যক্তি বা ব্যক্তিরদের দ্বারা সে বদ্ধ হইয়াছিল সেই ব্যক্তি বা ব্যক্তিরা দেউলিয়া বা যোত্রহীনের সম্পত্তির উপর কর্জ্জের ন্যায় সেই টাকার বিষয়ে দাওয়া করিতে পারেন ইতি।

২২ ধারা। এই আইনের অভিপ্রায়ের জন্যে সকল ব্রিটনীয় প্রজা যেখানে জন্মিয়া থাকেন বা যাঁহার সন্তান হন তাঁহারা এবং কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের শহরের বাহিরে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে অন্য সকল ব্যক্তি কোম্পানি বাহাদুরের আদালত ও মাজিষ্ট্রেট সাহেবের এলাকার অধীন হইবেন ইতি।

২৩ ধারা। উক্ত শহরের বাহিরে কোন মাজিষ্ট্রেট সাহেব যে হুকুম করেন যে সেশন আদালতের তাবে ঐ মাজিষ্ট্রেট সাহেব থাকেন সেই আদালতে ঐ হুকুমের উপর হুকুমের তারিখের পর এক মাসের মধ্যে আপীল হইতে পারে ইতি।

২৪ ধারা। এই আইনের মধ্যে "মনিব" এবং "ব্যক্তি" এবং "তিনি" এই কথা যেমন এক ব্যক্তিকে বুঝায় তেমনি নানা ব্যক্তিকেও বুঝায় এবং যেমন পুরুষ তেমনি স্ত্রীকেও বুঝায় এবং যেমন বিশেষং ব্যক্তিকে বুঝায় তেমনি চার্টরপ্রাপ্ত সমাজকে বুঝায় কিন্তু যদি পূর্ব্বাপর কথা দেখিয়া এইরূপ অর্থ করণ অসঙ্গত বোধ হয় তবে বুঝাইবেক না ইতি।

A চিহ্নিত তফসীল।

বন্দোবস্তের পাঠ।

এই বন্দোবস্ত অমুক বৎসরের অমুক মাসের অমুক তারিখে অমুক স্থানের A B এবং অমুক স্থানের C Dর সঙ্গে করা গেল এবং তাহার নিয়ম এই যে উক্ত A B অদ্য সম্পূর্ণ এতবয়স্ক উক্ত A Bর পুত্র কি কন্যাকে (অথবা A B ও E Fর পরস্পর অন্য যে কুটুম্বতা থাকে তাহা এই স্থানে লিখিতে হইবেক) এই তারিখঅবধি এত বৎসরপর্য্যন্ত (কন্যা হইলে কিম্বা যদি ইহার মধ্যে বিবাহ হয় তবে বিবাহের সময়পর্য্যন্ত এই কথাও লিখিতে হইবেক) উক্ত C Dর সঙ্গে বাস করিতে ও তাহার নিকটে আপ্রেণ্টিসস্বরূপ খাটিতে বদ্ধ করিলেন। এ সমুদয় মিয়াদপর্য্যন্ত ঐ আপ্রেণ্টিস আপনার বুদ্ধিসাধ্যপর্য্যন্ত সকল উপযুক্ত কার্য্যে রীতিমত ও বিশ্বস্তরূপে ঐ C Dর সেবা করিবেক এবং উক্ত C D ও তাহার পরিবারের প্রতি সকল বিষয়ে অতিসরলতা ও বিহিতমতে ও আজ্ঞাধীনরূপে আচার ব্যবহার করিবেক। এবং উক্ত C Dকে (উক্ত A B এত টাকার যে পুরস্কার দিয়াছে সেই পুরস্কার উক্ত C D পাইয়াছেন এই তফসীলের দ্বারা স্বীকার করেন সেই পুরস্কারের জন্যে এবং)* উক্ত E F বিশ্বস্তরূপে যে সেবা করিবেক তাহার জন্যে উক্ত C D আপনি ও তাহার একসেকিউটর ও আডমিনিষ্ট্রেটর উক্ত A Bর সঙ্গে ও তাহার একসেকিউটর ও আডমিনিষ্ট্রেটরের সঙ্গে এই একরার ও বন্দোবস্ত করিতে-

* যদি পুরস্কার না দেওয়া যায় তবে ( ) এই চিহ্নের মধ্যের কথা লিখিতে হইবেক না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ১১ সেপ্টেম্বর।]

and agree with the said A B, his (or her) Executors and Administrators that he (or she) will teach or cause to be taught to the said E F, in the best way and manner that he (or she) can, the Trade (Craft or Employment) of a during the said term, and will also, during the said term, find and allow unto the said Apprentice good, wholesome and sufficient food, clothes, lodging, washing, and all other thing necessary, fit and reasonable for an Apprentice (and further, *here insert any special Covenants*)

In witness whereof the parties have hereunto set their hands and seals, the day and year above written

SCHEDULE B

FORM OF ORDER OF ASSIGNMENT

(To be endorsed on the agreement)

Be it known to all men that on the day of in the year personally appeared before G H, Magistrate of C D, of with E F, his (or her) Apprentice, and J K, of and desired that the agreement of Apprenticeship, whereby the said E F, was bound to the said C D, might be assigned and made over to the said J K, and the said G H, having satisfied himself, by personal examination of the said E F, and by other lawful ways and means, that such assignment is for the benefit of the said E F, and is made with the consent of (the said E. F, and of) all persons whose consent thereunto by law is required, doth allow such assignment and the Contract of Apprenticeship whereby the said E F, was on the day of in the year bound to the said C D, as an Apprentice to learn the Trade (Craft or Employment) of a shall henceforth endure, unto the end of the said term, as if the said J K had been originally party to the said deed, and had executed the same, in the place and stead of the said C D, and shall be bound, for himself (or herself) his (or her) Executors or Administrators, to fulfil the covenants by the said C D, to be performed, and the said E F shall henceforth be bound unto the said J K, in like manner as he (or she) was by the said agreement bound unto the said C D

If E F is not above the age of fourteen years, the words between brackets may be omitted

C D E F J K

In witness whereof the said C D, E F, and J K, have hereunto set their hands before me the day and year above written

G H, *Magistrate*

[*Government Gazette*, 11*th September*, 1849]

ছেন যে তিনি উক্ত E Fকে ঐ মিয়াদপর্য্যন্ত অমুক কর্ম্ম ও কার্য্য ও ব্যবসা সর্ব্বাপেক্ষা উত্তমমতে শিখাইবেন বা অন্যের দ্বারা তাহাকে শিখাইবেন। এবং আরো ঐ সময়পর্য্যন্ত ঐ আপ্রেণ্টিসকে উত্তম ও স্বাস্থ্যজনক ও প্রচুর আহার ও পোশাক ও বাসস্থান ও ধোবার খরচ এবং আপ্রেণ্টিসের জন্যে অন্য যে সকল বিষয় আবশ্যক ও ওয়াজিবী হয় তাহা তাহাকে দিবেন (এবং যদি কোন বিশেষ নিয়ম হয় তাহা এইখানে লিখিতে হইবেক।)

ইহার সাক্ষ্যস্বরূপ উক্ত ব্যক্তিরা ইহার মধ্যে লিখিত বৎসর ও তারিখে এই বন্দোবস্তপত্রে দস্তখৎ ও মোহর করিলেন।

B চিহ্নিত তফসীল।

অর্পণ করণের হুকুমের পাঠ।

(আসল বন্দোবস্তপত্রের পৃষ্ঠে লিখিতে হইবেক।)

LV The Judges may make orders concerning the time or times, and by what instalments, any debt or damages or costs, for which judgment shall be obtained in the said Court, shall be paid, and all such monies shall be paid into Court, unless the Judges shall otherwise order

৫৫ ধারা। যে কোন কর্জ বা ক্ষতি অথবা খরচার বিষয়ের উক্ত আদালতে ডিক্রী হয় সেই কর্জপ্রভৃতি যে সময়ে বা যে সকলসময়ে এবং যে কিস্তিবন্দীক্রমে দেওয়া যাইবেক তাহার বিষয়ে জজ সাহেবেরা হুকুম করিতে পারেন। এবং জজ সাহেবেরা অন্য প্রকার হুকুম না দিলে সেই সকল টাকা আদালতে দাখিল করা যাইবেক ইতি।

LVI If there be cross judgments between the parties, execution shall be taken out by that party only, who shall have obtained judgment for the larger sum, and for so much only as shall remain after deducting the smaller sum, and satisfaction for the remainder shall be entered, as well as satisfaction on the judgment for the smaller sum, and, if both sums shall be equal, satisfaction shall be entered upon both judgments

৫৬ ধারা। যদি বাদিপ্রতিবাদির মধ্যে পরস্পর বিরুদ্ধ ডিক্রী হয় তবে যে ব্যক্তির পক্ষে অধিক টাকার ডিক্রী হইয়াছে কেবল সেই ব্যক্তির পক্ষে ডিক্রী জারী হইবেক এবং অল্পসংখ্যক ডিক্রীর টাকা বাদ দিয়া যত টাকা বাকী থাকে কেবল তাহার জন্যে ডিক্রী জারী হইবেক। এবং অবশিষ্ট টাকা পরিশোধের বিষয়ে এবং অল্পসংখ্যক টাকার ডিক্রীর পরিশোধের বিষয়ের নিদর্শন বহীর মধ্যে লেখা যাইবেক এবং যদি উভয় ডিক্রীর টাকা তুল্য হয় তবে উভয় ডিক্রীর টাকা পরিশোধ হইয়াছে লেখা যাইবেক ইতি।

LVII Whenever the Court shall have made an order for the payment of money, the amount shall be recoverable, in case of default or failure of payment thereof forthwith, or at the time or times and in the manner directed, by execution against the body or the goods and chattels of the person against whom such order is made without further notice or order, and the Clerk of the said Court, at the request of the person prosecuting such order, shall issue under the seal of the Court a writ of execution to one of the Bailiffs of the Court, which shall be his warrant to take the body of such person in execution, or to levy, or cause to

৫৭ ধারা। আদালত কোন টাকা দেওনের বিষয়ের হুকুম করিলে যদি সেই টাকা তৎক্ষণাৎ অথবা নির্দ্দিষ্ট সময়ে বা সময়সকলে দেওয়া না যায় তবে যে ব্যক্তির প্রতিকূলে সেই হুকুম হইয়াছে অন্য কোন এত্তেলা বা হুকুম বিনা সেই হুকুম জারীক্রমে সেই ব্যক্তি কয়েদ হইবেক অথবা তাহার সম্পত্তি কি জিনিসপত্র জব্দ হইবেক। এবং যে ব্যক্তির পক্ষে ডিক্রী হইল তাহার দরখাস্তক্রমে উক্ত আদালতের ক্লার্ক সাহেব ঐ আদালতের মোহরকরা ডিক্রী জারীর এক রিট ঐ আদালতের কোন এক জন বেইলিফকে দিবেন এবং ঐ রিটের ক্ষমতাক্রমে ঐ বেইলিফ ঐ ব্যক্তিকে কয়েদ করিবেক অথবা যে টাকা দিবার হুকুম হয় তাহা এবং ডিক্রীজারীর খরচা সেই ব্যক্তির যে কোন জিনিস ও সম্পত্তি আদালতের এলা-

be levied, by distress and sale of the goods and chattels of such person such sum of money as shall be so ordered, wheresoever they may be found within the district of the Court, and also the costs of the execution, and all Constables and other Peace Officers within their several jurisdictions shall aid in the execution of every such writ

LVIII If the Court shall have made any order for payment of any sum of money by instalments, execution upon such order shall not issue until after default in payment of some instalment according to such order, and execution or successive executions may then issue without further notice or order for the whole of the said sum of money and costs then remaining unpaid, or for such portion thereof as the Court shall order, either at the time of making the original order, or at any subsequent time, under the seal of the Court

LIX Whenever any warrant shall issue for taking in execution the body of any person under this Act, the Bailiffs of the Court shall be empowered, by virtue thereof, to take and convey him to any prison, appointed by the Governor in Council to be the prison of the Court, there to remain for such term as shall be directed by the warrant, not longer than six calendar months, or until he shall sooner perform the order of the Court

LX No person shall be imprisoned twice under the same judgment, nor shall execution against the body and goods issue at the same time under the same judgment

LXI Every person suing out a warrant of execution against the body of any other person under this Act shall deposit with the Clerk of the Court, at the time of the issue of the warrant, diet money for one week, after the rate of one anna and a half for each day, which shall be paid by the Clerk to the keeper of the prison at the time of the execution of the warrant

LXII Notice of the execution of every such warrant shall be forthwith given to the person at whose suit it issued, who shall thereupon deposit with the keeper of the prison, diet money for the remainder of the month in which the warrant is executed, after the same daily rate, and shall continue thereafter to deposit monthly with the said keeper, in advance, diet money at the same daily rate, for each month which the debtor is liable to be kept in prison at his suit

LXIII. The diet money shall be employed for the subsistence of the prisoner, and if, by default of the detaining creditor, such diet money is not paid, the prisoner shall be entitled to his discharge by order of the Court

LXIV All diet money, which shall be spent in providing subsistence for any prisoner, shall be costs in the cause, and all diet money, which shall not be so spent, shall be repaid to the creditor advancing the same

[*Government Gazette, 13th November, 1849*]

শের মধ্যে পাওয়া যায় সেই জিনিস ও সম্পত্তি ক্রোক ও বিক্রয়ের দ্বারা উসুল করিবেক এবং সকল দারগন ও পোলীসের অন্যান্য আমলা আপনং এলাকার মধ্যে ঐ রিট জারী করণের সাহায্য করিবেক ইতি।

৫৮ ধারা। যদি ঐ আদালত কোন টাকা কিস্তিবন্দী করিয়া দিবার হুকুম করিয়া থাকেন তবে সেই হুকুমক্রমে কোন কিস্তির টাকা দেওনের ত্রুটি না হইলে ঐ হুকুমক্রমে জারীর কার্য্য হইবেক না। এবং তাহা হইলে আর কোন এত্তেলা অথবা হুকুম বিনা উক্ত যত টাকা ও খরচা সেই সময়ে বাকী থাকে সেই সমুদয়ের জন্যে অথবা তাহার যে অংশের বিষয়ে আদালত আদৌ হুকুম করণের সময়ে অথবা তাহার পর কোন সময়ে আদালতের মোহরক্রমে হুকুম করেন তাহার জন্যে একেবারে কিম্বা ক্রমেং জারীর কার্য্য হইতে পারে ইতি।

৫৯ ধারা। যখন এই আইনানুসারের ডিক্রী জারীক্রমে কোন ব্যক্তিকে কয়েদ করণের ওয়ারন্ট দেওয়া যায় তখন আদালতের বেইলিফ সেই ওয়ারন্টের ক্ষমতাক্রমে যে জেলখানা শ্রীযুত গবরনর সাহেব হুজুর কৌন্সেলে এই আদালতের জেলখানার ন্যায় নির্দ্দিষ্ট করেন সেই জেলখানায় সে ব্যক্তিকে লইয়া যাইবেক এবং ছয় কালেণ্ডর মাসের অনধিক যে মিয়াদ ঐ ওয়ারন্টের মধ্যে নির্দ্দিষ্ট থাকে সেই মিয়াদপর্য্যন্ত সেই ব্যক্তি সেইখানে থাকিবেক কিন্তু ছয় মাস অতীত হওনের পূর্ব্বে যদি আসামী আদালতের হুকুম প্রতিপালন করে তবে খালাস হইবেক ইতি।

৬০ ধারা। কোন ব্যক্তি একি ডিক্রীর জন্যে দুইবার কয়েদ হইবেক না এবং একি ডিক্রীক্রমে একি সময়ে ডিক্রী জারী করণার্থে আসামীকে কয়েদ করিতে এবং তাহার জিনিস জব্দ করিতে হুকুম হইবেক না ইতি।

৬১ ধারা। যে কোন ব্যক্তি এই আইনানুসারের ডিক্রী জারীক্রমে কোন ব্যক্তিকে কয়েদ করণের ওয়ারন্টের দরখাস্ত করে সেই ব্যক্তি ঐ ওয়ারন্ট দেওনের সময়ে দিনপ্রতি দেড় আনার হিসাবে এক সপ্তাহের খোরাকী আদালতের ক্লার্ক সাহেবের নিকটে আমানৎ করিবেক এবং ক্লার্ক সাহেব ওয়ারন্ট জারীর সময়ে ঐ টাকা জেলখানার অধ্যক্ষকে দিবেন ইতি।

৬২ ধারা। যে ব্যক্তির নালিশক্রমে ওয়ারন্ট জারির হইয়াছে তাহাকে এইরূপ প্রত্যেক ওয়ারন্ট জারী হওনের এত্তেলা অগৌণে দেওয়া যাইবেক এবং তাহাতে সেই ব্যক্তি যে মাসে ওয়ারন্ট জারী হইল সেই মাসের অবশিষ্ট কালের খোরাকী সেইরূপ দৈনিক নিরিখক্রমে জেলখানার অধ্যক্ষের হাতে আমানৎ করিবেক এবং তৎপরে সেইরূপে যে প্রত্যেক মাস খাতক তাহার মোকদ্দমায় কারাবদ্ধ থাকিবার যোগ্য হয় সেই মাসের জন্যে মাসেং আগাম খোরাকী সেইরূপ দৈনিক নিরিখে আমানৎ করিবেক ইতি।

৬৩ ধারা। ঐ খোরাকী আসামীর আহারাদিতে ব্যয় হইবেক এবং যে মহাজন তাহাকে কয়েদ রাখিয়াছে সেই মহাজন যদি খোরাকী দিতে ত্রুটি করে তবে আসামী আদালতের হুকুমক্রমে খালাস হইবার যোগ্য হইবেক ইতি।

৬৪ ধারা। যত খোরাকী টাকা আসামীর আহারাদিতে ব্যয় হয় তাহা মোকদ্দমার খরচার ন্যায় জ্ঞান হইবেক এবং যে সকল খোরাকী টাকা এইরূপে ব্যয় না হয় তাহা ঐ টাকাদেওনিয়া মহাজনকে ফিরিয়া দেওয়া যাইবেক ইতি।

LXV Whenever any prisoner shall offer good and reasonable security for payment of any debt or damage and costs, either in full or by instalments as the Court shall think reasonable, the Court may order him to be discharged on giving such security

LXVI Upon payment of the debt or damage and costs in full, the prisoner shall be entitled to be forthwith discharged

LXVII If the debt or damage and costs are not paid, the imprisonment shall not extinguish the liability to pay the same, but all property then belonging to or afterwards acquired by the prisoner shall be liable to be taken in execution after his discharge from prison for satisfaction thereof, or of so much thereof as is not paid, including the diet money actually expended for subsistence of the prisoner

LXVIII Every Bailiff executing any process of execution issuing out of the said Court against the goods of any person, may, by virtue thereof, seize and take any of the goods of such person, (excepting the necessary wearing apparel and bedding of such person or his family, and the tools and implements of his trade,) and may also seize and take any money or Bank-notes, and any cheques, bills of exchange, promissory notes, bonds, specialties or securities for money belonging to any such person against whom any execution shall have issued as aforesaid

LXIX The Bailiff shall forthwith deliver any cheques, bills of exchange, promissory notes, bonds, specialties, or other securities for money, which shall have been so seized or taken as aforesaid, to the Clerk or other person appointed by the Judges to receive the same, who shall hold them as a security or securities for the amount directed to be levied by such execution, or so much thereof as shall not have been otherwise levied or raised for the benefit of the plaintiff, and the plaintiff may sue in the name of the defendant, or in the name of any person in whose name the defendant might have sued, for the recovery of the sum or sums secured, or made payable thereby, when the time of payment thereof shall have arrived

LXX If it shall, at any time, appear to the satisfaction of the Court that any defendant is unable, from sickness or other sufficient cause, to pay and discharge the debt or damages recovered against him, or any instalment thereof ordered to be paid as aforesaid, the Judges, in their discretion, may suspend or stay any judgment, order or execution given, made or issued in such action, for such time and on such terms as they shall think fit, and so, from time to time, until it shall appear by the like proof as aforesaid that such temporary cause of disability has ceased.

LXXI No sale of any goods, which shall be

৬৫ ধারা। যখন কোন আসামী কোন কর্জ্জ বা ক্ষতির টাকা এবং খরচা একেবারে অথবা যে কিস্তিবন্দী আদালত ওয়াজিবী বোধ করেন সেই কিস্তিবন্দীক্রমে দিবার উত্তম ও মাতবর জামিন দিতে প্রস্তাব করে তখন সেই জামিন দেওয়া গেলে আদালত তাহাকে খালাস করিবার হুকুম দিতে পারেন ইতি।

৬৬ ধারা। কর্জ্জ বা ক্ষতিপূরণের টাকা এবং খরচা সম্পূর্ণরূপে দেওয়া গেলে আসামী তৎক্ষণাৎ খালাস হইবেক ইতি।

৬৭ ধারা। যদি কর্জ্জ বা ক্ষতিপূরণের টাকা এবং খরচা না দেওয়া যায় তবে আসামীর কয়েদ হওনেতে সেই কর্জ্জপ্রভৃতি দেওনের দায়হইতে সেই ব্যক্তি মুক্ত হয় না। কিন্তু আসামীর তৎসময়ে যে সম্পত্তি থাকে অথবা তাহার পর যে সম্পত্তি প্রাপ্ত হয় তাহা তাহার জেলখানাহইতে মুক্ত হওনের পর তাহার কর্জ্জ অথবা সেই কর্জ্জের যে অংশ পরিশোধ না হইয়াছে তাহা পরিশোধ করণার্থে জব্দ হওনের যোগ্য হইবেক এবং আসামীর আহারাদিতে যে খোরাকী টাকা নিতান্ত খরচ হইয়াছিল তাহাও তাহার দিতে হইবেক ইতি।

৬৮ ধারা। যে বেইলিফ উক্ত আদালতের ডিক্রী জারীর পরওয়ানা কোন ব্যক্তির সম্পত্তির প্রতি জারী করে সেই বেইলিফ ঐ পরওয়ানার ক্ষমতাক্রমে (সেই ব্যক্তির বা তাহার পরিবারের আবশ্যক কাপড়চোপড় ও বিছানা ও তাহার ব্যবসায়ের হাতিয়ার ও সরঞ্জাম ছাড়া) সেই ব্যক্তির কোন জিনিস ক্রোক ও জব্দ করিতে পারে এবং যাহার প্রতিকূলে এইরূপ ডিক্রী জারী হইয়াছে সেই ব্যক্তির কোন নগদ টাকা বা ব্যাঙ্ক নোট এবং কোন চেক কি হুণ্ডী বা প্রোমিসরি নোট কি খৎ কি টাকার নিদর্শন কি জামিনীনামা ক্রোক ও জব্দ করিতে পারে ইতি।

৬৯ ধারা। পূর্ব্বোক্তমতে যে কোন চেক বা হুণ্ডী কি প্রোমিসরি নোট বা খৎ অথবা টাকার কোন প্রকার নিদর্শন বা জামিনীনামা ঐ বেইলিফ সেইরূপ ক্রোক করিতে কিম্বা লইতে পারে তাহা বেইলিফ ক্লার্ক সাহেবকে অথবা অন্য যে ব্যক্তিকে তাহা লইতে জজ সাহেবেরা নিযুক্ত করেন তাঁহাকে দিবেক। এবং ঐ ডিক্রী জারীক্রমে যে টাকা আদায় হইবার হুকুম হইয়াছিল তাহা অথবা তাহার যে ভাগ অন্য প্রকারে আদায় বা উসুল না হইয়াছিল সেই ভাগের বাবৎ ঐ ব্যক্তি তাহা ফরিয়াদীর উপকারার্থে জামিন বা জামিনসকলস্বরূপ আপন হাতে রাখিবেক। এবং যে টাকা বা টাকাসকল ঐ চেকপ্রভৃতির দ্বারা ধার্য্য হইল অথবা দেয় হইল সেই টাকা পাইবার সময় আইলে ঐ ফরিয়াদী আসামীর পরিবর্ত্তে অথবা যে কোন ব্যক্তির পরিবর্ত্তে আসামী নালিশ করিতে পারিত সেই ব্যক্তির পরিবর্ত্তে নালিশ করিতে পারে ইতি।

৭০ ধারা। যদি কোন সময়ে আদালতের এইমত হৃদ্বোধ হয় যে যে কর্জ্জ অথবা ক্ষতিপূরণের টাকা আসামীর স্থানে উসুল করিতে হইবেক অথবা তাহার যে কিস্তি পূর্ব্বোক্তমতে দিবার হুকুম হইয়াছে তাহা সেই আসামী পীড়া বা অন্য কোন মাতবর কারণপ্রযুক্ত দিতে ও পরিশোধ করিতে পারেনা তবে ঐ জজ সাহেবেরা আপনারদের বিবেচনাক্রমে ঐ মোকদ্দমার যে কোন ডিক্রী বা হুকুম কি ডিক্রী জারীর হুকুম হইয়াছিল তাহা যে নিয়মে তাঁহারা উচিত বোধ করেন সেই নিয়মক্রমে কিছু কালের জন্যে মৌকুফ অথবা স্থগিত করিতে পারেন। এবং সেইরূপে সময়ক্রমে যাবৎ ঐ প্রকার প্রমাণের দ্বারা দৃষ্ট না হয় যে আসামীর টাকা দেওনের ঐ কিছু কালের অক্ষমতার কারণ নিবৃত্ত হইয়াছে তাবৎ হুকুম জারী স্থগিত করিতে পারেন ইতি।

৭১ ধারা। পূর্ব্বোক্তমতে ডিক্রী জারীক্রমে জিনিস

taken in execution as aforesaid shall be made, until after the end of five days at least next following the day on which such goods have been so taken, unless such goods be of a perishable nature, or upon the request, in writing, of the party whose goods have been taken

LXXII. Until such sale, the goods shall be deposited by the Bailiff by whom they were taken in some fit place, or they may remain in the custody of a fit person approved by the Judges to be put in possession by the Bailiff

LXXIII The Judges, from time to time, as they shall think proper, may appoint such and so many persons for keeping possession, and so many of their Bailiffs or other fit persons to be sworn brokers and appraisers for the purpose of selling or valuing any goods, chattels or effects taken in execution under this Act, as shall appear to them to be necessary, and may direct security to be taken from each of them, for such sum and in such manner as they shall think fit, for the faithful performance of their duties, without injury or oppression, and the Judges may dismiss any person, broker or appraiser so appointed

LXXIV No goods taken in execution under this Act shall be sold for the purpose of satisfying the warrant of execution, except by one of the brokers or appraisers so appointed

LXXV The costs to be demanded or taken for such appraisement, and sale shall be one anna in the rupee on the produce of the goods sold, and the Judges may apply the sum so raised as costs towards payment of the contingent charges and remuneration of the said brokers and appraisers, in such manner as shall be approved by the Governor in Council

LXXVI The Clerk of the Court shall keep an account of all sums received upon such sales, distinguishing the amount paid to the party entitled to the benefit of the execution, and the amount levied and retained as costs, and also of all sums allowed to the brokers and appraisers upon such sales

LXXVII Whenever any defendant against whom judgment shall have been given in the Court of Small Causes, shall go before execution thereof out of the jurisdiction of the Court, the Judge of any Zillah or Town where he shall be found, upon receiving from the plaintiff either in person or by vakeel, an application in writing setting forth these facts, with a duly authenticated copy of the judgment of the Court, shall execute the said judgment in the manner prescribed by law for execution of his own decrees, unless the defendant shall allege any reasonable cause, why the judgment should not be executed, and shall give security to such amount as the Judge of such Zillah or Town shall deem reasonable, that he will, within such time as shall be allowed him for that purpose, either satisfy the judgment, or produce a

ক্রোক হইলে সেই জিনিস যদি নাশ্য না হয় অথবা যাহার জিনিস ক্রোক হইয়াছে তাহার লিখিত দরখাস্ত দাখিল না হয় তবে যে দিবসে ঐ জিনিস ক্রোক হইল তাহার পর পাঁচ দিবস অতীত না হইলে তাহা বিক্রয় হইবেক না ইতি।

৭২ ধারা। নীলাম না হওনপর্য্যন্ত যে বেইলিফের দ্বারা তাহা ক্রোক হইল সেই বেইলিফ তাহা কোন উপযুক্ত স্থানে ন্যস্ত করিবেক অথবা যে কোন উপযুক্ত ব্যক্তির বিষয়ে জজ সাহেবেরদের সম্মতি আছে সেই ব্যক্তির জিম্মায় ঐ জিনিস বেইলিফ রাখিবেক ইতি।

৭৩ ধারা। জজ সাহেবেরা সময়ক্রমে যে২ ব্যক্তি এবং যত ব্যক্তিকে উচিত বোধ করেন সেই২ ব্যক্তিকে এবং তত ব্যক্তিকে জিনিস রাখিবার জন্যে নিযুক্ত করিতে পারেন এবং এই আইনানুসারের ডিক্রী জারীক্রমে যে সকল জিনিসপত্র অথবা সম্পত্তি ক্রোক হয় তাহা বিক্রয় বা যাচাই করণার্থে তাঁহারদের বেইলিফের যত জন অথবা অন্য উপযুক্ত যত ব্যক্তির আবশ্যক বোধ হয় তত ব্যক্তিকে শপথ করাইয়া দালালী এবং যাচনদারী কর্ম্মে নিযুক্ত করিতে পারেন এবং ক্ষতি অথবা অত্যাচার না করিয়া তাহারদের কার্য্য বিশ্বস্তরূপে নির্ব্বাহ করণার্থে যত টাকার ও যে প্রকার জামিন লওয়া তাঁহারদের উচিত বোধ হয় তত টাকার ও সেই প্রকারে প্রত্যেক জনের স্থানে জামিন লইতে হুকুম দিতে পারেন এবং এইরূপ নিযুক্ত কোন দালাল কি যাচনদারকে জজ সাহেবেরা তগীর করিতে পারেন ইতি।

৭৪ ধারা। এই আইনানুসারে যে জিনিস ডিক্রী জারীক্রমে ক্রোক হয় তাহা ডিক্রী জারীর পরওয়ানাক্রমে কেবল উক্তমতে নিযুক্ত দালাল অথবা যাচনদারের দ্বারা নীলাম হইবেক ইতি।

৭৫ ধারা। ঐ যাচাই ও বিক্রয়ের খরচাস্বরূপ বিক্রয়হওয়া জিনিসের উৎপন্নের টাকা প্রতি এক আনা করিয়া দাওয়া হইবেক ও লওয়া যাইবেক। এবং যেরূপে শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে সম্মতি করেন সেইরূপে জজ সাহেবেরা এইরূপে প্রাপ্ত টাকা লইয়া উক্ত দালাল ও যাচনদারেরদের উপরি খরচ এবং মেহনতানায় ব্যয় করিতে পারেন ইতি।

৭৬ ধারা। ঐ নীলামের দ্বারা যে সকল টাকা পাওয়া যায় আদালতের ক্লার্ক সাহেব তাহার হিসাব রাখিবেন এবং যাহার পক্ষে ডিক্রী জারী হয় সেই ব্যক্তিকে যত টাকা দেওয়া যায় এবং খরচা বলিয়া যত টাকা আদায় হয় ও হাতে রাখা যায় এবং নীলাম করণের জন্যে দালাল ও যাচনদারেরদিগকে যত টাকা দেওয়া যায় তাহার স্বতন্ত্র২ হিসাব রাখিবেন ইতি।

৭৭ ধারা। যে আসামীর বিরুদ্ধে অল্প মূল্যের মোকদ্দমার আদালতে ডিক্রী হয় সেই আসামী যদি তাহা জারী হওনের পূর্ব্বে ঐ আদালতের এলাকার বাহিরে যায় তবে যে জিলা অথবা শহরে ঐ ব্যক্তিকে পাওয়া যায় তাহার জজ সাহেবকে যদি ফারয়াদী অথবা তাহার উকীল এই বৃত্তান্তজ্ঞাপক এক লিখিত দরখাস্ত দেয় এবং তাহার সঙ্গে আদালতের ডিক্রীর রীতিমত দস্তখৎকরা এক নকল দাখিল করে তবে ঐ জজ সাহেবের আপনার ডিক্রী যেরূপে জারী করিতে আইনে হুকুম আছে সেইরূপে ঐ ডিক্রী জারী করিবেন। কিন্তু যদি আসামী ঐ ডিক্রী জারী না করণের কোন মাতবর কারণ দর্শায় এবং ঐ জিলা বা শহরের জজ সাহেব যত টাকার জামিন উচিত বোধ করেন তত টাকার জামিন এই মজমুনে দেয় যে ঐ ব্যক্তি নিরূপিত মিয়াদের মধ্যে হয় ডিক্রীর টাকা পরিশোধ করিবেক নতুবা আপনারদের সাবেক ডিক্রী রহিত করিতে অল্প মূল্যের মোকদ্দমার আদালতের জজ সাহেবেরদের হুকুমের এক রীতিমত দস্তখৎহওয়া

duly authenticated copy of an order of the Judges of the Court of Small Causes, discharging their former judgment

নকল দাখিল করিবেক তবে সেই ডিক্রী জারী হইবেক না ইতি।

LXXVIII No judgment or execution shall be stayed, delayed or reversed upon or by any writ of error or *supersedeas* thereon, to be sued for the reversing of any judgment given in any Court holden under the provisions of this Act, unless the amount recovered exceeds One Hundred Rupees, and then only after the person suing out such writ shall become bound with two sufficient sureties to be approved by the Clerk of the Court, in treble the sum adjudged to be recovered in the former judgment, to prosecute the said writ with effect, and also to satisfy and pay, (if the writ be not prosecuted, or if the judgment be affirmed), the debt or damages and costs adjudged, and all costs and damages to be awarded for the delay of execution

৭৮ ধারা। যদি প্রাপ্ত টাকা একশত টাকার অধিক না হয় তবে এই আইনের বিধিক্রমের স্থাপিত কোন আদালতে করা কোন ডিক্রী অন্যথা করণার্থে যে কোন "রিট অফ এরর" অথবা "সুপরসিডিয়সের" রিটের দরখাস্ত হয় তৎক্রমে অথবা তাহার দ্বারা কোন ডিক্রী অথবা ডিক্রী জারী স্থগিত বা বিলম্ব কিম্বা অন্যথা করা যাইবেক না। এবং এক শত টাকার অধিক হইলেও যে ব্যক্তি সেই প্রকার রিট অর্থাৎ পরওয়ানার দরখাস্ত করে সেই ব্যক্তি যদি সাবেক ডিক্রীর দ্বারা যে টাকা দেওনের হুকুম হইয়াছিল তাহার তিনগুণ টাকার আদালতের ক্লার্ক সাহেবের অনুমতিহওয়া দুই মাতবর জামিন এই মজমুনে না দেয় যে আমি উক্ত রিটক্রমে শেষপর্য্যন্ত মোকদ্দমা চালাইব এবং সেই রিটের অনুসারে মোকদ্দমা না হইলে অথবা সাবেক ডিক্রী বহাল হইলে যে কর্জ্জ অথবা ক্ষতিপূরণের টাকা এবং খরচার ডিক্রী হইয়াছিল তাহা পরিশোধ করিব এবং দিব এবং ডিক্রী জারীর বিলম্বের বিষয়ে যে সকল ক্ষতি ও খরচা নির্দ্দিষ্ট হয় তাহা দিব তবে পূর্ব্বোক্ত রিটের দ্বারা কোন ডিক্রীজারী স্থগিত-প্রভৃতি হইবেক না ইতি।

LXXIX Upon every warrant of execution issued against the goods and chattels of any person, the Clerk of the Court shall cause to be stated the sum of money and costs adjudged with the sum paid for such warrant, and if the party against whom such execution shall be issued shall, before an actual sale of the goods and chattels, pay or cause to be paid or tendered unto the Clerk of the Court, or to the Bailiff holding the warrant of execution such sum of money and costs, as aforesaid, or such part thereof as the person entitled thereto shall agree to accept in full of his debt or damages and costs, together with the fees herein directed to be paid, the execution shall be superseded, and the goods and chattels of the said party shall be discharged and set at liberty

৭৯ ধারা। কোন ব্যক্তির জিনিস ও সম্পত্তি ক্রোক করণার্থ ডিক্রী জারীর ওয়ারণ্ট হইলে আদালতের ক্লার্ক সাহেব যত টাকা ও খরচার ডিক্রী হইয়াছিল তাহা এবং সেই ওয়রণ্টের খরচা সেই ওয়ারণ্টে লিখিবেন। এবং যে ব্যক্তির বিরুদ্ধে ডিক্রী জারী হয় সেই ব্যক্তি যদি দ্রব্য ও সম্পত্তির প্রকৃতপ্রস্তাব নীলাম হওনের পূর্ব্বে পূর্ব্বোক্ত-মত টাকা ও খরচা অথবা তাহার যে অংশ ঐ টাকাপাওনিয়া ব্যক্তি আপন কর্জ্জ বা ক্ষতিপূরণের টাকা এবং খরচার সম্পূর্ণরূপে পরিশোধার্থে লইতে স্বীকার করে তাহা ও যে রসুম দিবার হুকুম এই আইনে আছে তাহা ঐ আদালতের ক্লার্ক সাহেবকে অথবা যে বেইলিফের হাতে ডিক্রী জারীর ওয়ারণ্ট থাকে তাহাকে দেয় অথবা দেওয়ায় কি দিতে প্রস্তাব করে তবে ঐ ডিক্রী জারী নিবৃত্ত হইবেক এবং ঐ ব্যক্তির দ্রব্য ও সম্পত্তি খালাস ও মুক্ত হইবেক ইতি।

LXXX The Clerk of every Court holden under this Act shall cause a record of all summonses, and of all orders, and of all judgments and executions, and returns thereto, and of all fines, and of all other proceedings of the Court, to be fairly entered, from time to time, in a book or books belonging to the Court, which shall be kept at the Office of the Court, and shall be duly authenticated by one or more of the Judges, and such entries in the said book or books or a copy thereof bearing the seal of the Court, and purporting to be signed and certified as a true copy by the Clerk of the Court, shall be admitted in all Courts and places as evidence of such entries, and of the proceeding referred to by such entry or entries, and of the regularity of such proceeding, without any further proof

৮০ ধারা। এই আইনানুসারের স্থাপিত প্রত্যেক আদালতের ক্লার্ক সাহেব সকল সমনের ও সকল হুকুমের ও সকল ডিক্রীর ও ডিক্রী জারীর ও তাহার ওয়াপোস ও সকল জরীমানা ও আদালতের অন্য সকল কার্য্যের নিদর্শন সময়ক্রমে আদালতের এক কি ততোধিক বহীর মধ্যে সপষ্টাক্ষরে লেখাইবেন এবং সেই বহী ঐ আদালতের দফতরে রাখা যাইবেক। এবং এক কি ততোধিক জন জজ সাহেব তাহাতে দস্তখৎ করিবেন এবং ঐ এক কি ততোধিক বহীর মধ্যে যে সকল লিপি থাকে তাহা অথবা আদালতের মোহরকরা তাহার যে এক নকল ঐ আদালতের ক্লার্ক সাহেব যথার্থ নকল বলিয়া সহী ও নির্দ্দিষ্ট করেন তাহা সকল আদালতে ও স্থানে ঐ প্রকার লিপির প্রমাণ এবং ঐপ্রকার লিপি বা লিপিসকলে যে কার্য্যের বিষয় লেখা আছে তাহার প্রমাণ এবং ঐ কার্য্য দাঁড়ামত হওনের প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবেক এবং তাহার বিষয়ে অন্য কোন প্রমাণের আবশ্যক হইবেক না ইতি।

LXXXI The Clerk of every such Court shall, in the month of *March*, in each year, make out a correct list of all sums of money belonging to suitors in the Court, which shall have been paid into Court, and which shall have remained unclaimed for five years before the first day of the month of *January* then last past, specifying the

৮১ ধারা। এইমত প্রত্যেক আদালতের ক্লার্ক সাহেব প্রত্যেক বৎসরের মার্চ মাসে আদালতের ফরিয়াদীরদের যে সকল টাকা আদালতে দাখিল করা গিয়াছে এবং তৎপূর্ব্বের জানুআরি মাসের প্রথম দিবসঅবধি পাঁচ বৎসরপর্য্যন্ত দাওয়া হয় নাই তাহার এক যথার্থ ফিরিস্তি প্রস্তুত করিবেন এবং যেং ব্যক্তির জন্যে বা নিমিত্তে ঐ টাকা ঐরূপে আদালতে দাখিল করা গিয়া০

names of the parties for whom or on whose account the same were so paid into Court, and a copy of such list shall be put up and remain during Court hours in some conspicuous part of the Court house, and at all times in the Clerk's Office, and all sums of money which shall have been paid into any such Court, to the use of any suitor or suitors thereof, and which shall have remained unclaimed for the period of six years before the passing of this Act, and which are now in the hands of any Commissioner or Officer of such Court, or otherwise held in trust for such suitors, and all further sums of money, which shall hereafter be paid into such Court to the use of any suitor or suitors thereof, shall, if unclaimed for the period of six years after the same shall have been so paid into Court, be applicable as part of the fees receivable on account of the Court, and shall be carried to the same account, and no person shall be entitled to claim any sum which shall have remained unclaimed for six years, but no time during which the person entitled to claim such sum shall have been an infant or married woman or of unsound mind, or out of the Territories under the Government of the East India Company, shall be taken into account in estimating the said period of six years

[To be continued next week]

REPORT OF A SUMMARY CASE DETERMINED BY THE COURT OF SUDDER DEWANNY ADAWLUT

The 29th October, 1849

An appeal does not lie against an order of acquittal of parties, charged with resistance of process

Mr George Lamb,—Petitioner

The Petitioner was a decree holder The officer employed in executing the decree, reported that he was resisted in his duty The Judge, on enquiring, considered the charge of resistance of process not proved and, therefore, released the parties accused From the Judge's order, which was dated 25th April, 1849, the Petitioner appealed to the Sudder Dewanny Adawlut

By the Court, (Mr Jackson) " This appeal is " brought, not by the Peadah, or officer employed, " but by the decree holder It is obvious that he " was no party to the case of resistance of process, " and cannot be heard, in fact, as a case of resis- " tance of process is of a criminal nature, I consi- " der the principle of Section 4, Act 31 of 1841, " applicable to it, and that the accused, having " been acquitted, this Court has no power to in- " terfere " Petition rejected

ছিল তাহারদের নাম ঐ ফর্দে বিশেষরূপে লেখা থাকিবেক। এবং ঐ ফর্দের এক নকল আদালতের বৈঠকের সময়ে আদালত ঘরের সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে লট্‌কান যাইবেক ও থাকিবেক এবং সর্ব্বদা ঐ ক্লার্ক সাহেবের দপ্তরখানায় লট্‌কান থাকিবেক। এবং যে সকল টাকা কোন ফরিয়াদী বা ফরিয়াদীরদের জন্যে ঐ আদালতে দাখিল করা গিয়া থাকে এবং এই আইন জারী হওনের পূর্ব্বে ছয় বৎসরপর্য্যন্ত দাওয়া না হইয়া রহিয়াছে এবং এক্ষণে এইমত কোন আদালতের কমিসানর বা কর্ম্মকারকের হাতে আছে কি প্রকারান্তরে ঐ ফরিয়াদীরদের জন্য ধার্য্য আছে তাহা এবং আর যে সকল টাকা উত্তর কালে কোন ফরিয়াদী বা ফরিয়াদীরদের উপকারার্থে ঐ প্রকার আদালতে দাখিল করা যায় তাহা যদি আদালতে সেইরূপ দাখিল হওনের পর ছয় বৎসরপর্য্যন্ত দাওয়া না হইয়া থাকে তবে তাহা আদালতের জন্যে যে রসুম লওয়া যায় তাহার ন্যায় শোধ হইয়া বায় হইবেক এবং সেই হিসাবে জমা করা যাইবেক। এবং যে টাকা এইরূপে ছয় বৎসরপর্য্যন্ত বিনা দাওয়ায় আদালতে রহিয়াছে তাহার দাওয়া কোন ব্যক্তি করিতে পারিবেক না। কিন্তু যে ব্যক্তি ঐপ্রকার টাকার দাওয়া করিতে পারে সেই ব্যক্তি যত কাল নাবালগ ছিল কিম্বা বিবাহিতা স্ত্রী কি উন্মাদ ছিল কিম্বা কোম্পানি বাহাদুরের শাসিত দেশের বাহিরে ছিল তত কাল ঐ ছয় বৎসরের হিসাব করণেতে গণ্য হইবেক না ইতি।

[ইহার শেষ আগামিতে প্রকাশ হইবেক।]

সদর দেওয়ানী আদালতে নিষ্পন্ন হওয়া সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৪৯ সাল ২৯ অক্টোবর।

যাহারদের নামে পরওয়ানার বাধকতা করণের নালিশ হয় তাহারদের নির্দ্দোষি করণের হুকুমের উপর আপীল হইতে পারে না।

জর্জ লাম সাহেব। দরখাস্তকারী।

দরখাস্তকারী ডিক্রীদার ছিলেন। ডিক্রীজারী করিতে যে আমলা নিযুক্ত হইয়াছিল সে রিপোর্ট করিল যে আমার কর্ত্তব্য কার্য্যেতে প্রতিবন্ধকতা হইয়াছে। জজ সাহেব এই বিষয় তজবীজ করিয়া বোধ করিলেন যে পরওয়ানার প্রতিবন্ধকতা করণের প্রমাণ হয় নাই অতএব তিনি নালিশগ্রস্ত ব্যক্তিরদিগকে খালাস করিলেন। জজ সাহেবের ঐ হুকুম ১৮৪৯ সালের ২৫ আপ্রিল তারিখে হইল সেই হুকুমের উপর দরখাস্তকারী সদর আদালতে আপীল করিলেন।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত জাক্‌সন সাহেব কহিলেন যে " এই আপীল পেয়াদা কিম্বা পরওয়ানা " জারীর কর্ম্মে নিযুক্ত আমলা উপস্থিত করে নাই কিন্তু " ডিক্রীদার তাহা উপস্থিত করিয়াছেন। ঐ ডিক্রীদার পর- " ওয়ানার বাধকতার মোকদ্দমার কোন পক্ষ নহেন ইহা " স্পষ্ট দৃষ্ট হইতেছে অতএব তাঁহার কথা শুনা যাইতে " পারে না। আরো পরওয়ানার বাধকতা করণের কর্ম্ম " ফৌজদারী মোকদ্দমার বিষয় হওনাপ্রযুক্ত আমি বোধ " করি যে ১৮৪১ সালের ৩১ আইনের ৪ ধারার মূল নিয়ম " তদ্বিষয়ে খাটে এবং জজ সাহেব নালিশগ্রস্ত ব্যক্তিকে " নির্দ্দোষি করাতে এই আদালতের তাহাতে হস্তক্ষেপ " করণের ক্ষমতা নাই।" অতএব দরখাস্ত নামঞ্জুর হইল।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDER OF THE ACCOUNTANT GENERAL

No 754

To the Collectors of Land Revenue of Akyab, Bancoorah, Aeng, Gowalparah, Tipperah, Sandoway, Shahabad, Patna, Tirhoot, Ramree, Sylhet, Chittogong, Beerbhoom, Hazareebaugh, Cachar, Backergunge, Dacca, Dinagepore, Jessore, Hazareebaugh, Manbhoom Dn, Durrung, Hazareebaugh, Singbhoom Dn, Sarun, Purneah, Burdwan, Cuttack S D, Pooree, Hooghly, Furreedpore, Behar, Pubnah, Maldah, Kamroop, Bullooah, Moorshedabad, Midnapore, Mymensing, Bograh, Nuddea, Cuttack N D, Balasore, Bhaugulpore, Rajshahye, Rungpore, Cuttack C D, Nowgong, Jorehaut, Monghyr, Luckimpore, Lohardugga Dn, 24 Pergunnahs, Calcutta

In consequence of a communication from the Sudder Board of Revenue, I have the honor to request that you will discontinue transmitting to this Department in future, the Annual Explanatory arrangement of the Bukya Towjee Balances, and the Register of Balances due by Land Revenue Defaulters, and that in lieu of the former Return you will furnish me annually from 1849 50 with an Abstract Statement of Balances, drawn up in the accompanying form, for the purpose of adjustment

2 In consequence of the above arrangement, it will be necessary for you, to omit the column of "Balances transferred to the Defaulter's Register" from your Hal and Bukya Towjees, and Annual Jumma Wasil Bakee, and also to write back into your Bukya Towjee for the current quarter, all Bukya Balances appearing in your Defaulter's Register, transferring at the same time, the Hal Balances into the Hal Towjee

3 Should any balances due by defaulters have been recovered by you during the present year and credited in your Treasury Accounts since May last, under the head of "Remanent Balances," it will be necessary for you to transfer such items to the head of "Land Revenue," by a debit to "Remanent Balances"

W MAPLES,
Asst Acct to the Govt of Bengal

Fort William, Accountant's Office,
Revenue Dept, the 12th October, 1849

আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরকুলর অর্ডর।

৭৫৪ নম্বর।

আক্যাব ও বাঁকুড়া ও আয়েঙ্গ ও গোআলপাড়া ও ত্রিপুরা ও সান্দোয়ে ও শাহাবাদ ও পাটনা ও ত্রিহুত ও রামরি ও ছিলট ও চাটিগাঁ ও বীরভূম ও হাজারিবাগ ও কাছাড় ও বাকরগঞ্জ ও ঢাকা ও দিনাজপুর ও যশোহর ও হাজারীবাগে মানভূম এলাকা ও দরঙ্গ ও হাজারীবাগে সিংহভূম এলাকা ও সারণ ও পূরণিয়া ও বর্দ্ধমান ও দক্ষিণ কটক ও পুরী ও হুগলী ও ফরিদপুর ও বেহার ও পাবনা ও মালদহ ও কামরূপ ও ভুলুয়া ও মুরশিদাবাদ ও মেদিনীপুর ও ময়মনসিংহ ও বগুড়া ও নদীয়া ও উত্তর কটক ও বালেশ্বর ও ভাগলপুর ও রাজশাহী ও রঙ্গপুর ও মধ্যম কটক ও নওগাঁ ও যোড়হাট ও মুঙ্গের ও লক্ষ্মীপুর ও লোহারডগা এলাকা ও চব্বিশপরগনা ও কলিকাতার ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

সদর বোর্ড রেবিনিউর সাহেবেরদের স্থানে প্রাপ্ত পত্রানুসারে আপনাকে আদেশ করিতেছি যে বকেয়া তৌজীর বাকীর স্পষ্ট করণের বার্ষিক বিবরণ এবং ভূমির রাজস্বের বাকীদারেরদের স্থানে যে টাকা বাকী আছে তাহার রেজিষ্টর উত্তর কালে এই দপ্তরে আর না পাঠান যায় এবং সাবেক কৈফিয়তের পরিবর্ত্তে হিসাব মোকাবিলা করিবার জন্যে ১৮৪৯।৫০ সাল অবধি পশ্চাৎ লিখিত পাঠানুসারে প্রতিবৎসরে বাকী টাকার এক চুম্বক কৈফিয়ৎ পাঠাও।

২। উক্ত নিয়মপ্রযুক্ত তোমার হাল ও বকেয়া তৌজী ও বার্ষিক জমা ওয়াসীল বাকীর কৈফিয়ৎহইতে "বাকীদারের রেজিষ্টরীতে খারিজদাখিলহওয়া বাকী টাকার" ঘর একেবারে বর্জিত কর এবং তোমার বাকীদারের রেজিষ্টরীতে যে সকল বকেয়া বাকী দৃষ্ট হয় চলিত ত্রৈমাসিকের তোমার বকেয়া তৌজীতে পুনর্ব্বার লেখ এবং হাল বাকী খারিজ করিয়া হাল তৌজীতে দাখিল কর।

৩। যদি সন হালে বাকীদারের স্থানে কোন বাকী টাকা তোমার দ্বারা পাওয়া গিয়াছে এবং গত মে মাসের পর তোমার খাজানাখানার হিসাবে "অবশিষ্ট বাকীর" শিরোভাগের নীচে লেখা গিয়াছে তবে তাহা "অবশিষ্ট বাকীর" মধ্যে খরচ লিখিয়া "ভূমির রাজস্ব" এই শিরোভাগের নীচে খারিজদাখিল কর।

ডবলিউ মেপলস।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট। ১৮৪৯ সাল ১২ অক্টোবর।

Explanatory Arrangement of the Net Balance of the Bukya Towjee of Zillah ——
for the year ——

	Years antecedent to 1846-47	For 1846-47	For 1847-48	For 1848-49	Total Amount
Net Balance as per Bukya Towjee for					

E E *Collector*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ১৩ নবেম্বর।]

অমুক জিলার অমুক বৎসরের বকেয়া তৌজীর নিট বাকী টাকা স্পষ্ট করণার্থ নিয়ম।

	১৮৪৬। ৪৭ সালের পূর্ব্ব বৎসর	১৮৪৬। ৪৭ সালের	১৮৪৭। ৪৮ সালের	১৮৪৮। ৪৯ সালের	মোট
বকেয়া তৌজী দৃষ্টে অমুক সময়ের নিট বাকী					

অমুক কালেকটর।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 13

To the Judges in the Lower Provinces, and to the Commissioners in the Extra Regulation Provinces

I am directed to enquire whether the practice prevails in your own or in the subordinate Courts of your district, of allowing respondents, decree holders, to take out execution of their decrees without giving security, on the ground that the appellants had not obtained orders to stay execution from the Appellate Court, and, if so illegal a practice exists, that you will state how it has originated and how long it has prevailed

W KIRKPATRICK, *Deputy Register*

Fort William, the 28th September, 1849

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

১৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের এবং আ,ইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত জজ সাহেব বরাবরেষু।

সদর আদালত জিজ্ঞাসা করিতেছেন যে আপেলাণ্ট আপীল আদালতহইতে ডিক্রী জারী স্থগিত করণের হুকুমপ্রাপ্ত হন নাই বলিয়া যে রেস্পাণ্ডেণ্টেরা ডিক্রীদার হন তাহারা জামিন না দিলেও তাহারদিগকে আপনং ডিক্রী জারী করিতে অনুমতি দিবার ব্যবহার তোমার অথবা তোমার জিলার অধীন আদালতে চলিতেছে কি না এবং যদি এমত বেআইনী ব্যবহার চলিতেছে তবে তাহা কিরূপে আরম্ভ হইল এবং কত কালঅবধি চলিতেছে তাহা লেখ।

ডবলিউ কর্কপাট্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৯ সাল ২৮ সেপ্টেম্বর।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDER OF THE SUDDER BOARD OF REVENUE

No 41

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

With reference to the Board's Circular, dated the 27th July last, No 30, I am directed by the Sudder Board of Revenue to annex, hereto, a Form of Statement to be adopted by Collectors, or other Officers exercising the powers of a Collector, whenever they may have occasion to report, for the information of Government as required by Section 2, Act XX of 1848, the imposition of fines by them under the authority vested in them by the 1st Section of that Act

2 It should invariably be mentioned in the Column of Remarks, along with any other suitable explanations, that the sanction of the Commissioner to the summoning of the parties, or the call for papers, was duly obtained in those cases in which such sanction is required by law

G PLOWDEN, *Secretary*

Sudder Board of Revenue,

Fort William, the 5th October, 1849

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

৪১ নম্বর

অমুক এলাকার বাঙ্গালার শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ডের গত ২৭ জুলাই তারিখের ৩০ নম্বরী সরকুলর অর্ডরের উপলক্ষে সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে নীচের লিখিত কৈফিয়তের পত্র পাঠাইতেছি। কালেকটর সাহেবেরা বা কালেকটর সাহেবের ভারপ্রাপ্ত অন্য কর্ম্মকারকেরা ১৮৪৮ সালের ২০ আইনের ১ ধারার দ্বারা তাঁহারদের প্রতি অর্পিত ক্ষমতানুসারে যে জরীমানা করেন তাহার রিপোর্ট ঐ আইনের ২ ধারাক্রমে গবর্ণমেণ্টের বিজ্ঞাপনার্থে করণের আবশ্যক হইলে ঐ পাঠানুসারে রিপোর্ট করিবেন।

২। যেং গতিকে আইনমতে ব্যক্তিবদিগকে বা কাগজপত্র তলব করণের বিষয়ে কমিস্যনর সাহেবের অনুমতির আবশ্যক আছে সেইং গতিকে ঐ সাহেবের অনুমতি রীতিমতে পাওয়া গিয়াছিল এই কথা এবং অন্যান্য উপযুক্ত বিবরণ মন্তব্য কথার ঘরে নিত্য লেখা উচিত।

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।

ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ৫ অক্টোবর।

Statement of Fines inflicted by Collector (or Superintendent of Survey,) of ——————— under Section 1, Act XX of 1848

1 District.	2 Name of Estate and Pergunnah	3 Names of Zemindars	4 Object of call	Regulation under which call was made	Amount of daily fine	Date from which payable	Date of order inflicting the fine	Total amount of fine to date of report	Amount levied	Date or dates of levying fine	Remarks

১৮৪৮ সালের ২০ আইনের ১ ধারানুসারে অমুক জিলার কালেক্টর সাহেব অথবা জরীপের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব যে জরীমানা করিলেন তাহার কৈফিয়ৎ।

১ জিলার নাম	২ মহাল ও পরগনার নাম	৩ জমীদারের নাম	৪ তলবের অভিপ্রায়	যে আইনক্রমে তলব হইল।	প্রতি দিনের জরীমানার সংখ্যা।	যে তারিখঅবধি দেয় হইল।	জরীমানার হুকুম করণের তারিখ।	রিপোর্ট করণের তারিখপর্য্যন্ত জরীমানার মোট।	আদায়হওয়া জরীমানা।	জরীমানা আদায় করণের তারিখ।	মন্তব্য কথা।

PRECEDENT OF THE SUDDER BOARD OF REVENUE

No 4

Upon a reference from the Commissioner of Chittagong, the Board held that under the Rules of Practice, a Commissioner may with the concurrence of the Lessee, cancel any lease at his own discretion, subject to an appeal to the Board, or to the Board's revision without appeal, but that a Collector is not competent to cancel any lease except on the ground of the default of the Lessee

G PLOWDEN,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 30th October, 1849

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT

No 9

To the Session Judges in the Lower Provinces, and the Commissioners in the Extra Regulation Provinces

The Court notify the rescission of the Circular Orders cited in the margin* in consequence of the enactment of Act 4 of 1849, cases of acquittal on the ground of insanity, are to be entered as heretofore in statement (No 8) of acquittals for the month in which the trial was held

W KIRKPATRICK, *Deputy Register*
Fort William, the 28th September, 1849

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

APPOINTMENTS

The 26th October, 1849

Baboo Kumlakunt, who has obtained a Diploma, to be Acting Moonsiff of Issapore, Zillah Chittagong, during the absence on leave of the incumbent

Moulvee Fuzul Ruhaman, who has obtained a Diploma, to be Acting Moonsiff of Bhuttearra, Zillah Chittagong, during the absence on leave of the incumbent

LEAVES OF ABSENCE

The 26th October, 1849

Moulvee Abdool Jubbar, Moonsiff of Issapore,

* Cir Order, No 233, dated 8th May, 1820

Para 6 C O No 307, dated 11th February, 1825

C O No 62, dated 4th September, 1840.
C O No 183, dated 27th September, 1844
C O No 201, dated 25th April, 1845

[*Government Gazette, 13th November*, 1849.]

সদর বোর্ড রেবিনিউর নজির।

৪ নম্বর।

চাটিগাঁর কমিস্যনর সাহেবের জিজ্ঞাসা করাতে সদর বোর্ডের সাহেবেরা ধার্য্য করিয়াছেন যে কার্য্যের রীতির বিধানমতে কমিস্যনর সাহেব পাট্টাদারের সম্মতিক্রমে আপন বিবেচনামতে কোন পাট্টা বদ করিতে পারেন কিন্তু তাহার উপর আপীল সদর বোর্ডে হইতে পারে অথবা বোর্ডের সাহেবেরা আপীলবিনা সেই বিষয়ের পুনর্ব্বিচার করিতে পারেন। কিন্তু পাট্টাদারের কসুরভিন্ন অন্য কোন হেতুতে কালেক্টর সাহেব কোন পাট্টা বদ করিতে পারেন না।

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ৩০ অক্টোবর।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব এবং আইন বহির্ভূত প্রদেশের শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা জানাইতেছেন যে ১৮৪৯ সালের ৪ আইন জারী হওয়াপ্রযুক্ত নীচের লিখিত সরক্যুলর অর্ডর * বদ হইয়াছে। বাতুলতাপ্রযুক্ত যাহারদিগকে নির্দ্দোষী করা যায় তাহারদের মোকদ্দমা যেমন এইপর্য্যন্ত হইয়া আসিতেছে তেমনি যে মাসে বিচার হইল সেই মাসের নির্দ্দোষির মোকদ্দমার ৮ নম্বরী কৈফিয়তে লেখা যাইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯ সাল ২৮ সেপ্টেম্বর।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ২৬ অক্টোবর।

জিলা চাটিগাঁর ইচ্ছাপুরের মুনসেফের ছুটী লইয়া অনুপস্থানপর্য্যন্ত যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু কমলাকান্ত ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

জিলা চাটিগাঁর ভটিয়ারার মুনসেফের ছুটী লইয়া অনুপস্থানপর্য্যন্ত যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত মৌলবী ফজল রহমান ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ২৬ অকটৌবর।

জিলা চাটিগাঁর ইচ্ছাপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী

* ১৮২০ সালের ৮ মের ২৩৩ নম্বরী সরক্যুলর অর্ডর।

১৮২৫ সালের ১১ ফেব্রুআরির ৩০৭ নম্বরী সরক্যুলরের ৬ দফা।

১৮৪০ সালের ৪ সেপ্টেম্বরের ৬২ নম্বরী সরক্যুলর।
১৮৪৪ সালের ২৭ সেপ্টেম্বরের ১৮৩ নম্বরী সরক্যুলর।
১৮৪৫ সালের ২৫ আপ্রিলের ২০১ নম্বরী সরক্যুলর।

Zillah Chittagong, for two months from the 19th instant

Baboo Satcowree Deb, Moonsiff of Bhuttearra, Zillah Chittagong, for one month, from the 19th instant

The 2d November, 1849

Moonsheo Sumeenooddeen Ahmud, Moonsiff of Sarhut, Zillah Beerbhoom, for a fortnight, in excess of the Dusserah Vacation

The 7th November 1849

The undermentioned Moonsiffs have obtained leave of absence for the period of the late Dusserah Vacation

Mymensingh Moulvee Mahomed Sadi, 1st Grade Moonsiff of Sherepore

Moulvee Ameenooddeen Mahomed, Moonsiff of Nusserabad

The 9th November, 1849

Moulvee Syud Ahmud, 1st Grade Moonsiff of Mahomedpore, Zillah Jessore, from the 26th ultimo, to the 17th instant

Mofeezooddeen Mahomed, Moonsiff of Mendigunge, Zillah Backergunge for one week, in addition to the period of the ensuing Mohurrum Vacation

B J Colvin, *Register*

আবদুল জব্বার বর্ত্তমান মাসের ১৯ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

জিলা চাটিগাঁর ভটিয়ারার মুনসেফ শ্রীযুত বাবু সাতকৌড়ী দেব বর্ত্তমান মাসের ১৯ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২ নবেম্বর।

জিলা বীরভূমের সারহাটের মুনসেফ শ্রীযুত মুনশী সমীনুদ্দিন আহমদ দশহরার বন্দের অতিরিক্ত দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৭ নবেম্বর।

নীচের লিখিত মুনসেফেরা গত দশহরার বন্দে ছুটী পান।

ময়মনসিংহের শেরপুরের প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ সাদী।

নসীরাবাদের মুনসেফ শ্রীযুত মৌলবী আমিনুদ্দিন মহম্মদ।

১৮৪৯ সাল ৯ নবেম্বর।

জিলা যশোহরের মহম্মদপুরের প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত মৌলবী সৈয়দ আহমদ গত মাসের ২৬ তারিখঅবধি বর্ত্তমান মাসের ১৭ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

জিলা বাকরগঞ্জের মেন্দিগঞ্জের মুনসেফ শ্রীযুত মফিজুদ্দীন মহম্মদ আগামি মহরমের বন্দের অতিরিক্ত এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিযোগ।

১৭৫৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ১২ অকটোবর।

শ্রীযুত কাপ্তান হানিংটন সাহেবের (Captain Hannyngton,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত কাপ্তান টি সিম্সন সাহেব (Captain T Simpson,) ছোট নাগপুরের ডেপুটী কমিস্যনরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত কাপ্তান এস আর টিকল সাহেব (Captain S R Tickell,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত হাজারীবাগে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেন্ট সাহেবের প্রধান আসিষ্টান্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেন্ট জি ফেথফুল সাহেব (Lieut G Faithfull,) আরাকানের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৯ সাল ১৪ অক্টোবর।

অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেন্ট এফ রিপলি সাহেব (Lieutenant F Ripley,) আরাকানের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টান্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৯ সাল ২৬ অকটোবর।

ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী হামিদউল্লা খাঁ ঢাকাহইতে ত্রিপুরাতে নিযুক্ত হইলেন। অতএব ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৃষ্ণকান্ত দত্তের চাটিগাঁহইতে ঐ জিলাতে নিযুক্ত হওন রহিত হইল।

১৮৪৯ সাল ১৯ অকটোবর।

শ্রীযুত মেজর রথরফোর্ড সাহেবের (Major Rutherford,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত কাপ্তান সি এস গথরি সাহেব (Captain C S Guthrie,) কলিকাতার এবং চতুর্দ্দিগের খালের মাসুলের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৯ সাল ১৪ অকটোবর।

ভাগলপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত ডবলিউ এস আলেকজাণ্ডর সাহেব (Mr W S Alexander,) যে তারিখে আপনার কর্ম্মের ভার সদর আমীনের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে মহরমের বন্দে এবং তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন। প্রধান সদর আমীন আপনার কর্ম্ম স্থানে প্রত্যাগমন করিলে সদর আমীন ঐ কর্ম্মের ভার তাঁহার প্রতি অর্পণ করিবেন।

১৮৪৯ সাল ২৫ অকটোবর।

পাটনার বাড়ের জাইন্ট মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ এম বোফর্ট সাহেব (Mr W M Beaufort,) যে তারিখে আপনার কর্ম্মস্থান ছাড়েন সেই তারিখঅবধি শুধরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

কলিকাতার গবর্ণমেণ্টের শালিসের কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত আর ডবলিউ হিউজ সাহেব (Mr R W Hughes,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইঙ্গলণ্ডে গমনার্থে এক বৎসরের অনুমতি পাইয়াছেন।

১৮৪৯ সাল ১৬ অকটোবর।

শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব (Mr F A E Dalrymple,) বগুড়াতে আপনার কর্ম্মে পঁহুছনের মিয়াদের অতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে আগামি মাসের ২৫ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২৭ অকটোবর।

নোয়াখালির প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ ইবরাহিম খাঁ গত আগষ্ট মাসের ২০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

সারণের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে কুম সাহেব (Mr J Combe,) গত মাসের ১৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ২৫ অক্টোবর।

কলিকাতার গবর্ণমেণ্টের হাসিলের কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত আর ডবলিউ হিউজ সাহেব (Mr R W Hughes,) গত মাসের ২২ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহা চিকিৎসকের সর্টিফিকটক্রমে পাইয়াছেন বোধ করিতে হইবেক।

যশোহরের ডেপুটী মাজিস্ট্রেট শ্রীযুত বাবু গোপাল লাল মিত্র গত মাসের ১৪ তারিখে যে ছুটী পান তাহা ঐ মাসের ২১ তারিখঅবধি আরম্ভ হয় ঐ তারিখে তিনি ছুটী গ্রহণ করেন।

জিলা চব্বিশপরগণার জবীপী কর্ম্মে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ ঘোষ গত মাসের ১৩ তারিখে যে ছুটী পান তাহা বর্দ্ধিত হইল।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৭৭৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ২৯ অকটোবর।

আমাদের আসিষ্টাণ্ট ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি আর ব্লণ্ড সাহেব (Reverend R Bland,) যে তারিখে চেরাপুঞ্জীতে পঁহুছেন সেই তারিখঅবধি দুই মাসপর্য্যন্ত চেরাপুঞ্জীর পাদরি শ্রীযুত এ গাষ্টিন সাহেবের (Revd A Garstin,) কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৯ সাল ৩০ অকটোবর।

শ্রীযুত ডবলিউ এম বোফোর্ট সাহেব (Mr W M Beaufort,) জিলা পাটনার বাড়ে স্বীয় পদোপলক্ষে ডাকের অধ্যক্ষ হইবেন।

১৮৪৯ সাল ১ নবেম্বর।

সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে কে ওয়াল্টর সাহেব (Mr J K Walter,) এবং শ্রীযুত বেক সাহেব (Mr Beck,) ও শ্রীযুত হরমানসন সাহেব (Mr Herman son,) রঙ্গপুরের গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত মেজর জে লাঙ্গ সাহেব (Major J Lang,) নদীয়াতে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ৩১ অকটোবর।

চাটিগাঁর দ্বিতীয় প্রধান সদর আমীন শ্রীযুত পণ্ডিত শ্রীনাথ বিদ্যাবাগীশ দশহরার বন্দে যে ছুটী পান তদতিরিক্ত তিন দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২ নবেম্বর।

গোয়ালপাড়াতে আমাদের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এ এ ষ্টর্ট সাহেবকে (Captain A A Sturt,) গত আগষ্ট মাসের ১৭ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ২ নবেম্বর।

মঙ্গলদায়ের ডেপুটী কালেক্টর ও আমাদের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ এস হডসন সাহেব (Mr W S Hudson,) গত মাসের ১০ তারিখে আপনার কর্ম্মে প্রত্যাগমন করেন।

আক্যাবে প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট এচ হপকিনসন সাহেব (Lieut H Hopkinson,) গত মাসের ১৫ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ জে লঙ্গমোর সাহেবের (Mr W J Longmore,) স্থানে পুনর্গ্রহণ করেন।

আরাকানের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এস আর টিকল সাহেব (Captain S R Tickell,) গত মাসের ১৬ তারিখে আয়েক্ জিলার কর্ম্মের ভার শ্রীযুত এস ওয়াকোপ সাহেবের (Mr S Wauchope,) স্থানে গ্রহণ করেন।

রঙ্গপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত টি ওয়ায়াট সাহেব (Mr T Wyatt,) আপনার সিবিশতার চলিত কর্ম্মের ভার রাখিয়া গত মাসের ২২ তারিখে বগুড়াতে তৃতীয় ত্রৈমাসিক দওরাতে গমন করিলেন।

সব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু কালিদাস নন্দী গত মাসের ২৪ তারিখে বাঁকুড়ার চিকিৎসকতা কর্ম্মের ভার শ্রীযুত ডাক্তর জি এন চীক সাহেবের (Dr G N Cheek) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৮০১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ১ নবেম্বর।

সব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এ তামস সাহেব (Mr A Thomas,) আরাকানে রামরির সদর মোকামের চিকিৎসকতা কর্ম্ম পাইয়াছেন।

ছুটী।

১৮৪৯ সাল ৩ নবেম্বর।

বীরভূমের মাজিস্ট্রেট শ্রীযুত ই ই উডকক সাহেব (Mr E I Woodcock) আপনার কর্ম্মের ভার কালেক্টর সাহেবের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে ছুটীবিষয়ক বিধির ১১ ধারানুসারে পনের দিনের ছুটী পাইয়াছেন। কালেক্টর সাহেব আপনার কর্ম্মের অতিরিক্ত মাজিস্ট্রেট সাহেবের কর্ম্মও চালাইবেন।

বাঁকুড়ার জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টরের আসিষ্টাণ্ট শ্রীযুত এ ডবলিউ রসেল সাহেব (Mr A W Russell,) স্বীয় কর্ম্মোপলক্ষে দশ দিনের ছুটী পাইয়াছেন।

নদীয়ার ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী যাতজাদ হুসেন স্বীয় কর্ম্মোপলক্ষে মহরমের বন্দে ও তদতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৫ নবেম্বর।

নেকারের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর জে ডেনহাম সাহেব (Mr J Denham) ঐ স্থানের আপনার চিকিৎসকতা কর্ম্মের ভার সব-আসিষ্টাণ্ট চিকিৎসকের প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

হাবড়ার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর এ সি মাক্রে সাহেবকে (Dr A C Macrae,) গত মাসের ১৭ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল গত মাসের ৩১ তারিখঅবধি রহিত হইল। ঐ তারিখে তিনি আপনার কর্ম্ম পুনর্গ্রহণ করেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ৬ নবেম্বর।

শ্রীযুত এফ স্কিপউইথ সাহেব (Mr F Skipwith,) গত মাসের ১৯ তারিখে চাটিগাঁর সিবিল ও সেশন জজ ও স্পেসিয়ল কমিস্যনরের কর্ম্মের ভার শ্রীযুত এ স্কন্স সাহেবের (Mr A Sconce,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব গত মাসের ১ তারিখে কলিকাতার সুতানুটি ও

[*Government Gazette*, 13*th November*, 1849]

শ্যামবাজার ও বৈঠকখানার যে তিনটা চৌকী আছে তাহা ১৮৪৯ সালের ১৩ আইনের ১ ধারার বিধানমতে নিমক চৌকীস্বরূপ স্থাপন করেন।

চব্বিশপরগনার জবীপী কর্ম্মে নিযুক্ত ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু তারাচাঁদ ঘোষ গত মাসের ৮ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৮২০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ৬ নবেম্বর।

সারণের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর এ সিমসন সাহেব (Dr A Simpson,) এ স্থানের ডাকাধ্যক্ষও হইবেন।

শ্রীযুত মৌলবী ইবরাহিম আলী খাঁর অনুপস্থান কি অন্য হুকুম না হওন পর্য্যন্ত শ্রীযুত মৌলবী মহম্মদ রফিক বেহারের প্রধান সদর আমীনী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৯ সাল ৭ নবেম্বর।

এদেশীয় লঘু অস্ত্রধারি পদাতিক সৈন্যেরদের ১৬ পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত জে এমর্সন সাহেব (Lieut J Emerson,) দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের ছোট আসিষ্টাণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

নদীয়ার মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এচ এ আর আলেকজাণ্ডর সাহেব (Mr H A R Alexander,) ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত জে এস স্পাঙ্কি সাহেব (Mr J S Spankie,) জিলা চাটিগাঁর দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ৫ নবেম্বর।

থনাসরীম প্রদেশের কমিস্যনর শ্রীযুত মেজর এ বোগল সাহেব (Major A Bogle,) আপনার কর্ম্মের ভার শ্রীযুত কাপ্তান ই এচ ইম্পি সাহেবের (Captain E H Impey,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন তাহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত কাপ্তান ইম্পি সাহেব (Capt Impey,) কমিস্যনরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

মুঙ্গেরের ডেপুটী কালেকটর শ্রীযুত পণ্ডিত রামনারায়ণ রায় চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৬ নবেম্বর।

চাটিগাঁর সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ স্কিপউইথ সাহেব (Mr F Skipwith) বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি অথবা তিনি যে জাহাজে যান সেই জাহাজ আড়কাটি সাহেব যে তারিখে ছাড়েন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে ইঙ্গলণ্ডে গমনার্থে এক বৎসরের ছুটী পাইয়াছেন।

শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব (Mr C T Buckland) আপনার কর্ম্মস্থান ভাগলপুরে যাইবার মিয়াদের অতিরিক্ত ঐ বিধির ১১ ধারানুসারে স্বীয় কর্ম্মোপলক্ষে সতের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৭ নবেম্বর।

ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এফ টকর সাহেব (Mr F Tucker,) আপনার কর্ম্মস্থানে গমনের মিয়াদের অতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

ছিলটের মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেব (Mr C W Mackillop,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

মালদহের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে লাম সাহেব (Mr J Lamb,) গত জুন মাসের ২৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি মাসের ছুটী পাইয়াছেন।

পাটনা এলাকার কমিস্যনর শ্রীযুত জি গফ সাহেব (Mr G Gough,) যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি আপনার কর্ম্মের ভার রাখিয়া ছুটীবিষয়ক স্থবরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

যশোহরের কালেকটর শ্রীযুত সি ডি রসেল সাহেবকে (Mr C D Russell,) গত জানুআরি মাসের ২৭ তারিখে যে দই দিনের ছুটী দেওয়া যায় তাহা তাহার প্রার্থনায় রহিত হইয়াছে।

ত্রিপুরার ডেপুটী কালেক্টর শ্রীযুত এল বারবর সাহেব (Mr L Barber,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৮ নবেম্বর।

কলিকাতার ফোর্ট উলিয়ম কিল্লার ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি আর ইটিসন সাহেবকে (Rev R Eteson,) কলিকাতার শ্রীযুত লার্ড বিশপ সাহেব যে এক মাসের ছুটী দেন তাহা মঞ্জুর হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ৯ নবেম্বর।

শ্রীযুত জে ডেবিস সাহেব (Mr J Davis,) গত মাসের ১৮ তারিখে আরাকাণের সান্দোয়ের চিকিৎসকতা কর্ম্ম গ্রহণ করেন।

আসামে মঙ্গলদায়ের সব-আসিষ্টাণ্ট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ এস হডসন সাহেব (Mr W S Hudson,) গত মাসের ১০ তারিখে আপনার কর্ম্মে প্রত্যাগমন করেন।

বেহারের মাজিষ্ট্রেট শ্রীযুত জি জি বালফোর সাহেব (Mr G G Balfour,) বর্ত্তমান মাসের ২ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত এচ রোস সাহেবের (Mr H Rose,) প্রতি অর্পণ করেন।

আরাকাণের সৈন্যেরদের নীচের লিখিত সেনাপতি সাহেবেরা বর্ম্মীয় ভাষায়পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন এমত রিপোর্ট হইল।

শ্রীযুত লেপ্টেনেণ্ট ডি এ চেস সাহেব (Lieut D A Chase)

শ্রীযুত লেপ্টেনেণ্ট এফ ডবলিউ রিপলি সাহেব (Lieut F W Ripley)

শ্রীযুত লেপ্টেনেণ্ট ডবলিউ এফ নটহল সাহেব (Lieut. W F Nuthall)

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ১৩ নবেম্বর।]

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশতিহার।

SALT

নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নমক মায় ৪ পরসেণ্ট গোলাগুক্তি বগয়রহ লাগাদ ৩১ অগাষ্টের সন ১৮৪৯ সাল প্রত্যেক এজেন্সীর ও খালিখার নমকের গোলাজাতের মৌজুদ নমকের

এজেন্সীর নাম।	সন ১২৫০ সাল এবং পূর্ব্ব সনহারের	সন ১২৫১ সাল মোতাবকে ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মোতাবকে ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মোতাবকে ইং ১৮৪৬। ৪৭ সাল	সন ১২৫৪ সাল মোতাবকে ইং ১৮৪৭। ৪৮ সাল	সন ১২৫৫ সাল মোতাবকে ইং ১৮৪৮। ৪৯ সাল	মৌজুদ নমকের একুন
হিজলী।							
পাঙ্গা নমক ঘাট দক্ষিণ কালীনগর।	১,৮২,৬১৩	২,৭৬,২২৪	২,২৪,০৮৪৸০	০	৩,৯১১॥০	৫,২৯২	৭,৬১,৪২৫।০
ঐ ঐ কৃষ্ণনগর।	১৭,৫২৩৸০	০	০	০	০	৭,৬১ ,	২৫,১৩৩৸০
ঐ ঐ রামনগর।	০	০	০	০	০	১,৮৯,৭৩৮/	১,৮৯,৭৩৮/
গাছা নমক।	১০ ৮২৭॥০	০	০	০	০	০	১০,৮২৭॥০
একুন।	২,০৯ ৯৬৪।০	২,৭৬,২২৪/	২ ৯৪, ৮৪৸০	০	৩,৯১১॥০	২,০২,৯৪০/	৯,৮৭,১২৪॥০
তমলুক।							
পাঙ্গা নমক ঘাট নারায়ণপুর।	০	০	০	০	০	১,৯৮,০৭১ ।৩	১,৯৮,০৭১ ।৩
ক্রোকি নমক।	০	০	০	০	০	০	।১
একুন।	০	০	০	০	০	১,৯৮, ৭১ ।৩	১,৯০, ৭১ ॥৪
২৪ পরগনা।							
পাঙ্গা নমক ঘাট রাজপুরী।	০	০	০	০	১,৭৫,৩৪৩/	০	১,৭৫,৩৪৩/
একুন।	০	০	০	০	১,৭৫ ৩৪৩/	০	১,৭৫,৩৪৩/

এজেন্সীর নাম।	সন ১২৫০ সাল এবং পূর্ব্ব সন হইতে	সন ১২৫১ সাল মোতাবেকে ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মোতাবেকে ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মোতাবেকে ইং ১৮৪৬। ৪৭ সাল	সন ১২৫৪ সাল মোতাবেকে ইং ১৮৪৭। ৪৮ সাল	সন ১২৫৫ সাল মোতাবেকে ইং ১৮৪৮। ৪৯ সাল	মৌজুদ নমকের একুন
চট্টগ্রাম।							
পাঙ্গা নমক ঘাট নেজামপুর ডোমখালি।	১,১২,১৯২ ॥১	৬৪,২৪৬ ॥৫	০	০	০	০	১,২৬,৪৩৯ ।০
ঐ আবাকিন ঐ	০	০	০	০	০	৪৫,৯০৭/	৪৫,৯০৭/
ঐ সদর ঘাট এজেন্সী।	০	০	০	০	০	২,২৯,০৯৯ ।২	২,২৪০,৯৯ ॥১
ঐ ঐ আবাকিন।	০	১,১০,৫৭৪ ।৯	১,৭৭,১৬৯ ।০	৩,৭০,১৭১৸৫	৫৫,৫১২ ॥০	০	৭,১৩,৪২৮/৪
ক্রোকি নমক।	০	০	০	০	৬৯/৯ ।৶	০	৬৯/৯ ।৶
একুন।	১,১২ ১৯২ ॥১	১,৭৪,৮২১ ৪	১,৭৭,১৬৯ ।০	৩,৭০,১৭১৸৫	৫৫,৫৮১ ॥৯ ।৶	৩,৪০,০০৬ ১	১২,৪৯,৯৪৩/৫ ।৶
ভুলুয়া।							
পাঙ্গা নমক ঘাট কান্ডা আবাকিন।	০	০	০	০	০	৪১ ৯৪৭/	৪১,৯৪৭/
ক্রোকি নমক।	০	০	০	০	০	০	০
একুন।	০	০	০	০	০	৪১,৯৪৭/	৪১,৯৪৭/
শালিখা।							
পাঙ্গা নমক কটক।	১,১৪,৮৯৫ ।৭	৩,০০,৬৬৬ ॥০	১,৬২,২৭২/	১,৪৪,৩৮৬ ।০	১,৪৭,৭৫২ ॥০	০	৮,৭০,৪৭২ ॥৭
ঐ বালেশ্বর।	০	০	০	০	০	০	০
ঐ খোর্দা।	০	০	০	০	০	০	০
ঐ চিল্কা।	০	০	০	০	০	০	০
করকচ নেমক মান্দ্রাজ পর মর্ট ১ পহিলা রকম।	১২১/	১০৩/	০	৩৫১/	০	০	৬৪৫/
ঐ ঐ ২ দোসর রকম।	৩১,৪০০ ।০	২,১২,৮৩৮৸০	৭৭ ১০৮/	২,১২৬/	০	০	৩,২৩,৪৪৩/
ঐ ঐ ৩ তেসর রকম	০	০	০	০	০	০	০
পাঙ্গ হিজলী কালীনগর।	৩৮২,৪০৩/	০	০	০	০	০	৩,৮২,৪০৩/
গাছা নমক।	১৪,৬০৫/	০	০	০	০	০	১৪ ৬০৫/
ঐ ২৪ পরগনা নারায়ণপুর নমক।	০	০	০	০	০	৪, ১৫২৭/৪	৪,০১,৫২৭/৪
ঐ ঐ ডাইমন হারবর।	০	০	০	৪৩,৮১৩ ॥০	৭৮,৭৭১ ॥০	০	১,২২,৫৮৫/
ঐ ঐ সগর।	০	০	০	০	০	৪৯,৭৭২ ॥০	৪৯,৭৭২ ॥০
একুন।	৫,৭৩,৯৯৪ ।৭	৫,১৩,৬০৮ ।০	২,৩৯ ৩৮০/	১,৯ ,৭৩৬৸০	২,০৬,৩২৪/	৪,৫১,২৯৯ ॥৪	২১,৬৫,৫৫৩ ।১
তাবালিন।							
পাঙ্গ ঘাট কৈকফু।	০	০	০	৫,৫১১ ।০	২৩,৬৭৭/	১,১২,৮২১/	১,৪২,০০৯ ।০
একুন	০	০	০	৫,৫১১ ।০	২৩,৬৭৭/	১,১২,৮২১/	১,৪২,০০৯ ।০
মোট একুন।	৮ ৮৬,১৫১ ॥২	৯,৬৪,৬৫৩ ।৪	৭,১০,৬৩৪/	৫,৬৬,৪২৯৸৫	৪,৮৫,০৩৭/৯ ।৶	১৩,৪৭,০৮৫ ।৯	৪৯,৫৯,৯৯১৸০ ।৶

সি টীভন। সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ১৩ নবেম্বর।]

NOTICE

Notice is hereby given, that Five Bank of Bengal Notes, of the numbers and amounts noted below have been lost by a man named Anundnath Darogah

No	9044,	100 Rs
„	10033,	100 „
„	75025,	100 „
„	8185,	20 „
„	19526,	100 „
		420 Rs

R Abercrombie, *Magistrate*

Foujdarry Adawlut, Zillah Dacca,

The 1st November, 1849

ইশতিহার।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে আনন্দনাথ দারোগা নামক এক ব্যক্তি নীচের লিখিত নম্বরের ও মূল্যের পাঁচ কেতা বাঙ্গাল ব্যাঙ্ক নোট হারাইয়াছেন।

১০০৲	টাকার	৯০৪৪ নং
১০০৲	টাকার	১০,০৩৩ নং
১০০৲	টাকার	৭৫,০২৫ নং
২০৲	টাকার	৮১৮৫ নং
১০০৲	টাকার	১৯,৫২৬
		৪২০৲ টাক

আর আবরক্রম্বি। মাজিষ্ট্রেট।

ফৌজদারী আদালত। জিলা ঢাকা।

১৮৪৯ সাল ১ নবেম্বর।

NOTICE

Required a Treasurer for the Calcutta Collectorate, who will be required to deposit, Government P Notes to the amount of Rs 10,000, as Security Salary for the present Rs 25 Candidates are requested to apply to the Collector of Calcutta.

Calcutta, the 30th October, 1849

বিজ্ঞাপন।

ইস্তাহারনামা কাছারি কালেকটরি শহর কলিকাতা এই যে যেহেতু অত্র কাছারির খাজাঞ্চীগিরি কর্ম্ম খালী এমতে জানান যাইতেছে খাজাঞ্চীর বেতন এইক্ষণে ২৫৲ টাকা যে কেহ উক্ত কর্ম্মের প্রার্থনীয় আছহ ১০,০০০ দশ-হাজার টাকার কোম্পানির কাগজ সহ কলিকাতার শ্রীযুত কালেকটর সাহেবের হজুরে উপস্থিত হইয়া প্রার্থনীয় হইবা ইতি।

সন ১৮৪৯ সাল তারিখ ৩০ অক্টোবর।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিবদের ইশ্তিহার।

রিসিবর আফিস।

বাজার ইজারা।

নবকৃষ্ণ মিত্রদিগর বাদী হরিশ্চন্দ্র মিত্রদিগর প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত মারিস ফিট জোরও সেণ্ডেস সাহেব আগামি ২১ নবেম্বর বুধবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় তাঁহার আফিসে শহর কলিকাতার চাঁদনি চক বাজারের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন তাঁহারা ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

আরং বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

রিসিবর আফিস কোর্ট হৌস। ১ নবেম্বর ১৮৪৯ শাল।

[*Government Gazette, 13th November,* 1849]

আগামি বৃহস্পতিবার ১৫ নবেম্বর তারিখে শ্রীরামপুরের ছাপাখানাতে এই পুস্তক প্রকাশ হইবেক

বিশেষতঃ

সিবিল গাইড।

অর্থাৎ

দেওয়ানী আইনের সংগ্রহ

শ্রীযুত জান মাশমন সাহেবকর্ত্তৃক সংগৃহীত।

বঙ্গ ভাষায়

দ্বিতীয়বার প্রকাশিত হয়।

১৮৪৩ সালে এই পুস্তক প্রথমবার প্রকাশিত হওনের পরে যে সকল আইন ও সরকুলর অর্ডর ও আইনের অর্থ জারী হইয়াছে তাহা এই পুস্তকে ছাপা হইল। তদ্ভিন্ন সদর দেওয়ানী আদালতের নিষ্পত্তি হওয়া আট শতেরও অধিক মোকদ্দমার রিপোর্ট অর্থাৎ নজির এই পুস্তকে ছাপা হইয়াছে। পুস্তকের মূল্য ৩২৲ টাকা মাত্র।

যাঁহারদের প্রয়োজন হয় তাঁহারা শ্রীরামপুরের ছাপাখানায় আপনারদের ইচ্ছা জানাইবেন।

গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ১৩ নবেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 20, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ২০ নবেম্বর।

DRAFT OF ACTS

ACT No —— of 1849

An Act for the more easy Recovery of Small Debts and Demands in Calcutta, Madras and Bombay

(Continued from page 585)

LXXXII If any person shall wilfully insult any Judge, Clerk or Officer of the said Court, for the time being, during his sitting or attendance in Court, or shall wilfully interrupt the proceedings of the Court, or otherwise misbehave in Court, it shall be lawful for any Bailiff or Officer of the Court, with or without the assistance of any other person, by the order of the Judges to take such offender into custody, and detain him until the rising of the Court, and the Judges shall be empowered, if they shall think fit, by a warrant under their hands, and sealed with the seal of the Court, to commit any such offender to any prison to which they have power to commit offenders under this Act, for any time, not exceeding seven days, or to impose upon any such offender a fine, not exceeding Fifty Rupees for every such offence, and in default of payment thereof to commit the offender to any such prison as aforesaid, for any time, not exceeding seven days, unless the said fine be sooner paid, or instead of inflicting summary punishment under this Act may cause the offender to be indicted in the Supreme Court, if the offence be an indictable misdemeanour

LXXXIII If any Officer or Bailiff of any Court holden under this Act shall be assaulted while in the execution of his duty, or if any rescue shall be made or attempted to be made of any person arrested, or goods levied under process of the Court, the person so offending shall be liable to a fine, not exceeding One Hundred Rupees, to be

আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইতে অল্প কর্জ্জ ও দাওয়া পূর্ব্বাপেক্ষা সুগমমতে আদায় করণের আইন।

(৫৮৫ পৃষ্ঠাহইতে চলিতেছে।),

৮২ ধারা। যে ব্যক্তি সময়ক্রমে আদালতের জজ বা ক্লার্ক সাহেব কি কর্ম্মকারক হন যদি কোন ব্যক্তি আদালতের বৈঠকের সময়ে বা তাহাতে উপস্থিত হওনের সময়ে জানিয়া শুনিয়া তাঁহার অপমান করে অথবা জানিয়া শুনিয়া আদালতের কার্য্যের ব্যাঘাত করে কি প্রকারান্তরে আদালতে কুব্যবহার করে তবে ঐ আদালতের কোন বেইলিফ কিম্বা কর্ম্মকারক অন্য কোন ব্যক্তির সাহায্য লইয়া বা তাহাবিনা জজ সাহেবেরদের হুকুমক্রমে সেই অপরাধিকে গ্রেফ্তার করিতে পারে এবং আদালতের বৈঠকের শেষ না হওনপর্য্যন্ত তাহাকে আটক করিয়া রাখিতে পারে। এবং জজ সাহেবেরা উচিত বুঝিলে আপনারদের দস্তখৎকরা এবং আদালতের মোহরকরা এক ওয়ারেণ্টের দ্বারা এই আইনক্রমে অপরাধিরদিগকে যে কারাগারে কয়েদ করণের শক্তি আছে সেই কারাগারে ঐ অপরাধিকে সাত দিবসের অনধিক মিয়াদপর্য্যন্ত কয়েদ করিতে পারেন। অথবা এইমত প্রত্যেক অপরাধের জন্যে অপরাধির পঞ্চাশ টাকার অনধিক জরীমানা করিতে পারেন এবং ঐ জরীমানার টাকা না দেওয়া গেলে অপরাধিকে সাত দিনের অনধিক কালপর্য্যন্ত পূর্ব্বোক্ত কারাগারে কয়েদ করিতে পারেন। কিন্তু সাত দিবসের পূর্ব্বে জরীমানার টাকা দেওয়া গেলে সে ব্যক্তি খালাস হইবেক অথবা যদি সেই অপরাধ সুপ্রিম কোর্টে নালিশের যোগ্য হয় তবে এই আইনানুসারে সরাসরী দণ্ড না করিয়া ঐ অপরাধির নামে সুপ্রিম কোর্টে নালিশ করিতে পারেন ইতি।

৮৩ ধারা। এই আইনক্রমের স্থাপিত কোন আদালতের কর্ম্মকারক বা বেইলিফের উপর যদি তাহার নিয়মিত কর্ম্ম করণ সময়ে চড়াউ হয় অথবা ঐ আদালতের হুকুমক্রমে যে ব্যক্তি গ্রেফ্তার হইয়াছে কি যে জিনিস ক্রোক হইয়াছে তাহা উদ্ধার করণার্থে যদি কোন উদ্যোগ হয় তবে যে ব্যক্তি এইরূপ অপরাধ করে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানা দেওনের যোগ্য হই-

recovered by order of the Court, or before a Magistrate as hereinafter provided, and the Bailiff of the Court, or any Peace Officer in any such case, may take the offender into custody, (with or without warrant,) and bring him before such Court, or Magistrate accordingly

LXXXIV If any Bailiff of the said Court, who shall be employed to execute any warrant of the Court, shall, by neglect, or connivance or omission, lose an opportunity of executing such warrant, then upon complaint of the party aggrieved by reason of such neglect, connivance or omission, (and the fact alleged being proved to the satisfaction of the Court,) the Judges shall order the Bailiff to pay such damages as it shall appear that the plaintiff has sustained thereby, not exceeding in any case the sum of money for which the said execution is issued, and the Bailiff shall be liable thereto, and upon demand made thereof, and on his refusal so to pay and satisfy the same, payment thereof shall be enforced by such ways and means as are herein provided for enforcing a judgment recovered in the said Court, without prejudice nevertheless to the execution of the original warrant

LXXXV If any Clerk, Bailiff or Officer of the Court, acting under colour or pretence of the process of the said Court, shall be charged with extortion or misconduct, or with not duly paying or accounting for any money levied by him under the authority of this Act, the Judges may inquire into such matter in a summary way, and for that purpose may summon and enforce the attendance of all necessary parties in like manner as the attendance of witnesses in any case may be enforced, and may make such order thereupon for the repayment of any money extorted, or for the due payment of any money so levied as aforesaid, and for the payment of such damages and costs, as they shall think just, and also, if they shall think fit, may impose such fine upon the Clerk, Bailiff or Officer, not exceeding One Hundred Rupees for each offence, as they shall deem adequate, and in default of payment of any money so ordered to be paid, payment of the same may be enforced by such ways and means as are herein provided for enforcing a judgment recovered in the said Court

LXXXVI Every Clerk, Bailiff or other Officer employed in putting this Act or any of the powers thereof in execution, who shall wilfully and corruptly exact, take or accept any fee or reward whatsoever, other than his lawful salary, for any thing done or to be done by virtue of this Act, or on any account whatsoever, relative to putting this Act into execution, shall, upon proof thereof before the said Court, and in the case of a Clerk, on confirmation of the finding of the Court by the Governor in Council, be for ever incapable of serving, or being employed under this Act in any of

বেক এবং তাহা আদালতের হুকুমক্রমে অথবা পশ্চাৎ নির্দ্দিষ্টমতে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উসুল হইবেক এবং আদালতের বেইলিফ কিম্বা পোলীসের অন্য কোন আমলা (ওয়ারণ্ট পাইয়া বা না পাইয়া) অপরাধি ব্যক্তিকে গ্রেপ্তার করিতে এবং আদালতে অথবা মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আনিতে পারে ইতি।

৮৪ ধারা। উক্ত আদালতের যে কোন বেইলিফ ঐ আদালতের কোন ওয়ারণ্ট জারী করণেতে নিযুক্ত হয় সেই বেইলিফ যদি ত্রুটির দ্বারা কি চক্ষু মুদনের দ্বারা কিম্বা কসুরপ্রযুক্ত ঐ ওয়ারণ্ট জারী করণের সুযোগ হারায় তবে ঐ ত্রুটি বা চক্ষু মুদন বা কসুরের কার্য্য আদালতের হৃদ্বোধমতে প্রমাণ হইলে তাহার দ্বারা যে ব্যক্তির ক্ষতি হইয়াছে সেই ব্যক্তির নালিশক্রমে জজ সাহেবেরা ফরিয়াদীর যে ক্ষতি হইয়াছে বোধ হয় তাহা বেইলিফের দিতে হুকুম করিতে পারেন। কিন্তু কোন গতিকে যত টাকার বিষয়ে ঐ জারীর হুকুম হইয়াছিল তাহাহইতে অধিক টাকা হইবেক না এবং ঐ বেইলিফ তাহার বিষয়ে দায়ী হইবেক। এবং তাহার প্রতি সেই ক্ষতির টাকার দাওয়া হইলে যদি সেই টাকা দিতে ও পরিশোধ করিতে স্বীকার না করে তবে আদালতের ডিক্রী জারী করণের যে রীতি ও উপায় এই আইনের মধ্যে নির্দ্দিষ্ট আছে সেই রীতি ও উপায়ক্রমে ঐ টাকা আদায় করা যাইবেক কিন্তু তাহা হইলেও ঐ আসল ওয়ারণ্ট জারী হওনের কোন বাধা হইবেক না ইতি।

৮৫ ধারা। যদি আদালতের ক্লার্ক সাহেব অথবা বেইলিফ কি কোন কর্ম্মকারকের প্রতি এই অভিযোগ হয় যে ঐ আদালতের হুকুমের ছল বা প্রতারণাক্রমে তিনি জবরদস্তী করিয়া টাকা লইয়াছেন অথবা কোন কুক্রিয়া করিয়াছেন অথবা এই আইনের ক্ষমতাক্রমে যে কোন টাকা আদায় করিয়াছেন তাহা রীতিমতে দেন নাই অথবা তাহার হিসাব দেন নাই তবে জজ সাহেবেরা সরাসরীমতে সেই বিষয়ের তদারক করিতে পারেন এবং যেরূপে কোন মোকদ্দমার সাক্ষিরদিগকে হাজির করাণ যাইতে পারে সেইরূপে যে সকল ব্যক্তির তন্নিমিত্তে হাজির হইবার আবশ্যক আছে তাহারদিগকে তলব করিতে এবং হাজির করাইতে পারেন এবং যে টাকা জবরদস্তী করিয়া লওয়া গিয়াছিল তাহা ফিরিয়া দেওনের বিষয়ে অথবা যে টাকা সেইরূপে আদায় হইয়াছিল তাহা রীতিমত দেওনের বিষয়ে এবং ক্ষতিপূরণ ও খরচার টাকা দেওনের বিষয়ে যেমত যথার্থ বুঝেন সেইমত হুকুম দিতে পারেন। এবং আরো যদি উপযুক্ত বুঝেন তবে প্রত্যেক অপরাধের জন্যে এক শত টাকার অনধিক যে জরীমানা তাঁহারা প্রচুর বোধ করেন তাহা ঐ ক্লার্ক সাহেব ও বেইলিফ অথবা কর্ম্মকারকের দিতে হুকুম করিতে পারেন। এবং যে টাকা এইরূপে দেওনের হুকুম হয় তাহা যদি না দেওয়া যায় তবে আদালতের ডিক্রী জারী করাওনের যে রীতি ও নিয়ম নির্দ্দিষ্ট আছে সেইরূপে তাহা আদায় করাইবার হুকুম দিতে পারেন ইতি।

৮৬ ধারা। এই আইন জারী করণের কার্য্য অথবা এই আইনের ক্ষমতানুসারে কার্য্য করণেতে যে কোন ক্লার্ক সাহেব বা বেইলিফ কি অন্য কর্ম্মকারক আপনার নির্দ্দিষ্ট মাহিয়ানাছাড়া এবং এই আইন জারী করণের বিষয়ে এই আইনের ক্ষমতাক্রমে যে কার্য্য করা গিয়াছে বা করিতে হয় তজ্জন্যে অথবা অন্য কোন কারণে জানিয়া শুনিয়া এবং ছলস্বরূপ কোন রসুম বা পুরস্কারের দাওয়া করেন বা লন কি গ্রহণ করেন তাহা আদালতের সম্মুখে প্রমাণ হইলে সেই ব্যক্তির বিষয়ে এই হুকুম হইবেক যে এই আইনক্রমে কোন লাভ বা প্রাপ্তির পদে আর কখন কর্ম্ম পাইতে বা নিযুক্ত হইতে পারিবেন না এবং ইহার মধ্যে নির্দ্দিষ্টমতে ক্ষতিপূরণের বিষয়েও

fice of profit or emolument, and shall also be liable for damages as herein provided.

LXXXVII If any claim shall be made to, or in respect of, any goods or chattels taken in execution under the process of any Court holden under this Act, or in respect of the proceeds or value thereof, by any person not being the party against whom such process has issued, the Clerk of the Court, upon application of the Officer charged with the execution of such process, as well before as after any action brought against such Officer, may issue a summons calling before the said Court, as well the party issuing such process as the party making such claim, and thereupon any action, which shall have been brought in the Supreme Court in respect of such claim, shall be stayed, and any Judge of the Supreme Court on proof of the issue of such summons, and that the goods and chattels were so taken in execution, may order the party bringing such action to pay the costs of all proceedings, had upon such action after the issue of such summons out of the Court of Small Causes, and the Judges of the Court of Small Causes shall adjudicate upon such claim and make such order between the parties in respect thereof, and of the costs of the proceedings as to them shall seem fit, and such order shall be enforced in like manner as any order made in any suit brought in such Court

LXXXVIII The powers of Act No VII 1847, to regulate distresses for small rents in Calcutta, shall be extended to the recovery of all arrears of rent not exceeding Five Hundred Rupees, and the Judges of every Court of Small Causes under this Act shall be empowered to exercise within their several jurisdictions the extended powers of the said Act, and the said Act shall be construed as if instead of Calcutta and the Settlement of Fort William in Bengal, the limits of the jurisdiction of the Court had been therein mentioned, and the Judges of the Court of Small Causes under this Act instead of the Commissioners of the Court therein mentioned, and the amount of Five Hundred Rupees instead of One Hundred Rupees, and the forms contained in the Schedule annexed to the said Act shall be altered accordingly, and shall refer to this Act instead of Act No VII 1847

LXXXIX The affidavit of arrear required by the said Act No VII, 1847, may, in every case be made either by the person entitled to such arrear or by his or her lawfully constituted attorney, and a warrant of distress may issue on such affidavit

XC Where any person shall hold or occupy any house, land or tenement, of which the value or the rent payable in respect thereof, does not exceed the rate of Five Hundred Rupees by the year, without leave of the owner, or under a lease or agreement which is ended, or duly determined by a legal notice to quit, and such tenant, or, if

দায়ী হইবেন। কিন্তু ক্লার্ক সাহেবের এই অপরাধ হইলে আদালতের হুকুম শ্রীযুত গবরনর সাহেবের হুজুর কৌন্সেলে মঞ্জুর না করিলে তাঁহার দণ্ড হইবেক না ইতি।

৮৭ ধারা। এই আইনক্রমের স্থাপিত কোন আদালতের হুকুম জারীক্রমে যে জিনিস কি সম্পত্তি লওয়া যায় তাহার বিষয়ে অথবা সেই জিনিসের উৎপন্ন বা মুল্যের বিষয়ে যে ব্যক্তির বিরুদ্ধে ঐ হুকুম বাহির হইয়াছে সে ছাড়া যদি অন্য কোন ব্যক্তির দ্বারা দাওয়া হয় তবে আদালতের ক্লার্ক সাহেব ঐ হুকুম জারীর ভারপ্রাপ্ত কর্ম্মকারকের দরখাস্তক্রমে তাহার নামে নালিশ হওনের পূর্ব্বে বা পরে এক সমন দিতে প বন এবং ঐ সমনের দ্বারা যে ব্যক্তি ঐ হুকুম বাহির করিল এবং যে ব্যক্তি সেইরূপ দাওয়া করিল উভয়কে আদালতে তলব করিতে পারেন। এবং তাহা হইলে ঐ দাওয়ার বিষয়ে সুপ্রিম কোর্টে যে কোন নালিশ উপস্থিত হইয়া থাকে তাহা রহিত হইবেক এবং সুপ্রিম কোর্টের কোন জজ সাহেবের নিকটে যদি এইরূপ প্রমাণ হয় যে ঐ সমন জারী হইয়াছে এবং সেই জিনিস ও সম্পত্তি জারীক্রমে ক্রোক হইয়াছিল তবে যে ব্যক্তি ঐরূপ নালিশ করিল সেই ব্যক্তিকে অল্প মুল্যের মোকদ্দমার আদালতহইতে ঐ সমন বাহির হওনের পর ঐ নালিশক্রমে যে সকল কার্য্য হইয়াছে তাহার খরচা দিবার হুকুম করিবেন এবং অল্প মুল্যের মোকদ্দমার আদালতের জজ সাহেবেরা সেই দাওয়ার বিষয়ের নিষ্পত্তি করিবেন এবং সেই দাওয়ার বিষয়ে এবং কার্য্যের খরচার বিষয়ে উভয় বিবাদির মধ্যে যে হুকুম উচিত বুঝেন সেই হুকুম করিবেন এবং ঐ আদালতে উপস্থিত কোন মোকদ্দমার কোন হুকুম যেরূপে জারী হয় সেইরূপে ঐ হুকুম জারী হইবেক ইতি।

৮৮ ধারা। শহর কলিকাতায় অল্প ভাড়ার জন্যে ক্রোকের নিয়ম করণের ১৮৪৭ সালের ৭ আইনে যেং ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তাহা পাঁচ শত টাকার অনধিক ভাড়ার বাকী আদায় করণার্থে খাটান যাইবেক এবং এই আইনক্রমে অল্প মুল্যের মোকদ্দমার প্রত্যেক আদালতের জজ সাহেবেরা আপনং এলাকার মধ্যে উক্ত আইনের বিস্তারিত ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন। এবং ঐ আইনের মধ্যে “কলিকাতা এবং বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়মের বসতি” এই কথার পরিবর্ত্তে “ঐ আদালতের এলাকার সীমাসরহদ্দ” পাঠ করা যাইবেক এবং “আদালতের কমিসানর” এই কথার পরিবর্ত্তে “এই আইনানুসারের স্থাপিত অল্প মুল্যের মোকদ্দমার আদালতের জজ সাহেবেরা” এই কথা পাঠ করিতে হইবেক এবং ঐ আইনে যেখানে এক শত টাকা লেখা আছে সেখানে পাচ শত টাকা পাঠ হইবেক এবং উক্ত আইনের শেষের লিখিত তফসীলে যে নানা পাঠ আছে তাহা তদনুসারে ফেরফার করা যাইবেক এবং তাহাতে ১৮৪৭ সালের ৭ আইনের পরিবর্ত্তে এই আইন উল্লেখ করিতে হইবেক ইতি।

৮৯ ধারা। উক্ত ১৮৪৭ সালের ৭ আইনে যে বাকী টাকার আফিডেবিট অর্থাৎ সুকৃতিপত্র লিখিবার হুকুম আছে তাহা প্রত্যেক গতিকে যে ব্যক্তি ঐ বাকী টাকা পাইবার অধিকার রাখে সেই ব্যক্তি কিম্বা তাহার রীতিমতে নিযুক্ত উকীল করিতে পারেন এবং এমত আফিডেবিট হইলে ক্রোকের পরওয়ানা জারী হইতে পারে ইতি।

৯০ ধারা। যে ঘর কি ভূমির কিম্বা বাটীর বার্ষিক মুল্য কিম্বা ভাড়া পাঁচ শত টাকার অধিক হারের না হয় এমত ঘর কি ভূমি কিম্বা বাটী যদি কোন ব্যক্তি মালিকের অনুমতিবিনা দখল করে কিম্বা যে পাট্টা অথবা একরার বাটী ত্যাগ করিবার আইনমত এত্তেলা দেওয়াতে শেষ এবং নিবৃত্ত হয় এইমত পাট্টা কি একরার-

such tenant do not actually occupy the premises, or occupy only a part thereof, any person by whom the same or any part thereof shall be then actually occupied, shall neglect or refuse to quit and deliver up possession of the premises, or of such part thereof respectively, the owner or his agent may take out a summons from the Court directed to such tenant or occupier, to show by what title he claims to hold or occupy the premises or part thereof

XCI If the tenant or occupier shall not thereupon appear at the time and place appointed, and show cause to the contrary, and shall still neglect or refuse to deliver up possession of the premises, or of such part thereof, of which he is then in possession, to the said owner or his agent, such owner or agent may give to the Court proof of the holding, and of the end or other determination of the tenancy, if any had existed, with the time or manner thereof, and of the right by which he claims the possession

XCII Upon proof of due service of the summons, and of the neglect or refusal of the tenant or occupier, as the case may be, the Judges may issue a warrant under the seal of the Court, to any Bailiff of the Court requiring and authorizing him within a period to be therein named not less than seven, or more than ten clear days from the date of such warrant, to give possession of the premises to such owner or agent, and such warrant shall be a sufficient warrant to the said Bailiff to enter upon the premises with such assistants as he shall deem necessary, and to give possession accordingly Provided always, that entry upon any such warrant shall not be made on a *Sunday*, *Good Friday*, or *Christmas day*, or any other day observed by the Court as a Holiday, or at any time except between the hours of six in the morning and six in the afternoon Provided also, that nothing herein contained shall be deemed to protect any person by whom any such warrant shall be sued out of the Court of Small Causes from any action which may be brought against him by any such tenant or occupier for such entry and taking possession, where such person had not, at the time of suing out the same as aforesaid, lawful right to the possession of the same premises

XCIII Such summons, as last aforesaid, may be served either personally or by leave of the Court, upon proof that the tenant or occupier is not to be found within the jurisdiction of the Court, by leaving the same with some person being in, and apparently residing at the place of abode of the person or persons so holding over as aforesaid, or if the place of abode of such person

ক্রমে দখল করে তবে সেই ভাড়াটিয়া ব্যক্তি অথবা সেই ভাড়াটিয়া প্রকৃতপ্রস্তাবে ঐ বাটীতে না থাকিলে অথবা তাহার কেবল কতক অংশে থাকিলে যে ব্যক্তি সেই সময়ে প্রকৃতপ্রস্তাবে সেই বাটী অথবা তাহার কোন ভাগে থাকে সেই ব্যক্তি যদি সেই বাটী কি তাহার সেই ভাগ ত্যাগ করিতে এবং তাহার দখল ছাড়িয়া দিতে ত্রুটি বা অস্বীকার করে তবে সেই বাটীর মালিক অথবা তাহার গোমাশতা ঐ ভাড়াটিয়া কিম্বা দখীলকার ব্যক্তির নামে আদালতহইতে এই মজমুনে সমন বাহির করিতে পারে যে দখীলকার যে স্বত্বক্রমে ঐ বাটী কিম্বা তাহার একাংশ দখল করিবার দাওয়া করে তাহা প্রকাশ করে ইতি।

৯১ ধারা। যদি তাহাতে ঐ ভাড়াটিয়া কি দখীলকার ব্যক্তি নিয়মিত সময়ে ও স্থানে হাজির না হয় এবং তাহার বিরুদ্ধ কারণ না দশায় এবং তথাপি ঐ বাটী অথবা তাহার যে ভাগ তৎসময়ে তাহার দখলে থাকে সেই ভাগের দখল সেই বাটীর মালিক বা তাহার গোমাশতার হাতে ত্যাগ করিতে ত্রুটি বা অস্বীকার করে তবে সেই বাটীর মালিক বা তাহার গোমাশতা সেই বাটী আপনার সম্পত্তি হওনের এবং যদ্যপি তাহা ভাড়া করিয়া দেওয়া গিয়া থাকে তবে সেই ভাড়ার মিয়াদের শেষ হওন অথবা প্রকারান্তরে নিবৃত্ত হওনের ও যে সময় ও যে প্রকারে তাহার শেষ হইল তাহার এবং যে স্বত্বের দ্বারা সে ব্যক্তি তাহার দখলের দাওয়া করে সেই স্বত্বের প্রমাণ দিতে পারে ইতি।

৯২ ধারা। ঐ সমন উপযুক্তমতে জারী হওনের প্রমাণ এবং বিষয়বিশেষে ভাড়াটিয়া অথবা দখীলকারের ত্রুটি কি অস্বীকারের প্রমাণ হইলে জজ সাহেবেরা আদালতের মোহরকরা এক ওয়ারণ্ট আদালতের কোন বেইলিফকে দিতে পারেন এবং তাহাতে তাহাকে এই হুকুম ও ক্ষমতা দেওয়া যাইবেক যে ঐ ওয়ারণ্টের মধ্যের লিখিত মিয়াদের মধ্যে অর্থাৎ ঐ ওয়ারণ্টের তারিখের পর সম্পূর্ণ সাত দিবসের কম না হয় ও দশ দিবসের অধিক না হয় ঐ বাটীর দখল ঐ বাটীর মালিক কি তাহার গোমাশতাকে দেন। এবং ঐ ওয়ারণ্টের ক্ষমতাক্রমে ঐ বেইলিফ যত আমলা আবশ্যক বোধ করে তত আমলা লইয়া ঐ বাটীর মধ্যে প্রবেশ করিতে এবং তাহার দখল দেওয়াইতে পারে। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ ওয়ারণ্টক্রমে রবিবারে অথবা গুডফ্রাইডে কি ক্রিসমিসডে অর্থাৎ বড় দিনে অথবা অন্য যে কোন দিবস ঐ আদালত পর্ব্বের ন্যায় মানেন সেই দিবসে বাটীর মধ্যে প্রবেশ হইতে পারে না অথবা প্রাতঃকালের ছয় ঘন্টাঅবধি অপরাহ্ণের ছয় ঘন্টাপর্য্যন্ত সময়ছাড়া অন্য কোন সময়ে প্রবেশ করা যাইতে পারে না। কিন্তু জানা কর্ত্তব্য যে এই আইনের মধ্যের লিখিত কোন কথার এমত অর্থ করিতে হইবেক না যে যে ব্যক্তির দরখাস্তক্রমে অল্প মূল্যের মোকদ্দমার আদালতের ঐ ওয়ারণ্ট দিয়াছেন সেই ব্যক্তির ওয়ারণ্ট পাওন সময়ে যদি সেই বাটীর দখলের বিষয়ে কোন আইনসিদ্ধ স্বত্ব ছিল না তবে সেইরূপ বাটীর মধ্যে প্রবেশ ও তাহা দখল করণের বিষয়ে ঐ ভাড়াটিয়া কি দখীলকার তাহার নামে যে নালিশ করিতে চাহে সেই নালিশহইতে সেই ব্যক্তি রক্ষা পাইবেক ইতি।

৯৩ ধারা। পূর্ব্বোক্ত সমন ভাড়াটিয়া ব্যক্তির উপর জারী হইতে পারে অথবা যদি ঐ ভাড়াটিয়া কি দখীলকার আদালতের এলাকার মধ্যে পাওয়া যায় না তাহার প্রমাণ দিয়া আদালতের অনুমতি লইয়া যে ব্যক্তি বা ব্যক্তিরা পূর্ব্বোক্ত মতে বাটী ত্যাগ করিতে অস্বীকার করে সেই ব্যক্তির বাসস্থানে যে কোন ব্যক্তি থাকে এবং দৃষ্টতঃ তথায় বাস করিতেছে সেই ব্যক্তিকে সমন দিলে তাহা জারী হইতে পারে। কিন্তু যদি সেই ব্যক্তি বা

or persons shall either not be known or admission thereto cannot be obtained for serving such summons, by posting the said summons on some conspicuous part of the premises so held over

XCIV No action or prosecution shall be maintainable against the Judges or against the Clerk of the Court, by whom such warrant as aforesaid shall have been issued, or against any Bailiff or other person by whom such warrant may be executed, or summons affixed, for issuing such warrant, or executing the same respectively, or affixing such summons, by reason that the person by whom the same shall be sued out had not lawful right to the possession of the premises

XCV Where the owner, at the time of applying for such warrant as aforesaid, had lawful right to the possession of the premises, or of the part thereof so held over as aforesaid, neither the said owner nor his agent, nor any other person acting in his behalf, shall be deemed to be a trespasser, by reason merely of any irregularity or informality in the mode of proceeding for obtaining possession under the authority of this Act, but the party aggrieved may, if he think fit, bring an action on the case, for such irregularity or informality, in which the damage alleged to be sustained thereby, shall be specially laid, and may recover full satisfaction for such special damage with costs of suit Provided that, if the special damage so laid be not proved, the defendant shall be entitled to a verdict, and that, if proved, but assessed at any sum, not exceeding Ten Rupees, the plaintiff shall recover no more costs than damages, unless the Judge, before whom the trial shall have been holden, shall certify that in his opinion full costs ought to be allowed

XCVI In every case in which the person by whom any such warrant shall be sued out of the Court of Small Causes, had not, at the time of suing out the same, lawful right to the possession of the premises, the suing out of any such warrant, as last aforesaid, shall be deemed a trespass by him against the tenant or occupier of the premises, although no entry shall be made by virtue of the warrant, and in case any such tenant or occupier will become bound with two sufficient Sureties, to be approved by the Clerk of the Court, in such sum as to the Judges shall seem reasonable, regard being had to the value of the premises and to the probable costs of such action, to sue the person by whom such warrant was sued out with effect and without delay, and to pay all the costs of the proceeding in such action, in case a verdict shall pass for the defendant, or the plaintiff shall discontinue or not prosecute his action, or become nonsuit therein execution upon the warrant shall be stayed until judgment shall have been given in such action of trespass, and, if upon the trial of such action of trespass, judgment be

ব্যক্তিরদের বাসস্থান জানা নাই অথবা সেই সমন জারী করণার্থে তাহাতে প্রবেশ হইতে পারে না তবে যে বাটী এইরূপে ত্যাগ করণের অস্বীকার হইয়াছে সেই বাটীর সকলের দৃষ্টিগোচর কোন স্থানে সমন লটকাইলে ঐ সমন জারী হইতে পারে ইতি ।*

৯৪ ধারা । যে ব্যক্তির দরখাস্তক্রমে ওয়ারণ্ট দেওয়া গিয়াছিল তাহার ঐ বাটীর দখলের বিষয়ে আইনসিদ্ধ কোন স্বত্ব ছিল না বলিয়া ঐ আদালতের যে জজ সাহেব অথবা ক্লার্ক সাহেবের দ্বারা পূর্ব্বোক্ত মতে ঐ ওয়ারণ্ট দেওয়া গিয়াছিল তাঁহারদের বিরুদ্ধে ঐ ওয়ারণ্ট দেওনের জন্য অথবা যে বেইলিফ কি অন্য কোন ব্যক্তির দ্বারা ঐ ওয়ারণ্ট জারী হইয়াছিল কিম্বা ঐ সমন লট্‌কান গিয়াছিল তাহার বিরুদ্ধে তাহা জারী করণের বিষয়ে কি ঐ সমন লট্‌কাওনের বিষয়ে কোন মোকদ্দমা বা নালিশ হইতে পারে না ইতি ।

৯৫ ধারা । যে গতিকে বাটীর মালিকের পূর্ব্বোক্তমত ওয়ারণ্টের দরখাস্ত করণের সময়ে ঐ বাটীর অথবা পূর্ব্বোক্তমতে যে অংশ ত্যাগ করিতে অস্বীকৃত হইয়াছিল সেই অংশের দখলের আইনসিদ্ধ স্বত্ব ছিল সেই গতিকে ঐ বাটীর মালিক কি তাহার গোমাশ্‌তা কিম্বা তাহার পক্ষে কর্ম্মকারী অন্য কোন ব্যক্তির এই আইনের ক্ষমতানুসারে দখল পাইবার কার্য্যের রীতিতে কোন বেদাঁড়া বা অনিয়মিত কার্য্য হইয়াছে কেবল ইহা বলিয়া সেই ব্যক্তি "ত্রেসপাসর" অর্থাৎ অন্যায়রূপে প্রবেশকারী জ্ঞান হইবেক না । কিন্তু যে ব্যক্তির ক্ষতি হইয়াছে সেই ব্যক্তি উচিত বুঝিলে ঐ বেদাঁড়া অথবা অনিয়মের জন্যে নালিশ করিতে পারে এবং তাহার যে ক্ষতি হইয়াছে কহে তাহা বিশেষরূপে নালিশপত্রে লিখিতে হইবেক এবং ঐ বিশেষ ক্ষতির জন্যে মোকদ্দমার খরচাসমেত সম্পূর্ণ প্রতিকার পাইতে পারে । কিন্তু জানা কর্ত্তব্য যে যে বিশেষ ক্ষতির বিষয়ে দাওয়া হয় তাহার যদি প্রমাণ না করা যায় তবে আসামীর পক্ষে ডিক্রী হইবেক । এবং যদি ঐ ক্ষতির প্রমাণ হয় এবং সেই ক্ষতি দশ টাকার অধিক টাকাতে ধার্য্য না হয় তবে যে জজ সাহেব মোকদ্দমার বিচার করিলেন তিনি যদি আপনার এই মত না লিখেন যে ঐ ব্যক্তি সম্পূর্ণ খরচা পাইবার যোগ্য তবে ঐ ফরিয়াদীকে যত ক্ষতির টাকা দেওয়া গেল তাহাহইতে অধিক খরচা তাহাকে দেওয়ান যাইবেক না ইতি ।

৯৬ ধারা । যে ব্যক্তির নালিশক্রমে অল্প মূল্যের মোকদ্দমার আদালত ওয়ারণ্ট দেন সেই ব্যক্তির যদি দরখাস্ত করণের সময়ে ঐ বাটীর দখলের বিষয়ে কোন আইনসিদ্ধ স্বত্ব ছিল না তবে ঐ ওয়ারণ্টের শক্তিক্রমে বাটীর মধ্যে প্রবেশ না হইলেও ঐ ওয়ারণ্ট বাহিরকরা ভাড়াটিয়ার কি দখীলকারের বিরুদ্ধে "ত্রেসপাস" অপরাধ বোধ হইবেক । এবং যদি কোন ভাড়াটিয়া ব্যক্তি কি দখীলকার বাটীর মূল্য এবং ঐ নালিশের আনুমানিক খরচা বিবেচনা করিয়া জজ সাহেবেরা যত টাকা উচিত বোধ করেন তত টাকার আদালতের ক্লার্ক সাহেবের অনুমতিহওয়া দুই মাতবর জামিন দিয়া এই অঙ্গীকার করে যে যে ব্যক্তি ঐ ওয়ারণ্ট বাহির করিয়াছিল সেই ব্যক্তির নামে আমি প্রকৃতরূপে এবং অবিলম্বে নালিশ করিব এবং আসামীর পক্ষে ডিক্রী হইলে কিম্বা ফরিয়াদী আপনার নালিশেতে ক্ষান্ত হইলে কি না চালাইলে অথবা নন্‌সুট হইলে আমি সেই কার্য্যের সকল খরচা দিব তবে ঐ "ত্রেসপাসের" নালিশে যাবৎ ডিক্রী না হয় তাবৎ ওয়ারণ্ট জারী স্থগিত হইবেক । যদি ঐ "ত্রেসপাসের" নালিশের মোকদ্দমার বিচারেতে ফরিয়াদীর

given for the plaintiff, such judgment shall supersede the said warrant.

XCVII Recovery of the possession of any such house, land or tenement shall be no bar to the institution of a regular suit, for trying the title thereunto, which may be brought in the Supreme Court, as if this Act had not been passed

XCVIII Every bond given on the removal of any action out of the Court of Small Causes or upon staying, delaying or reversing any judgment or execution awarded therein, or the execution of any such warrant of possession as aforesaid, or on moving for a new trial, or to set aside a verdict, judgment or nonsuit, shall be made to the other party to the action, and shall be approved by the Judges and attested under the seal of the Court, and if the bond so taken be forfeited, or if upon the proceeding for securing which such bond was given, the Judge, before whom such proceeding shall be had, shall not certify upon the record in Court, that the condition of the bond hath been fulfilled, the party to whom the bond shall have been so made may bring an action of debt and recover thereon Provided always, that the Court in which such action as last aforesaid shall be brought may, by a rule of Court, give such relief to the parties liable upon such bond as may appear to him reasonable, and such rule shall have the nature and effect of a defeasance to such bond

XCIX All actions and proceedings, which before the passing of this Act, might have been brought in the Supreme Court, where any Officer of the Court of Small Causes shall be a party, except in respect of any claim to any goods and chattels taken in execution of the process of the Court, or the proceeds or value thereof, may be brought and determined in the Supreme Court, at the election of the party suing or proceeding, as if this Act had not been passed

C If any action shall be commenced after the passing of this Act in the Supreme Court, for any cause other than those lastly herein before specified, for which a summons might have been taken out from a Court holden under this Act, and a verdict shall be found for the plaintiff for a sum less than Five Hundred Rupees, if the said action is founded on contract, or less than One Hundred Rupees, if it is founded on wrong, the plaintiff shall have judgment to recover such sum only, and no costs and if a verdict shall not be found for the plaintiff the defendant shall be entitled to his costs as between attorney and client unless in either case the Judge, who shall try the cause, shall certify on the back of the record that, by reason of the difficulty, novelty or general importance of the case, or of some erroneous course of decision on like cases in the Court of Small Causes, the action was fit to be brought in the Supreme Court

CI If any person shall bring any suit in the Supreme Court in respect of any grievance com-

পক্ষে নিষ্পত্তি হয় তবে সেই নিষ্পত্তির দ্বারা ঐ ওয়ারণ্ট বাতিল হইবেক ইতি।

৯৭ ধারা। এমত কোন ঘর কি ভূমি কি বাটীর দখল ফিরিয়া পাওয়া গেলেও তাহাতে ঐ ঘরপ্রভৃতির স্বত্বের বিচারার্থে জাবেতা মোকদ্দমা উপস্থিত করণের বাধা হইবে না এবং এই আইন জারী না হইলে যেরূপ হইত সেইরূপে ঐ স্বত্বের বিষয়ি মোকদ্দমা সুপ্রিম কোর্টে উপস্থিত করা যাইতে পারে ইতি।

৯৮ ধারা। কোন মোকদ্দমা অল্প মুল্যের মোকদ্দমার আদালতহইতে খারিজ হওনেতে অথবা ঐ আদালতের কোন ডিক্রী বা ডিক্রী জারী স্থগিত বা বিলম্ব কিম্বা অন্যথা করণেতে কিম্বা পূর্ব্বোক্ত দখলের ওয়ারণ্ট জারী করণেতে কি নূতন মোকদ্দমার বিষয়ের দরখাস্ত করণেতে অথবা কোন ফয়সলা বা ডিক্রী কি ননসুট অন্যথা করণার্থে যে বণ্ড দেওয়া যায় তাহা ঐ নালিশের অন্য পক্ষ ব্যক্তিকে দেওয়া যাইবেক এবং জজ সাহেবের তাহা মঞ্জুর করণের এবং তাহাতে আদালতের মোহর থাকনের আবশ্যক হইবেক এবং যদি ঐরূপ লওয়া বণ্ড খেলাফ হয় কিম্বা যে কার্য্য করণার্থে বণ্ড দেওয়া গিয়াছিল সেই কার্য্য যে জজ সাহেবের সম্মুখে হয় সেই জজ সাহেব যদি আদালতের রোয়দাদের মধ্যে ইহা না লেখেন যে ঐ বণ্ডের নিয়ম প্রতিপালন হইয়াছে তবে যে ব্যক্তিকে ঐ বণ্ড দেওয়া গিয়াছিল সেই ব্যক্তি কর্জের নালিশ করিয়া বণ্ডের লিখিত টাকা পাইতে পারে। কিন্তু জানা কর্ত্তব্য যে এই শেষোক্ত নালিশ যে আদালতে হয় তাহার জজ সাহেব যে ব্যক্তিরা ঐ বণ্ডক্রমে দায়ী আছে সেই ব্যক্তিরদিগকে যে প্রতিকার তাঁহার বোধে উপযুক্ত হয় সেই প্রতিকার আদালতের বিধানক্রমে দিতে পারেন এবং ঐ বিধানের ঐ বণ্ড বাতিল করণের ন্যায় ফল হইবেক ইতি।

৯৯ ধারা। এই আইন জারী হওনের পূর্ব্বে যে সকল নালিশ ও কার্য্য সুপ্রিম কোর্টে উপস্থিত হইতে পারিত সেই নালিশেতে যদি অল্প মুল্যের মোকদ্দমার আদালতের কোন কর্ম্মকারক এক পক্ষ হন এবং সেই নালিশে যদি এই আদালতের হুকুম জারীক্রমে লওয়া কোন জিনিস ও সম্পত্তি অথবা তাহার উৎপন্ন বা মুল্যের বিষয়ে দাওয়া না হয় তবে এই আইন না হইলে যেরূপ হইত সেইরূপে নালিশকারি ব্যক্তি চাহিলে তাহা সুপ্রিম কোর্টে করিতে পারে ইতি।

১০০ ধারা। যে২ কারণ পূর্ব্বোক্ত ধারায় নির্দ্দিষ্ট হইয়াছে তাহাছাড়া অন্য যে কোন কারণে এই আইনের দ্বারা স্থাপিত আদালতহইতে সমন বাহির করা যাইতে পারিত সেই কারণে যদি এই আইন জারী হওনের পর সুপ্রিম কোর্টে কোন নালিশ আরম্ভ হয় এবং বন্দোবস্তমুলক মোকদ্দমা হইলে যদি ফরিয়াদীর পক্ষে পাঁচ শত টাকার ন্যূনে ডিক্রী হয় অথবা হানিমুলক নালিশ হইলে যদি এক শত টাকার কমের ডিক্রী হয় তবে ফরিয়াদীর কেবল তত টাকা ফিরিয়া পাইবার ডিক্রী হইবেক এবং কোন খরচা দেওয়া যাইবেক না। এবং যদি ফরিয়াদীর পক্ষে ডিক্রী না হয় তবে উকীল ও মওক্কেলের মধ্যে যেরূপ খরচার নিয়ম হইয়া থাকে সেইরূপে আসামী আপনার খরচা পাইতে পারে। কিন্তু ইহার মধ্যে কোন গতিকে মোকদ্দমার বিচারকারি জজ সাহেব যদি মোকদ্দমার রোয়দাদের পৃষ্ঠে ইহা লেখেন যে ঐ মোকদ্দমার কাঠিন্য কি নব্যতা কিম্বা সাধারণ গুরুত্বপ্রযুক্ত অথবা ঐ অল্প মুল্যের মোকদ্দমার আদালতে সেই প্রকার মোকদ্দমার নিষ্পত্তির বিষয়ে কোন ভ্রমযুক্ত রীতি হওনপ্রযুক্ত ঐ মোকদ্দমা সুপ্রিম কোর্টে উপস্থিত করণের যোগ্য ছিল তবে উপরের উক্ত বিধি খাটিবেক না ইতি।

১০১ ধারা। এই আইনের দ্বারা স্থাপিত কোন আদালতের কোন ক্লার্ক সাহেব বা বেইলিফ কি কর্ম্মকা-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২০ নবেম্বর।]

mitted by the Clerk, Bailiff, or Officer of any Court holden under this Act, under colour or pretence of the process of the said Court, and upon the trial of the action, no greater damages shall be found for the plaintiff than the sum of Five Hundred Rupees, no costs shall be awarded to the plaintiff in such action, unless the Judge shall certify in Court, upon the back of the Record, that the action was fit to be brought in the Supreme Court.

CII All penalties, fines and forfeitures by this Act, inflicted or authorized to be imposed, (the manner of recovering and applying whereof is not hereby otherwise particularly directed,) upon proof before any Justice of the Peace or Magistrate having jurisdiction where the offender shall reside or be, or the offence shall be committed, either by the confession of the party offending, or by the oath or affirmation of any credible witness, shall be levied, with the costs attending the summons and conviction, by distress and sale of the goods and chattels of the party offending, by warrant under the hand of any such Justice or Magistrate, and the overplus (if any) after such penalties, fines and forfeitures, and the charges of such distress and sale are deducted, shall be returned, upon demand, unto the owner of such goods and chattels

CIII If any such penalties, fines and forfeitures respectively, shall not be paid forthwith upon conviction, it shall be lawful for such Justice or Magistrate to order the offender so convicted to be detained in safe custody until return can conveniently be made to such warrant of distress, unless such offender shall give sufficient security to the satisfaction of such Justice or Magistrate for his appearance before him on such day as shall be appointed for the return of such warrant of distress, such day not being more than eight days from the time of taking any such security, which security the Justice or Magistrate shall be empowered to take by way of recognizance or otherwise, as to him shall seem fit

CIV If upon return of such warrant it shall appear that no sufficient distress can be had thereupon, or in case it shall appear to the satisfaction of the Justice or Magistrate, either by confession of the offender or otherwise, that he hath not within the jurisdiction of such Justice or Magistrate, sufficient goods and chattels, whereon to levy all such penalties, forfeitures, costs and charges, the Justice or Magistrate may, at his discretion, without issuing any warrant of distress, commit the offender to the Common Gaol or House of Correction, for any time not exceeding three calendar months, unless such penalties, forfeitures and fines, and all reasonable charges attending the recovery thereof, shall be sooner paid and satisfied

CV The monies arising from any such penalties, forfeitures and fines as aforesaid when paid and levied, shall, (if not by this Act directed to be otherwise applied,) be from time to time paid

রকের উক্ত আদালতের হুকুমের ছলে বা বাহানায় কোন অত্যাচার করণের বিষয়ে তাঁহার নামে যদি কোন ব্যক্তি সুপ্রিম কোর্টে নালিশ করে এবং সেই মোকদ্দমার বিচারে যদি ফরিয়াদীর পক্ষে পাঁচ শত টাকাহইতে অধিক টাকার ডিক্রী না হয় তবে জজ সাহেব যদি মোকদ্দমার রোয়দাদের পৃষ্ঠে আদালতে ইহা জ্ঞাত না করেন যে ঐ মোকদ্দমা সুপ্রিম কোর্টে উপস্থিত করণের যোগ্য ছিল তবে সেই নালিশে ফরিয়াদীর পক্ষে কোন খরচার ডিক্রী হইবেক না ইতি।

১০২ ধারা। যে সকল দণ্ড ও গুনাহগারী ও জরীমানা এই আইনের দ্বারা নির্দ্দিষ্ট হয় বা নির্দ্দিষ্ট হওনের হুকুম আছে এবং তাহা আদায় করণের ও ব্যয় করণের বিষয়ে এই আইনের মধ্যে কোন বিশেষ হুকুম না থাকে সেই২ দণ্ডপ্রভৃতির বিষয়ে অপরাধি ব্যক্তি যে স্থানে বাস করে বা থাকে অথবা যে স্থানে অপরাধ করা গিয়াছিল সেই স্থানে যে জুষ্টিস অফ দি পীস অথবা মাজিষ্ট্রেট সাহেবের এলাকা আছে তাঁহার সম্মুখে অপরাধি ব্যক্তির কবুলক্রমে অথবা বিশ্বাসযোগ্য সাক্ষিরদের শপথ বা প্রতিজ্ঞাক্রমে প্রমাণ হইলে সেই২ দণ্ডপ্রভৃতি এবং সমনের ও অপরাধ নির্দ্ধার্য্য করণের খরচা ঐ জুষ্টীস কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের দস্তখৎকরা ওয়ারণ্টক্রমে অপরাধি ব্যক্তির জিনিস ও সম্পত্তি ক্রোক ও বিক্রয়ের দ্বারা আদায় হইবেক এবং ঐ দণ্ড বা গুনাহগারী কি জরীমানা এবং ক্রোক ও নীলামের খরচা বাদ দিলে যদি কিছু অবশিষ্ট থাকে তবে তাহা ঐ জিনিস ও সম্পত্তির মালিকের দাওয়াক্রমে তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক ইতি।

১০৩ ধারা। যদি অপরাধ সাব্যস্ত হইলে সেইরূপে কোন দণ্ড বা গুনাহগারী এবং জরীমানা তৎক্ষণাৎ না দেওয়া যায় তবে ক্রোকী পরওয়ানার যাবৎ সুগমমতে ওয়াপোস হইতে না পারে তাবৎ ঐ জুষ্টিস কিম্বা মাজিষ্ট্রেট সাহেব দোষীকৃত অপরাধিকে আটক করিয়া রাখিতে হুকুম দিতে পারেন। কিন্তু ক্রোকী পরওয়ানা ওয়াপোস করণের যে দিন নিরূপণ হয় সেই দিবসে হাজির হইতে যদি ঐ অপরাধী জুষ্টিস কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে প্রচুর জামিন দেয় তবে সেই ব্যক্তি আটক হইবেক না ঐ দিবস জামিন লওনঅবধি আট দিবসের অধিক হইবেক না এবং ঐ জামিন জুষ্টিস কিম্বা মাজিষ্ট্রেট সাহেব মুচলকার দ্বারা বা প্রকারান্তরে যেরূপ উচিত বুঝেন সেইরূপে লইতে পারেন ইতি।

১০৪ ধারা। সেই পরওয়ানা ওয়াপোস হইলে যদি দৃষ্ট হয় যে তাহার দ্বারা প্রচুরমতে ক্রোক হইতে পারে না অথবা যদি অপরাধির কবুলের দ্বারা কিম্বা প্রকারান্তরে জুষ্টিস কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের এমত হৃদ্বোধ হয় যে ঐ জুষ্টিস কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে যাহাতে ঐ দণ্ড ও গুনাহগারী ও খরচ ও খরচার টাকা দেওয়া যাইতে পারে এইমত সেই ব্যক্তির প্রচুর জিনিস ও সম্পত্তি নাই তবে জুষ্টিস কিম্বা মাজিষ্ট্রেট সাহেব আপন বিবেচনাক্রমে ক্রোকী পরওয়ানা জারি না করিয়া তিন কালেণ্ডর মাসের অনধিক কালপর্য্যন্ত অপরাধিকে জেলখানায় কি হরিণবাটীতে কয়েদ করিতে পারেন। কিন্তু যদি সেই দণ্ড ও গুনাহগারী ও জরীমানা ও তাহা আদায় করণের সকল ওয়াজিবী খরচা তিন মাসের পূর্ব্বে দেওয়া যায় ও পরিশোধ হয় তবে সেই ব্যক্তি কয়েদহইতে মুক্ত হইবেক ইতি।

১০৫ ধারা। পূর্ব্বোক্ত দণ্ড ও গুনাহগারী ও জরীমানা দেওয়া গেলে এবং আদায় হইলে যদি এই আইনের মধ্যে তাহা প্রকারান্তরে ব্যয় করণের কোন হুকুম না থাকে তবে তাহা সময়ক্রমে ঐ আদালতের ক্লার্ক সাহে-

to the Clerk of the Court, and shall be applied in like manner as the fees thereof

CVI In all cases in which by this Act any penalty or forfeiture is made recoverable before a Justice or Magistrate, he may summon before him the party complained against, and on such summons may hear and determine the matter of such complaint, and, on proof of the offence, may convict the offender, and adjudge him to pay the penalty or forfeiture incurred, and proceed to recover the same, although no information in writing shall have been exhibited before him, and all such proceedings by summons without information in writing shall be as valid and effectual to all intents and purposes, as if an information in writing had been exhibited

CVII In all cases where any conviction shall be had for any offence committed against this Act, the form of conviction may be in the words or to the effect following (that is say,) " Be it remembered that on this day of
" in the year
" A B is convicted before
" a Magistrate
" for the (or before a
" Judge appointed under Act of 1849) of
" having (*state the offence*,) and I (*or we*) the
" said do adjudge the said
" to forfeit and pay for the same
" the sum of [or to be committed
" to for the space of] Given under
" hand ( ) and seal ( )
" the day and year aforesaid."

CVIII No order, verdict or judgment, or other proceeding, made concerning any of the matters aforesaid, shall be quashed or vacated for want of form

CIX Where any distress shall be made for any sum of money to be levied by virtue of this Act, the distress itself shall not be deemed unlawful, nor the party making the same be deemed a trespasser, on account of any defect or want of form in the information, summons, conviction, warrant of distress or other proceeding relating thereto, nor shall the party distraining be deemed a trespasser from the beginning, on account of any irregularity which shall afterwards be committed by the party so distraining, but the person aggrieved by such irregularity may recover full satisfaction for the special damage in an action upon the case

CX All actions and prosecutions to be commenced against any person for any thing done in pursuance of this Act, shall be commenced within three calendar months after the fact committed, and not afterwards, and notice in writing of such action, and of the cause thereof, shall be given to the defendant one calendar month at least before the commencement of the action, and no plaintiff shall recover in any such action, if tender of sufficient amends shall have been made before such

বকে দেওয়া যাইবেক এবং ঐ আদালতের রসুম যেরূপে ব্যয় হয় সেইরূপে ব্যয় হইবেক ইতি।

১০৬ ধারা। যে সকল গতিকে এই আইনের দ্বারা কোন দণ্ড কি জরীমানা জুষ্টিস কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আদায় হওনের যোগ্য হয় সেই সকল গতিকে তিনি নালিশগ্রস্ত ব্যক্তিকে আপনার সম্মুখে তলব করিতে পারেন এবং ঐ তলবক্রমে ঐ নালিশ শুনিতে ও নিষ্পত্তি করিতে পারেন এবং তাঁহার নিকটে সেই বিষয়ে কোন লিখিত এজহার না হইলেও অপরাধের প্রমাণ পাইলে অপরাধিকে দোষী করিতে পারেন এবং তাহার দণ্ড কিম্বা জরীমানা দিবার হুকুম করিতে পারেন এবং তাহা আদায় করিতে পারেন এবং তাঁহার সম্মুখে লিখিত এজহার হইলে যেরূপ হইত সেইরূপে লিখিত এজহারবিনা সমনক্রমে যে সকল কার্য্য হয় তাহা সর্ব্বতোভাবে সিদ্ধ ও প্রবল হইবেক ইতি।

১০৭ ধারা। এই আইনের বিরুদ্ধে অপরাধ হইলে এবং দোষ সাব্যস্ত হইলে অপরাধ সাব্যস্তের পাঠ পশ্চাৎ লিখিত পাঠ বা তাহার মজমুনে লেখা যাইতে পারে।

সকল লোককে জানান যাইতেছে যে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে অমুক ব্যক্তি অমুক স্থানের মাজিষ্ট্রেট অর্থাৎ আমার সম্মুখে (অথবা ১৮৪৯ সালের অমুক নম্বরী আইনে নিযুক্ত জজ সাহেবের সম্মুখে) অমুক (এই স্থানে অপরাধ লিখিতে হইবেক) অপরাধের বিষয়ে দোষী হইল এবং আমি অথবা আমরা মাজিষ্ট্রেট কিম্বা জজ সেই ব্যক্তির এত টাকা জরীমানা দিতে অথবা অমুক স্থানে এত কালের জন্যে কয়েদ থাকিতে হুকুম করিলাম ইতি।

পূর্ব্বোক্ত বৎসর ও মাস ও দিবসে আমারদের দস্তখৎ করা ও মোহরকরা এই হুকুম হইল ইতি।

১০৮ ধারা। পূর্ব্বোক্ত কোন বিষয়ে যে কোন হুকুম বা ফয়সলা কি ডিক্রী বা অন্য কার্য্য হয় তাহা দাঁড়ার ব্যতিক্রমপ্রযুক্ত অন্যথা অথবা রহিত হইবেক না ইতি।

১০৯ ধারা। যখন এই আইনের শক্তিক্রমে কোন টাকার জন্যে ক্রোক হয় তখন এজহার কি সমন কিম্বা দোষ সাব্যস্ত করণ বা ক্রোকী পরওয়ানা কি তৎসম্পর্কীয় অন্য কার্য্যে দাঁড়ার ব্যতিক্রম হইয়াছে বা দাঁড়ার অভাব আছে বলিয়া ঐ ক্রোক বেআইনী বোধ হইবেক না এবং যে ব্যক্তি সেই ক্রোক করে সেই ব্যক্তি "ত্রেসপাসের" অপরাধী জ্ঞান হইবেক না। এবং ক্রোককরণিয়া ব্যক্তি যদি তৎপরে কোন বেদাঁড়া কর্ম্ম করে তবে তন্নিমিত্তে সেই ক্রোককরণিয়া ব্যক্তি আদৌ "ত্রেসপাসের" অপরাধী জ্ঞান হইবেক না। কিন্তু ঐ বেদাঁড়ার দ্বারা যে ব্যক্তির ক্ষতি হয় সেই ব্যক্তি ঐ বিষয়সম্পর্কীয় নালিশক্রমে বিশেষ ক্ষতির জন্যে সম্পূর্ণ প্রতিকার পাইতে পারে ইতি।

১১০ ধারা। এই আইনানুসারে কৃত কোন কার্য্যের বাবৎ যে কোন মোকদ্দমা এবং নালিশ আরম্ভ হয় তাহা ঐ কর্ম্ম হওনের পর তিন কালেণ্ডর মাসের মধ্যে আরম্ভ করিতে হইবেক এবং তৎপরে হইবেক না। এবং ঐ মোকদ্দমার এবং তাহার কারণের এক লিখিত এত্তেলা নালিশ আরম্ভ হওনের পূর্ব্বে অন্যূন এক কালেণ্ডর মাসের পূর্ব্বে ঐ আসামীকে দেওয়া যাইবেক। এবং ঐ নালিশ হওনের পূর্ব্বে যদি ক্ষতিপূরণের উপযুক্ত টাকা দিবার প্রস্তাব হয় অথবা নালিশ আরম্ভ হওনের পর যদি আসামীর দ্বারা বা তাহার পক্ষে খরচাসমেত উপ-

action is brought, or if after action brought, a sufficient sum of money shall have been paid into Court, with costs by or on behalf of the defendant

Schedule of Fees

Sums not above	Every Summons or Subpœna,		Warrant	
Rupees	Rupees	Annas	Rupees	Annas
10	0	2	0	2
20	0	4	0	4
50	0	8	0	8
100	1	0	1	0
200	1	4	2	0
300	1	8	3	0
400	1	12	4	0
500	2	0	5	0

Ordered, that the said Draft be re considered at the first Meeting of the Legislative Council of India after the 20th day of December, 1849

F J HALLIDAY,
Secy to the Govt of India

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 26TH OCTOBER, 1849

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 26th of October, 1849

ACT NO —— OF 1849

An Act for extending the principle of Section IX, Regulation VII 1832, of the Bengal Code, throughout the Territories subject to the Government of the East India Company

Whereas it was enacted by Section IX, Regulation VII 1832, of the Bengal Code, that "whenever in any Civil suit the parties to such suit may be of different persuasions, when one party shall be of the Hindoo and the other of the Mahommedan persuasion or where one or more of the parties to the suit shall not be either of the Mahommedan or Hindoo persuasions, the laws of those religions shall not be permitted to operate to deprive such party or parties of any property to which, but for the operation of such laws, they would have been entitled," and whereas it is expedient to extend the principle of that enactment throughout the territories subject to the Government of the East India Company, It is enacted as follows

I So much of any law or usage now in force within the territories subject to the Government of the East India Company, as inflicts on any person forfeiture of rights or property, by reason of his or her renouncing, or having been excluded from the communion of any religion, shall cease to be enforced as law in the Courts of the East India Company, and in the Courts established by Royal Charter within the said territories

যুক্তসংখ্যক টাকা আদালতে দাখিল হয় তবে কোন ফরিয়াদী ঐরূপ কোন মোকদ্দমায় কিছু টাকা পাইতে পারিবেক না ইতি।

রসুমের তফসীল।

যাহার অধিক নহে	প্রত্যেক তলবচিঠী কি সফীনা	ওয়ারন্ট।
১০৲ টাকা	৵	৵
২০৲	।০	।০
৫০৲	॥০	॥০
১০০৲	১৲	১৲
২০০৲	১।০	২৲
৩০০৲	১॥০	৩৲
৪০০৲	১৸	৪৲
৫০০৲	২৲	৫৲

হুকুম হইল যে ১৮৪৯ সালের ২০ ডিসেম্বর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেন্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ২৬ অক্টোবর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ২৬ অক্টোবর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

বাঙ্গলা দেশের চলিত ১৮৩২ সালের ৭ আইনের ৯ ধারার মূল নিয়ম কোম্পানি বাহাদুরের শাসিত সকল দেশে চালাইবার আইন।

যেহেতুক বাঙ্গলা দেশের চলিত ১৮৩২ সালের ৭ আইনের ৯ ধারাতে এমত হুকুম হইয়াছিল যে "দেওয়ানী কোন মোকদ্দমাতে উভয় পক্ষ ভিন্ন২ মতাবলম্বী হইলে অর্থাৎ এক পক্ষ হিন্দু ও অন্য পক্ষ মুসলমান হইলে অথবা উভয় পক্ষের মধ্যে এক কি ততোধিক পক্ষের লোক না হিন্দু না মুসলমান হইলে এ২ ধর্মসম্পর্কীয় সকল বিধিব্যতিরেকে এ২ লোকের যে২ স্বত্ব হইত সেই২ স্বত্বের হানি ঐ২ ধর্মসম্পর্কীয় বিধিতে হইবেক না" এবং যেহেতুক ঐ আইনের মূল নিয়ম কোম্পানি বাহাদুরের শাসিত সকল দেশে চালাওন বিহিত বোধ হইয়াছে অতএব নীচের লিখিত মতে হুকুম হইল।

১ ধারা। কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে চলিত যে কোন বিধি কি ব্যবহারের দ্বারা কোন ব্যক্তি কোন ধর্ম ত্যাগ করিলে কিম্বা কোন ধর্ম সম্পর্কহইতে বহির্ভূত হইলে তাহার স্বত্ব কি সম্পত্তিতে অধিকার লোপ হয় সেই বিধি কি ব্যবহার কোম্পানি বাহাদুরের আদালতের মধ্যে এবং উক্ত দেশে রাজকীয় চার্টরের দ্বারা স্থাপিত আদালতের মধ্যে আইনস্বরূপ আর প্রবল হইবেক না ইতি।

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 26th day of January, 1850

F J HALLIDAY,
Secy to the Govt of India

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE

No 42

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

I have the honor, by direction of the Sudder Board of Revenue to transmit to you a copy of orders of the Government, dated the 17th ultimo, No 1210, and of the papers which accompanied them, for the information and observance of Collectors

G PLOWDEN,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 12th October, 1849

No 1210

From the Under-Secretary to the Government of Bengal, to G Plowden, Esq Secretary to the Sudder Board of Revenue, dated Fort William, the 17th September, 1849

I am directed by the Deputy Governor of Bengal to transmit a copy of a letter from the Officiating Secretary to the Government of India in the Military Department, No 34, dated the 1st instant, with enclosures, and to request that the Sudder Board will issue the necessary orders to the Collectors of districts, for filling up and forwarding to the proper quarter forms of the Price Currents therein referred to

(Signed,) W SETON KARR,
Under Secy to the Govt of Bengal

No 34

To the Secretary to the Government of Bengal

With reference to the extract, from a despatch from the Military Board, (Department Public Works,) No 1778 of the 26th June, 1849, paragraph 24, with the two forms of Price Current hereto appended, which have been approved by the Honorable the President of the Council of India in Council, I am directed to request that under the permission of the Honorable the Deputy Governor of Bengal instructions may be issued to Collectors of Districts to cause the forms of Price Current of the several articles enumerated in lists similar to the specimens forwarded herewith, which will be forwarded to them once in each quarter by Superintending Engineers, to be carefully filled up, according to existing prices,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২০ নবেম্বর।]

হুকুম হইল যে এক্ষণে পাঠ করা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ১৮৫০ সালের ২৬ জানুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলার অর্ডর।

৪২ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে গবর্ণমেণ্টের গত মাসের ১৭ তারিখের ১২১০ নম্বরী হুকুমের এবং তাহার সঙ্গে প্রেরিত কাগজপত্রের নকল কালেক্টর সাহেবেরদের বিজ্ঞাপন ও কার্য্যোপদেশের নিমিত্তে পাঠাইতেছি।

জি প্লোডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ১২ অক্টোবর।

১২১০ নম্বর।

সদর বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত জি প্লোডন সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ১৭ সেপ্টেম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী সাহেবের বর্ত্তমান মাসের ১ তারিখের ৩৪ নম্বরী পত্রের ও তাহার সঙ্গে প্রেরিত লিপির নকল পাঠাইয়া আদেশ করিতেছি যে তাহাতে যে নিরিখের পত্রের পাঠের বিষয় লেখা আছে তাহা পূর্ণ করিয়া উপযুক্ত কার্য্যকারকের নিকটে পাঠাইতে সদর বোর্ডের সাহেবেরা নানা জিলার কালেক্টর সাহেবেরদিগকে যথোচিত হুকুম দেন।

ডবলিউ সিটন কার।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

৩৪ নম্বর।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেব বরাবরেষু।

এমারতের সিরিশতার মিলিটারী বোর্ডের ১৮৪৯ সালের ২৬ জুনের ১৭৭৮ নম্বরী পত্রের নীচের লিখিত ২৪ দফা এবং তাহার সঙ্গে প্রেরিত নিরিখের পত্রের যে দুই পাঠ ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রেসীডেণ্ট সাহেব হুজুর কৌন্সেলে মঞ্জুর করিয়াছেন তাহা পাঠাইয়া তদ্বিষয়ে আদেশ করিতেছি যে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের অনুমতিক্রমে সকল জিলার কালেক্টর সাহেবদিগকে হুকুম করা যায় যে যে ফর্দ্দের নমুনা এই পত্রের সঙ্গে পাঠান যাইতেছে সেই ফর্দ্দের মধ্যের লিখিত নানা দ্রব্যের মূল্যের বাজারভাও চলিত নিরিখঅনুসারে অতিমনোযোগপূর্ব্বক লেখেন। সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবেরা ঐ প্রকার পাঠ তিন২ মাসঅন্তরে কালেক্টর সাহেবেরদের নিকটে পাঠাইবেন এবং মিলিটারী

and returned to those functionaries for transmission to the Office of the Military Board

(Sd) R WYLLIE, *Major,*
Offg Secy to the Govt of India,
Military Department

Council Chamber,
Fort William, the 1st Sept, 1849

Extract of a Letter from the Military Board, (Department Public Works,) No 1778, dated 26th June, 1849

Par 24 In order, however, that the examination of Estimates and Bills may be further facilitated in this Office, we do ourselves the honour to submit for the approval of Government, the enclosed Tabular Form of Prices Current, which in accordance with the wishes of Government, expressed in the 3d paragraph of Major Wyllie's letter under reply, we will request Superintending Engineers to forward to the Collectors of the different districts within their respective Provinces, with the view that the rates of the various articles therein inserted may be specified and submitted to our Board quarterly

(True Extract)
(Sd) R WYLLIE, *Major,*
Offg Secy to the Govt of India,
Military Department

Proposed Price Current

List of Materials used in the Department of Public Works in the construction and repair of Buildings, Roads and other Works

Masonry Materials	Value	Of what Quantity	Remarks
Brick,			
Tile,			
Stone Slabs,			
Mutkah Tile,			
Edging Do,			
Jhamah,			
Soorkey,			
Khoah,			
Baluster, Spout, } Baked Earthen			
Stone Lime,			
Shell Do			
Ghooty Lime, or, Hydraulic Lime,			
Sand,			
Wood Works			
Saul Wood,			
Do Beam,			
Do Burgahs,			
Do Chowkuts,			
Teak Wood,			
Do Chowkuts,			
Do Planks,			
Jarool Do			

বোর্ডের দফ্তরে ফিরিয়া পাঠাইবার জন্যে কালেক্টর সাহেবেরা ঐ ফর্দ্দ ইঞ্জিনিয়র সাহেবেরদের নিকটে ফিরিয়া পাঠাইবেন।

আর উইলি। মেজর।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
মিলিটারী ডিপার্টমেণ্ট।

কৌন্সেল ঘর।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ১ সেপ্টেম্বর।

এমারতের সিরিশতার মিলিটারী বোর্ডের ১৮৪৯ সালের ২৬ জুনের ১৭৭৮ নম্বরী পত্রের চুম্বক।

২৪ দফা। পরন্তু এই সিরিশতায় ইষ্টিমেট ও বিলের তহকীকের কর্ম্ম আরো সুগম হইবার জন্যে গবর্ণমেণ্টের মঞ্জুরীর নিমিত্তে এই পত্রের সঙ্গে জিনিসের নিরিখের এক পাঠ পাঠাইতেছি এবং গবর্ণমেণ্টের যে ইচ্ছা শ্রীযুত মেজর উইলি সাহেবের পত্রের তৃতীয় দফায় জানান গিয়াছে তদনুসারে আমরা সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবদিগকে হুকুম করিব যে তাঁহারা আপনং এলাকার নানা জিলার কালেক্টর সাহেবেরদের নিকটে ঐ পাঠ পাঠান এবং কালেক্টর সাহেবেরা ঐ পাঠের মধ্যের লিখিত নানা দ্রব্যের মূল্যের হার বিশেষ করিয়া লেখেন এবং তৎপরে ঐ পাঠ তিনং মাসঅন্তরে এই বোর্ডে পাঠান যাইবেক।

(যথার্থ নকল।)

আর উইলি। মেজর।
মিলিটারী ডিপার্টমেণ্ট। ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

প্রস্তাবিত নিরিখের কাগজ।

এমারৎ ও রাস্তা ও অন্যান্য কার্য্য নির্ম্মাণ ও মেরামৎ করণের নিমিত্তে এমারতের দফ্তরে যে সকল দ্রব্যের ব্যবহার হয় তাহার ফিরিস্তি।

ঘরপ্রভৃতি নির্ম্মাণের সরঞ্জাম	মূল্য	[illegible]	[illegible]
ইট			
টাইল			
পাটা পাতর			
মটকার টাইল			
ছাইচ টাইল			
ঝামা			
সুরকি			
খোআ			
মাটির পোড়ান গরাদিয়া			
ঐ ঐ নল			
পাতুরিয়া চূণ			
জোংড়া চূণ			
ঘুটিং চূণ কিম্বা কলিচূণ			
বালি			
কাষ্ঠ			
শাল কাঠ			
শালকড়ি			
শালের বরগা			
শালের চৌকাঠ			
সেগুন কাঠ			
সেগুন চৌকাঠ			
সেগুন তক্তা			
জারুল তক্তা			

Masonry Materials	Value	Of what Quantity	Remarks	ঘরপ্রভৃতি নির্ম্মাণের সরঞ্জাম	মূল্য	দ্রব্যের সংখ্যা	মন্তব্য কথা
				লোহা।			
Iron Materials				লোহা মোনপ্রতি			
Iron, per Maund,				ছাঁচে ঢালা লৌহ			
Iron, worked up into rough,				হাতিয়ার টাকায় যত শের			
Tools, seers per Rupee,				প্রেক			
Nails,				কুলুপ			
Padlocks,				ছিটকিনি			
Bolts,				পাটিলোহা টাকায় যত শের			
Bar Iron, Seers per Rupee,				সিকলোহা ঐ ঐ			
Rod Iron, Do,				রাঙ্ ঐ ঐ			
Tin, Seers per Rupee,				সীসা ঐ ঐ			
Lead, Do do,				পিতল ঐ ঐ			
Brass, Do Do,				রংপ্রভৃতি।			
Paints, &c				আস্তরের রং			
Priming Paint				লাল ঐ			
Red Do,				সবুজ ঐ			
Green Do,				হলুদিয়া ঐ			
Yellow Do,				কাল ঐ			
Black Do,				শাদা ঐ			
White Do,				জাঙ্গাল			
Verdigris,				সফেদা			
White Lead				খড়ি			
Chalk,				হিঙ্গুল			
Red Ochre,				মসিনার তৈল			
Linseed Oil,				কয়লার তার			
Coal Tar,				ধুনা			
Pitch,				বার্ণিস			
Varnish,				নানা প্রকার দ্রব্য।			
Miscellaneous				চৌকা পরকলা			
Glass Panes,				বাঁশ			
Bamboos,				বেত			
Cane,				কঞ্চি			
Reeds,				শপ			
Mats,				বাঁশের শপ			
Bamboo Mats,				বেতের শপ			
Rattan Do,				দরমা			
Durmah Do,				ছাইবার খড়			
Grass for thatching,				ঐ বিচালি			
Straw for Do,				খেজুর পাতা			
Date Leaves,				পাট			
Jute,				পাটের রসা			
Jute Rope,				ঐ দড়ি			
Do String,				কাছি			
Coir Rope,				কাতা			
Do String,				খস্খস্			
Khus Khus,				নাদা			
Nauds,				গামলা			
Gumlahs,				কলসি			
Khulsees,				খেরুয়া কাপড়			
Kurwa Cloth,				ডুর্মার কাপড়			
Dungry Do,				দোসুতি কাপড়			
Dasootee Do				ধুতি			
Dootee Do,							

(Signed) E W S SCOTT, *Captain*,
Secretary

Fort William, Military Board Office,
The 26th June, 1849

ই ডবলিউ এস স্কট। কাপ্তান।
ফোর্ট উলিয়ম। সেক্রেটারী।
মিলিটারী বোর্ডের সিরিশ্তা।
১৮৪৯ সাল ২৬ জুন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২০ নবেম্বর।]

Commissariat Department.

Price Current for the Quarter ending ——— at the station of ———

	Quantity or No per Rupees			
	No	M	S	C
Wheat,				
Ottah,				
Rice, 1st Sort,				
Do, 2d Sort,				
Do, 3d Sort,				
Paddy,				
Boot Gram 1st Sort,				
Do, 2d Sort,				
Moat Gram,				
Oats,				
Kullie,				
Barley,				
Dhall Orud,				
Peas,				
Bhoosa, White,				
Do Mixed,				
Salt, 1st Sort,				
Do, 2d Sort,				
Ghee, Cows,				
Do, Buffaloes,				
Firewood, 1st Sort,				
Do, 2d Sort,				
Bread, 1st Sort, Single Loaves,				
Do, 2d Sort, Do Do,				
Sheep, best Grass fed, per Corge,				
Bullocks, Do Do,				
Butter, 1st Sort,				
Do, 2d Do,				
Fowls, 1st Sort,				
Do, 2d Do,				
Do, 3d Do,				
Milk,				
Oil, Cocoonut, per Seer,				
, Mustard,				
Sugar Candy, Country,				
Do Chenee,				
Flour,				
Soojee, best,				
Do Soldarie,				
Green Grass,				
Hay,				

I Certify that the above were the current rates in the ——————— for the last Quarter, the Seer being Sicca Weight and the Company's Rupee ——————— in Currency

The 1st ———

E W S Scott, *Captain, Secretary*

(True Copies,)

W Seton Karr,

Under Secy to the Govt of Bengal

(True Copies,)

G Plowden, *Secretary*

Sudder Board of Revenue,

Fort William, the 12th October, 1849.

[*Government Gazette, 20th November*, 1849]

কমিসেরিএট ডিপার্টমেন্ট।

অমুক স্থানে অমুক তিন মাসের নিরিখ।

	টাকাতে যত সংখ্যা		
	মোন	শের	ছটাক
গোম			
আটা			
চাউল আয়োল			
ঐ দম			
ঐ সম			
ধান			
বুটদানা আয়োল			
ঐ ঐ দম			
মোটাদানা			
ওট			
কলায়			
যব			
অরহর ডাইল			
মটর			
ভুসি শাদা			
ঐ মিশ্রিত			
লবণ উত্তম			
ঐ মধ্যম			
গাওয়া ঘি			
মাহিসা ঘি			
জ্বালানি কাঠ প্রথম প্রকার			
ঐ দ্বিতীয়			
রুটি উত্তম শিঙ্গল			
ঐ মধ্যম ঐ ঐ			
ঘাস খেগো উত্তম ভেড়া। কুড়ির দর			
বলদ ঐ ঐ			
মাখন আয়োল			
ঐ দম			
মুরগি উত্তম			
ঐ মধ্যম			
ঐ অপকৃষ্ট			
দুগ্ধ			
নারিকেল তৈল শের প্রতি			
শরিষার ঐ ঐ			
দেশীয় মিছরি			
চিনি			
ময়দা			
উত্তম সুজি			
শোলদারি ঐ			
ঘাস			
শুকনা ঘাস			

অমুক স্থানে অমুক তিন মাসপর্য্যন্ত শেরের সিক্কা ওজন ও কোম্পানির চলিত টাকা ধরিয়া উক্ত নিরিখ চলিত ছিল। ইহার সর্টিফিকট লিখিয়া দিলাম।

ই ডবলিউ এস স্কট। কাপ্তান। সেক্রেটারী।

(যথার্থ নকল।)

ডবলিউ সীটন কার।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী

(যথার্থ নকল।)

জি প্লোডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।

ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ১২ অক্টোবর।

John C Marshman, *Bengalee Translator.*

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

The 14th November, 1849

LEAVES OF ABSENCE

Baboo Ishanchunder Dutt, Moonsiff of Khajoorah, Zillah Jessore, for one month, from the 8th instant

Baboo Greeshchunder Ghose, Moonsiff of Fureedpore, Zillah Dacca, for four days beyond the Dusserah Vacation

The undermentioned Moonsiffs have obtained leave of absence for the period of the Dusserah Vacation

Nuddea

Syed Sukhawat Hossein, 1st Grade Moonsiff of Kishnaghur

Name		Station
Baboo Shamul Pran Moostofee,	Ditto	Hunrah
Baboo Kassissur Mitter,	Ditto	Sooksagur
Syud Saadut Hossein,	Moonsiff of	Dowlutgunge
Baboo Gourhuree Bose,	Ditto	Bagdah
Baboo Lukheenarain Mitter,	Ditto	Kagurpookoorah
Baboo Gopeenath Bose,	Ditto	Santipore
Baboo Heeralall Mitter,	Ditto	Goverdungga
Moulvee Mohmud Waiee,	Ditto	Panghatta
Baboo Gungachurn Sirkar,	Ditto	Haskhallee
Baboo Ramcomul Chowdhry,	Ditto	Meherpore

Gholam Buttool, Moonsiff of Amdhurah, Zillah Beerbhoom, for three days, from the 14th instant

Baboo Ramdoolub Dass, Moonsiff of Pingna, Zillah Mymensingh, for ten days, in excess of the period of the ensuing Mohurrum Vacation

Baboo Mohinder Narain Chuckerbuttee, Moonsiff of Bhowanigunge, Zillah Rajshahye, for fifteen days, in excess of the period of the ensuing Mohurrum Vacation

B J COLVIN, *Register*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী

১৮৪৯ সাল ১৪ নবেম্বর।

জিলা যশোহরের খাজুরার মুনসেফ শ্রীযুত বাবু ঈশানচন্দ্র দত্ত বর্ত্তমান মাসের ৮ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা ঢাকার ফরিদপুরের মুনসেফ শ্রীযুত বাবু গিরীশচন্দ্র ঘোষ দশহরার বন্দের অতিরিক্ত চারি দিনের ছুটী পাইয়াছেন।

নীচের লিখিত মুনসেফেরা দশহরার বন্দে ছুটী পান।

নদীয়া।

কৃষ্ণনগরের প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত সৈয়দ সখাওৎ হুসেন।

হাঁড়রার ঐ শ্রীযুত বাবু শ্যামলপ্রাণ মুস্তফী।

সুখসাগরের ঐ শ্রীযুত বাবু কাশীশ্বর মিত্র।

দৌলতগঞ্জের মুনসেফ শ্রীযুত সৈয়দ সাআদৎ হুসেন।

বাগদহের ঐ শ্রীযুত বাবু গৌরহরি বসু।

কাগজপুকুরিয়ার ঐ শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ মিত্র।

শান্তিপুরের ঐ শ্রীযুত বাবু গোপীনাথ বসু।

গোবরডাঙ্গার ঐ শ্রীযুত বাবু হীরালাল মিত্র।

পানঘাটার ঐ শ্রীযুত মৌলবী মহম্মদ ওয়াফি।

হাসখালীর ঐ শ্রীযুত বাবু গঙ্গাচরণ সরকার।

মেহেরপুরের ঐ শ্রীযুত বাবু রামকমল চৌধুরী।

জিলা বীরভূমের আমদরার মুনসেফ শ্রীযুত গোলাম বতুল বর্ত্তমান মাসের ১৪ তারিখঅবধি তিন দিনের ছুটী পাইয়াছেন।

জিলা ময়মনসিংহের পিঙ্গনার মুনসেফ শ্রীযুত বাবু রামদুর্ল্লভ দাস আগামি মহরমের বন্দের অতিরিক্ত দশ দিনের ছুটী পাইয়াছেন।

জিলা রাজশাহীর ভবানীগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু মহেন্দ্রনারায়ণ চক্রবর্ত্তী আগামি মহরমের বন্দের অতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৮৪৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৪৯ সাল ৮ নবেম্বর।

মেদনীপুরের দক্ষিণ শাবাজপুরের ডেপুটী মাজিস্ট্রেট শ্রীযুত টি টুইডি সাহেব (Mr T Tweedie,) গত সেপ্টেম্বর মাসের ১৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত দশ দিনের ছুটী পাইয়াছেন।

নদীয়ার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু রামলোচন ঘোষ মহরমের বন্দে ছুটী পাইয়াছেন।

ত্রিপুরার প্রধান সদর আমীন শ্রীযুত কাজী মহম্মদ আলী মহরমের বন্দে ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ২০ নবেম্বর।]

১৮৪৯ সাল ১০ নবেম্বর।

সদর আদালতের একটিং জজ শ্রীযুত জে ডনবার সাহেব (Mr J Dunbar) যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ছুটীবিষয়ক বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

পূরণিয়ার ডেপুটী কালেকটর শ্রীযুত জে পি ডেসা সাহেব (Mr J P Dessa) গত আগষ্ট মাসের ১৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

যশোহরের ডেপুটী মাজিস্ট্রেট শ্রীযুত বাবু গোপাললাল মিত্র গত সেপ্টেম্বর মাসের ১৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

পাবনার আবকারীর একটিং সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ ষ্টুআর্ট সাহেবকে (Mr H Stuart,) চিকিৎসার্থে

সর্টিফিকটক্রমে গত মাসের ১৯ তারিখঅবধি আগামি ডিসেম্বর মাসের ১ তারিখপর্য্যন্ত যে ছুটী হাসিলের বোর্ডের সাহেবেরা দেন তাহা মঞ্জুর হইয়াছে। শ্রীযুত ষ্টুআর্ট সাহেবের (Mr Stuart,) অনুপস্থানপর্য্যন্ত ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জি আর বারি সাহেব (Mr G R Barry,) তাহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ১৩ নবেম্বর।

ফরিদপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত ই এফ লাটর সাহেব (Mr E I Laptour) গত মাসের ১২ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত ই সি ক্রাষ্টর সাহেবের (Mr E C Craster,) স্থানে পুনর্গ্রহণ করেন।

ছিলটের কালেক্টর শ্রীযুত এ এস আনাণ্ড সাহেব (Mr A S Annand,) বর্ত্তমান মাসের ১ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেবের (Mr C W Mackillop,) স্থানে পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত ও ডবলিউ মাল্লেট সাহেব (Mr O W Mallet,) বর্ত্তমান মাসের ১ তারিখে ত্রিপুরার কালেকটরী কর্ম্মের ভার শ্রীযুত জি এ পাকষ্টন সাহেবের (Mr G A Paxton,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত ই সি ক্রাষ্টর সাহেব (Mr E C Craster,) বর্ত্তমান মাসের ৫ তারিখে পাবনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্মের ভার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জি আর বারি সাহেবের (Mr G R Barry,) স্থানে গ্রহণ করেন।

বাঁকুড়ার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি বি মাকটিয়র সাহেব (Mr T B Mactier,) বর্ত্তমান মাসের ৬ তারিখে ঐ জিলার খাজানাখানার ভার শ্রীযুত এ ডবলিউ রসেল সাহেবের (Mr A W Russell,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৮৬১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ১০ নবেম্বর।

শ্রীযুত এ ই রসেল সাহেব (Mr A E Russell,) জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়া পূরণিয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন। শ্রীযুত সুইণ্টন সাহেবের (Mr Swinton,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত রসেল সাহেব (Mr Russell,) রাজশাহীর মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৯ সাল ১১ নবেম্বর।

জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের ক্ষমতানুসারে কার্য্যকারি শ্রীযুত এফ টকর সাহেব (Mr I Tucker,) ত্রিহুতে রহেরার এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৯ সাল ১০ নবেম্বর।

রাজশাহীর মাজিষ্ট্রেট শ্রীযুত এ এ সুইণ্টন সাহেব (Mr A A Swinton,) যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ছুটীবিষয়ক শুধরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ১১ নবেম্বর।

ময়মুনসিংহের প্রধান সদর আমীন শ্রীযুত পণ্ডিত নরহরি শিরোমণি গত সেপ্টেম্বর মাসের ১৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে বিশ দিনের ছুটী পাইয়াছেন।

বালেশ্বরের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত মুনশী গরিবুল্লা মহরমের বান্দ ছুটী পাইয়াছেন।

পশ্চিম বর্দ্ধমানের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু চন্দ্রশেখর চৌধুরী মহরমের বন্দে ছুটী পাইয়াছেন।

সাবাতুর ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জে বন সাহেব (Reverend J Vaughan) ও লাহোরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি আর বি মল্টবি সাহেব (Rev R B Maltby,) নিয়মিত ছুটী লইয়া ইঙ্গলণ্ডে গমনের অনুমতি পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ১৬ নবেম্বর।

শ্রীযুত জি ইউ ইউল সাহেব (Mr G U Yule,) বর্ত্তমান মাসের ৩ তারিখে পূরণিয়ার কালেকটরীর ভার শ্রীযুত জে জে ওয়ার্ড সাহেবের (Mr J J Ward,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেণ্টের ইশতিহার।

আফিমের ইশতিহার।

ইশতেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৯ সাল তারিখ ২৬ নবেম্বর সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার একস্‌চেঞ্জ ঘরে সন ১৮৪৮। ৪৯ সালের পরদাগশী আফিমের প্রথম নীলাম হইবেক এবং ঐ নীলামে ১৯৫০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পাদাগশী আফিম	২০৮৫
বানারসের পরদাগশী আফিম	৮৬৫
জুমলা সিন্দুক	১৯৫০

১ দফা। যে এইক্ষণে যে নীলামের ইশতেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৪৯ সালের ১০ অক্টোবর তারিখে কলিকাতা গেজেট এবং ১৫ অক্টোবর তারিখে এক্স চেঞ্জ গেজেট কাগজে যে ইশতেহার প্রকাশ হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা সরমিট ও নেমক ও আফিম বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সমুদয় শরতের বিবরণ সবিশেষ জানিতে পারিবেন।

২ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগির টাকা দাখিলের শেষ তারিখ এবং ক্লিয়রেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৪৯ সালের ২৮ নবেম্বর ও ১১ ডিসেম্বর এই দুই দিবস ক্রমশ: স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিসারি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব-ত্রেজরর সাহেবের দস্তখতী ত্রেজরী রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরা দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৪৯ সালের ২৮ নবেম্বর বুধবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সহরে

[*Government Gazette, 20th November, 1849*]

কিস্তের পূরা টাকার দরুণ কোন ত্রেজরী রসিদ সন ১৮৪৯ সালের ১১ ডিসেম্বর মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না ইতি।

৩ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার সন ১৮৪৮। ৪৯ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

				বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৪৯ সালের	২৪ ডিসেম্বর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২০৮৫	৮৬৫	২৯৫০
সন ১৮৫০ সালের	২১ জানুআরি	ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২০৮৫	৮৬৫	২৯৫০
ঐ	১৮ ফেব্রুআরি	ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২০৮৫	৮৬৫	২৯৫০
ঐ	১৮ মার্চ	ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২০৮৫	৮৬৫	২৯৫০
ঐ	১৫ আপ্রিল	ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২০৮৫	৮৬৫	২৯৫০
ঐ	১৩ মে	ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২০৮৫	৮৬৫	২৯৫০
ঐ	১০ জুন	ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২০৮৫	৮৬৫	২৯৫০
ঐ	৮ জুলাই	ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২০৮৫	৮৬৫	২৯৫০
ঐ	৫ আগস্ট	ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২০৮৫	৮৬৫	২৯৫০
ঐ	২ সেপ্টেম্বর	ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২০৮৫	৮৬৫	২৯৫০
ঐ	২৮ অক্টোবর	ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২০৬৪	৮৬০	২৯২৪
				২২৯১৪	৯৫১০	৩১৪২৪

বিমোজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট ও নিমক ও আফিম। সন ১৮৪৯ সাল তারিখ ১০ নবেম্বর।

সি বীডন। সেক্রেটারী।

LAND ADVERTISEMENT — ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারার মর্ম্মানুসারে কটক জিলা ইলাকা কিসমত জনুবির নীচের লিখিত মাহাল সকলের সরকারের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে এবং অন্যান্য যে কিছু দাবি চলিত আইনক্রমে বাকী মালগুজারির প্রায় আদায় করিবার হুকুম আছে সেই অনুসারে সেই সেই মাহাল সন ১৮৪৯ মসিহা জুন মাহার কিস্তি লাগাইদ পাওনা বাকী খাজানার নিমিত্তে সন ১৮৪৯ মসিহা ডিসেম্বর মাহার ৭ তারিখ মোতাবক সন ১২৫৭ সাল অগ্রহায়ণ মাসের ২৪ তারিখ রোজ শুক্রবার উক্ত কিসমত কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে নীলাম হইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি।

নম্বর শ্রেণীর	কি প্রকার মাহাল	জিলার তৌজীর নম্বর	নাম মাহাল	নাম মালিক	সদর জমা সন ১২৫৬ সাল	বাকী পাওনা লাং কিস্তি মাহ জুন সন ১৮৪৯।	কৈফিয়ৎ
১	মাহাল গয়ের মোকররি বন্দোবস্ত	২২০	তালুকে বৌলাৎ কিসমত ॥০ পণ পরগনে জোয়ার খণ্ড	চিন্তামণি দাস ও মাধবানন্দ দাস ও সদানন্দ দাস	৩১৮ ৵১০।	১৫৬৸৵৩।	
ঐ	ঐ	২৪৪	তালুকে সপ্তপুর কিসমত৸৵১১৲২৬॥ দাড পরগনে সয়েদাবাদ	জগমোহন রায় চূড়ামণি	২০৭৯ ৷৵১॥	৫৯৫৶৪॥	

১২ তারিখ নবেম্বর সন ১৮৪৯ সাল।

A FORBES, *Collector*

NOTICE

Required a Treasurer for the Calcutta Collectorate, who will be required to deposit Government P Notes to the amount of Rs 10,000, as Security Salary for the present Rs 25 Candidates are requested to apply to the Collector of Calcutta.

Calcutta, the 30th October, 1849

বিজ্ঞাপন।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি শহর কলিকাতা এই যে যেহেতু অত্র কাছারির খাজাঞ্চীগীরি কর্ম্ম খালী এমতে জানান যাইতেছে খাজাঞ্চীর বেতন এইক্ষণে ২৫৲ টাকা যে কেহ উক্ত কর্ম্মের প্রার্থনীয় আছহ ১০,০০০ দশ হাজার টাকার কোম্পানির কাগজ সহ কলিকাতার শ্রীযুত কালেক্টর সাহেবের হজুরে উপস্থিত হইয়া প্রার্থনীয় হইবে ইতি।

সন ১৮৪৯ সাল তারিখ ৩০ অক্টোবর।

MISCELLANEOUS ADVERTISEMEN — সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

রিসিবর [illegible]।

বাজার ই[illegible] বা।

নবকৃষ্ণ মিত্রদিগর বাদী হরিশ্চন্দ্র মিত্রদিগর প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত মারিস ফিট জেরেণ্ড সেণ্ডেস সাহেব আগামি ২১ নবেম্বর বুধবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় তাঁহার আফিসে শহর কলিকাতার চাঁদনি চক বাজারের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন তাঁহারা ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

আরং বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

রিসিবর আফিস কোর্ট হৌস। ১ নবেম্বর ১৮৪৯ সাল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২০ নবেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান ক্লার্কমন সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 27, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ২৭ নবেম্বর।

DRAFT OF ACTS

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,

THE 26TH OCTOBER, 1849

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 26th day of October, 1849

ACT No —— OF 1849

An Act for better defining the Law as to the removal of Prisoners

Whereas, by the Regulations in force, prisoners may in certain cases be removed from one prison to another by special order of the Nizamut Adawlut or Foujdaree Adawlut, and in other cases by the Governor or Governor in Council of the Presidency, and it is expedient that the Government should be empowered to direct such removal, in every case which appears necessary, without application to the Court for a special order, It is enacted as follows

I Act No. VIII, 1844, is repealed.

II When any person is under sentence of imprisonment, within the territories under the Government of the East India Company, by authority other than that of one of the Courts of Judicature established by Royal Charter, the Governor or Governor in Council, or person administering the Government of the Presidency or place, may order the removal of such prisoner from the prison, or place, in which he is confined, to any other public prison or place of confinement within the same Presidency or place

III. The time of removal from one prison to another, or while the prisoner is in custody under

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল ২৬ অকটোবর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ২৬ অকটোবর তারিখে হুজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

কয়েদীরদিগকে এক জেলখানাহইতে অন্য জেলখানাতে লইয়া যাওনের বিষয়ে আইন পূর্ব্বাপেক্ষা সপষ্ট করিবার আইন।

যেহেতুক চলিত আইনমতে কোন২ গতিকে নিজামৎ আদালতের কিম্বা ফৌজদারী আদালতের বিশেষ হুকুমক্রমে এবং অন্য২ গতিকে রাজধানীর শ্রীযুত গবরনর সাহেব কিম্বা হুজুর কৌন্সেলের শ্রীযুত গবরনর সাহেবের হুকুমেতে কয়েদীরদিগকে এক জেলখানাহইতে অন্য জেলখানায় পাঠান যাইতে পারে এবং যে প্রত্যেক গতিকে আবশ্যক বোধ হয় সেই২ গতিকে আদালতের বিশেষ হুকুম না চাহিয়া তাহারদিগকে এমত স্থানান্তর করাণের হুকুম দিবার ক্ষমতা গবর্ণমেণ্টের থাকা উচিত বোধ হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। ১৮৪৪ সালের ৮ আইন রদ হইল ইতি।

২ ধারা। যখন কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে রাজকীয় চার্টরের দ্বারা স্থাপিত কোন সুপ্রিম কোর্টভিন্ন অন্য কোন আদালতের হুকুমক্রমে কোন ব্যক্তির কয়েদ হওনের দণ্ড হইয়াছে তখন শ্রীযুত গবরনর সাহেব অথবা হুজুর কৌন্সেলের শ্রীযুত গবরনর সাহেব কিম্বা ঐ রাজধানীর কি দেশের গবর্ণমেণ্টের ক্ষমতাবিশিষ্ট অন্য কোন সাহেব ঐ কয়েদী যে জেলখানায় কিম্বা স্থানে কয়েদ থাকে তাহাকে সেই স্থানহইতে ঐ রাজধানীর কিম্বা দেশের মধ্যে অন্য কোন সরকারী জেলখানায় কিম্বা কয়েদের স্থানে লইয়া যাইবার হুকুম করিতে পারেন ইতি।

৩ ধারা। এক জেলখানাহইতে অন্য জেলখানায় লইয়া পঁহুছিতে যত কাল লাগে অথবা স্থানান্তর করণের

such warrant of removal, shall reckon as part of his imprisonment

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 26th day of January, 1850

F J HALLIDAY,
Secy to the Govt of India

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 26TH OCTOBER, 1849

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 26th day of October, 1849

ACT No —— OF 1849

An Act to amend Act X 1841

For amendment of Act X, 1841, It is enacted as follows

I Section XIII of Act X, 1841, is repealed

II The Passes which, under Section XXIV of the said Act, may be issued for conferring the privileges and advantages of a British ship, in certain cases, to any ship or vessel built within the dominions of a Native Prince or State in subordinate alliance with, or having subsidiary treaties with the East India Company, may, after the passing of this Act, be issued in the like cases, and under the same restrictions, to any ship or vessel, belonging to any such Native Prince or State, or their subjects, wherever the same may have been built

III All ships or vessels, of whatever rig and of whatever tonnage, owned by British Subjects, entitled to registry under Act X, 1841, or owned by such Native Princes or States, or by their subjects entitled to passes under Act X, 1841, as amended by this Act, employed only in coasting voyages, may be registered and obtain passes, and the tonnage may be marked, according to such rules as shall be made from time to time by the Governor or Governor in Council of each Presidency

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 26th day of January, 1850

F J HALLIDAY,
Secy to the Govt of India

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 26TH OCTOBER, 1849

The following Draft of a proposed Act was read

হুকুমক্রমে ঐ কয়েদী যত কাল কয়েদ থাকে তাহা তাহার কয়েদ হওনের মিয়াদের মধ্যে ধরা যাইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে ১৮৫০ সালের ২৬ জানুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ২৬ অক্টোবর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ২৬ অক্টোবর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

১৮৪১ সালের ১০ আইন শুধরিবার আইন।

১৮৪১ সালের ১০ আইন সংশোধনার্থে নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। ১৮৪১ সালের ১০ আইনের ১৩ ধারা রদ হইল ইতি।

২ ধারা। কোম্পানি বাহাদুরের সঙ্গে এতদ্দেশীয় যে রাজার বা রাজ্যের অধীনতাস্বরূপ সম্বন্ধ আছে অথবা সহকারিতার সন্ধি থাকে সেই রাজার অধিকারে বা সেই রাজ্যের মধ্যে নির্ম্মিত কোন প্রকার জাহাজের প্রতি ব্রিটনীয় জাহাজের ক্ষমতা ও উপকার দেওনার্থে ঐ আইনের ২৪ ধারাক্রমে যে পাস অর্থাৎ পরওয়ানা দেওয়া যাইতে পারে এই আইন জারী হওনের পর সেই প্রকার গতিকে এবং সেই প্রকার নিষেধের অধীনে উক্ত প্রকার এতদ্দেশীয় কোন রাজার বা রাজ্যের কি তাঁহারদের প্রজারদের কোন জাহাজ যে কোন স্থানে নির্ম্মিত হইয়া থাকে তাহার বিষয়ে দেওয়া যাইতে পারিবেক ইতি।

৩ ধারা। ব্রিটনীয় প্রজারদের যে সকল জাহাজ ১৮৪১ সালের ১০ আইনের দ্বারা রেজিষ্টরী হইতে পারে অথবা এদেশীয় কোন রাজার বা রাজ্যের কিম্বা তাঁহারদের প্রজারদের যে সকল জাহাজ এই আইনের দ্বারা সংশোধিত ১৮৪১ সালের ১০ আইনমতে পাস অর্থাৎ পরওয়ানা পাইতে পারে সেই সকল জাহাজ কেবল সমুদ্র তীরস্থ বন্দরে২ গমনাগমন কার্য্যে নিযুক্ত হইলে তাহা যত বোঝাইধারি হউক কিম্বা যত মাস্তুলপ্রভৃতিতে সাজান থাকুক তাহা প্রত্যেক রাজধানীর শ্রীযুত গবরনর সাহেব কিম্বা হজুর কৌন্সেলের শ্রীযুত গবরনর সাহেব সময়ে২ যে বিধান করেন সেই বিধানমতে রেজিষ্টরী হইতে পারে ও পাস অর্থাৎ পরওয়ানা পাইতে পারে ও তাহার বোঝাই নির্ণয় হইতে পারে ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে ১৮৫০ সালের ২৬ জানুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ২৬ অক্টোবর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী

in Council for the first time on the 26th of October, 1849

Act No —— of 1849

An Act declaring the Law as to the privilege of Her Majesty's European Subjects

Whereas Her Majesty's natural born subjects, born in Europe, and the children of such subjects are now in certain cases, by law, exempt from the jurisdiction of the Courts established by the East India Company, and it is not lawful for the Governor General of India in Council, without the previous sanction of the Court of Directors of the said Company, to make any law or regulation whereby power shall be given to any Court of Justice, other than the Courts of Justice established by Royal Charter, to sentence to the punishment of death any of Her Majesty's natural-born subjects, born in Europe, or the children of such subjects, and whereas doubts have been entertained as to the proper course of procedure in cases of persons entitled to any of the said exemptions, It is declared and enacted as follows

I Every person charged with any offence, or brought before any Court established by the East India Company within the territories under the Government of the said Company, who is or claims to be entitled to any of the said privileges and exemptions, must plead and prove to the satisfaction of the Court his privilege and exemption, and, in default thereof is amenable to the jurisdiction of such Court, and may be tried and punished in like manner as other inhabitants of the said territories

Ordered, that the Draft now read be published for general information, and that a copy of it be submitted for the approval of the Hon'ble the Court of Directors

Ordered, that the said Draft be re considered at the first Meeting of the Legislative Council of India after the sanction of the Hon'ble Court shall have been obtained

F J Halliday,
Secy to the Govt of India

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
The 26th October, 1849

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 26th of October, 1849

Act No —— of 1849

An Act for abolishing exemption from the jurisdiction of the East India Company's Criminal Courts

Whereas Her Majesty's British subjects, resident in the territories under the Government of the East India Company, without the towns of

১৮৪৯ সালের ২৬ অক্টোবর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

শ্রীশ্রীমতী মহারাণীর ইউরোপীয় প্রজারদের ক্ষমতার বিষয়ে আইন প্রকাশ করিবার আইন।

যেহেতুক শ্রীশ্রীমতী মহারাণীর ইউরোপজাত প্রজা এবং ঐ প্রজারদের সন্তানেরা এক্ষণে কোন২ বিষয়ে আইনের বিধির অনুসারে কোম্পানি বাহাদুরের স্থাপিত আদালতের এলাকার বহির্ভূত আছেন এবং যেহেতুক উক্ত কোম্পানি বাহাদুরের কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের অনুমতি বিনা ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে শ্রীশ্রীমতী মহারাণীর ইউরোপজাত প্রজারদের অথবা ঐ প্রজারদের সন্তানেরদের প্রাণদণ্ডের হুকুম করিবার ক্ষমতা রাজকীয় চার্টরের দ্বারা স্থাপিত আদালতভিন্ন অন্য কোন আদালতে অর্পণ করণের কোন আইন বা বিধান করিতে পারেন না এবং যেহেতুক উক্ত প্রকার বহির্ভূত হওনের অধিকারি ব্যক্তিরদের বিষয়ে উপযুক্তমতে যাহা কর্ত্তব্য হয় তাহার বিষয়ে সন্দেহ জন্মিয়াছে অতএব নীচের লিখিতমতে নির্দ্ধারণ ও হুকুম হইল।

১ ধারা। যে প্রত্যেক ব্যক্তির নামে কোন অপরাধের অভিযোগ হয় কিম্বা এ প্রকার যে কোন ব্যক্তিকে উক্ত কোম্পানির শাসিত দেশের মধ্যে কোম্পানি বাহাদুরের স্থাপিত কোন আদালতের সম্মুখে উপস্থিত করা যায় সেই ব্যক্তির যদি উক্ত কোন ক্ষমতা বা বহির্ভূত হওনের অধিকার থাকে কিম্বা সেই ব্যক্তি যদি উক্ত কোন ক্ষমতাপ্রভৃতির দাওয়া করে তবে সেই ব্যক্তির উচিত যে আপনার সেই ক্ষমতা ও বহির্ভূত হওনের অধিকার জানায় এবং ঐ আদালতের খাতিরজমামতে তাহার প্রমাণ দেয় এবং তাহা না দিলে ঐ আদালতের এলাকার অধীন হইবেক এবং উক্ত দেশের অন্যান্য নিবাসিরদের যেমত বিচার ও দণ্ড হয় সেইমত তাহার বিচার ও দণ্ড হইতে পারে ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয় এবং তাহার এক কেতা নকল শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেকটর্স সাহেবেরদের মঞ্জুরীর নিমিত্তে তাঁহারদের নিকটে পাঠান যায়।

হুকুম হইল যে শ্রীযুত অনরবিল কোর্টের অনুমতি পাওনের পরে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ২৬ অক্টোবর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ২৬ অক্টোবর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

কোম্পানি বাহাদুরের ফৌজদারী আদালতের এলাকার বহির্ভূত হওন রহিত করিবার আইন।

যেহেতুক শহর কলিকাতা ও মান্দ্রাজ এবং বোম্বাইর শহর ও দ্বীপের বাহিরে কোম্পানি বাহাদুরের শাসিত দেশনিবাসি শ্রীশ্রীমতী মহারাণীর ব্রিটনীয় প্রজারা আই-

Calcutta and Madras, and the town and Island of Bombay, are now, by law, exempt from the juris diction of the Criminal Courts, established by the East India Company in the said territories, to which all other persons, whether natives or other inhabitants in the said territories, beyond the said towns and Island, are amenable, and whereas it is necessary for the due administration of justice that such exemption be abolished, It is enacted as fol lows

I In every part of the territories under the Government of the East India Company, without the towns of Calcutta and Madras, and the town and Island of Bombay, all persons are henceforth amenable to the jurisdiction of the Magistrates and Criminal Courts of the East India Company, and may be apprehended, tried, and punished by them respectively, according to the Regulations and Acts now or hereafter to be in force, save only that no such Magistrate or Court shall have power under this Act to sentence to the punish ment of death any of Her Majesty's natural born subjects born in Europe, or the children of such subjects.

II Every one of Her Majesty's natural-born subjects born in Europe, and every child of such subjects, convicted before any such Criminal Court of any offence, which, according to any Re gulation or Act, now or hereafter to be in force, is punishable with death, shall be transported out of the territories under the Government of the East India Company, for life, or for such term as the Court shall adjudge.

III. The Judges and Magistrates of the Courts of the East India Company may, in any case in which it shall seem fit to them, with the approval of the Governor or Lieutenant Governor or Go vernor in Council of the Presidency or place, send any of Her Majesty's natural-born subjects born in Europe, or the child of any such subject, charged with any offence before them, to be tried before the Supreme Court of Judicature, instead of trying and punishing him under this Act

IV Clause CV of 53 George III, Chapter 155, being so much of an Act of Parliament pass ed in the fifty third year of the reign of King George the Third, for the better administration of justice within the British territories in India, as relates to assaults, forcible entries, or other injuries accompanied with force, which may be committed by British subjects, at a distance from the place where the Courts are established by Royal Char ter is repealed.

V Nothing in this Act shall be deemed to take away the jurisdiction of the several Courts esta blished by Royal Charter in Calcutta, Madras and Bombay, for the trial and punishment of treasons, felonies and misdemeanours, and for the due ad ministration of criminal justice according to the tenour of the said several Charters, so neverthe less that no person shall be liable to be punished twice for the same offence

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৩৯। ২৭ নবেম্বর।]

মের বিধানানুসারে উক্ত দেশের মধ্যে কোম্পানি বাহাদুরের স্থাপিত ফৌজদারী আদালতের এলাকার বহির্ভূত এক্ষণে আছেন অথচ উক্ত নানা শহর ও দ্বীপের বাহিরে উক্ত দেশনিবাসী এদেশীয় ও অন্যান্য সকল লোক ঐ২ আদালতের অধীন আছেন এবং যেহেতুক যথার্থ বিচার উপযুক্তমতে নির্ব্বাহ করণার্থে এমত বহির্ভূত হওন রহিত করা আবশ্যক অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। শহর কলিকাতা ও মান্দ্রাজ এবং বোম্বাইর শহর ও দ্বীপের বাহিরে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের সকল স্থানে সকল লোক উত্তর কালে কোম্পানি বাহাদুরের মাজিস্ট্রেট সাহেবেরদের ও ফৌজদারী আদালতের এলাকার অধীন হইবেক এবং এইক্ষণে যে সকল আইন চলন আছে কি উত্তর কালে চলন হইবেক তদনুসারে ঐ মাজিস্ট্রেট সাহেবেরা ও ফৌজদারী অদালত তাহারদিগকে গ্রেপ্তার ও তাহারদের বিচার এবং দণ্ড করিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে উক্ত প্রকার কোন মাজিস্ট্রেট সাহেব কি আদালত এই আইনানুসারে ইউরোপজাত শ্রীশ্রীমতী মহারাণীর কোন প্রজারদের কিম্বা ঐ প্রজারদের কোন সন্তানেরদের প্রাণ দণ্ডের হুকুম করিতে পারিবেন না ইতি।

২ ধারা। এক্ষণে যে আইন চলন আছে কি উত্তর কালে যে কোন আইন চলন হইবেক তদনুসারে যে অপরাধের প্রাণ দণ্ড নিরূপণ আছে এমত কোন অপরাধ ইউরোপজাত শ্রীশ্রীমতী মহারাণীর কোন প্রজার কিম্বা ঐ প্রজারদের কোন সন্তানের প্রভৃতি উক্ত কোন ফৌজদারী আদালতে সাব্যস্ত হইলে সেই প্রজা কিম্বা সেই সন্তান কোম্পানি বাহাদুরের শাসিত দেশহইতে যাবজ্জীবন কিম্বা আদালত যে মিয়াদের হুকুম করেন সেই মিয়াদপর্য্যন্ত প্রেরিত হইবেক ইতি।

৩ ধারা। কোম্পানি বাহাদুরের আদালতের জজ ও মাজিস্ট্রেট সাহেবেরা যে কোন গতিকে উপযুক্ত বোধ করেন সেই গতিকে রাজধানীর কিম্বা স্থানের শ্রীযুত গবরনর সাহেব কিম্বা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব অথবা হজুর কৌন্সেলের শ্রীযুত গবরনর সাহেবের অনুমতিক্রমে ইউরোপজাত শ্রীশ্রীমতী মহারাণীর যে কোন প্রজা কিম্বা ঐ প্রজারদের যে কোন সন্তানের নামে তাঁহারদের নিকটে কোন নালিশ হয় তাহারদিগের এই আইনানুসারে বিচার ও দণ্ড না করিয়া সুপ্রিম কোর্টে বিচার হইবার নিমিত্তে পাঠাইতে পারেন ইতি।

৪ ধারা। তৃতীয় জর্জ বাদশাহের ৫৩ বৎসরীয় ১৫৫ অধ্যায়ের ১০৫ প্রকরণ অর্থাৎ ভারতবর্ষে ইঙ্গলণ্ডীয়েরদের শাসিত দেশে যথার্থ বিচার পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে নির্ব্বাহ করণার্থে যে আক্ট পার্লিমেণ্ট তৃতীয় জর্জ বাদশাহের আমলের ৫৩ বৎসরে জারী হয় তাহার যে অংশে রাজকীয় চার্টরের দ্বারা স্থাপিত আদালতের মোকামহইতে দূর স্থানে ব্রিটনীয় প্রজারদের দ্বারা যে চড়াউ কিম্বা বলপূর্ব্বক গৃহাদিতে প্রবেশ অথবা বলপূর্ব্বক অন্য কোন প্রকার ক্ষতি করণ বিষয় লেখা আছে সেই অংশ রদ হইল ইতি।

৫ ধারা। এই আইনের কোন ভাগের এমত অর্থ করিতে হইবেক না যে উক্ত প্রত্যেক চার্টরের মর্ম্মানুসারে রাজবিদ্রোহ কর্ম্ম ও ফেলোনি ও অন্য অপরাধের বিচার ও দণ্ড করণার্থে এবং ফৌজদারী বিষয়ে যথার্থ বিচার নির্ব্বাহ করণার্থে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইতে রাজকীয় চার্টরের দ্বারা স্থাপিত কোন আদালতের এলাকা মৌকুফ হইল। পরন্তু কোন ব্যক্তি একি অপরাধের নিমিত্তে দুইবার দণ্ড হইবার যোগ্য হইবেক না ইতি।

VI The word Magistrate, as used in this Act, shall be understood to mean every Officer, however styled, who has authority to exercise all or any of the powers of a Magistrate

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be re considered at the first Meeting of the Legislative Council of India, after the 26th day of January, 1850

F J HALLIDAY,
Secy to the Govt of India

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 26TH OCTOBER, 1849

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 26th October, 1849

ACT No —— of 1849

An Act for Trial by Jury

Whereas the laws in force for trial by jury in certain cases require to be amended, and made the same throughout British India, It is enacted as follows

I. Regulation X, 1827, of the Madras Code, Sections IV V VI, of Regulation VI, 1832 of the Bengal Code, and Section XXXII of Act VII 1843, are repealed, but this repeal shall not affect the validity of any proceedings taken in any Court under the repealed Sections before the arrival of a copy of this Act at the Sudder station, where such Court is held, or any proceedings which may be then depending before such Court

II. Every person who, at the time of his committal for trial before a Sessions Judge, claims to be tried by a jury, shall be entitled to be tried under this Act

III All persons of reputed intelligence, respectability and consideration, between the ages of twenty five and fifty years, are qualified to serve on juries

IV All qualified persons are liable to serve on juries, unless included in any of the classes following, that is to say,

First —Judges, Magistrates, and other judicial officers, law officers, vakeels, officers and servants of the Courts of justice

Second.—Commissioners, collectors, deputy collectors, and other persons in the revenue service

Third —Post masters, and persons in the service of the post office

Fourth —Officers and others in the Military Service of Her Majesty or the East India Company

Fifth —Surgeons and others, who openly and constantly practise in the profession of physic.

Sixth.—Chaplains, priests, and others employed in religious offices.

[*Government Gazette, 27th November, 1849*]

৬ ধারা। এই আইনের মধ্যে "মাজিষ্ট্রেট" এই শব্দেতে মাজিষ্ট্রেটের সকল কিম্বা তাঁহার কোন ক্ষমতামতে কার্য্য করণের শক্তি যে কোন নামে খ্যাত যে কোন কার্য্যকারককে দেওয়া গিয়াছে তাঁহাকেই বুঝায় ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

NOTICE is hereby given, that the Pottah of the undermentioned Government resumed Chuck situated in the limits of the Soonderbuns, in Pergunnah Moolie Zillah Jessore, will be put up for public sale, at noon, on Tuesday, the 18th day of December, 1849 corresponding with 4th Pous, 1256, B S, at the Office of the Commissioner of the Soonderbuns, Allipore The highest bidder will be entitled to the Pottah, and must immediately pay in to the Commissioner of the Soonderbuns the full amount of his purchase money, the Pottah will be drawn up in his name, and will be made over to him, with the confirmation of Government, and he will become the Grantee of the said Chuck under the conditions prescribed in the Pottah

It is further notified, that intending purchasers who may wish to see the Map of the Chuck and desire to obtain any particulars connected with it, and its present state can learn the same by attending either personally or through their Agent at the Office of the Commissioner These conditions and particulars will moreover be proclaimed at the time of sale

Pottah of Chuck Soorgodee

Oomakanth Sain, *Commissioner*

Soonderbuns Commissioner's Office, Allipore, the 1st December, 1819

সুন্দরবনের কমিসানরের দপ্তরখানার ইশ্‌তিহার।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে সুন্দরবনের মধ্যে জিলা যশোহরের মুলিপরগনার অন্তঃপাতি সরকারের নীচের লিখিত বাজেয়াপ্ত চকের পাট্টা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ১৮ ডিসেম্বর তারিখ মোতাবেক ১২৫৬ সালের ৪ পৌষ তারিখ মঙ্গলবার দুই প্রহর সময়ে আলীপুরের সুন্দরবনের কমিসানরের দপ্তরখানায় নীলাম হইবেক। যে ব্যক্তি ঐ চকের জন্যে অধিক ডাকিবেক ও খরীদের সমুদয় টাকা অবিলম্বে সুন্দরবনের কমিসানরকে দিবেক তাহার নামে পাট্টা করা যাইবেক ও গবর্ণমেণ্টের মঞ্জুরীক্রমে তাহাকে দেওয়া যাইবেক। এবং সেই ব্যক্তি সকল বিষয়ে ঐ চকভোগী হইবেক এবং পাট্টার সকল নিয়মে বদ্ধ থাকিবেক।

আর সম্বাদ দেওয়া যাইতেছে যে খরীদ করণাকাঙ্ক্ষী যে কেহ ঐ চকের নকশা দেখিতে চাহে কি তাহার নিয়ম কি বর্ত্তমান দশা জ্ঞাত হইতে চাহে সেই ব্যক্তি আপনি হাজির হইয়া কি গোমাশতার দ্বারা সুন্দরবনের কমিসানরের দপ্তরখানায় তদ্বিষয় জ্ঞাত হইতে পারে আরো নীলামের দিবসে ঐ চকের নিয়মইত্যাদি প্রকাশ করা যাইবেক ইতি।

চক শূরগদির পাট্টা।

উমাকান্ত সেন। সুন্দরবনের কমিসানর।

সুন্দরবনের কমিসানরের দপ্তরখানা। আলীপুর। ১৮৪৯ সাল ১ ডিসেম্বর।

INSOLVENT COURT দেউলিয়াদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

In the matter of ALLAN GILMORE, JAMES PELHAM McKILLIGIN, WILLIAM FAIRLIE GILMORE, GRAHAM MOORE ROBERTSON and WILLIAM COLVILLE, Insolvents

NOTICE is hereby given, that Saturday, the 5th day of January next is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an Account in detail of the receipts and disbursements of the Assignee, has been filed and may be inspected in the Office of the Chief Clerk Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the estate of the said Insolvents, will be heard, Notice having been given, at the Office of the Chief Clerk three clear days before the hearing

Official Assignee's Office, 13th December, 1849

[*Government Gazette*, 18*th December*, 1849]

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

যোত্রহীন আলেন গিলমোর সাহেব ও জেমূস পেলহাম মাকিন্সিনিন সাহেব ও উলিয়ম ফের্গি গিলমোর সাহেব ও গ্রেহাম মোর বার্বর্টসন সাহেব ও উলিয়ম কলবিল সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করণের নিমিত্তে এই বিষয়ের শুনানি আগামি জানুআরি মাসের ৫ তারিখ শনিবারে পুনরায় হইবেক এবং আসৈনি সাহেবের জমাখরচের বিস্তারিত হিসাব দাখিল হইয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের সিরিশতায় দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এই বিষয়ে লিপ্ত অন্য যে কোন ব্যক্তি উক্ত যোত্রহীনেরদের ইষ্টেটের উপর কোন্ দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের সিরিশতায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনির দফ্তরখানা।

১৮৪৯ সাল ১৩ ডিসেম্বর।

In the matter of JOHN KEYLAND, an Insolvent

Notice is hereby given, that Saturday, the 5th day of January next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an Account in detail of the receipts and disbursements of the Assignee has been filed and may be inspected in the Office of the Chief Clerk Any Creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard, Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing

Official Assignee's Office, 14th December, 1849

যোত্রহীন জান কীলাণ্ড সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এই বিষয়ের শুনানি আগামি জানুআরি মাসের ৫ তারিখ শনিবারে পুনরায় হইবেক। এবং আসৈনী সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের সিরিশতায় দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এই বিষয়ে লিপ্ত অন্য যে কোন ব্যক্তি উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনির দফ্তরখানা। ১৮৪৯ সাল ১৪ ডিসেম্বর।

The like Notice in the matter of CHARLES PEREIRA, an Insolvent

যোত্রহীন চার্লস পেরেরা সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে।

The like Notice in the matter of CHARLES MORTLEY, an Insolvent

যোত্রহীন চার্লস মর্টলি সাহেবের বিষয়ে সেইপ্রকার সম্বাদ দেওয়া যাইতেছে।

The like Notice in the matter of ROBERT EDWARD BLANEY an Insolvent.

যোত্রহীন রাবর্ট এড্বার্ড ব্লেনি সাহেবের বিষয়ে সেইপ্রকার সম্বাদ দেওয়া যাইতেছে।

The like Notice in the matter of GEORGE ALBERT SHEPPARD, an Insolvent

যোত্রহীন জর্জ আলবর্ট শেপর্ড সাহেবের বিষয়ে সেইপ্রকার সম্বাদ দেওয়া যাইতেছে।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান মার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 25, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ২৫ ডিসেম্বর।

DRAFT OF ACT

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 7TH DECEMBER, 1849

The following Extract from the Proceedings of the Honourable the President of the Council of India in Council in the Legislative Branch of the Home Department, under date the 7th December, 1849, is published for general information

Read a second time the Draft of a proposed Act, dated the 8th March, 1849, and published in the *Bengalee Government Gazette* of the 13th March, 1849, for the Registry of Merchant Seamen

Resolution - The President in Council resolves that the following amended Draft on the subject be published for general information

ACT NO —— OF 1849

An Act for the Registry of Merchant Seamen

Whereas it is expedient to form a register of Merchant Seamen, It is enacted as follows

I A General Register Office for Merchant Seamen, shall be established at each of the ports of Calcutta, Madras and Bombay, and at such other ports as the Governor General of India in Council shall hereafter deem necessary

II For every such Office there shall be a Registrar, with such Assistants, Clerks and servants, at such salaries and allowances, and subject to such regulations, as shall be, from time to time, directed, with the approval of the Governor General of India in Council, by the Governor, or Go-

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেন্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ৭ ডিসেম্বর।

দেশীয় বিবিশতার ব্যবস্থাপক ডিপার্টমেণ্ট ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রেসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪৯ সালের ৭ ডিসেম্বর তারিখে যে কার্য্য করেন তাহার নীচের লিখিত চুম্বক সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

বাণিজ্য জাহাজের খালাসীবদের রেজিষ্টরী করণের বিষয়ে ১৮৪৯ সালের ৮ মার্চ তারিখের প্রস্তাবিত আইনের যে মুসাবিদা ১৮৪৯ সালের ১৩ মার্চ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তাহা দ্বিতীয়বার পাঠ করা গেল।

নির্দ্ধারণ।

কৌন্সেলের শ্রীযুত প্রেসিডেণ্ট সাহেব নির্দ্ধারণ করিয়াছেন যে তদ্বিষয়ে নাচের লিখিত শুধরা মুসাবিদা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

বাণিজ্য জাহাজের খালাসীবদের রেজিষ্টরী করণের বিষয়ে আইন।

যেহেতুক বাণিজ্য জাহাজের খালাসীবদের রেজিষ্টরী করা বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের প্রত্যেক বন্দরে এবং ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে উত্তর কালে অন্য যে২ বন্দরে আবশ্যক বোধ করেন সেই২ বন্দরে বাণিজ্য জাহাজের খালাসীবদের জন্যে এক সাধারণ রেজিষ্টরী দপ্তর স্থাপন হইবেক ইতি।

২ ধারা। এইমত প্রত্যেক দপ্তরে এক জন রেজিষ্ট্রার নিযুক্ত হইবেন এবং যে রাজধানীতে বা স্থানে ঐ দপ্তর স্থাপিত হয় সেই রাজধানী বা স্থানের শ্রীযুত গবরনর সাহেব বা শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের অনুমতিক্রমে সময়ে২ যেরূপ হুকুম করেন সেইরূপে ঐ দপ্তরের আসিষ্টাণ্ট ও মুহুরীর ও চাকর নিযুক্ত হই-

Council, of the Presidency or place the office is established

III Each Registrar, before entering on the duties of his Office, shall, with two Sureties, execute a joint and several bond to the East India Company, according to such form as shall be, from time to time, approved by the Governor General of India in Council, conditional for the faithful performance of his duty, and for the due application and account of all monies that shall come to him, as such Registrar, under such amount of penalty as shall be from time to time fixed by the Governor, or Governor in Council of the Presidency or Place

IV Every person not having a Register Ticket from any port in the United Kingdom of Great Britain and Ireland, who intends to serve, (otherwise than as Master or Surgeon,) on board of any vessel navigated from a port within the territories under the Government of the East India Company, and registered as a British Vessel under the Statutes of Parliament and Acts of the Governor General of India in Council in force, for the time being, for the registry of British Vessels, shall be bound to appear at one of the said Register Offices for the purpose of procuring himself to be registered, and shall be bound to answer truly, to the best of his ability and knowledge, the several questions set forth in the Schedule (A) annexed to this Act, and such other questions as shall be, from time to time, directed by the Governor General of India in Council, and until so registered shall not be allowed after the ( ) day of ( ) to serve in any capacity, (other than Master or Surgeon,) on board of any such registered Vessel

V The Registrar shall be bound to register every Seaman, who shall appear at his office for that purpose, and truly answer the said questions to the best of his ability and knowledge

VI The Registrar shall give to every Seaman whom he shall register a Register Ticket, containing as accurate a description as may be, of such Seaman in such form as shall be, from time to time, approved by the Governor General of India in Council, for which he shall be entitled to take such Fee, not exceeding One Rupee, as shall be, from time to time, allowed by the Governor or Governor in Council, and shall keep recorded in his office a duplicate of every such Register Ticket The Registrar shall ascertain to the best of his ability, and specify on the Register Ticket, the class or rating of Seafaring persons to which each registered Seaman appears to him to belong, and, from time to time, shall note on any Ticket produced to him for that purpose any superior rating to which the holder of the Ticket appears at that time to be entitled

VII Whenever any Seaman shall lose his Register Ticket, he shall apply personally to one of

রেক এবং তাহারদের মাহিয়ানা ও বেতন ধার্য্য হইবেক এবং তাহার বিষয়ি নিয়ম নির্দ্দিষ্ট হইবেক ইতি।

৩ ধারা। প্রত্যেক রেজিষ্ট্রার আপনার পদের কার্য্যে প্রবৃত্ত হওনের পূর্ব্বে তাঁহার কর্ত্তব্য কার্য্য বিশ্বস্তরূপে নির্ব্বাহ করণের বিষয়ে এবং ঐ রেজিষ্ট্রারস্বরূপ তাঁহার হাতে যে সকল টাকা আইসে সেই সকল টাকার যথার্থরূপে ব্যয় করণের ও হিসাব রাখণের বিষয়ে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে সময়ক্রমে যে পাঠে সম্মত হন সেই পাঠানুসারে দুই জন জামিন সমেত কোম্পানি বাহাদুরের প্রতি সাধারণে ও প্রত্যেকে বণ্ড লিখিয়া দিবেন এবং ঐ রাজধানী বা স্থানের শ্রীযুত গবরনর সাহেব বা শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে সময়ক্রমে যতসংখ্যক জরীমানার দণ্ড ধার্য্য করেন সেই জরীমানা ঐ বণ্ডে লেখা থাকিবেক ইতি।

৪ ধারা। কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যস্থিত কোন বন্দরহইতে গমনকারি যে জাহাজ ব্রিটনীয় জাহাজের রেজিষ্টরীর বিষয়ে তৎসময়ে পার্লিমেন্টের যে আইন এবং ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের যে২ আইন ব্রিটনীয় জাহাজের রেজিষ্টরীর বিষয়ে করা গিয়া ছ সেই২ আইনানুসারে যে জাহাজ ব্রিটনীয় জাহাজস্বরূপ রেজিষ্টরী হইয়াছে সেই জাহাজের উপর (মালিম বা চিকিৎসক বিনা) অন্য যে কোন ব্যক্তি গ্রেটব্রিটন ও ঐরলাণ্ড রাজ্যের কোন বন্দরহইতে রেজিষ্টর টিকিট না পাইয়া খাটিতে মানস করে সেই ব্যক্তির আবশ্যক যে উক্ত কোন রেজিষ্টরী দফ্তরে আপনাকে রেজিষ্টরী করাওণার্থে হাজির হয় এবং এই আইনের শেষের লিখিত A চিহ্নিত তফসীলে যে নানা জিজ্ঞাসা লেখা আছে এবং সময়ক্রমে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে অন্য যে২ জিজ্ঞাসার হুকুম করেন সেই২ জিজ্ঞাসার উত্তর আপন বুদ্ধি সাধ্যপর্য্যন্ত সত্য করিয়া দেয় এবং যাবৎ সেই ব্যক্তি সেইরূপে রেজিষ্টরী না হয় তাবৎ অমুক সালের অমুক মাসের অমুক তারিখঅবধি (মালিম বা চিকিৎসক বিনা) অন্য কোন পদে ঐরূপ রেজিষ্টরীহওয়া জাহাজের উপর খাটিতে পারিবেক না ইতি।

৫ ধারা। যে প্রত্যেক খালাসী রেজিষ্ট্রারের দফ্তরে রেজিষ্টরী হওনার্থে আইসে এবং আপনার বুদ্ধিসাধ্যপর্য্যন্ত ঐ জিজ্ঞাসার সত্য জওয়াব দেয় এইমত প্রত্যেক খালাসীকে ঐ রেজিষ্ট্রার রেজিষ্টরী না করিলে নয় ইতি।

৬ ধারা। যে প্রত্যেক খালাসীকে ঐ রেজিষ্ট্রার রেজিষ্টরী করেন তাহাকে তিনি এক রেজিষ্টর টিকিট দিবেন এবং শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে সময়ক্রমে যে পাঠেতে সম্মত হন সেই পাঠানুসারে ঐ খালাসীর সাধ্যপর্য্যন্ত যথার্থ চেহারা লেখা থাকিবেক এবং শ্রীযুত গবরনর সাহেব বা শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে সময়ক্রমে যে রসুমের অনুমতি দেন সেই রসুম ঐ রেজিষ্ট্রার ঐ টিকিটের জন্য লইতে পারিবেন কিন্তু তাহা এক টাকার অধিক হইবেক না এবং ঐ রেজিষ্ট্রার ঐ প্রত্যেক রেজিষ্টর টিকিটের এক নকল আপনার দফ্তরে রাখিবেন। এবং প্রত্যেক রেজিষ্টরীহওয়া খালাসী সমুদ্রে গমনাগমনকারি ব্যক্তিরদের যে সম্প্রদায় অথবা বেতনভোগী হয় তাহা ঐ রেজিষ্ট্রার সাধ্যপর্য্যন্ত নির্ণয় করিয়া রেজিষ্টর টিকিটে নির্দ্দিষ্ট করিয়া লিখিবেন। এবং ঐ টিকিটে উচ্চস্থ বেতন ভোগিস্বরূপ লিখিত হওনের জন্যে টিকিটপ্রাপ্ত ব্যক্তি ঐ টিকিট রেজিষ্ট্রারের নিকটে আনিলে সেই সময়ে ঐ ব্যক্তির যে উচ্চস্থ বেতনভোগি হওনের স্বত্ব থাকে তাহা ঐ রেজিষ্ট্রার ঐ টিকিটেতে লিখিবেন ইতি।

৭ ধারা। যখন কোন খালাসী আপনার রেজিষ্টর টিকিট হারায় তখন সেই ব্যক্তি স্বয়ং উক্ত রেজিষ্ট্রারের-

the said Registrars, and shall be bound to answer truly, to the best of his ability and knowledge, all questions which the Registrar, or one of his Assistants shall put to him touching the time and manner of the loss, and if it shall appear that no fraud has been committed or intended, the Registrar shall furnish another Ticket to him, upon payment of such Fee, not exceeding Five Rupees, beside the common Fee for the issue of a Register Ticket, as the Registrar shall think fit, under the instructions to be issued to him by the Governor or Governor in Council having regard to the time and manner of the loss of the former Ticket

VIII Whenever any registered Seaman shall be committed to prison, or to any house of correction, the Court or Justice of the Peace shall cause his Register Ticket to be delivered to the keeper of such prison or house of correction, who shall keep it during the term of the Seaman's imprisonment, and at the end of the imprisonment give it to him again, and whenever any registered Seaman shall be sentenced to death or transportation, the person having him in custody shall send his Register Ticket to the office of the Registrar by whom it was issued

IX The Registrar shall cancel every Register Ticket, which shall come again into his possession, and, from time to time, shall make out lists, shewing the number and name upon every Ticket, cancelled during the twelve months then last past, and of every Ticket, which shall have been represented to him to have been lost, and in respect of which he shall have issued another Ticket during the same twelve months, and shall cause such lists to be published in the *Gazette*, in the English and vernacular language of the port, and shall also send them to the Collector of Customs and principal officer of Police at such Towns or Ports as shall be directed by the Governor or Governor in Council, to be by them respectively exhibited in some conspicuous part of the Custom House and Police Office, and copies of such lists shall be sent to the Master Attendant at every such port, and shall be delivered to any Master or Owner of a registered Vessel on application, and on payment of a Fee of One Rupee

X The Master of any such Vessel shall not after the said (   ) day of (   ) engage or employ any unregistered Seaman or any Seaman having a cancelled Register Ticket at any port in the said Territories, and shall cause to be delivered to him the Register Ticket of every Seaman, whom he shall engage at any such port after the said (   ) day of (   ) before putting to Sea, which Ticket the Master shall keep safely (unless in the cases herein mentioned) until the end of the Service of such Seaman with him, and shall then give it back to the Seaman to whom it belongs and every Master of a Vessel, who shall wilfully offend against this enactment, shall be liable to a penalty not exceeding One

দের মধ্যে এক জনের নিকটে দরখাস্ত করিবেক এবং সেই টিকিট যে সময়ে ও যেপ্রকারে খোয়া গেল তাহার বিষয়ে রেজিষ্ট্রার বা তাঁহার কোন এক জন আসিষ্টান্ট যে সকল জিজ্ঞাসাবাদ করেন তাহার উত্তর আপন বুদ্ধি সাধ্যপর্য্যন্ত সত্যরূপে দিতে হইবেক। এবং যদ্যপি দৃষ্ট হয় যে ইহাতে কোন চাতুরী ছিল না বা চাতুরীর মানস ছিল না তবে রেজিষ্টর টিকিট দেওনার্থে যে রসুম নির্দ্দিষ্ট আছে তাহার অতিরিক্ত পূর্ব্বের টিকিট হারাইবার সময় ও প্রকার বিবেচনা করিয়া রেজিষ্ট্রার শ্রীযুত গবরনর সাহেব কিম্বা শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে তাঁহাকে যেং হুকুম দেন সেই হুকুমমতে যে রসুম উচিত বুঝেন এমত পাঁচ টাকার অনধিক রসুম লইয়া তাহাকে অন্য এক টিকিট দিবেন ইতি।

৮ ধারা। যখন কোন রেজিষ্টরীহওয়া খালাসী কারাগারে বা কোন হরিণবাড়ীতে কয়েদ হয় তখন আদালত অথবা জষ্টিস অফ দি পীস তাহার রেজিষ্টর টিকিট ঐ কারাগার বা হরিণবাড়ীর অধ্যক্ষের হাতে দেওয়াইবেন এবং তিনি খালাসীর কয়েদ থাকন সময়ে তাহা আপনার নিকটে রাখিবেন এবং কয়েদের শেষ হইলে তাহাকে ফিরাইয়া দিবেন। এবং যখন কোন রেজিষ্টরীহওন খালাসীর প্রাণদণ্ড বা দ্বীপান্তর প্রেরণের দণ্ড হয় তখন যে ব্যক্তির নিকটে ঐ খালাসী কয়েদ থাকে সেই ব্যক্তি ঐ রেজিষ্টর টিকিট যে রেজিষ্ট্রার তাহা দিয়াছিলেন তাঁহার দফ্তরে পাঠাইবেন ইতি।

৯ ধারা। যে প্রত্যেক রেজিষ্টর টিকিট রেজিষ্ট্রারের নিকটে ফিরিয়া আইসে তাহা তিনি বাতিল করিবেন এবং সময়ক্রমে এক তালিকা প্রস্তুত করিবেন এবং তাহার পূর্ব্ব বারো মাস ব্যাপিয়া যে প্রত্যেক টিকিট বাতিল হইয়াছে ও যে প্রত্যেক টিকিট হারাইয়া যাওনের বিষয়ে তাঁহাকে সম্বাদ দেওয়া গিয়াছে এবং তাহার পরিবর্ত্তে তিনি ঐ বারো মাস ব্যাপিয়া অন্য টিকিট দিয়াছেন এমত টিকিটের নম্বর ও নাম ঐ তালিকাতে নির্দ্দিষ্ট থাকিবেক। এবং ঐ তালিকা ইঙ্গরেজী ভাষাতে ও বন্দরের চলিত ভাষাতে গেজেটে প্রকাশ করাইবেন এবং শ্রীযুত গবরনর সাহেব বা শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে যে সকল নগর বা বন্দর নিরূপণ করেন সেইং নগর বা বন্দরের স্থানিকের কালেকটর সাহেব এবং পোলীসের প্রধান কার্য্যকারক সাহেবের নিকটে পাঠাইবেন এবং ঐ সাহেবেরা তাহা পরমিট ঘরে এবং পোলীসের দফ্তরের দৃষ্টিগোচর কোন স্থানে টাঙ্গাইবেন। এবং ঐ তালিকার এক নকল এমত প্রত্যেক বন্দরের মাষ্টর আটেণ্ডান্ট সাহেবের নিকটে পাঠান যাইবেক এবং কোন রেজিষ্টরীহওয়া জাহাজের মালিম বা অধ্যক্ষ দরখাস্ত করিলে এবং এক টাকা রসুম দিলে তাঁহাকে ঐ তালিকার নকল দেওয়া যাইবেক ইতি।

১০ ধারা। এইমত প্রত্যেক জাহাজের মালিম উক্ত অমুক সালের অমুক মাসের অমুক তারিখের পরে উক্ত রাজ্যের কোন বন্দরে রেজিষ্টরী না হওয়া খালাসীর সঙ্গে অথবা যে খালাসীর রেজিষ্টর টিকিট বাতিল হইয়াছে তাহার সঙ্গে বন্দোবস্ত করিবেন না বা তাহাকে কর্ম্ম দিবেন না। এবং উক্ত বন্দরে উক্ত অমুক সালের অমুক মাসের অমুক তারিখের পরে যে প্রত্যেক খালাসীর সঙ্গে বন্দোবস্ত করেন তাহার রেজিষ্টর টিকিট সমুদ্র গমনের পূর্ব্বে আপন হাতে সমর্পণ করাইবেন এবং (পশ্চাৎ লিখিত গতিকব্যতিরেকে) ঐ খালাসীর চাকরীর শেষপর্য্যন্ত ঐ জাহাজের মালিম অতিসাবধান করিয়া তাহা রাখিবেন এবং তৎপরে ঐ টিকিট যে খালাসীর হয় তাহাকে তাহা ফিরাইয়া দিবেন। এবং জাহাজের যে প্রত্যেক মালিম জানিয়া শুনিয়া এই আইন উল্লঙ্ঘন করেন তিনি যে প্রত্যেক খালাসীকে এইরূপে

Hundred Rupees, for each Seaman so unlawfully engaged or employed

XI Every person applying for a Register Ticket, who shall wilfully give a false answer to any question, which the Registrar or his Assistant is entitled to ask of him, or wilfully make any false statement before the Registrar or his Assistant as to the loss of any Register Ticket, shall be liable to a penalty, not exceeding Fifty Rupees

XII Every person, who shall wilfully alter, deface or destroy any Register Ticket, or counterfeit any such Register Ticket, or transfer or traffic in any such Ticket, issued or purporting to be issued under this Act, shall be liable to a penalty, not exceeding One Hundred Rupees

XIII Every person, who shall become possessed of any Register Ticket other than that lawfully issued to him, (except Masters of Vessels and others directed to keep any such Tickets by this Act), either by the death of the Seaman to whom it belonged or otherwise, shall forthwith send it to the Registrar of the port whence it was issued, and in default of so doing shall be liable to a penalty, not exceeding One Hundred Rupees

XIV Every Seaman, tendering to the Master or Owner of any Vessel a cancelled Register Ticket, or any Ticket not lawfully issued to him, shall forfeit to the Owner all wages accruing to him during the service for which he shall have agreed

XV All penalties directed by this Act may be imposed on summary conviction before a Magistrate or Justice of the Peace, and may be recovered with costs, as if they were imposed by a Magistrate under Act II 1839

XVI The Fees received by the Registrar shall be applied toward defraying the expences of this Act, besides which a yearly duty of one anna per ton shall be levied for the same purpose on all Vessels of the burden of one hundred and fifty tons and upwards, navigated to or from the ports within the Territories under the Government of the East India Company, and the production of a certificate of payment at one port of Registry shall free at all others during the current year, to be reckoned from the first day of January to the last day of December

SCHEDULE A

1 What is your name and Surname ?

2 What is your Father's name, and usual dwelling place ?

3 Have you been registered before ?

4 Where were you born ?

5 When were you born ?

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২৫ ডিসেম্বর।]

আইনবিরুদ্ধে নিযুক্ত করেন বা চাকরী দেন তাহার জন্যে এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

১১ ধারা। যে প্রত্যেক ব্যক্তি রেজিষ্টর টিকিটের নিমিত্তে দরখাস্ত করে সেই ব্যক্তি যদি রেজিষ্ট্রার অথবা তাঁহার আসিষ্টাণ্ট যে জিজ্ঞাসা করিতে পারেন সেই জিজ্ঞাসার মিথ্যা উত্তর জানিয়া শুনিয়া দেয় অথবা জানিয়া শুনিয়া রেজিষ্ট্রার অথবা তাঁহার আসিষ্টাণ্টের সম্মুখে আপনার টিকিট হারাইয়া যাওনের বিষয়ে কোন মিথ্যা এজহার করে সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

১২ ধারা। যে কোন ব্যক্তি জানিয়া শুনিয়া কোন রেজিষ্টর টিকিট মতান্তর করে কি বিরূপ করে কি নষ্ট করে অথবা এইমত কোন রেজিষ্টর টিকিট কৃত্রিম করে বা এই আইনানুসারে যে টিকিট দেওয়া গিয়াছে অথবা দেওয়া গিয়াছে কথিত হয় সেই টিকিট হস্তান্তর করে বা ক্রয় বিক্রয় করে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

১৩ ধারা। জাহাজের মালিম এবং অন্য যে ব্যক্তিকে এই আইনানুসারে সেই প্রকার টিকিট রাখিবার হুকুম হইয়াছে সেই ব্যক্তিছাড়া যে কোন ব্যক্তি আপনাকে আইনমত দেওয়া টিকিটব্যতিরেকে কোন টিকিট খালাসীর মরণের দ্বারা বা প্রকারান্তরে প্রাপ্ত হয় সেই ব্যক্তি তৎক্ষণাৎ তাহা যে বন্দরে দেওয়া গিয়াছিল সেই বন্দরের রেজিষ্ট্রারের নিকটে পাঠাইবেক এবং তাহা না করিলে এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

১৪ ধারা। যে কোন খালাসী রাতিলহওয়া রেজিষ্টর টিকিট কিম্বা আইনমত প্রাপ্ত না হওয়া কোন টিকিট কোন জাহাজের মালিক কি অধ্যক্ষকে সমর্পণ করে সেই খালাসী যে কালপর্য্যন্ত কর্ম্ম করিতে বন্দোবস্ত করিয়াছে তাহার সেই কালের সকল মাহিয়ানা মালিকের নিকটে জব্দ হইবেক ইতি।

১৫ ধারা। এই আইনের দ্বারা যে সকল জরীমানা নির্দ্দিষ্ট হইয়াছে মাজিষ্ট্রেট সাহেবের অথবা জষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সরাসরীমতে দোষ সাব্যস্ত হইলে ঐ জরীমানার হুকুম হইতে পারে এবং ১৮৩৯ সালের ২ আইনানুসারে মাজিষ্ট্রেট সাহেব ঐ জরীমানার হুকুম করিলে যে প্রকারে আদায় হইতে পারিত সেই প্রকারে ঐ জরীমানা খরচা সমেত আদায় হইতে পারিবেক ইতি।

১৬ ধারা। রেজিষ্ট্রার সাহেব যে সকল রসুম পান তাহাহইতে এই আইনের খরচ দেওয়া যাইবেক। তদ্ভিন্ন সেই খরচা দেওনার্থে দেড় শত টন ও তাহার অধিক বোঝাইধারি যে সকল জাহাজ কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যস্থিত বন্দরে প্রবেশ করে বা তাহাহইতে গমন করে সেই সকল জাহাজের উপর টন প্রতি এক আনা বার্ষিক মাসুল লওয়া যাইবেক। এবং রেজিষ্টরী এক বন্দরে ঐ টাকা দেওয়া যাওনের সর্টিফিকট দেখান গেলে তদ্দ্বারা সেই সনের মধ্যে অন্য সকল বন্দরে কোন মাসুল দিতে হইবেক না এবং ঐ সনের হিসাব জানুআরি মাসের প্রথম দিবসঅবধি ডিসেম্বর মাসের শেষ দিবসপর্য্যন্ত হইবেক ইতি।

A চিহ্নিত তফসীল।

১। তোমার নাম ও তোমার পদবী কি।

২। তোমার পিতার নাম কি এবং তাহার সামান্য বাস কোথায় আছে।

৩। ইহার পূর্ব্বে তোমার রেজিষ্টরী হইয়াছিল কি না।

৪। তোমার জন্মস্থান কোথায়।

৫। তোমার জন্মদিন কি।

6 When did you first go to Sea ?
7 In what capacity did you first go ?
8 In what capacity have you since served ?
9 Have you served in the Royal or Indian Navy ? or in the Marine of the East India Company ?
10 If you have, how long ? and in what Ships ? and in what capacity ?
11 Have you been in Foreign Service ?
12 If you have, how long ? and in what capacity ? and under what Flag ?
13 How have you been generally employed at Sea ?
14 Where do you usually live when unemployed ?

৬। তুমি কখন্ প্রথমে সমুদ্রে গমন করিলা।
৭। তুমি কোন্ পদে প্রথমে সমুদ্রে গমন করিলা।
৮। তৎপরে তুমি কোন পদের কর্ম্ম করিয়াছ।
৯। তুমি বাজার যুদ্ধজাহাজে বা কোম্পানি বাহাদুরের যুদ্ধজাহাজে কি কোম্পানি বাহাদুরের কোন জাহাজে কর্ম্ম করিয়াছ কি না।
১০। যদি করিয়াছ তবে কত কালাবধি এবং কোন্২ জাহাজে এবং কোন২ পদে।
১১। তুমি ভিন্নাধিকারি জাহাজে কর্ম্ম করিয়াছ কি না।
১২। যদি করিয়া থাক তবে কত কালাবধি এবং কোন্ পদে এবং কোন্ পতাকার অধীনে।
১৩। সমুদ্রে থাকিয়া তুমি কোন কার্য্য করিয়াছ।
১৪। কর্ম্ম না থাকিলে তুমি সামান্যতঃ কোথায় বাস কর।

SCHEDULE B

Names and numbers of the Register Tickets of the Crew (including Apprentices) now serving on board the of the Port of of the burden of Tons, on taking departure from the Port of in the East Indies bound on a voyage to

No and date of Ship's Register	Name	Capacity	Number of Register Ticket

Dated this day of 18

Master

Ordered, that the said Draft be re considered at the first Meeting of the Legislative Council of India, after the 7th day of February, 1850

F J HALLIDAY,
Secy to the Govt of India

B চিহ্নিত তফসীল।

ভারতবর্ষের অমুক বন্দরহইতে অমুক স্থানে গমনশীল এত টন বোঝাইধারি অমুক বন্দরের অমুকনামক জাহাজে খালাসীবদের ও কর্ম্মশিক্ষাকারিবদের নাম ও রেজিষ্টর টিকিটের নম্বর।

জাহাজের নম্বর ও রেজিষ্টরের তারিখ	নাম	পদ	রেজিষ্টর টিকিটের নম্বর

অমুক সাল অমুক তারিখ অমুক মালিম।

হুকুম হইল যে ১৮৫০ সালের ৭ ফেব্রুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator,*

[*Government Gazette*, *25th December*, 1849]

CIRCULAR ORDER OF THE ACCOUNTANT GENERAL

No 756

To the Collectors of Land Revenue of the Lower Provinces, with the exception of the Districts of Cachar, Calcutta, Durrung, Jorehaut, Kamroop, Lukkimpore, Nowgong, Moulmein, Mergui, Tavoy, Singbhoom

Government having ruled, that the Audit of the Civil Auditor is unnecessary as authority for charges on account of 4 per cent discount allowed upon wholesale vend of Stamps, I have the honor to inform you, that such charges incurred by you under Clause 4, Section XI Regulation X of 1829, will in future be admitted by this Office upon the authority of the respective payee's receipts

2 For purposes of check in this Department, you will be good enough to enter such transactions in your Treasury Accounts in the manner shewn in the margin *

(Signed) W MAPLES,
Astt to the Actt to the Govt of Bengal

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 30th November, 1849

আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরকুলর অর্ডর।

৭৫৬ নম্বর।

কাছাড় ও কলিকাতা ও দরঙ্গ ও যোড়হাট ও কামরূপ ও লক্ষ্মীপুর ও নওগাঁ ও মৌলমেন ও মরগুই ও টাবয় ও সিংহভূম জিলা ভিন্ন বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বর শ্রীযুত কালেকটর সাহেব বরাবরেষু।

গবর্ণমেণ্ট বিধান করিয়াছেন যে ইষ্টাম্প কাগজ মোটে বিক্রয় সময়ে তাহার উপর যে শতকরা ৪৲ টাকার ডিসকৌণ্ট অর্থাৎ ছুটের অনুমতি আছে তাহা দেওনের পূর্ব্বে সিবিল আডিটর সাহেবের মঞ্জুরীর আবশ্যক নাই। অতএব তোমাকে জানাইতেছি যে ১৮২৯ সালের ১০ আইনের ১১ ধারার ৪ প্রকরণমতে এই বিষয়ে তোমার যে খরচা হয় তাহা ঐ টাকা পাওনিয়ার রসীদক্রমে এই দফ্তরখানায় উত্তর কালে গ্রাহ্য হইবেক।

২ দফা। এই সিরিশ্তায় মোকাবিলা করিবার নিমিত্তে তুমি আপন খাজানাখানার খাতা বহীর মধ্যে ঐপ্রকার সকল কার্য্য নীচের লিখিতমতে জমা খরচে লিখিবা ইতি।

ডবলিউ মেপল্‌স।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের অক্কৌণ্টেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট।

ফোর্ট উলিয়ম। আক্কৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা। রেবিনিউ ডিপার্টমেণ্ট। ১৮৪৯। ৩০ নবেম্বর।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDER OF THE SUDDER BOARD OF REVENUE

No 50

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

I am directed by the Sudder Board of Revenue to request that you will ascertain and report how many Estates have been divided under the Butwarrah Laws in each of the Districts of your Division since 1793, and what proportion the aggregate Sudder Jummah of such Estates bears to the entire Sudder Jummah of the District

2 The above information may be exhibited in the accompanying Tabular Form If the Records of any District are not complete for so many years

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

৫০ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে আদেশ করিতেছি যে ১৭৯৩ সালের পর তোমার এলাকার প্রত্যেক জিলাতে বাঁটওয়ারার আইনমতে যত মহালের বণ্টন হইয়াছে তাহা এবং বাঁটওয়ারার মহালের মোট সদর জমা জিলার সমুদয় সদর জমার যে ভাগ হয় তাহা অবগত হইয়া রিপোর্ট কর।

২। উক্ত বিবরণ নীচের লিখিত পাঠানুসারে লেখা যাইতে পারে। যদি কোন জিলার তত বৎসরের কাগজ

---

* On the *Receipt* side

" To Superintendent of Stamps — Amount of Stamp duty realized during the month, viz Sold by Venders in Retail, 000

Do Do Wholesale under Clause 4 Section XI Regulation X of 1829, 000 000

On the *Disbursement* side

" By Superintendent of Stamps" (enter usual charges) 000

Four per cent Discount under Clause 4, Section XI Regulation X of 1829, as per parties' receipts transmitted, 000 000

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২৫ ডিসেম্বর।]

জমা।

" ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের প্রাপ্ত।"
মাসের মধ্যে ইষ্টাম্পের যে মাসুল পাওয়া গেল অর্থাৎ বিক্রেতারদের খুচরা বিক্রয়ের দ্বারা ০০০

ঐ ঐ ১৮২৯ সালের ১০ আইনের ১১ ধারার ৪ প্রকরণক্রমে মোট বিক্রয় ০০০ ০০০

খরচ।

" ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্টের ব্যয়" (এই স্থানে রীতিমত খরচ লেখ) ০০০

টাকা পাওনিয়ারদের প্রেরিত রসীদমতে ১৮২৯ সালের ১০ আইনের ১১ ধারার ৪ প্রকরণক্রমে শতকরা ৪৲ টাকার ছুট ০০০ ০০০

back, the Collector should be required to furnish the information for as many years as he can

(Signed) G PLOWDEN,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 4th December, 1849

পত্র পূরা না থাকে তবে তুমি কালেক্টর সাহেবকে হুকুম কর যে যত বৎসরের সম্বাদ দিতে পারেন ততই দেন।

জি প্লোডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ৪ ডিসেম্বর।

FORM

District	Number of Estates in District.	Sudder Jummah of District	Number of Estates which have been divided	Jummah of divided Estates	Proportion of Sudder Jummah paid by divided Estates to Sudder Jummah of the whole District
A B	1,500	10,00,000	100	50,000	1 20th or 5 per cent

পাট।

জিলা।	[illegible]	জিলার সদর জমা	[illegible]	বাঁটওয়ারার মহালের জমা	বাঁটওয়ারার মহা সদর জমা সমুদায় সদর জমার যে—
অমুক	১৫০০৲	১০০ ০০৲	১০০৲	৫০০০০	কুড়ি ভাগে ৫ ভাগ অর্থাৎ শত ৫৲ টাকা

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

EDUCATION NOTICE

The next Meeting of the Committee appointed for the Examination of Candidates for promotion and employment in the Education Department, will be held in the Hindoo College, on Saturday, the 5th January, 1850, at 10 A M

Detailed particulars of the nature and extent of the Examination, the Number of Vacancies in the Department, &c &c will be afforded by the Secretary to the Council of Education to all Candidates on *personal* application

(By order)
I J MOUAT, M D,
Secretary

A vacancy having occurred in the Office of Librarian of the Hooghly College, Candidates for the same are requested to forward their applications either to the Principal of the College or to this Office

[*Government Gazette, 25th December*, 1849]

বিদ্যাধ্যাপ বিজ্ঞাপন।

বিদ্যাধ্যাপনের ডি মেণ্টে উচ্চ পদ প্রাপ্যের আকাঙ্ক্ষকদের পরীক্ষার্থ এবং কর্ম্মে নিযুক্ত হ কমিটির আগামি ১৮৫০ সালের ৫ জানুআরি তারিখ শনিবার দশ ঘণ্টার সময়ে হিন্দু কালেজে হইবেক।

পরীক্ষার প্র এবং যেপর্য্যন্ত পরীক্ষা হইবেক ও বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে যত পদ শূন্য আছে ইত্যাদি বিস্তা ও বৃত্তান্ত কর্ম্মাকাঙ্ক্ষি যে কোন জন জানিতে চাহে তিনি বিদ্যাধ্যাপনের কোন্সোলের সেক্রেটারী সাহেবের নিকটে স্ব উপস্থিত হইয়া তাহার স্থানে জানিতে বিবেন।

(হুকুমক্রমে।)
এফ জে মে আট। সেক্রেটারী।

হুগলী কালেজের পুস্তকরক্ষকের পদ শূন্য হইয়াছে অতএব যাঁহারা ঐ পদ প্রাপ্ত হইতে চাহেন তাঁহারা আপনারদের দরখাস্ত ঐ কালেজের প্রধান সাহেবের নিকটে অথবা এই সিরিশতার পাঠাইবেন।

The salary of the situation is Fifty Rupees a month

The preference in selection, qualifications being equal, will be given to the best of the unemployed Candidates on the Council's List

(By order,)

F J MOUAT, M D,

Secretary

Council of Education, 17th December, 1849

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

LEAVES OF ABSENCE

The 14th December, 1849

The remaining portion of the leave of absence granted on the 16th ultimo, to Baboo Poornoo Chunder Mitter, 1st Grade Moonsiff of Jessore Division is cancelled

Baboo Koonjo Lall Banerjee, Moonsiff of Chowg, Zillah Rajshahye, for ten days, under Mc Certificate

The 20th December, 1849

Ramdoolub Doss, Moonsiff of Ingnah, Zil Mymensingh, for three days, in excess of that d to him on the 14th ultimo

B J COLVIN, *Register*

জকর্ম্মে নিযোগ।

২০৩৩ নম্বর।

বাঙ্গলা দেশে ‍যুত অনরবিল ডেপুটী গবরনর হেবের হুকুম।

জ্ঞাপন।

১৮৪৯ ১১ ডিসেম্বর।

সিবিলসম্পর্কীয় সি‍ার শ্রীযুত টি ডবলিউ ক্লিফর্ড সাহেব ও শ্রীযুত ডব বালমেন সাহেব (Messrs T W Clifford and Balmain,) এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া স া কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

১৮৪৯ সাল ১৩ সেম্বর।

সিবিলসম্পর্কীয় সিবিলতাব ‍ত এম আর গবিন্স সাহেব (Mr M R Gubbins,) ন্স অফ ওযেলস" নামক জাহাজে ইঙ্গলণ্ডহইতে প্র‍াগমন করিযাছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ ব‍ান মাসের ৮ তারিখে খাজুরিতে পঁহুছে।

সিবিলসম্পর্কীয় সিবিলতার শ্রীযুত জে এম মিলস সাহেব ও শ্রীযুত আর বি গারেট সাহে শ্রীযুত আর হামটন সাহেব ও শ্রীযুত এ হামণ্ড সাহেব Messrs A J M Mills, R B Garrett, R Hampton and A Hammond,) "হাডিংটন" নামক বাষ্পীয় জা‍াজে ইঙ্গলণ্ডহইতে প্রত্যাগমন করিযাছেন এমত রিপো‍ করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৭ তারিখে খাজুরী পঁহুছে।

১৮৪৯ সাল ১৪ ডিসেম্বর।

১৪ সংখ্যক অর্থাৎ মুরশিদাবাদ এলাকার কমিশ্যনর শ্রীযুত টি টেলর সাহেব (Mr T Taylor,) গত মাসের ১৯ তারিখে যে ছুটী পান তাহা বর্ত্তমান মাসের ৯ তারিখে গ্রহণ করেন।

শ্রীযুত এ এস আনাণ্ড সাহেব (Mr A S Annand,) বর্ত্তমান মাসের ১ তারিখে ছিলটের কালেক্টরীর ভার

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২৫ ডিসেম্বর।]

ঐ পদের মাহিয়ানা পঞ্চাশ টাকা।

গুণ সমান হইলে কৌন্সেলের ফর্দ্দে লিখিত যে কর্ম্মাকাঙ্ক্ষিরা কোন কর্ম্মে নিযুক্ত হন নাই তাঁহারদের মধ্যহইতে এক ব্যক্তি মনোনীত হইয়া নিযুক্ত হইবেন।

(হুকুমক্রমে)

এফ জে মৌআট। সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৯। ১৭ ডিসেম্বর।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৯ সাল ১০ ডিসেম্বর।

যশোহর এলাকার প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র মিত্র গত মাসের ১৬ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

জিলা রাজশাহীর চৌগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু কুঞ্জলাল বাঁড়ুয্যা চিকিৎসকের সর্টিফিকটক্রমে দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২০ ডিসেম্বর।

জিলা ময়মনসিংহের পিঙ্গনার মুনসেফ শ্রীযুত বাবু রামদুলভ দাস গত মাসের ১৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত তিন দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

শ্রীযুত ডবলিউ বি বকল সাহেবের (Mr W B Buckle) প্রতি অর্পণ করেন।

বেহারের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর জে জি ডেনহাম সাহেব (Dr J G Denham,) গত মাসের ৫ তারিখে যে ছুটী পান তাহা বর্ত্তমান মাসের ১ তারিখে গ্রহণ করেন।

সদর আদালতের জজ শ্রীযুত আবরক্রম্বি ডিক সাহেব (Mr Abercrombie Dick,) গত মাসের ২৮ তারিখে যে ছুটী পান তাহা বর্ত্তমান মাসের ৩ তারিখে গ্রহণ করেন এবং সমুদ্রে গমনের পূর্ব্বে বর্ত্তমান মাসের ৭ তারিখে ঐ কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

মুরশিদাবাদের কালেক্টর শ্রীযুত আর এফ হজসন সাহেব (Mr R F Hodgson,) বর্ত্তমান মাসের ৫ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত আর পি হারিসন সাহেবের (Mr R P Harrison) স্থানে পুনর্গ্রহণ করেন।

রাজশাহীর মাজিষ্ট্রেট শ্রীযুত এ এ সুইণ্টন সাহেব (Mr A A Swinton,) বর্ত্তমান মাসের ১০ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত এ ই রসল সাহেবের (Mr A E Russell,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২০৪৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিযোগ।

১৮৪৯ সাল ১২ ডিসেম্বর।

শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেব (Mr C W Mackillop,) চব্বিশপরগনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন ও জাইণ্ট মাজিষ্ট্রেট ও

ডেপুটী কালেকটরের ক্ষমতাপ্রাপ্ত হইবেন এবং ঐ জিলাতে দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

১৮৪৯ সাল ১৫ ডিসেম্বর।

শ্রীযুত এ হামণ্ড সাহেব (Mr A Hammond,) বীরভূমের মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টান্ট হইবেন এবং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ৭ ডিসেম্বর।

যশোহরের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ এফ জেমস সাহেব (Mr H F James,) যে তারিখে আপনার সিবিলিয়ানের চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র ন্যায়রত্নের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে বিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ১৫ ডিসেম্বর।

উত্তর আসামের পোলিটিকাল এজেন্ট শ্রীযুত কাপ্তান এচ বেচ সাহেব (Captain H Vetch,) আপনার সিবিলিয়ানের কর্ম্মের ভার শ্রীযুত লেপ্টেনেন্ট সি হলরয়ড সাহেবের (Lieut C Holroyd,) প্রতি অর্পণ করিয়া স্বীয় কার্য্যোপলক্ষে রাজধানীতে গমনার্থে দুই মাসের ছুটী পাইয়াছেন।

ভাগলপুরের মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ এচ ব্রডহর্স্ট সাহেবকে (Mr W H Brodhurst,) গত সেপ্টেম্বর মাসের ২০ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা বর্ত্তমান মাসের ১ তারিখে আরম্ভ না হওয়াতে যে তারিখে আপনার কর্ম্মের ভার অন্য সাহেবের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি আরম্ভ হইবেক।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ১৮ ডিসেম্বর।

সাগরপুরে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের এজেন্ট সাহেবের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত জে কেডনহেড সাহেব (Mr J Cadenhead,) এবং ছোট আসিষ্টান্ট ও সিংভূমে একটি প্রথম শ্রেণীর আসিষ্টান্ট শ্রীযুত লেপ্টেনেন্ট জে এস ডেবিস সাহেব (Lieut J S Davies) এবং এজেন্ট সাহেবের একটি ছোট আসিষ্টান্ট শ্রীযুত লেপ্টেনেন্ট জে এমর্সন সাহেব (Lieut J Emerson,) বর্ত্তমান মাসের ৯ তারিখে আপনার কর্ম্মের ভার গ্রহণ করেন।

ভাগলপুরের মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ এচ ব্রডহর্স্ট সাহেব (Mr W H Brodhurst) বর্ত্তমান মাসের ৭ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত সি টি বকলণ্ড সাহেবের (Mr C T Buckland,) প্রতি অর্পণ করেন।

ভাগলপুরের সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু দ্বারকানাথ চাটুর্য্যা বর্ত্তমান মাসের ৩ তারিখে আপনার কর্ম্মস্থানে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

সদর আদালতের একটিং জজ শ্রীযুত জে ডনবার সাহেব (Mr J Dunbar,) গত মাসের ১০ তারিখে যে ছুটী পান তাহা ঐ তারিখে গ্রহণ করেন এবং এ মাসের ১৮ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করেন।

শ্রীযুত সি এচ লশিংটন সাহেব (Mr C H Lushington,) বর্ত্তমান মাসের ১১ তারিখে দারজিলিঙ্গের সুপরিণ্টেণ্ডেন্টী কর্ম্মের ভার শ্রীযুত কাপ্তান অনরবিল আর বি পি বিং সাহেবের (Capt the Honble R B P Byng,) স্থানে গ্রহণ করেন।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ সাহেব (Mr G C Cheap,) পাবনাতে দওরার গমনার্থে বর্ত্তমান মাসের ১২ তারিখে আপনার সিবিলিয়ানের চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুল আলীর প্রতি অর্পণ করেন।

যশোহরের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ এফ জেমস সাহেব (Mr H F James) বর্ত্তমান মাসের ১৩ তারিখে আপনার কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র ন্যায়রত্নের প্রতি অর্পণ করেন।

বাকরগঞ্জের মাজিষ্ট্রেট শ্রীযুত এম এ জি শা সাহেব (Mr M A G Shawe) বর্ত্তমান মাসের ১০ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত জে আর মসপ্রাট সাহেবের (Mr J R Muspratt,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত জি লক সাহেব (Mr G Loch,) বর্ত্তমান মাসের ৩ তারিখে ভাগলপুরের কালেকটরীর ভার শ্রীযুত এচ সি রেকস সাহেবের (Mr H C Raikes,) প্রতি অর্পণ করেন।

সিবিলসম্পর্কীয় সিবিলিয়ান শ্রীযুত এচ আর্মষ্ট্রং সাহেব (Mr H Armstrong) বর্ত্তমান কর্ম্মের নিমিত্ত ছুটী লইবার অনুমতি পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্নমেণ্টের সেক্রেটারী।

---

১ ৬৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৪৯ সাল ১৯ ডিসেম্বর।

নওয়াখালীর সিবিল আসিষ্টান্ট চিকিৎসক ডাক্তর জে বেকর সাহেব (Dr J Baker,) গত ... মাসের ৩ তারিখে যে ছুটী পান তদ্দ্বারা ... মাসের ১৭ তারিখঅবধি দশ দিনের ছুটী ...

বীরভূমের মাজিষ্ট্রেট শ্রীযুত এফ এ আই ডালরিম্পল সাহেব (Mr F A I Dalrymple) ... মাসের ২৬ তারিখে আপনার কর্ম্ম ... নিমিত্তে যে ছুটী পান তদতিরিক্ত ... পনের দিনের ছুটী পাইয়াছেন।

চম্পারণের জাইন্ট মাজিষ্ট্রেট ... শ্রীযুত জি সি ফ্লেচর সাহেব (Mr ... Fletcher) ... রেপে গমনের অনুমতির প্রার্থ... মাসের ১৬ তারিখে যে ছুটী ... সর্টিফিকটক্রমে দুই মাসের ...

১৮৪৯ সাল ... ডিসেম্বর।

ভাগলপুরের ডেপুটী ... কটর ও মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত ... পণ্টেট সাহেব (Mr I Pontet,) গত মাসের ... তারিখে যে ছুটী ... রহিত হয়।

বিজ্ঞাপন।

১৮ ... সাল ... ডিসেম্বর।

সিবিলসম্পর্কীয় সিবিলিয়ান শ্রীযুত ডি কনলিফ সাহেব (Mr D Cunliffe) 'কাম্বারডেল' নামক জাহাজে ... গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। এ জাহাজ বর্ত্তমান মাসের ১৩ তারিখে আড়পাটি হইতে সমুদ্রে ছাড়িয়া আইসে।

১৮৪৯ সাল ২১ ডিসেম্বর।

আসামের ডেপুটী কমিসানর শ্রীযুত মেজর জে মাথি সাহেব (Major J Matthie) বর্ত্তমান মাসের ৫ তারিখে মধ্য ও উত্তর আসামে বিশেষ দওরার কর্ম্ম গমনার্থে গোয়ালপাড়া হইতে প্রস্থান করেন।

বর্দ্ধমানের কালেকটর শ্রীযুত জি জি মাকিণ্টশ সাহেব (Mr G G MacIntosh,) বর্ত্তমান মাসের ১৮ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ সি লকনর সাহেবের (Mr W C Lochner,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত মেজর ডবলিউ রিডল সাহেব (Major W Riddell,) বর্ত্তমান মাসের ... তারিখে পাটনা ...

[Government Gazette, 25th December, 1849]

টরী নিবারণার্থ আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্মের ভার মাজিষ্ট্রেট শ্রীযুত ই এচ লশিংটন সাহেবের (Mr E H Lushington) প্রতি অর্পণ করেন। এবং সেই তারিখে বেহারের তৈনাতী সৈন্যেরদের অধ্যক্ষতা কর্ম্মের ভার এদেশীয় ৬৭ সংখ্যক পদাতিক পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত জি এফ ডয়লি সাহেবের (Lieut G D'Oyly,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

MISCELLANEOUS ADVERTISEMENT — সাধারণ ব্যক্তিরদের ইশতিহার।

গত ১৫ নবেম্বর তারিখে শ্রীরামপুরের ছাপাখানাতে এই পুস্তক প্রকাশ হইয়াছে

বিশেষতঃ

সিবিল গাইড।

অর্থাৎ

দেওয়ানী আইনের সংগ্রহ

শ্রীযুত জান মার্শমন সাহেবকর্ত্তৃক সংগৃহীত।

বঙ্গ ভাষায়

দ্বিতীয়বার প্রকাশিত হইল।

১৮৪৩ সালে এই পুস্তক প্রথমবার প্রকাশিত হওনের পরে যে সকল আইন ও সরকুলের অর্ডর ও আইনের অর্থ জারী হইয়াছে তাহা এই পুস্তকে ছাপা হইল। তদ্ভিন্ন সদর দেওয়ানী আদালতের নিষ্পত্তিহওয়া শতেরও অধিক মোকদ্দমার রিপোর্ট অর্থাৎ নজির এই পুস্তকে ছাপা হইয়াছে। পুস্তকের মূল্য ৫ টাকা মাত্র।

যাঁহারদের প্রয়োজন হয় তাঁহারা শ্রীরামপুরের ছাপাখানায় আপনারদের ইচ্ছা জানাইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২ ডিসেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রে শ্রীযুত জান মার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।